

ভাক্তার শ্রীইন্দুমাধব মল্লিক এম. এ. বি. এল

প্রণীত। 65

PUBLISHED BY

S. C. MAZUMDAR

20. FORSWALLIS TREET SAFETIES

CALCUTTA.

1906.

PRINTED BY J. N. BOSE.

WILKINS PRESS, 28 BEADON ROW, CALCUTTA.

ভূমিকা।

যেদিন প্রথম জাহাজে চড়ি, আমার শক্তীর এ নদের মবল বড়া বড়া থারাপ ছিল। দিনকতক মাত্র সমূদ্রে থাকিয়। অনেক হুত্ত মতে করিয়াজিলাম। যে সকল দেশ দিয়া গিয়াছি দেগানো যাহা যাহ দেখিতাম নোট বহিতে লিখিয়া রাখিতাম, পরে পড়িয়া নিজেই আনন পটেব বলিয়া।

যাথা দেখিয়াছি ভানিয়াছি বা পড়িয়াছি, সেই সকল হইতো লিখিলমে। প্রথমে মনেকগুলি প্রবন্ধ ধারা-বাহিকরপে বন্ধবাসীতে প্রকাশিত হয়। পরে সাহিত্য ভারতী প্রভৃতি কাগছে মারও চীট ভ্রমণ স্থকে মনেকগুলি প্রবন্ধ লিখি। তার মধ্যে মনেক গুলিই এই পুড়কে একজো সন্নিবেশিত করিয়াছি।

যাধা লিখিয়াছি তাহা ছাড়া আরও অনেক আমার লিখিবা ছিল। পুতক বড় হটবে বলিয়া লিখিলাম না। সময়ান্তরে লিখিব এত তালি দেশ দেখা আল দিনের কাজ নয়। আলদিনে যাহা সংগ্রা করিয়াছি যতদ্র সম্ভব সাবধান হটয়া লিখিলাম। তবুও কত তানে কং দুল থাকিতে পারে।

পুদর্গ আমি একবার ভারতংগেরই নানা দেশ বেড়াইতে বাহিং ইইয়াছিলাম—কিন্তু এই আমার প্রথন সমুদ্র বাত্রা। দেশ জ্রনণ আমার এতই ভাল লাগে যে আবার অর্থ সংগ্রহ ও স্থবিধা করিতে পারিলেই বাইব। স্বধু শরীর ভাল হওয়া নহে—কত জ্ঞানলাভ হয়, কত চোক্তি, অতি বৃহৎ পৃথিবীর নানা দেশ নানা লোক দেখিয়া আমাদের ক্ত PRINTED BY J. N. BOSE.

WILKINS PRESS, 28 BEADON ROW, CALCUTTA.

ভূমিকা।

যেদিন প্রথম জাহাজে চড়ি, আমার সক্ষীর এ নাকার সবস্থা বড়ই থারাপ ছিল। দিনকতক মাত্র সমূদে থাকিয়। অনেক হস্ত মনে করিয়াছিলাম। যে সকল দেশ দিয়া গিয়াছি সেথানো যাহা যাহা দেখিতাম নোট বহিতে লিখিয়া রাখিতাম, পরে পড়িয়া নিজেই আমানাল পাইব বলিয়া।

যাথা দেখিয়াছি ভানিয়াছি বা পড়িয়াছি, সেই সকল হইতেই বিখিলাম। প্রথমে অনেকগুলি প্রথম ধারা-বাহিকরূপে বঙ্গবাসীতে প্রকাশিত হয়। পরে সাহিত্য ভারতী প্রভৃতি কাগজে আরও চীন ভ্রমণ সহকে অনেকগুলি প্রবন্ধ লিখি। তার মধ্যে অনেক গুলিই এই পুতকে এক্তে সন্নিবেশিত করিয়াছি।

যাং। লিখিয়াছি তাহা ছাড়া আরও অনেক আনার লিখিবার ছিল। পুত্তক বড় হইবে বলিয়া লিখিলাম না। সময়াস্তরে লিখিব। এত তালি দেশ দেখা অর দিনের কাজ নয়। অরদিনে যাহা সংগ্রহ করিরাছি যতদ্র সম্ভব সাবধান হইয়া লিখিলাম। তবুও কত স্থানে কত ভূল থাকিতে পারে।

পূর্পেও আমি একবার ভারতংগেরই নানা দেশ বেড়াইতে বাত্রি হইয়াছিলাম—'কত্ব এই আমার প্রথম সমুদ্র লাতা। দেশ জ্ঞমণ আমার এতই ভাল লাগে যে আবার অর্থ সংগ্রহ ও স্থবিধা করিতে পারিলেই যাইব। স্থ্পুমীর ভাল হওয়া নহে—কত জ্ঞানলাভ হয়, কত চোঝ ফুটে, অতি বৃহৎ পৃথিবীর নানা দেশ নানা লোক দেখিয়া আমাদের কুজ

সংসারের ত্বথ ৩:থের প্রকোপ কত ছাস হয়, এবং চিরস্ফিত মনের সংকীবঁতা কত ক্ষিয়া যায়।

ঠিক এক বংসর পরে পুতক বাহির হটল। আমার সময় না থাকায় ও এরপ পুতক লিখা বা ছাপান কার্যো আমি একেবারে অনুভাতুবলিয়া এত দেৱী হটল।

এই পুত্তক ভাপান সরকে বাবু শৈলেক্সনাথ ঘোষ — বঙ্গবাসী সংবাদ পত্রের সংকারী সম্পাদক এবং পণ্ডিত গোলীক্সনাথ কাবাবিনোদ শিনি "হোমারের ইলিরড্" স্থললিত বঙ্গভাষায় ছন্দে অসুবাদ করিয়াছেন, ইহারা ভূইজনে বিশেষ সাহায়। করিয়াছেন। বঙ্গবাসী কাগজের সহাধিকারী পরলোকগত এযুক্ত বাবু ঘোলীক্সনাথ বস্থ মহাশ্য অসু-গ্রহ করিয়। আমাকে এই ছবির ব্রক্তালি বাবহার করিতে দিয়া-ছিলেন। তজ্জু আমি এই সকল মহাশ্রগণের নিকট ক্রত্ঞ আছি। বিষম সমর বিজয়ী পঞ্জীযুক্ত শ্রীমং মহারাজ রাধাকিশোর দেব বশ্মমাণিক্য বাহাছুর।

মহারাজ স্লেহ পরবশ হইয়া যত্নের সহিত চীন ভ্রমণ রুভাত্ত পড়িতেন জানিয়া এই দামাঠ ভ্রমণ-রুভাত্ত

মহারাজের পবিত্র নামে উৎসর্গ করিলাম।

<u>শ্রীইন্দুমাধব।</u>

कीन जर्म।

→×ו

রেঙ্গুনের পথে

ভোর ৬টার সময় কলিকাতা বন্দর হইতে জাহাজথানি ছাড়িল। যাহার। আমাকে তুলিয়া দিতে আসিয়াছিলেন তাঁহারা তীর হইতে চাদর দোলাইয়া বিদায় গ্রহণ করিলেন। আমি কথনও সমুদ্রথাকা করি নাই, — এই প্রথম। মনে এক অনির্কাচনীয় ভাব আসিল। তাহা ভয় নয়, জঃখ নয়, আমনদও নয়, — একরূপ অনিশ্চিত ভাব।

যথন জাহাজ ছাড়িল, তথন আমি কেবিনে জিনিষপত্ত রাধিয়া ডেকের উপর দাড়াইয়ছিলাম। অত বড় প্রকাণ্ড জাহাজথানির গতি সনেটেই বুঝা গেল না। কেবল এজিনের শক্ত ও জলের আন্দোলন হইতে বুঝা গেল না। কেবল এজিনের শক্ত ও জলের আন্দোলন হইতে বুঝা বাইতে লাগিল জাহাজ থানি চলিতেছে। হাইকোর্ট, ইডেন গার্ডেন, বোটানিক্যাল গার্ডেন ইত্যাদি ছাড়াইয়া জাহাজ থানি ধীরে ধীরে সাগরের দিকে অগ্রসর হইতে লাগিল। ছই তীর ব্যাপিয়া কত বাড়ী ও কল-কার্থানা। সকলগুলিই বিদেশীয়দের; একটাও দেশীয় লোকদের নহে।

কলিকাতা হইতে গঙ্গার মোহনা ৯০ মাইল দ্রবর্তী। জাহাজধানি ঘণ্টায় ১৫ মাইল যায়। স্থৃতরাং ৬ ঘণ্টায় সমূদ্রে পৌছিবার কথা। কিন্তু তা না হইয়া আমাদের "সাগর পয়েন্ট" পৌছিতে প্রায় ৯ ঘণ্টা লাগিল। তাহার কারণ, গঙ্গার মোহনায় বিস্তর চড়া আছে বিলয়ঃ জাহাজ আন্তে আন্তে চালাইতে হইল। বৈকালে ডায়মণ্ডহারবারের আলোঁল-পৃহ (I iglithmise) ও কেলা দেখিলাম। এ সকল স্থাননদীর মুখ আঁতশয় প্রশত-এক তীর হইতে অন্ত তীর প্রায় দেখা যায় না। ইহার কিছু নিমে সাগর প্রেণ্ট। এই স্থানটা অতি ভয়ানক স্থান,—চোরাবালির চড়ায় পড়িয়া এই স্থানে বিত্তর জাহাজ মারা গিয়াছে। সেই কারণ আতে আতে, সাবধানে জাহাজ চালাইতে হয়। হাল্কা ক্রু নোকা (Life-Boat) গুলি সত্তই জলে নামাইবার জন্ত প্রস্তুত রাখিতে হয়। চোরাবালির চড়ায় জাহাজ লাগিয়া বিপদ্গ্রন্থ হইলে জাহাজের আরোহীরা এই বোটে চড়িয়া প্রাণ বাঁচাইতে পারে।

যে গঙ্গা-দাগরে তীর্থবাত্রীরা তীর্থ করিতে ও স্থান করিতে যায়, সেই সাগর দ্বীপ এই থানেই অবস্থিত। দ্বীপ ছাড়া তথায় এখন আর কিছুই দেখিবার নাই। ইহার পরেই সমুক্ত আরম্ভ হইগাছে।

কাপ্টেনই জাহাজের প্রধান কর্মচারী। তাঁহার আদেশ মতই সমুদ্রে জাহাজ চালান হয়; কিন্তু কোনও বন্দরের ভিতর তিনি জাহাজ চালাইতে পারেন না। তার জন্ম আলাহিদা লোক আছে,—তাদের "পাইলট" (Pilot) বলে। এতক্ষণ তিনিই জাহাজ চালাইয়া আসিয়াছিলেন। এই অবধি পৌছাইয়া দিয়া, একথানি ছোট বোটে চড়িয়া পাইলট কলিকাতার দিকে কিরিলেন। সাগর-তরঙ্গে বোটথানি হেলিতে-ছ্লিতে কলিকাতার দিকে চলিয়া গেল।

জমে বেলাভূমি রেথার মত কৃষ্ণ হইয়া আদিল, এবং পরে একেবারে অদৃষ্ঠ হইল। তথন কালিদাদের দেই,—"আভাতি বেলা লবণাধু-রাশে দারা নিবদ্ধের কলন্ধরেথা।" কবিতাটা মনে পড়িয়া গেল। তংপরে আর চারি দিকে কিছুই নাই, কেবল অনন্ত নীল জলরাশি। কেবল কতকগুলি দাদা স্কুইকায় জলচর পক্ষী জাহাজের চারি দিকে উদ্ভিন্ন বেডাইতেছিল। উপরে মেঘমণ্ডিত আকাশ। পশ্চিম আকাশ

রিজিন আভার রঞ্জিত হইরা উঠিল। বারিধিবংশও সেই আভা প্রতিফলিত হইল। জনে স্থাদেব অন্ত গেলেন। ধরণী তিমিরাবগুটিতা হইলেন। আকাশে শত সহস্র হারকথও অলিয়া উঠিল।

নদীমূথ হইতে সমুদ্রে পড়িলে ভিন্ন ভিন্ন স্থানে জলের বর্ণ পরিবর্তন একটি বিচিত্র দৃশ্য । ময়লা মাটির মিশ্রণে নদী জলের রঙ্ও নম্মলা পাটিকিলে বর্ণ । সমুদ্র জলের রঙ গোর নীল বর্ণ ; কিন্তু নিজাল ও কছে । নদী বেগানে সমুদ্রে নিশিয়াছে, সে স্থানের জলের রঙ পাটকিলে ও লালে, উভয় রঙের নিশ্রণে সবুজ হইয়াছে । সমুদ্রে নিশিবার সময় নদীবেগ প্রশমিত হয় বলিয়া এই স্থানে নদীজলের যত ময়লা মাটি তলায় থিতাইয়া পড়ে ও সেই কারণে চোরাবালির চড়া প্রস্তুত হয় । স্ত্রাং এই সকল স্থান দিয়া জাহাজের গমনাগমন স্বতান্ত বিপক্ষনক । সাগ্র পরেটের কাছে জাহাজ তাই সন্তর্পণে আসিল । ক্রমে পাটকিলে বঙ সবুজ হইয়া পরে নীল হইয়া গেল । এখন হইতে কেবল নীল জলবাশি।

জাহাজ দিনৱাত চলে। কৃষ্ণপক্ষের ঘোর অন্ধকারে অনস্ত জলরাশি ভেল করিয়া জাহাজ সমস্ত রাজি চলিতে লাগিল। এমন অনিশ্চিত আনে কি বিভাৱ বলে, কি সাহসে যে আপনার গন্তবা পথ ঠিক রাখিয়া জাহাজ চোথ বুজিয়া চলে, সে কথা ভাবিলেও বিশ্বিত হুইতে হয়।

গাংগগুলি এত বড় ও এত স্থানর দে, এক একটা জাংগাজ দেন এক একটি সংর। আমাদের জাংগাজে সর্প্রমতে প্রায় ১২ শত লোক ছিল। সকলেরই থাকিবার নির্দিষ্ট স্থান আছে। সকল বিষয়েই স্থান্ত্র। জাংগাজ্ঞানি ৩ শত ফিট লম্বা ও ৪০ ফিট চওড়া। গাংগাজ্ব পিছনে প্রথম শ্রেণী অবস্থিত। ছুই ধারে ছুই সার কেবিন ও মধ্যে প্রথমশ্রেণীর ক্রুকথানা (Saloon) ও ভোজনাগার (Dining room)। জাংগাজের মধাস্থলে এঞ্জিন (Engine) ও তাহার ছুই পারে তই সার দিতীয় শ্রেণীর কেবিন। জাহাজের সমুখ দিকে কতকগুলি ছোট ছোট কেবিন আছে তথায় লম্বরেরা থাকে। প্রথম শ্রেণীর কেবিনগুলির উপরে প্রথম শ্রেণীর ডেক বা পাটাতন। দ্বিতীয় শ্রেণীর কেবিনগুলির উপরে দ্বিতীয় শ্রেণীর ডেক। এই গুলি যাত্রীদের আরামের স্থান। এই সকল ডেকে কাঠ ও কেবিস নিম্মিত চেয়ার পাতিয়া যাত্রীরা বসিয়া থাকে, বা পা-চালি করিয়া বেড়ায়, বা থেলা করে, গল করে, বা পড়ে। আহারের সময় ছাড়া সমস্ত দিনই এইখানে থাকিতে হয়। প্রথম শ্রেণী ও দ্বিতীয় শ্রেণীর মধ্যে স্থান আছে এবং দ্বিতীয় শ্রেণী ও লম্বরুদের কেবিনের মধ্যে যে স্থান আছে এবং দ্বিতীয় শ্রেণী ও লম্বরুদের কেবিনের মধ্যে যে স্থান আছে, সেগুলি ডেকের যাত্রীদের (Deck presenger) জন্তু। সকল ডেকগুলিরই কেম্বিদের ছাত আছে। ইহার নীচে আরও ছই তলা আছে, স্মিড়ি দিয়া তথায় নামিতে হয়। তম্মধ্যে সকলের নীচের তালায় মাল বোঝাই হয়, ও তাহার উপর কাপ্তেনের থাকিবার কেবিন আছে ও তাহার উপর (Bridge) হাল ফ্রিয়াইবার স্থান।

প্রথম শ্রেণীর প্রতি কেবিনে একটা বা তুইটা করিয়া শুইবার স্থান স্থান্ত। প্রতাকটা ৬ কূট লখা ও ২॥০ কূট চওড়া এবং প্রেতাক ব্যক্তির জন্ম এক একটা পোসিলেনের মুখ ধূইবার টব ও তাহার আমুসঙ্গিক দ্রব্যানি, যথা,—সাবান তোয়ালে আয়না ইত্যানি আছে। ঘরে বিত্যুতের আলো জলে। পাইখানা ও স্থানাগার অন্থ স্থানে। স্থানাগারে ১০ মিনিটের বেশী থাকিবার নিয়ম নাই। সকল লোকের ত স্থবিধা দেখা চাই। দ্বিতীয় শ্রেণীর কেবিনগুলিও প্রক্রপ, তবে তাহাতে তিন চারিটা লোকের থাকিবার স্থান আছে এই মাত্র প্রভেচ। বিছানা, কম্বল, সাবান, তোয়ালে ইত্যাদি আবশ্রকীয় দ্রব্যাদি জাহাজ স্ইতেই দেওয়া হয়। অনেকগুলি কেবিন লইয়া এক একটা চাকর

নির্দিষ্ট আছে। তাহাকে বয় (Boy) বলে। দে যথা সমরে বিছানা পাতে, জ্তা ঝাড়েও থানা জোগায়। জাহাজে নাপিত আছে; কিছ ধোপার ব্যবস্থা নাই। কোন বন্দরে জাহাজ থামিলে কাপড় কাচাইয়া লইতে হয়। এক দিনেই কাপড় কাচিয়া দিতে পারে; কিন্তু প্রতিকাপড় থানির জন্ম ছই আনারও বেশী দিতে হয়।

প্রথম শ্রেণীর ও দ্বিতীয় শ্রেণীর ভোজনাগার পূথক পূথক; ঠিক নিদিই সময়ে ভোজনের ঘণ্টা পডে। সকাল ১টার সময়ে প্রাতর্ভোজন (Breakfast), ১টার সময়ে জলযোগ টিফিন (Tiffin) ও সন্ধা ৭টার সময়ে প্রধান ভোজন বা ডিনার (Dinner) হয়। তা'ছাড়া প্রত্যুবে ভটার সময় ছোট হাজরী ও বৈকালে ৪টার সময় বৈকালিক বা (Afternoon Tea) দেওয়া হয়। এ ছটিতে কেবল চা ও মাথন, এবং পাউ-ক্টার টোষ্ট থাকে। তা ছাড়া সকল সময়েই প্রচুর মাংস দেয়। ডিম, মাছ, মুরগী, পায়রা, হাঁদ, ভেডা ইত্যাদি নানারপ মাংস আধসিদ্ধ ভাবে প্রস্তুত হয়। মাংস ও মাছ বরফের ঘরে (Ice Chamber) র্ফিত হয়। এজন্ম ইহা অনেক দিন প্র্যান্ত টাটকা জিনিধের মত থাকে। তবে কতক কতক জীবিত জন্ধ ও পঞ্চীও রাথা হয়। ব্রেক-ফাই ও টাফিনে ভাতও পাওয়া যায়। তা ছাড়া অতি উপাদেয় ফল, रम्यारन मा शास्त्रम गाम्र, डेव्ह थानाम ७ मिक्स्तित महम निमा थारक। কটী, মাখন, জ্যাম, জেলি অপর্য্যাপ্ত। তবে নিরামিয়াশীর আহারের অনেকটা অস্ত্রবিধা হয়। জাহাজে বিলাতী গাঢ় হুগ্ধ (Condensed Milk) ছাড়া অন্ত চুধ পাওয়া যায় না।

পূর্বেই বলিয়াছি, দিন রাত জাহাজ চলে। তথন জাহাজের লোক জন, বিত্তীর্ণ জলরাশি ও অনস্ত নীল আকাশ ছাড়া আর কিছুই দেখিতে পাওয়া যায় না। উড্ডীয়নান মংগু সকল জাহাজের শব্দে জল হইতে উড়িয়া থানিকদূর গিয়া আবার জলে বিলীন হয়। পথে কথন

কথন অন্ত জাহাজের সহিত দেখা হয়; তথন শত শত লোক উৎস্তুক -চিত্তে, সাগ্রহ দৃষ্টিতে সেই দিকে চাহিয়া থাকে,—মেন কি এক অদ্বুত নুতন জিনিষ। এই সময় ডেকে বসিয়াই অধিকাংশ সময় কাটে। বসিয়া বসিয়া বিরক্তি ধরিয়া যায়। একটু চলিতে ইচ্ছা হয়। তথন কেবৰ মাত্ৰ একটু এদিক ওদিক পা-চালি করা চলে। দোলনা আছে গুলিতে পার, রক্ত সঞ্চালন একটু সতেজ হইবে। পুস্তকাগার আছে তাহা হইতেই পুত্তক লইয়া অধিক সময় কাটান যায়। সঙ্গীতের জন্ম একটা ঘরে পিয়ানো (Piano) আছে, তাতেও অনেক সময় আমোদে কাটিতে পারে। কত লোক তাস থেলে, জয়া থেলে। সকলেই সময় কাটাইবার জন্ম বাস্ত, স্কুতরাং লোকের সহিত আলাপ সহজেই ঘটিয়া শায়। একত্তে বিষয়া দাঁড়াইয়া অল্ল দিনের ভিতর এত আলাপ হয়,—উভয়ে যেন কত দিনের, কত পুরুষের আত্মীয়তা আছে। অন্তরের কথা অবধি বিনিময় হয়। বিদায় লইবার কালে বড়ই বাথা লাগে। জাহাজের উচ্চ কর্ম-চারীরাও প্রায়ই অতিশয় মিশুক ও অবসর কালে সকলের সহিত মিশিতে ও গল্প করিতে ভালবাদেন। এইরূপ নানা রুক্মে বেশ আনন্দে সময় কাটিয়া যায়।

তবে যদি সমুদ্রে বেণী ঢেউ হয় ও জাহাজ টলে, তাহা হইলে
শরীর কেমন আন্চান্ করে, মাথা ঘোরে, দাড়াইতে কঠ হয় ও
কাহারও কাহারও,—বিশেষ প্রথম সমুদ্রগালীর বিদির বেগ আদে।
(Sea-sickness) সামুদ্রিক পীড়া একেই বলে। দাড়াইবার যো
নাই, মাথা ভূলিবার যো নাই, কিছু থাইবার যো নাই, অনবরত বিদির
বেগ। বিমি হইয়া গেলে আরাম বোধ হয়, তবে প্রায়ই কেবল
মাল বিদির বেগই আদে,—বমি হয় না; অথবা যদি কিছু উঠে,
তাহা অতি বিকট পিত্ত কিছা অরল। জাহাজের মধ্যস্থল সর্বাপেক।
কম দোলে,—তাই দিতীয় শ্রেণীর ডেকের উপর হাওয়ার মাথা

করিয়া শুইয়া থাকিলে খুব আরাম বোধ হয়। খুব পাক দিলে যে কারণে বমি হয়, সামুদ্রিক পীড়াও সেইরূপ কারণে হইয়া থাকে। আনেকের মত, এরূপ অবস্থায় বমির বেগ সম্বেও আহার করা উচিত। কিন্তু আমার বোধ হয়, গরম জল পান করিয়া গলায় আয়ুল দিয়া প্রথম বমি করিয়া কেলাই কর্ত্তবা; তাহাতে বিকৃত পিত্ত ও অয় উঠিয়া, গেলে শরীর শীঘ স্থস্থ হয়। সামুদ্রিকপীড়া কাটিয়া যাওয়ার পর ক্ষুধা ও হজম আরও ভাল হয়, এবং শরীর আরও স্থাও সবল হয়।

অনেক প্রকার যাত্রীর সহিত একতে গাকিতাম; তার মধ্যে কতকগুলির কথা বিশেষ করিয়া বলি। আমাদের সঙ্গে একটি জার্মাণবালিকা ছিলেন, তিনি তাঁহার বিধবা মায়ের সঙ্গে কলিকাতা হইতে
রেঙ্গুন যাইতেছিলেন। তাঁহার পিতার সম্প্রতি মৃত্যু হইয়াছে। অথচ তাঁহাদের কাহাকেও তত বিষয় পেলিলাম না। তিনি অহরহ সামুক্তিক পীড়ায় কাতর হইতেন। ১৭।১৮ বংসর বয়পেও তাঁহার বালিকা স্থলভ চপলতা যায় নাই। স্থত্যু, সবল শরীরে ও মনের আমনেক সারাদিন তিনি জাহাজের এদিক ওদিক ছুটা ছুটি করিয়া বেড়াইতেন। কিন্তু যাই জাহাজ একটু গুলিত, অমনি তিনি কাতর হইয়া পড়িতেন,—উঠিবার বা থাইবার শক্তি থাকিত না।

একটি চীনে বালক ছিল সে কলিকাতার ডভেটন কলেজের ছাত্র।
তার পিতা চীনেমান এবং মাতা ব্রহ্মণেনীয়া স্ত্রীলোক। তাহাকে
দেখিয়া সঙ্গতিপন্ন লোকের ছেলে বলিয়া মনে হইল। বাড়ী ঘাইবার
আনন্দে সে সারাপথই উংকুল। কিন্তু সের ঐরপ জাহাজ ছলিলেই
কাতর হইয়া পড়িত। নয়ত সারা দিন একটি ছোট বালী বাজাইয়া।
দিন কটোইত। তাহার বাণী বাজানর শিক্ষাও অতি আশ্চেমা।
এজিনের শব্দ তেদ করিয়া অতি স্থেম্বুর স্বরে সে যথন চীনে গানের,
বর্ষা গানের, ইংরাজী গানের রাগ-রাগিণী আলাপ করিত, তবুন

. 6

জাহাজের কর্মচারীরা ও যাজীরা মৃগ্গ হইয়া তাহার সেই মধুর সঙ্গীত ভূনিতে থাকিত।

আর ছিল,—একটি অনাথ ইংরেজ বালক। তাহার ১৭ বংসর মাত্র বর্ষা। তাহার বিধবা মাতাকে যিনি বিবাহ করিয়াছিলেন, সেই পিতা তাহার মায়ের মৃত্যুর পরই ১৪ বংসর বয়স হইতে তাহার সাহায্য বন্ধ করিয়া দিয়াছিলেন। সেই থেকে বালক টেলিগ্রামের কাজ করে। এত দিনে সে অজ্ল পরসার মুখ দেখিতেছে। অল বয়স হইতেই আপনার পথ দেখিতে হইতেছে বলিয়া তার প্রতিকার্যো স্বাধীনতা ও স্থবিবেচনার তাব দেখিলাম। নিজের যৎসামান্ত জ্বাদি লইয়া সে আলামান দ্বীপে তারহীন টেলিগ্রাফের (Wireless Telegrophy) তত্ত্বাবধান করিতে গাইতেছে।

একদিন সন্ধাবেলা একজন শীর্ণকায় বৃদ্ধ থালাসী জাহাজের ডেকের উপর দাঁড়াইয়া নেমাজ পড়িতেছিল। কাজ হ'তে ক্ষণেক ছুটি পেয়ে যথন সে পশ্চিম আকাশের দিকে কালিঝুলি নাথা মুথ ফিরিয়ে ভাঙ্গা ভাঙ্গা স্থরে স্ততি গানগুলি উচ্চারণ কর্ছিল, তার প্রতি খব, প্রতি মুথভদ্ধি ও অঙ্গ বিক্ষেপে এক পবিত্র তন্মর ভাব উথ্লে পড়ছিল।

দিতীয় দিন রাজে, পথে (Bessin) বেদিনের আলোক-গৃহ দেখিলা। নিবিড় অর্কারের ভিতর আলোকটি দূরে ঘ্রিয়া ঘ্রিয়া জ্লিতেছে। একবার পূর্ণ দীপ্তিমান, এক একবার ক্ষীণপ্রত। অন্ত সকল আলো হইতে প্রভেদ জানাইবার জন্ত আলোক-গৃহের আলো এমনি ঘ্রিয়া ঘ্রিয়াই জলে। যেন পরোপকারবতে ব্রতী হইয়া বিপদস্কুল স্থানে দাড়াইয়া পথিককে পথ দেখাইতেছে।

নিকটবর্ত্তী তীরভূমি বা পাহাড় হইতে সাবধান হইবার জন্ম ও গন্তব্য পথ দেখাইবার জন্ম যেরপ আলোক-গৃহ থাকে, নিমজ্জিত চুড়া হইতে সাবধান করিবার জন্মও তদ্ধপ আলোক-জাহাজ (Light Ship) থাকে। একথানি কুদ্র জাহাজ মাঝ সমূদ্রে নঙ্গর করিয়া তাহার উচ্চ মাস্ত্রেলে আলো। জালে। পথে এইরূপ আলোক-জাহাজ ও অনেক জায়গায় দেখা যায়।

তিন দিন ছই রাত্রি ক্রমাণত জাহাজ চালাইয়া তৃতীয় দিন সন্ধার সময় এলিফেণ্ট পয়েণ্টের (Elephant Point) আলোক-গৃহ দেখা গেল। কলিকাতা হইতে রেঙ্গুন ৭৬০ মাইল হইবে। আমাদের জাহাজ-থানি মেল অর্থাৎ ডাক লইনা আদিতেছে,তাই অপেক্ষাকত শীত্র আদিন্না পৌছিল। অত্য নীমারে পৌছিতে আরও এক দিন দেরি হয়।

সকল স্থানেই জমির সন্নিকটবর্তী হইলেই কতকগুলি চিছ দ্বারা বেলাভূমি দেখিতে পাইবার বহু পূলে জমি যে নিকটে আছে, তাহা বেশ বুঝা থার। সমুক্তলের ঘোর নীল রঙ সবুজ হই রা উঠে। জমির জবাদি ও গাছপালা জলে ভাসিতে দেখা যার। নদীতে বিচরণকারী পাখী সকল উভিয়া আসিয়া চারি দিকে বেভার।

সন্ধার সময় মামরা ইরাবতীর মোহনায় প্রবেশ করিলাম। ছাহাজের মাস্তলে রাজার ডাকের (Reyal Mail) নিশান উড়াইয়া দেওয়া হইল। নদীর মধ্যে প্রবেশ করিবার সময় জাহাজ বাশী বাজাইয়া হুলার করিল। সকলেরই মনে আনন্দ হইল। নৃত্যু দেশের নৃত্যু হাওয়া আমাদের গায়ে লাগিতে লাগিল। কুদ্রকার তৃতীয়ার চাদ গুকতারার সঙ্গে লাল সন্ধান্ধে দেখা দিল। বৃহস্পতিও উদয়োর্থ। অগণ্য তারাদল ইরাবতীবক্ষে ও রন্ধাদেশের সমতলভ্ষির উপর উদয় হইল।

ওই এক্ষদেশ ও এই ইরাবতী নদী ভারতবর্ষেরই পাশে, সংস্কৃত নামে অভিহিত। গৌতন বুদ্ধের প্রবৃত্তিত "সর্ক্রজীবে দয়ধর্ম" এথানেও প্রচলিত। ইহারা আমাদের প্রতিবাসী ও কত নিকট আয়ীয়া। তাই আমাদের আসতে দেখে কতকগুলি সাদা সাদা সুস্থকার পক্ষী
মধুর স্বরে ডাকতে ডাকতে জাহাজ প্রদক্ষিণ করে আমাদের যেন
সন্তামণ করতে এলো। অমন সুস্থ শরীর,—এমন উন্মৃত স্থানে না
থাকলে, হয় না। স্বর্থ কি তেমনি আনন্দ-বাঞ্জক! যেন ব'লছিল,
"আস্ম পথিক! আয় বিদেশী!—আয় তোরা, আমাদেরই আপনার
লোক। এ তোদেরই বর বাড়ি। পথশ্রমে কাতর হ'য়েছিদ্। মুথ
হাত পাধো। পর তেবে যেন স্কৃতিত হোসনে।"

থানিক অগ্রসর হইয়া জাহাজ নদ্ধর করিব। কলের তরীথানি ইরাবতীর স্রোতে ছলিতে লাগিল। একটা বাদ্ধালী বাবু চাকরী উপলক্ষে রেশ্বন যাইতেছিলেন। তিনি পুলকে গলা ছাড়িয়া স্কর্মে গাহিতে লাগিলেন.—

> "জলধি র'য়েছে স্থির, ধু-ধূ করে সিন্ধু-তীর, প্রশাস্ত স্থনীল নীর নীল শুন্তে মিশাইয়া।"


ইরাবতীর পাইলট অসিয়া রাজেই জাহাজে ছিল। ভার ৫ টার মময় জাহাজ ছাঙিল, তথন পূর্কাদিক লাল হইয়া আসিতেছে মাতা। একটু পরেই আলোক-রেথা কৃটিয়া উঠিল। ছই গারে শহুশুমানা তীর্কুমি দেখা গেল। যতদূর চকু যায়, কেবল সবুজ রও বই আর কিছু নাই। ভূমি এত উর্পরা ও গান এত প্রচুর পরিমাণে জন্মে যে, প্রতিবংসর এক লোয়ার বর্মা হইতেই মালয়, চীন ও জাপান, এমন কি ভারতবর্ষ ইউরোপ ও আমেরিকা প্রভৃতি বহু স্থানে পর্যাপ্ত পরিমাণ চাউল রপ্তানি হয়। মোট সাড়ে তের কোটা টাকারও অধিক চাউল বিদেশে যায়।

অল্লকণ পরেই রেপুন বন্ধরের নিকটবর্ত্তী হইলাম। অতি স্থান্দর কাঠ নির্মিত বাড়ী সকল দেখা যাইতে লাগিল। ছই পাশেই বড় বড় কল-কারথানা ও উচ্চ উচ্চ সোণালী রংগ্নের বৌদ্ধ-মন্দির-চূড়া (Pagoda) সকল গগনম্পনী হইয়া দাড়াইয়া আছে। অসংখ্য অর্থব-পোত ও "সামপান" নামক দেশী নৌকা ইরাবতীর স্রোতে ভাসিতেছে।

কলিকাতা ইইতে জাহাজ আদিলেই প্লেগের জন্ম এথানে বড় কড়া পরীক্ষা করে। পাছে প্লেগ আক্রান্ত রোগী বা প্লেগ বিষে দৃষিত এবাদির সংস্পর্শে রেস্থান প্লেগ প্রেশ করে, তাহার জন্ম সাবধান হওয়াই এই পরীক্ষার উদ্দেশ্য। কোনও লোকের উপর সন্দেহ ইইলে, তাহাকে জাহাজ হইতে নামাইয়া লইয়া (Inspection Camp) পরীকা-তার্তে রাধা হয়। তাহার বাবস্ত কাপড়-চোপড়গুলি ধোঁয়া।

দিয়া (Vapour bath) শোধিত করা হয়। এই জন্ম যাত্রীদের প্রায় চারি পাচ ঘণ্টা আটক থাকিতে হয়।

এই স্থানে আমি এ জাহাজ ছাড়িয়া চীন যাইবার জাহাজে চড়ি-



"প্যাগোডা" বা বৌদ্ধ-মঠ।

লম্বর। একটিতেও ব্রহ্মদেশীয় মাঝি নাই।

তীরে নামিয়া দেখি, জাহাজ হইতে যে সব লোক জিনিবপত্র নামাইতেছে ও উঠাইতেছে, তাহারা সকলেই মাদ্রাজ দেশীয়। তাহাদের মধ্যে একজনও ব্রহ্ম দেশীয় লোক নহে। ঘোড় গাড়ীতে উঠিতে গিয়

লাম, ও তাহাতে আমার জিনিষ পত্র রাথিয়া সহর দেথিতে বাহির হইলাম।

জাহাজ হইতে তীরে নামিতে হইলে সামপানে করিয়া নামিতে হয় ৷ ঐ নাকাগুলি ছোট ও হাল্কা এবং দেখিতে অতি স্থলর ৷ এককন মাঝি দাঁড়াইয়া দাড়াইয়া ছই হাতে ছইল দাড় টানে ৷ ইহাতে হালের আবস্থাক হয় না ৷ দেখিলাম, সকল নৌকা গুলিরই মাঝি চটুগ্রামের মুস্লমান

লেখি,—সব গাড়োলানই উত্তর-পশ্চিম দেশের মুসলমান। রান্তার দেখি, যত পাহারাওলা সবই শিথজাতীয়; কেহই নগজাতীয় নহে। ছই ধারের দোকানে দেখি, সব দোকানে নারই হয় প্ররাটী মুসলমান, নার ইছদী, নার পাশী, নার চীনে, নার সাহেব, বর্মান এক জানও নহে। বাজারের ভিতরে চুকিয়া দেখি, ব্রহ্মদেশীয় স্ত্রীলোকগণ ছোট হোট দোকানে বসিল্লা নানা রঙের লুস্সী পরিল্লা ও মুথে ঘন করিয়া ভানা-খা" অর্থাৎ চলনকাঠের ওঁড়া নাথিলা স্কৃত্ত্ শরীরে ক্টেচিত্তে কেনা বেচা করিতেছে।

এই সকল দেখিয়া আমার বিশ্বয়ের আর অবধি রহিল না। সবইত দেখিলাম ভিন্ন দেশীয় লোক—চাটগায়ের লকর, নাজাজী কুলী, পশ্চিমে গাড়োয়ান, শিথ পাহারাওয়ালা, স্থরাটী, ইত্নী, পাশী ও চীনে ব্যবসা-দার। এথানকার আদত এন্ধদেশী লোক গেল কোথায় ? স্ত্রীলোকেরা দোকান করিতেছে দেখিলাম; কিন্তু পুরুষেরা কোথায় ? অনেকক্ষণ আমি এ সমস্তার কিছুই মীমাংসা করিতে পারিলাম না।

রাস্তায় যে সকল এক্ষবাসী পুরুষ দেখিলান, তাদের ভিতর যেন
প্রাণ নাই। দেহ তেজাহীন,—স্বাহাশুন্ত। তাহাদিগকে দেখিয়া
উৎসাহহীন, ভগ্নোভম, ত্রিয়নান বলিয়া বোধ হইল। মধ্যে মধ্যে ছই
এককা এক্ষ যুবক টক্টকে রঙের লুক্সী পরিয়া, মাগায় রেসমের চাদর
বাদিয়া,সতেজে (Bicyole) বাইসাইকেল চড়িয়া যাইতেছিল বটে, অথবা
কোন ধনী এক্ষদেশীয় লোক স্থসজ্জিত এক্ষবাদিনী স্ত্রীলোকের সহিত
ক্রমা গাড়ি চড়িয়া বেড়াইতে গেল বটে, কিন্তু অধিকাংশ বর্গানকেই
কন ক্ষীণক্ষীবী মিয়মান বলিয়া মনে হইল। ইহার কারণ কি ৪

ব্রহ্মদেশে স্ত্রীলোকের প্রভূত্ব অতাধিক। তাঁহারাই বাহিরের কাজ কর্ম সকল করিয়া থাকেন, দোকান রাথেন ও কেনা-বেচা করেন। তাহারা অল্ল কারণেই (Divorce) বিবাহ-বিচ্ছেদ করিতে পারেন।

বাহিরের কাজ কর্ম করেন বলিয়া তাঁহাদের শরীরও পুরুষ অপেক্ষা . অনেক স্কুত্ত কর্ম্য। এন্দোর অনেক আফিঙ সেবী অলস পুরুষ ঘরে বিসিয়া থাকেন—কতক কতক গৃহক্ষ করেন—রাঁধেন, ঘর ঝাঁট দেন। তাঁহারা রোদ্রের তাপ ও রুষ্টির ছাট সহিতে পারেন না। বাহিরে আসা কাজের ভিতর কেবল স্নীর থাবারটি দোকানে পৌছাইয়া দেওয়া। নিম একোর কেতা এনন উর্বর যে, জনিতে আঁচড় দিয়া বীজ ছড়াইলে অনায়াদে যোল আনা ফদল হয়। দে কাজেও তাঁহারা অধিকাংশ দনয়ে মাদ্রাজী কুলীর সাহায্য লন। এরূপ কোণের ভিতর থাকাও অলস অভ্যাদের দোষেই তাহাদের শরীর তত সবল ও ছাই হয় না। বন্ধ দেশীয় স্ত্রীলোকদের গোলগাল স্থগঠিত দেহ পুরুষদের অপেক্ষা অনেক বলিষ্ঠ, বলিয়া মনে হয়। ব্রহ্মদেশের জমির অত্যধিক উর্ব্রতাই ব্রহ্মদেশীয় পুরুষকে এত অসল ও শক্তিহীন করিয়াছে। চীন দেশে ঠিক ইহার বিপরীত অবস্থা দেখা যায়। যেমন অনুর্গরা ভূমি, মামুষের পরিশ্রমণজিও সেথানে তত অধিক। রেম্বনে বিস্তর চীনে-ম্যানের বাস। তাহারা সকলেই ব্যবসাবাণিজ্য ব্যাপ্ত। (China Lane) চীনাগলির পশ্চিম দিকের সমস্ত অংশ চীনেম্যানের বসতি : অনেকে ব্রহ্ম দেশীয় স্ত্রীলোক বিবাহ করে। এইরপে অনেক চীন ও ব্রহ্ম নিপ্রিত জাতির উৎপত্তি হইয়াছে। চীনেন্যান যেখানেই যায়, সেই খানেই এই নীতি অবলম্বন এবং এইরূপ বর্ণশঙ্কর জাতি উৎপঃ করে। কলিকাভাতেও অনেকে এইরপ করিয়াছে।

রেকুন নৃতন সহর; তাই আয়তনে ছোট ও এত পরিকার পরিছের। রাজাগুলি সব সোজা সোজা ও পরিকার-পরিছের। মার্কিণের স্থায় নধং দিয়া পথের নামকলন হইয়াছে; যথা ১৬শ ষ্টাট, ৩৫শ ষ্টাট, ইত্যাদি তবে জলকষ্ট প্রযুক্ত রাজাগুলিতে ভাল করিয়া জল দেওরা হয় ন বলিয়া কোনও কোনও স্থানে বড় ধূলা হয়। ইরাবতীর জল লোগা দেই কারণে রেশ্বনে পানীয় জলের বড়ই কট। যেথানে-দেথানে এক একটা প্যাগোডা বা বৃদ্ধদেবের মন্দির আছে। অনেক রাজার নাম দেই দকল স্থানের প্যাগোডার নামে ইইয়াছে। রেশ্বনে প্রধানতঃ ছুইটি দেখবার জিনিয় আছে;—পন্চিম রেশ্বনের দিকে প্রধান প্রাগোডা ও পূর্বে রেশ্বনের দিকে লেক পার্ক।

পুর্দেই বলিয়াছি রেশুন সমতল ভূমি; তবে নদীর ধার হইতে জমি
ক্রমের উচ্চ হইতে উচ্চতর হইয়া কতক গুলি ছোট ছোট পাহাড়ে গিয়া
নিশিয়াছে। প্রধান পাগোডা (Grand Pagoda) এইরূপ একটি
পাহাড়ে অবস্থিত। পাহাড়টী প্রায় পাঁচ শত ফিট উচ্চ হইবে। নদীর
ধার হইতে সেখান পর্যান্ত এঞ্জিনের ট্রাম চলে। শত শত যাত্রী
সংবহ তথায় উপাসনার জন্ত গিয়া থাকে। আমিও অনেকবার
সে প্রাগোডাটী দেখিয়া আসিয়াছি। ঐ দৃশ্রটী আমার বড়ই ভাল
শাগিত।

নিন হইতে তবে তবে চওড়া পাহাড়ের সিঁড়ি উঠিয়াছে। তাহার

পৈর বরবের থিলান করা ছাত। তাহাতে আনক প্রস্তর্ন্তি রক্ষিত

শাছে। তই পাশে মাজিদের বিসবার জন্ত কার্ডাসন আছে ও তথার

ক্ষানেশার ব্লালাকেরা পূজার উপগোগী দ্রবাসন্তার বেচিতেছে। ধূপ,

না বাতি, চুরুট, ফুল, ধ্রজা ইত্যাদি। কেহ বা আয়না সামনে

ক্রিয়া চুল আঁচড়াইতেছে। কেহবা মূগে চন্দন কাঠের পাউডার

ক্রিয়া করিতেছে। মন্দরে উঠিতে উঠিতে পায়ে বাগা হইয়া য়য়।

ক্রেয়া মন্ত্রি স্বাহ্রির একটা বিত্রাণ উচ্চা বিত্রার করিয়া বেস্থ্নের

ভাবে মধাদেশে সেই পাগোডাটা অর্গচ্ডা বিত্রার করিয়া বেস্থ্নের

ক্রেয়াব্যা করিতেছে। মন্দরের ভিন্ন ভিন্ন কলে প্রকাণ্ড প্রকাণ্ড

ক্রেবের মূর্ত্তি প্রতিষ্ঠিত। অনেকগুলি মূর্ত্তি ১৫ হইতে ২০ ফুট উচ্চ।

বাহিরে একটা ধ্যানস্থ মৃত্তি উপবিষ্ট; ঐ মূর্ত্তিটা প্রায় ৩০ ফুট উচ্চ।



''ফুক্নী'' বা বৌদ্ধ পুরোহিত

সাদা মান্দালেমার্কেলে থোদিত, বস্ত্র ও উত্তরীয়ের পাডগুলি সোণালী রঙের। ধ্যানে গভীর চিস্তা-শীলতা ব্যক্ত। যেন ুমনুষ্য হইতে কীট পতঞ্জ অবধি জগতের সকল প্রাণীর ছঃখ স্মরণে বাথিত। সে মূৰ্ভি দেখিলে, সে জীবনের পুণ্য-কথা মরণ করিলে হৃদ্য পবিতর হয়। মন্দিরের দক্তেই পরিকার-পরিছের। জুতা পরিয়া যাইতে কোন আপত্তি নাই। তবে ব্রহ্মদেশীয় লোকেরা জুতা হাতে করিয়া লইয়া যায়। শত শত যাত্রীরা উপা-সনায় রত দেখি-

. **লাম। মুণ্ডিত** মন্তক হল্দে পোষাক পরা "কুঙ্গী" বা পুরোহিতগণ চারি

দিকে বিচরণ করিতেছেন,—কেহ বা কোন গ্রন্থ পড়িতেছেন। মন্দিরের ভিতর প্রদীপ জনিতেছে,—বিলাতী চর্কির বাতিও জলে। ধৃপধ্মার স্থান্ধ চতুর্দিকে ব্যাপ্ত। সমুথে ফুলের তোড়া সাজান রহিয়াছে। কাঁসর-ঘণ্টার মত কোনওরূপ বাদ্য-যন্ত্র নাই। জান্থ পাতিয়া বৃদিরা যাজীরা কর্ষোড়ে ভূমিতে দপ্তবং করিতেছে। অফুটস্বরে স্থোজা পাঠ করিতেছে, কেহ বা আপনার কামনা জানাইতেছে। কোনরূপ চীৎকার বা গোলমাল নাই। প্রজ্বিত দীপ হস্তে কেহ বা দেবপদে পুশাগ্রলি দিতেছে। পুভার উপকরণের মধ্যে কোনরূপ খাক্ষত্র নাই।

নন্দিরের দারদেশে বসিয়া অনেকগুলি আদ জীলোক ও পুরুষ সমস্বরে তোত্তা গান করিতেছে। কেহ বা স্থ-স্বার মত একরূপ যার কাটি দিয়া বাজাইতেছে ও নিজেরাই পায়ে খঞ্জনী বাজাইরা তাল রাখিতেছে। কেহ বা সারিঙ্গার মত একরূপ যন্ত্র বাজাইয়া সেই জাতি-গানের সহিত হার দিতেছে। আদ গায়কগুলির মুখের ভাবে যেন তন্মন্ত মাথান। সামনে অনেকগুলি প্রসা জড় হইরাছে। ইছাই খ্যা প্রসা দাও,—পুরোহিতের জবরদন্তী বা ভিথারীর উৎপাত নাই। আমি অনেক দিন, অনেকবার, অনেককণ ধরিরা এই মন্দির্টী দেখিয়াছি।

মন্দিরের উপর হইতে রেশ্বনের চারিদিকের দৃষ্ঠ অতি মনোহর।
একদিকে সহর ও দ্রে ইরাবতী নদী প্রবাহিত। অপর দিকে রক্ষশতা-সমার্ত অসমতল পলীগ্রামের হ্রাক দৃষ্ঠ। সন্ধ্যাকালে পশ্চিম
আকাশ রঞ্জিত করিয়া যথন স্থাদেব অস্ত যান, এখান হইতে সে দৃষ্ঠ
তথন বড়ই স্কল্ব দেখায়।

মন্দিরের পথেও অনেকগুলি মঠ আছে। সেথানে মৃণ্ডিত-মক্তক ভিথারিণীগণ মন্দিরের দিকে মুথ ফিরাইয়া ধ্লায় জায়ু পাতিয়া বসিন্ধা উপসনা করেন এবং নিবিষ্টচিতে বসিন্না ধর্মগ্রন্থ পাঠ করেন। রে**লুনে** বাহিরে একটা ধ্যানস্থ মূর্ত্তি উপবিষ্ট ; ঐ মূর্ত্তিটা প্রায় ৩০ ফুট উচ্চ।



''ফুঙ্গী'' বা বৌদ্ধ পুরোহিত

লাম। মুণ্ডিত মস্তক হল্দে পোষাক পরা "ফুঙ্গী" বা পুরোহিতগণ চারি

সাদা মান্দালেমার্কেলে থোদিত, বস্ত্র ও উত্তরীয়ের পাড়গুলি সোণালী রঙের। ধ্যানে গভীর চিন্তা-শীলতা বাকে। যেন -ুমনুষ্য হইতে কীট পতঙ্গ অবধি জগতের সকল প্রাণীর চঃখ স্মরণে ব্যথিত। সে ষ্টি দেখিলে, সে জীবনের পুণ্য-কথা মুর্ণ করিলে হৃদ্য পবিতাহয়। মন্দিরের দক্তেই পরিষার-পরিছের ৮ জুতা পরিয়া যাইতে কোন আপত্তি নাই। তবে ব্রহ্মদেশীয় লোকেরা জুতা হাতে করিয়া লইয়া যায়। শত শত যাত্রীরা উপা-সনায় রত দেখি-

দিকে বিচরণ করিতেছেন,—কেহ বা কোন গ্রন্থ পড়িতেছেন। মন্দিরের ভিতর প্রদীপ জলিতেছে,—বিলাতী চর্কির বাতিও জলে। ধূপধূমার স্থান্ধ চতুর্দিকে ব্যাপ্ত। সমূথে জুলের তোড়া সাজান রহিয়াছে। কাঁসর-ঘন্টার মত কোনওরূপ বাদ্য-যন্ত্র নাই। জান্থ পাতিয়া বিসিয়া যাজীরা কর্ষোড়ে ভূমিতে দপ্তবং করিতেছে। অস্ট্ররে স্তোজ্ঞ পাঠ করিতেছে, কেহ বা আপনার কামনা জানাইতেছে। কোনরূপ চীংকার বা গোলমাল নাই। প্রজ্ঞাতি দীপ হন্তে কেহ বা দেবপদে পুস্পাঞ্জলি দিতেছে। পুজার উপকরণের মধ্যে কোনরূপ থাজ্ঞব্য নাই।

নন্দিরের ছারদেশে বসিয়া অনেকগুলি আদ স্ত্রীলোক ও পুরুষ সমস্বরে তোত্র গান করিতেছে। কেহ বা স্থ-স্বরার মত একরূপ থক্কে কাট দিয়া বাজাইতেছে ও নিজেরাই পায়ে ধঞ্জনী বাজাইয়া তাল রাখিতেছে। কেহ বা সারিঙ্গার মত একরূপ যন্ত্র বাজাইয়া সেই জ্বতিগানের সহিত স্থর দিতেছে। আদ গায়কগুলির মূথের ভাবে যেন তিমন্ত্র মাথান। সামনে অনেকগুলি প্যুসা জড় হইয়াছে। ইচ্ছা হয় প্রুসা দাও,—পুরোহিতের জবরদন্তী বা ভিথারীর উৎপাত নাই। আমি অনেক দিন, অনেকবার, অনেককণ ধরিয়া এই মন্দিরটী দেখিয়াছি।

মন্দিরের উপর হইতে রেশ্বনের চারিদিকের দৃষ্ঠ অতি মনোহর।
একদিকে সহর ও দ্রে ইরাবতী নদী প্রবাহিত। অপর দিকে রক্ষশতা-সমার্ত অসমতল পলীগ্রামের স্থচাক দৃষ্ঠ। সন্ধ্যাকালে পশ্চিম
আকাশ রঞ্জিত করিয়া যথন স্থাদেব অন্ত যান, এখান হইতে সে দৃষ্ঠ তথন বড়ই স্করে দেখায়।

মন্দিরের পথেও অনেকগুলি মঠ আছে। সেথানে মুণ্ডিত-মন্তক ভিথারিণীগণ মন্দিরের দিকে মুথ ফিরাইয়া ধ্লায় জাত্ম পাতিয়া বসিন্না উপসনা করেন এবং নিবিষ্টচিতে বসিন্না ধর্মগ্রন্থ পাঠ করেন। রে**লুনে** পানীয় জলের অভাব বলিয়া তাঁহার। প্রান্ত পথিককে জল পান করিতে দেন।

এক দিকে যেমন পাহাড়ের উপর প্রধান প্যাগোড়া অবস্থিত, অপরদিকে তেমনি। কতকগুলি ছোট পাহাড়ের জল নিকাশের পথ বদ্ধ
করিষ্যা একটী ব্রদ্ধ প্রস্তুত করা হইয়াছে। এইটীই রেষ্কুনের (Lake
Park) "লেক পার্ক" নামে অভিহিত। ইহা সহর হইতে প্রায় ৩ মাইল
দ্রে। সেই স্থানে ঘাইবার পথেই ধনী ইউরোপীয়ানদের বসতিস্থান
বা বাগানবাড়ী। কাঠের ছোট ছোট গাঙ্গালাগুলি অতি স্থানরভাবে
গঠিত। নীচের তলা একেবারে থোলা। জমি সাঁগ্সেঁতে বলিয়াই



ব্ৰহ্মবাসীর বাসগৃহ।

এইরূপ ব্যবস্থা।
চূড়াগুলি নানারপ
কারুকার্য্য থচিত।
বাহির হইতে ঠিক
যেন ছবিথানির মত
দেখায়। তাহার
চারিপাশে নানাজাতীয় ফুলগাছ ও
বাগান।

বাগানের ভিতর-কার পাহাড়গুলি থুব ছোট ছোটঃ

 গাছের নীচে অনেকগুলি কাঠাসনও আছে। সেথানে বসিয়া এই সকল দৃশ্য দেখিলে মনে বিমল আনন্দ হয়। আমার কত প্রান কথা মনে পড়িতে লাগিল। মাথার উপর গাছের ডালে অতি করুণস্বরে—
অতি মিষ্টভাষায় কাকগুলি কোলাহল করিতেছিল। আমাদের এদেশের মত রেক্সনের কাক কর্কশক্ঠ নয়।

সেই মঞ্চে বসিয়া অনেকগুলি ব্রহ্মদেশীয় স্ত্রীলোক ও পুরুষ ভাত কিনিয়া থাইতেছিল। এথানে রাঁধা ভাত বেচে ও সকলেই তাহা কিনিয়া থায়। কি ব্রহ্মদেশে, কি মালয়দেশে, কি চীনরাজ্যে, কি জাপানে—লোকেদের প্রধান থাছ ভাত ও মাছ। যব ও গমের সঙ্গে সম্পর্ক তাদের বড়ই কম। ছধ তারা মোটেই পছন্দ করে না।

কলিকাতা হইতে আমাদের জাহাজে অনেক চটের থলে (Gunny Bag) ও তামাকের পাতা গিয়াছিল। বর্ষাচুরট প্রক্ত করিবার জন্ম তামাকের পাতাগুলি এথানে নামাইয়া দেওয়া হইল। চটের থ'লেগুলিও বন্দরে নামান হইল। জাহাজে রাশি রাশি চাউল বোঝাই হইল। মালয় ও চীনে এই সকল চাউল আমদানি হয়। পুর্কেই বলিয়াছি, প্রতি বৎসর ব্রহ্মদেশ হইতে সাড়ে তেরকোটা টাকারও বেশী মলার চাউল এসিয়ার বিভিন্ন দেশে, ইউরোপ ও আমেরিকায় রপ্তানী হয়। চাউলগুলি মোটা। ইউরোপ ও আমেরিকায় এই চাউল হইতে কাপড়ের মাড় ও মদ প্রপ্তত হয়; কিন্তু মালয় ও চীনদেশের ইহাই থায়। ব্রক্রের আর একটা প্রধান রপ্তানীদ্রব্য,—বাহাছরী কাঠ। মালচেল)। উত্তর ব্রহ্ম স্বর্ণ ও হীরার থনি আছে। কেরোসিন তৈলের মত এক প্রকার তেলও (Burma oil) এথানে পাওয়া যায়। দেশে এত মূলাবান্ দ্রবাদি সবেও ব্রহ্মদেশ যে দরিদ্র তাহার প্রধান কারণ, ব্রহ্মবাদী পুরুষদের দারণ আলহ্য এবং বিবেচনা না করিয়া আমেদ প্রমোদে প্রমোদ প্রমোদে প্রমোদ প্রমোদ প্রমোদ প্রমোদ প্রমোদ প্রমোদ প্রমোদে প্রমোদ প্রমান করের। এ সকল বিষয় পর প্রবন্ধে বলিব।

ব্ৰহ্মদেশ।

ইতিহাদ ও দামাজিক রীতি-নীতি।

ইতিহাস পড়িয়া দেখা যায়, প্রায় সকল পুরাতন দেশের অধিবাদীদেরই ধারণা য়ে, তাহারা দেবতা হইতে উংপদ্ধ, আর তাহাদের দেশের
রাজবংশ স্বয়ঃ ঈশ্বের অংশ-সভ্ত। জাপানীদের এইরূপ বিশ্বাস,—
পুরাকালে ছই দেবয়োনি—ভাই-ভগিনী—স্বর্গ হইতে সেতৃপথে জলময়ী
পুথিবীর জলকলোল দেখিতে আসিয়াছিলেন। ভগিনীর মুক্তার মালা
ছিড়িয়া জলে পড়িল, আর জাপান দ্বীপ স্বয়্ধ হইতে। সেই দ্বীপে ভাইভগিনী স্ত্রী-পুরুষ-ভাবে রহিয়া গেলেন। ইহা হইতেই জাপানের রাজবংশের আরম্ভ। চীনেদেরও কতকটা এইরূপ ধারণা। সে কথা চীন
প্রবদ্ধে বলিব। কিন্তু ব্রহ্মদেশের রাজবংশের উংপত্তি এরূপ দেবয়োনি
হইতে নহে। তাহাদের শাকাবংশ ও শাকাসিংহ লইয়াই সব।

বৃদ্ধদেব জন্মিবার বছ শতাব্দী পূর্ব্ধে শাকাবংশের কোনও রাজা আসিয়া ব্রদ্ধদেশে রাজবংশ প্রতিষ্ঠিত করেন। পরে বৃদ্ধদেবের পাঁচগাছি চুল লইরাই রেক্সুনের ভিত্তি স্থাপিত হয়। বৌদ্ধশাল্লের মতামুসারে, হিন্দুশাল্লোক্ত ব্রহ্মা হইতেই তাহারা সকলের উৎপত্তির কথা বিধাস করে। তাই তাহারা নিজেরা ও ব্রহ্মা' বা বর্ষাণ নাম লইরাছে।

ব্ৰহ্মদেশের লোক বৃদ্ধগতপ্ৰাণ। হিন্দুখন তাহাদের চকে বড়ই পবিত্র স্থান বলিয়া বিবেচিত,—তাহাদের দেবতার লীলাভূমি, তাহাদের মহা তীর্থধাম। অনেকে বৃদ্ধগরা, রাজগৃহ প্রভৃতি স্থানে তীর্থ করিতে আসে। রেক্সনের যে বড় প্যাগোডার কথা বলিয়াছি, তাহা বৃদ্ধদেবের যাইয়া তপস্থারত বৃদ্ধের নিকট হইতে ঐ পাচগাছি চুল চাছিয়া আনিয়াছিল। ঐ মন্দির-গঠন হইতেই রেঙ্গুনের উৎপত্তি। পরে অষ্টাদশ শতান্দীতে 'আলাম্প্রা' নামক এক জন রাজা রেঙ্গুনের আসন ভিত্তি স্থাপন করেন।

আলাম্পা এক জন সামান্ত অবস্থার লোক ছিলেন। বন্ধে বনে
শিকার করিয়া তিনি জীবনযাপন করিতেন, পরে অনেক লোকের নেতা
হইয়া গৃদ্ধ-বিগ্রহ আরম্ভ করেন; যেখানে অভিযান করেন, সেই খানেই
জয়ী হয়েন। তথন ব্রহ্মদেশ ছোট ছোট নানা রাজ্যে বিভক্ত ছিল।
দেখানকার রাজারা সর্কাদাই পরম্পের কলহ করিতেন। ক্রমে পেগু,
আরাকাণ, টেনিসেরিম্—সবগুলিই তিনি জয় করিলেন; শেষে শ্রামেও
য়দ্ধানো করিলেন। তথাকার রাজধানী তাঁহার হন্তগত হইলে,
সেই স্থানেই তিনি রোগে আক্রান্ত হইয়া প্রাণত্যাগ করেন। এই
আলাম্প্রা হইতেই বর্মার শেষ রাজবংশের স্ক্রপাত। এ সব বেশী
দিনের কথা নয়, প্রায়্ম পলাশী গুদ্ধের সমসামিরিক; অর্থাৎ,—১৭৫০
মৃষ্টান্দে ঘটে।

তথন আসাম, মণিপুর ইত্যাদি রাজ্য বর্মা রাজ্যেরই ক্ষমতাধীন ছিল। বর্মার রাজগণ এই পথ দিরা আসিয়া ব্রিটিশ রাজ্য লুঠ-তরাজ করিতেন, নিষেধ করিলে কর্ণপাতও করিতেন না। এই স্থেটেই প্রথম বর্মা যুদ্ধ ঘটে। ক্যাদেল সাহেব সদৈতে ইরাবতীর ভিতর প্রবেশ করেন। একটিমাত্ত তোপের আওয়াজেই রেকুন অধিকৃত হয়। দেখানকার কেয়াগুলি শেশুন কাঠে নির্মিত ও চন্দন কাঠের কারুকার্য্যে থচিত। ভক্সুর হইলেও দেখিতে অতি পরিপাটা ছিল। রেকুন অধিকার করিয়া তিনি চারি দিকে সৈত্ত পাঠাইয়া দেশ জয় করিতে লাগিলেন, এবং অতি অল্প আয়াসেই সে কার্যা সম্পন্ধ হইতে লাগিল। তথন অন্যোপায় হইয়া ব্রহ্মরাজ আমেরিকান পাদরী জড্সন্কে সিক্রর

প্রস্তাব করিতে পাঠাইলেন। এই পাদরী সাহেবের কথা পরে বলিব।
১৮২৪ গ্রীষ্টাব্দে ইয়ান্দাবু বা যান্দাবু নগরে সন্ধি স্থাপিত হয়।
ইংরাজ আরাকাণ, টেনিসেরিম ও আসাম দথল করিলেন, এবং
যুদ্ধের থেসারত স্বরূপ এক কোটি টাকা পাওনা ধার্য করিলেন। এই
অবধিই রেকুন ইংরাজের করতলগত রহিল।

ইহার অন্ধদিন পরেই লর্ড ডাাল্হাউসীর আমলে দ্বিতীয় বর্মা-যুদ্ধ ঘোষিত হয়। ইংরাজ বণিকদের উপর ব্রহ্মরাজ অত্যাচার করিয়া-ছেন,—ইহাই যুদ্ধের করণ। এবারও প্রায় বিনা যুদ্ধেই নিম ব্রহ্ম বা পেণ্ড ইংরাজ দথল করিয়া লইলেন।

আবার ইহার কিছু দিন পরে, লর্ড ডফ্রিণের সময়ে তৃতীয় বর্মা-যুদ্ধ ঘটে। সেই হইতেই বর্মার স্বাধীনতা একেবারে অন্তমিত হইরাছে। আমার সে সকল ঘটনা বেশ মনে আছে—তথন আমি প্রবেশিকা পরীক্ষা দিবার উদ্যোগ করিতেছি। রাজা মণ্ডলমীনে মরিলে তাঁহার ছেলে থীব রাজা হন। জারজ বলিয়া অনেকে তাঁহার সিংহাসন-**অধিকারে আপত্তি করেন।** থীব ইংরাজী জানিতেন, এবং সর্বজনপ্রিয় ছিলেন। রাজ্যের প্রধানা রাজী, তাঁহার ক্সা 'স্থপেয়ালাটে'র সহিত খীবর বিবাহ দিয়া, তাঁহাকেই সিংহাসনে অধিষ্ঠিত করেন। শুনা যায়, রাজ্যারোহণ করিয়াই বিদ্রোহের ভয়ে থীব রাজবংশের ভ্রাতা-ভগিনী প্রভৃতি অনেক আত্মীয়-স্বন্ধনকে গুপ্তভাবে হত্যা করেন। সকল অসভা দেশেই ওরূপ হয়; দিল্লীর সমাট আওরঙ্গজীবও ওরূপ করিয়াছিলেন। কিছু দিন রাজত্ব করিবার পর আবার আর এক গোল উঠিল যে, শেশুন-কাষ্ঠ-ব্যবসায়ী 'বর্মা-বম্বে টেডিং কোম্পানী'র উপর থীব অত্যাচার করিয়াছেন। ট্রান্সভালে উইট্ল্যাগুরিদের উপর অযথা ব্যবহার উপলক্ষ করিয়াই বুয়র যুদ্ধের স্ত্রপাত হয়। পরে আবার এক ল লীৰ কৰাৰী জাতিৰ মহিত বহুত্বাপৰ কৰিবাৰ

চেষ্টা করিতেছেন। ক্ষিয়ার সহিত ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপন করিতেছে, এই অছিলাতেই তিব্বত-অভিযানের আবত্তক হইল। এইরূপ নিতা



ব্ৰহ্মৱান্ত "ৰাব" ও উহোর মহিবী "হুপেরালটে"। <u>বিহুটে ইংক্ষেত্র তক্ত কত্তন ন্</u>তুন দোষাব্যোপ হইতে লাগিল।

তথ্ন উত্তর-বর্দায় নৃতন আবিস্কৃত হীরার থনির কথা শুনিয়া আনেক
ইংরাজ-বিণিকই তাহা হস্তগত করিবার জন্ম বাস্ত হইলেন। রাগও এবং
কিম্বার্ণির স্বর্ণ ও হীরকথনির লোভই দক্ষিণ আফ্রিকার সাধারণ-তন্ত্র
বিল্পুর করিবার প্রধান কারণ। দেশ লইব ইচ্ছা করিলে, কারণের
আর অভাব হয় না। এই সকল সত্য মিথ্যা নানা কারণে, ১৮৮৫
জ্রীষ্টাব্দে, শেষ বর্দ্মা-যুদ্ধ ঘটে। রেকুন দথল করিতে একটা তোপের
আওয়াজ করিতে হইরাছিল, মালালেতে তাহাও আবশ্রুক হয় নাই।
বাঙ্গালা জয় করিতে যেমন সত্র জন মাত্র পাঠান দৈল্লই পর্য্যাপ্ত
হয়াছিল, এথানেও সেইরপ ইংরাজ-দৈল্ল উপস্থিত হইবামাত্রই বর্দ্মা
জয় হইল। থীব ও তাহার মহিনীকে বন্দী করিয়া মাল্রাজে পাঠান
হইল। ইংরাজগণ সমস্ত বন্দ্মা অধিকার করিলেন। এখন এই রাজপরিবারের অর্থাভাবে যার-পর-নাই ছরবহু। হইতেছে।

তারপর হইতেই এক্ষদেশের শুভাশুভ ইংরাজের হস্তেই স্তান্ত।
ক্রমেই দেশের উন্নতি, লোকবৃদ্ধি, ব্যবসা-বাণিজ্যের প্রসার হইতেছে।
প্রথম প্রথম ভারতের রাজস্ব হইতে এক্ষের শাসনব্যয়নির্জাহের জন্ম অর্থ
যোগাইতে হইত বটে, কিন্তু আক্ষকাল রাজ্যের আর্থিক উন্নতি
হওনাতে, তাহা আর দিতে হয় না, বরং কিছু উন্তু থাকে।

বর্দা ইংরাজের হাতেই স্বাধীনতা হারাইয়াছে। মুসলমান জাতি কখনও বর্দা জয় করেন নাই। তাহা হইলে বর্দাতেও ভারতবর্ধের মত অবরোধপ্রথা নিশ্চয়ই প্রচলিত হইত। মুসলমান-বিজয় কিব্র ভারতবর্ধ হইতে এই বর্দা ছাড়াইয়া মালয় উপকূলে গিয়া পড়িয়াছিল। সেই কারণেই মালয়ের অধিবাসীরা মুসলমান। এই সকল দেখিয়া মনে হয়, য়দিও বর্দা-মৃদ্ধের সময় বর্দাকে নিতাস্ত হীনবল দেখা গিয়াছে, কিব্র তাহার বহু পূর্বের বর্দা এতটা হীনবল ছিল না।

ভিতর দিয়া তাহারা বর্মান্ত আসিরা বসবাদ করিরাছে। যে সকল আদিমনিবাসীদের পরাস্ত করিয়া তাহারা বর্মা দেশে বাস করে, সেরপ আনেক জ্বাতি এখনও বর্মান্ত দেখা যায়। তাহার মধ্যে 'কারণ' জ্বাতি একটি। ইহাদের অধিকাংশই খ্রীষ্টানধর্মে দীক্ষিত হইয়াছে, এবং সেই কারণেই সকল বিষয়েই ইহারা উন্মত।

বর্মার পুরুষগণ অভিশয় আলম্ভ-পরবশ। কেবল চরট থাইয়া, গ্র-শুজব ও আমোদ-আফলাদ করিয়াই সময় কাটায়। ধান বর্মার একটি প্রধান উৎপন্ধদ্রব্য,—এত বড় ধানের আড়ং আর কোথাও নাই। প্রতি বংসর প্রায় সাড়ে তের কোটি টাকার ধান এখান হইতে রপ্তানী হয়। কিন্তু অনেক চাষা স্থদখোর মাদ্রাজী শেষ্ঠী কর্ত্তক বড়ই উৎপীডিত। অতিরিক্ত আমোদ-আহলাদের জন্ম বেশী স্থাদ টাকা ধার করিয়া তাহার। বড়ই বিপন। পুর্বেই বলিয়াছি, বর্মায় প্রায় শতকরা ৩০ জন চীনে আসিয়া বাস করিয়াছে এবং তাহারা বর্ষা-রুমণীবিবাহ করিয়া এক প্রেকার সঙ্কর জাতি উৎপন্ন করিয়াছে। শুনা যায়, ইহাতে বর্মার অনেক মঙ্গল ঘটিয়াছে। তাহাদের অপত্যগণ পিতার মত পরিশ্রমী. - বর্মা দেশের লোকের মত অল্স নহে। কিন্তু অনেক চীনেম্যান দেশে ফিরিয়া ঘাইবার সময় ছেলেগুলিকে লইয়া যায়, মেয়েদের রাখিয়া যায়। মেয়েরা বর্মার মত স্ত্রীস্বাধীনতার দেশ হইতে চীন দেশে গিয়া স্থা হয় না। তাহার ফলে এই দাড়াইয়াছে. এরপ মেয়ের সংখ্যা এত বেণী বে, কোনও বিদেশী বর্মায় যাইলে তাহারা উপপত্নী হইয়া থাকিবার জ্ঞাদলে দলে তাহার নিকট আসিতে থাকে। বিদেশী লোক একা বর্দ্ধা দেশে বেশী দিন থাকিলে তাহার আর নিস্তার নাই।

বর্মা দেশের লোক ভাল কারিগর। ঘরে ঘরে রেশমের কাপড়
- বোনা হয়,—কিন্ধ বাতীতে ছাডা তাহার।সে মোটা রেশমের কাপড

ব্যবহার করে না। যে দেশে রেশমের কাপড়ই সাধারণের পরিধেয়, দে দেশে সাজ-সজ্জায় স্পৃহা কত বেশী তা সহজেই বুঝা যায়। মিহি রেশমের কাপড় চীন হইতে আমদানী হয়,—তার দামও অনেক। সাজ-সজ্জার বিষয়ে তাহাদের এত বাড়াবাড়ি যে, কাপড় একবার কাচাইলে আর সে কাপড় তাহারা বাহির হইবার কালে পরিবে না,—কেবল বাড়ীতেই পরিবে।

বর্দা দেশে কাঠের কাজ ও গালার কাজ অতি পরিপাটী হয়। আমি কতকগুলি গালা-পালিস-করা বড় বড় কাঠের ও ঝুড়ির থালা ও গেলাস আনিয়াছি। এক একথানির বারো আনা মাত্র দাম। যে দেখে, সেই সুখাতি করে,—সেগুলি এত স্থলর।

বর্গাবাসীর বিবাহ-প্রথা আমাদের বিবাহ-প্রথা হইতে সম্পূর্ণ বিভিন্ন। বাল্য-বিবাহের তো নামগন্ধও নাই। ওসব অঞ্চলের কোনও দেশেই সমাজের দারুণ অনিষ্টকর বাল্য-বিবাহ-প্রথা নাই। দিন-ক্ষণ দেখিবার ভার সর্ব্বেই আমাদের দেশের মত দৈবজের উপর স্বস্ত ; তবে বর-ক'নেই পরম্পারকে বাছিয়া লইয়া থাকে। চীন বা জ্ঞাপানে কিন্তু এরূপ প্রথা নাই। সে সকল দেশে আমাদের দেশের মত বাপ-মা যাহাকে পছল করিয়া দিবেন, তাহার উপর কাহারও কথা নাই। আমাদের দেশের মত বর্গায় বর ক'নের বাড়ী গিয়া বিবাহ করেন। চীন ও জ্ঞাপানে ক'নেকে সমারোহের সহিত বরের বাড়ী যাইয়া বিবাহ করিতে হয়। বর্গায় ব্রীলোকের ক্ষমতা এতই বেণী মে, বিবাহের পর জ্ঞামাতাকে অন্ততঃ কিছুদিন খণ্ডরঘর করিতেই হয়। ধূলাপায়েই কেহ কেহ ঘট তিন বংসর থাকেন। কেহ কেহ বা খণ্ডর-বংশের উপাধি লইয়া চিরকালই পোয়্যপুত্রের মত খণ্ডর-বংরে থাকিয়া যান। এক জন জাপানীর নিকট শুনিয়াছি, জাপানেও এরূপ

এ সকল দেশের মধ্যে কোনও দেশেই বিবাহ ধর্মের ভিত্তিতে প্রতিষ্ঠিত নহে,—সামাজিক চুক্তিমাত্র। ইচ্ছা করিলেই চুক্তি ভাঙ্গিরী নার। এ বিষয়ে স্ত্রীর স্বাধীনতা বর্মা দেশে অত্যন্ত অধিক। গুনিরাছি, কোনও কোনও স্থলে স্বামীর বালিসের নীচে পান-স্থপারি গুঁজিরা দিয়া চলিয়া ঘাইলেই হইল। পঞ্চায়ংগণ বিবাহতঙ্গ-বিরোধের মীমাংসা করিয়া দেয়। স্ত্রীলোকের এতে স্বাধীনতাসন্তেও বর্মার বছবিবাহ যে কিরপে প্রচলিত হইল, তাহা বুঝা যায় না।

বিবাহের বড় একটা বাচ বিচার নাই; যেমন সহজে হয়, তেমনি
শীত্র ভাঙ্গিয়া যায়। স্ত্রী ও পুরুষ হুই জনে কিছুকাল একত্রে থাকিলেই
বিবাহ সাবাস্ত হইল। স্ত্রীলোকদের যার-তার সহিত থাকা চলে।
বাদেশী বিদেশী যার সঙ্গেই থাকুক না কেন, একনিষ্ঠ হইয়া থাকিলে
তাহাতে সমাজে তাহাদের মর্গ্যাদার কোনও হানি হয় না। চঞ্চলবভাব হইলে অবগ্র আলাহিদা কথা।

ভূতে পাওরা ও ভূত ঝাড়ানয় বিশ্বাস সকল জাতিতেই আছে।
প্রস্বকালে বর্মা দেশের স্নীলোকের যন্ত্রণার আর অবধি থাকে না।
কুসংস্কারপূর্ণ দেশসমূহে যেনন হইরা থাকে, নীচএলীর দাইদের হাতে
সে সব ভার গুন্তঃ। পুরুষদের ইহাতে কোন কথা কহিবার অধিকার
নাই। এ বিষয়ে পরিবর্তনের স্রোত গৌছিতে দেরি লাগে। প্রস্থতিকে
আঁতুড় ঘরের চতুর্দিকে অগ্নিরেটিত করিয়া রাখা হয়। উদ্দেশ্র, গরমে
রাখাও বটে, আবার ভূত তাড়ানও বটে। সে অস্থ্র তাপে কি যন্ত্রণায়
বেসময় কাটে, তা ব্রান যায় না। সাতদিন এইরূপ থাকিবার পর অষ্ট্রম
দিবসে তাহাকে 'তেপার বাথ' অর্থাৎ গরম বাম্পের ভোপরা' দিবার
বিরেই ঠাণ্ডা জলে স্নান করান হয়। তাহাতে যে কত শিশু ও কত
স্বাহতি মারা যায় তাহার ইয়তা নাই। আমাদের দেশের মত এইরূপ
নীচ শ্রেণীর দাইএর প্রথা বর্মায় এথনও অন্ধভাবে অম্বর্থত হইতেছে।

মাছ ভাতই ব্রহ্ম, চীন, জাপান প্রভৃতি দেশের প্রধান থাক্স।
বর্মা দেশে পচা মাছ চাট্নির মত বাবছত হয়; তাহাকে 'নামি'
বনে। বাপ্পি বর্মানেরা অতি উপাদেয় সামগ্রী বিলয়া বোধ করে।
রাধা ভাত ও তরকারী ফেরি করিয়া বিক্রেয় করে। আমাদের দেশের
মৃত রাধা থাক্সন্তা অপ্র্যা 'সক্ডি' বলিয়া বিবেচিত হয় না
বর্মাবাসীরা সচরাচর মাটিতে উপু ইইয়াবসিয়া হাত দিয়া আহার করে।
চীনের প্রথা,—টেবিলে বসিয়া 'চপ্টিক' দিয়া আহার করা। আহারাছে
ব্রহ্মবাসীর আমাদের মত হস্তমুথ প্রক্ষালন করে। আহারের সহিত্
পানীয় দ্রবার বাবহা ওসব দেশের কোথাও নাই। সকলেই
সময়াস্তরে চা থায়। ছয়-পান কেহ করে না। চুরট বা তক্রপ
কোন না কোন দ্রব্য সর্পর্তির ব্যবহাত হয়। স্ত্রী-পুরুষ উভয়েই ধুমপান
করে। সাধারণ যে চুরট বাবহার করিতে দেখা যায়, সে চুরট খুব
মোটা ও বড়। এত মোটা বে মুবে ধরিতে কট হয়। বর্মা ও মালছের
লোক পান-স্থপারি থায়। আফিং-সেবন জাপান ছাড়া অল্লবিস্তর
সকল দেশেই প্রচলিত।

স্ত্রীলোকের চুল রাথা সকল দেশরই প্রথা, তবে মঙ্গোলিয়ান জাতির মত অত চুলের আদের আর কোন জাতিই জানে না। তাদের ফেন-গোফ-দাড়ি প্রান্থতির স্থানে চুল বড় জন্মে না, তেমন মাথায় চুল ধুব লম্বা ও সোজা হয়। পৃথিবীর আর কোন জাতিই ইহাদের মত কেশের এত পারিপাট্য করে না। ইহারা চুলের সজ্জা লইয়াই সারাদিন বাস্ত।

বর্মা দেশের পুরুষরাও বড় বড় চুল রাথে। তাহারা সব চুলগুরি রক্ষা করে। চীনেরা মাথার মাঝে লখা বিনানী রাথে মাঝা।

স্ত্রীলোকের পায়ে গহনা নাই, যা কিছু আছে কানে, হাতে ⁹

চলচ'লে পোষাক পছন্দ। কাপড়চোপড়েই তাহাদের সজ্জার বেশী-ভাগ দৃষ্টি। স্তনের উপর অবধি আঁটিয়া লুঙ্গি পরে বলিয়া, স্বাধীনভাবেঁ চলা ক্ষেরার ব্যাঘাত হয়। সেই কারণেই বর্মা জাতির ফ্রীলোকদের চলা ও নাচা সরল ভাবে হয় না :—কতকটা আড়ুষ্ট-আড়ুষ্ট ভাব।

বন্দার লোক অলস, এবং আমোদ ও সজ্জাপ্তিয় একথা পূর্বেই বলিয়াছি। ভবিদ্যতের ভাবনা ইহারা ভাবে না। সেই জন্ম অনেক লোকই ঋণগ্রন্ত। নাচ, গান, যাত্রা ইত্যাদি প্রায়ই হইয়া থাকে। ভেড়ার লড়াই, মুরগীর লড়াই, নৌকার বা'চ-থেলা সচরাচরই দেখা দায়। বন্ধদেশ ধনধান্তে পূর্ণ। আশ্রম্থান নির্মাণের জন্ম শেশুন কাঠ ও আহারের জন্ম চাউল অনায়াসে অপর্যাপ্ত জন্মে। আহার ও আশ্রম্থান,—এই ছইটি জীবনধারণের প্রধান আবশ্রক—ক্রেয়ে এত সহজ্ঞে যোগাড় হয় বলিয়াই তাহারা এত অলস হইয়া পড়িয়াছে। গ্রাসাচ্ছদন স্বলভ হইলে সকল দেশেই এরপ ঘটিয়া থাকে,—লোকেরা অলস ও অক্রমণ হইয়া পড়ে। ভারতবর্ষেও এরপ ঘটিয়াছে। তাই দেশ বর্ষপ্রহাণ্ড বর্মাবাদী এখন আর তত লাভবান্নয়। লাভের বেশীর ভাগই বিদেশী ব্যবসাদার ও স্থানখেরের হাতে যায়।

ব্রহ্মদেশ সচারাচর শবদেহ গোর দেয়, এবং ফুল্পাদের শবদেহ দাহ
করা হয়। কথন কথনও বা কিছু দিন গোর দিয়া রাথার পর সেই
শবদেহ পুনরায় উঠাইয়া বহু সমারোহের সহিত দাহ কর। হয়।
আমাদের দেশে যেমন অশৌচ-পালন-রূপ একটি নিয়ম পালন
করিতে সকলেই বাধ্য, ও সকল দেশেও সেইরুপ। আশৌচ কালে
আহার ও পরিধেয় সম্বদ্ধে বাধা নিয়ম আছে। আত্মীয় ব্ঝিয়া অশৌচের
দিন বাড়ে ও কমে; সে সমরে নিরামিষ ভোজনই কর্ত্ত্ব্য। স্ত্রী মরিলে
অশৌচ কম, স্বামী মরিলে সর্ক্রাপেকা বেশী। বাপ-মায়ের জন্ত অশৌচ
য়ামীর অশৌচের মত; তিন দিন নহে। আমাদের দেশে বেমন অশৌচ

অবস্থায় সাদাধৃতি পরিধেয়, ও অঞ্চলে সর্বাত্ত সেইরূপ সাদা রঙ্গ শোক প্রকাশের চিহ্ন বলিয়া বিবেচিত। ইউরোপে কিন্তু সাদারঙ শোকবাঞ্জক ীহ; কালো রঙই শোকবাঞ্জক।

চাউল ও শেশুন কাঠই বর্মার প্রধান উৎপন্ন জবা। ইহা ছাড়।
হাঁরার খনি ও বর্মা-অমেল নামক কেরোসিন-জাতীয় এক প্রকার
খনিজ তৈলও পাওয়া যায়। পুর্বেই বলিয়াছি, এত থাকিতেও
বর্মার লোক গরীব। আলম্ম ও অবিবেচনাই তাহার প্রধান কারণ।
তাহারা কিন্তু কাঠ ও গালার কাজে স্থনিপুণ শিলী। রেশম ও বয়া
চুরটের অল্প-বিস্তর কারবার চলে। আমি এ সকল জিনিষের কিছু
কিছু নুমুনাও আনিয়াছি।

বশাবাসীরা তাড়ি থায় এবং মাতলামি করে; কিন্তু চীনদেশে মনন দেখি নাই। সকল দেশের সব পাপ-অত্যাসগুলি বন্ধাবাসীরা আজকলে অমুকরণ কবিরাছে। শুনিলাম, তাদের দেশে মদ বা আফিং কিছুরই তত প্রচলন ছিল না। এখন চীনেদের কাছথেকে আফিং ও পাশ্চাতা জাতি ও ভারতবাসীর নিকট মদ থাইতে শিথিয়াছে। একটা তাড়িখানার কাছে পাঁড়াইয়া কতকগুলি লোকের কাণ্ডকারখানা দেখিতছিলাম। তারা অতি অল্লীল ভঙ্গী করিয়া আমায় ভেশ্লচাইতে লাগিল। কিন্তু চীন দেশে কত আফিং থাবার আড্ডায় গিয়াছি, ভারা কেং কিছু বলে নাই।

পুর্বেই বলিয়াছি, ভারতবর্ষ বর্মাবাসীর তীর্থস্থান। আনেক যাত্রী
বৃদ্ধগন্ধা, রাজগৃহ, বারাণসী প্রভৃতি স্থানে তীর্থ করিতে আসেন। আমি
যথন দেশে ফিরিতেছিলাম, তথন কতকগুলি ভদ্রবংশীয় দ্রী ও পুরুষ
তীর্থ করিতে আসিতেছিলেন। তাঁহাদের মধ্যে আনেকেই জিজাস।
করিতেন,—আমার কতকগুলি ছেলে-মেয়ে। ছেলে-মেয়েতে আমাদের
যর ভরা, এই কথা ভূনিয়া তাঁহাদের আর আনন্দের সীমা থাকিত না।

চীন দেশেও এই পরিচয় পাইয়া প্রীলোকদিগকে অংশব আনন্দ মন্থুত করিতে দেখিতাম। বৃদ্ধারা স্পৃষ্ট কথায় জিপ্তাসা করিতেনঃ, গাহাদের প্রথম প্রশ্নই এই। অল্লবয়সীরা ভনিতে চান, স্কুথচ মুথ ফু'টে জিপ্তাসা করিতে পারেন না,—প্রশ্ন করিবার অবসরের জন্ম অপেকা করেন; অথবা অন্থের মুথ দিয়া জিপ্তাসা করিয়া জানিয়া লইতে চেষ্টা করেন! বিবাহ ও ছেলেপুলে হইয়াছে জানিলে যেন একদলভুক মনে করেন, এবং মিশিবার সঙ্কোচ আরও কমে। ছেলেপুলের কথা ভনিলে সকল দেশের প্রীলোকেরই আনন্দের সীমা থাকে না; পুরুবদের আনন্দ অভটা বেণী বলিয়া মনে হইত না। সকলেই ছোট ছেলে ভালবাসে। আমিও যথন অন্থের ছেলেকে আদর করিতাম, তথন স্পাইই বৃষ্ধিতাম, তাদের মা-বাপের মনে আনন্দ উর্থলিয়া উঠিত।

জীর পর্কুটীর হইতে বাহির হইয়া এক কুঠরোগাক্রান্ত মথ আমার নিকট ভিক্ষা চাহিল। তার ছেলেটিও বাপের দেখাদেখি এসে হাত পাতিল। ছোট ছোট হাতগুলি বেশ স্থানর দেখাচ্ছিল। তার শরীরে কোনও রোগলক্ষণ নাই। কুজীর স্থাকৈও দেখিলাম। গরীব হইলেও বেশচুবা স্থানী অপেকা অনেকটা পরিকার-পরিছের। আমার কাছে রৌপামুহা ছাড়া আরে কিছু ছিল না। দিতে ইতস্ততঃ করিয়া একটি ক্ষুত্ম রৌপামুলা কুজীর হাতে দিলাম। হিন্দিতে বলিলাম, ছ'জনে ভাগ করে নিও। ছেলেটি হাতে না পেয়ে বড়ই বিষয় হলো। জাহাছে ভিরিয়া আসিয়াও মনে হতে লাগল, তার হাতে কিছু দিয়া আসি।

মন্দিরে এক জন প্রীলোক তাঁর ছোট ছেলেটকে জারু পাতিয়া বিষয় উপাসনা করিতে শিথাচ্ছিলেন। আমার সে দৃষ্ঠ বড়ই তাল লগেছিল। ছেলেমায়ুষের তাবে ও আধ-আধ স্বরে যেমন এক স্বর্গীয় তাব প্রকাশ পায়, তারও প্রত্যেক অবয়বে প্রত্যেক কার্গো দেই ভাব পরিকুট।

বর্ণার দোকানে জিনিব কিনিতে গিয়া অন্তন্ত জিনিব কেনার মত আত বিরক্তি বোধ হয় না। বোধ হয়, তাহার একটি কারণ, প্রীলোকেরা বেচে বলিয়া। চীনে দেখিতাম, এক জন পুরুষ দোকানী পাচ ডলার মূল্য বলিয়া দশ দেন্টে জিনিব বেচে। এত ঠকাইবার প্রয়াম! কিন্তু এখানকার দোকানে প্রীলোকেরা বন্তুত: আমাদের দেখিয়া প্রায় ঠিক চিক দাম বলে। বেশী দর দপ্তর করিতে হয় না। অসহায় বিদেশী বলিয়া প্রীলোকম্বলত করণ ভাব তাদের ব্যবহারেও দেখা যায়।

একটি ছাউনিওয়ালা বাজারে কিছু জনতা দেখে ভিতরে গিয়া দেখলাম, অনেকগুলি লোক জড হয়ে কিসের মীমাংসা করিতেছে। এত লোক, তব তত গোল নাই। আমাদের দেশে নিশ্চয়ই আরও গোলমাল শুনা যাইত। একটি নমুমুখী যুবতীর সন্মুখে অনেকগুলি স্তীলোক ছিল। যুবতী নিজের দোকানে বসিয়াছিল, নীচের একটি দেবদারু কাঠের বাজ্মের উপর একটি শীর্ণকায় বন্ধ বর্মণ যেন মর্মাহতের মত বসিয়াছিল। তার পাশেও অনেক লোক। এক স্থরাটী মুদ্রমানকে জ্ঞাসা করিলাম, কি হ'রেছে গ ভানিলাম, এই ঘবতী বুদ্ধের স্ত্রী,--হালে বিবাহিতা। রুমণীর সহিত দোকানে প্রতাহ এক বশ্বা যুবক আসিয়া অনেকক্ষণ পর্যান্ত গল্ল করে,—রমণী তাহাকে চুরট উপহার দেয়। বৃদ্ধের প্রথম পক্ষের ছেলে হ'পুরবেলাভাত দিতে এমে দেখে গিয়ে বাপকে ব'লেচে। তাই বন্ধ, ব্যাপার কি ভাল করিয়া জানিবার জন্ত নিজেই এসেছে। তার মুপের ভাব বড়ই কষ্টবাঞ্চক,—প্রতিশোধেচ্ছার মত প্রচণ্ড নহে। যেন স্লিক্ষ ও অমুত্ত হইয়া ভাবিতেছে, কেন এমন অসময়ে এমন হলাহল পান করিলাম ! যুবতী নম্রমুখী : কিন্তু তাহাকে অমুতপ্তা বলিয়া মনে হইল না। তার যেন প্রধান ভর, এ সব গোলমাল গুনিয়া যদি সে বর্মা ববক আর তাহার সঙ্গে দাকাং করিতে না আদে। নম্ব ত প্রণয় ক'রে পা বাড়াতে কাতর, এমন ভাব তাহার মুথে ছিল না। প্রীলোকেরা তার দোষ চেকে তার পক্ষসমর্থন ক'ছিল। সকল পুরুষদেরই দেখিলাম বৃদ্ধের দিকে টান। কে জানে কেন, বুড়োর প্রতি আমার অণুমাত্রও সহাত্মভৃতি হ'লো না। অবিবেচনার কার্য্যে, অসম্ভব বিষয়ে সহাত্মভৃতি কেমন ক'রে হবে ?

এক দিন লেক্ পার্ক দেখিতে যাবার সময় রাস্তায় দেখিলাম একটি
মাধবয়দী বন্ধা রমণী কাঁদছে। ছ' জন লোক তাকে সাবধানে ধ'রে
নিয়ে যাছিল। সে বড়ই আকুলভাবে কাঁদছিল। কাঁদতে এ জান্তে
তা ভাষা জানার দরকার হয় না। তবে কি জন্ত ও কাহার জন্ত
কাঁদ্চে জানিবার জন্ত আমার খোটা গাড়োয়ানকে ।জিজাদা করিলাম।
সে জেনে বলে, সর্পাঘাতে উহার ছেলে মারা গিয়েছে, তাই
কাঁদচে। কালার বুলিটি এইরূপ, — "তুমি গেলে আমি রইলাম, ভোমাকে
মার ঘরে গিয়ে দেখ্তে পাব না, সে ঘরে কেমন ক'রে থাক্বো ?" ঠিক
কি আমাদের দেশের মত। তার সঙ্গীরাও কাঁদতে কাঁদতে তাহাকে
কোঁচেও — ঠিক কি আমাদের দেশের মত। পথে যে দেখ্চে, যে ভন্চে
সেই চোথের জল ফেলে যাচেড, — ঠিক কি আমাদের দেশের মত।

ছই দিন পরে রেশ্বুন ইইতে জাহাজ ছাড়িল। একটি প্রীলোক এক প্রোটাকে জাহাজে চড়িয়ে দিতে এসেছিল। জাহাজ ছাড়িলে সে নদীতীরে ধূলায় লুটিয়ে অতিশয় কাতর ২'য়ে কাঁদতে লাগল। যতক্ষণ দেখা যায়, দেখলাম রেধার মত তার দেহটি মাটিতে পড়ে রয়েছে।

পিনাঙ।

[প্রথম প্রস্তাব।]

ি রেশুন হইতে জাহাজ ছাড়িয়া তুই দিন তুই রাত ক্রমাগত বাওয়ার পর চতুর্প দিন ভোবে জমি দেখা গেল। এ সকল জমি রেঙ্গুনের মত সমতলভূমি নয়; কেবল পর্বতময়। উপকূলের চতুদিকেই সমুদ্র হইতে মাছ ধরিবার বিপুল আয়োজন দেখিলাম: বড বড কাল রঙ্গের খুঁটী দিয়া স্থান ঘের।—জাল ফেলা। ধীবরদের থাকিবার জন্ম তীরে ছোট ছোট করুগেট আয়রণের ঘর। পা'ল তোলা নৌকার অমহরহ তীর আমছের। ভাত আর মাছই এ সকল দেশের প্রধান আহার। এই সকল মাছ ওকাইয়া বহু দিন পর্যাস্ত বেশ রাথা যায় ও তাহাই অন্য দূরবর্তী স্থানে রাশি রাশি রপ্তানি হয়। এথানকার সকল দেশেই ভুটকে মাছ একটা উপাদেয় খাছ। এ সকল দেশে কত নৃতন রকমের মাছ দেখা যায়। 'জেলী ফিন' (Jelly fish) মামক এক **প্রকার মাছ ঠিক** জলের উপর ভাসিয়া বেডায়। চিত্র-বিচিত্র করা ছাতার মত দেখিতে। তার চত্দিক হইতে যেন নানা রঙ্গের ফল-কুল ঝুলিতেছে। (Cuttle fish) 'কাটেল ফিস' মামক আর এক রকম লম্বা লম্বা দাড়াসংযুক্ত গোল মাছ মাথা নীচের দিকে করিয়া জলের ভিতর ঘুরিয়া বেড়ায়। ইহারা বড় হিংশ্রক ও প্রণীভোজী; কিন্তু চীনে-মাানেরা অতি উপাদের মনে করিয়া এই জাতীয় শুক্না মাছ থায়।

বন্দরে জাহাজ ঢুকিবামাত্রই অসংখ্য "সামপান" আসিয়া জাহাজের চারি ধার ঘিরিল। মাঝিরা সকলেই চীনেম্যান। তাহারা তাহাদের প্রিয় নীলবর্ণের চলচ'লে পোষাক পরিয়া কিঞাহত্তে গাঁড় বাহিয়া াগাংকের সহিত চলিতে লাগিল। চীনে যাত্রীদের সহিত **উঠৈচ:স্বরে** ্গানা থোনা চীনে ভাষায় তাহাদের কথাবার্তা চলিতে লাগিল। ্বাধ হয় তীরে নানাইবার দ্বদস্করের কথা হইতেছিল। জাহাজের



সৈম্পান।" ক'ন তুম্বিনাই হইল না।

মালরদেশ হইতেই চীনেম্যানের দেশ আরম্ভ হইল বলিলেই চলে। বেকুনে তিন ভাগের এক ভাগ চীনেম্যান। এথানে শতকরা ৮০ জন ইনিম্যান। প্রায় সব ব্যবসাদার চীনে; কুলি মুটে মজুর অধিকাংশই ইনে। অসংথা জীন-বিক্ল বা ঠেলাগাড়িওয়ালা; সকলেই চীনে।

উপর দড়ি ছুড়িয়া দিয়া ভাহারা সেই দতি ধরিয়া জাহাজে উঠিল। সিন্দক ও তোবঙ্গলিও দড়ি বাধিয়া জাহাজ হইতে সামপানে ফেলিয়া দিতে লাগিল। বিষম কোলাহল হইতে লাগিল ও বাগ্রহার চিক্ত চারিদিকে দেখা গেল। কাডাকাডি. মার্মারি দেখিয়া আমি মনে করিলাম, নিশ্চয়ই কতকণ্ডলি লোক মরিবে ও জ্ঞাম হইবে: কিন্তু সেরূপ

চীনেম্যান সংক্ষে এত কথা বলিবার আছে যে,তাহা এ প্রবন্ধে কুলাইবে না; স্বতন্ত্র প্রবন্ধে সেই সকল কথা বলা হইবে। চীনেরা অভুত ন্ধাতি। আকৃতি, রীতি, নীতি, আচার, ব্যবহার ও ভাষা,—সকল রক্ষমেই ইহারা আমাদের হইতে সম্পূর্ণ বিভিন্ন।

তীরে একটি বড় (Clock Tower) ক্লক টাওয়ার ও তার ধারেই একটি ছোট জেটী আছে। সেধান হইতে বোঝাই হইয়া মালপত্র ছোট রেলগাড়ী সহযোগে সহরের ভিতর নীত হইতেছে। রাস্তাপ্তেলি চওড়া ও অতি পরিকার-পরিছের, সাদা কাঁকর ও বালি দিরে বাধান। ঠেলাগাড়ী ছাড়া ঘোড়ার গাড়ী বেশী নাই বলিয়া রাস্তা থারাপও হয় না। আমাদের কলিকাতার মত ঐ রাস্তার ধারে কুটপাথ নাই। ছই ধারেই দোকান। অধিকাংশ দোকানেই বিল্পিড-বেণী চীনেমান নিবিষ্টচিত্তে আপন আপন কাজ করিতেছে। বিক্ম গাড়ী চভুদ্দিকে অবিশ্রাপ্ত যাতারাত করিতেছে। একবার জাহাজ হইতে কিনারায় নামিলে হয়; অমনি দশ্থানি রিক্ম তোমাকে ঘেরিবে।

সকলেই তোমাকে চড়াইতে বাক । এত মাকুষ, ও মাকুষের পরিশ্রমের মূল্য এত সন্থা দে, ছই জন মিলিয়া একথানি রিক্সতে চড়িয়া

যতক্ষণ ইচ্ছা বেড়াও। প্রতি ঘণ্টার ২০ সেণ্ট মাত্র দিতে হইবে।
এথানকার মূল্যার নাম 'সেণ্ট' (Cent) ও 'ডলার' (Dollar)। আমাদের
দেশের মূল্যার এক টাকা ছয় আনায় একটা ডলার পাওয়া যায়। ১০০টা
সেণ্টে একটা ডলার হয়। এক টাকায় যেমন ৬৪টা পরসা, তেমনি ৭০টা
সেণ্ট পাওয়া যায়। কলিকাতায় চিঠি লিখিবার জল্প পোইকার্ডের দাম
০ সেণ্ট ও টিকিটের দাম ৪ সেণ্ট। রিক্স গাড়ীগুলি দেখিতে ছোট
বণী গাড়ীর মত—বিচক্র, হাল্কা ও নানা রক্ষের কুল, পাবী ইত্যাদি
চিক্র-বিচিক্র করা। জায়ু অবধি পা, কাটা পাজামা ও কস্কই অবধি হাত

কাটা চলচ'লে কোট পরিয়া এবং প্রথর আতপ নিবারণের জন্ত একটী
চেচাড়ীর ফাট (Straw hat) মাথাম দিয়া, ঘাম মুছিবার জন্ত একটা
হইতে একথানি কমাল ঝুলান স্থগঠন চীনেমাান, যাত্রীসহ জন্তবেগে
এই গাড়ীগুলি দিনে আট ঘণ্টা দশ ঘণ্টা টানিয়া বেড়াইতেছে। এত
অধিক পরিশ্রমের ফলেই তাহারা ছদ্রোগগ্রস্ত হয় এবং ১০০২ বংসুর
এইকপ পরিশ্রম করার পর, অলবয়দে হঠাৎ মৃত্যুম্থে পতিত হয়।
চীনেম্যানদের মধ্যে ছদ্রোগ সচরাচরই দেখা যায়।

নালয়দেশ ও তাহার অধিবাসী সম্বন্ধ আমি বেশী কিছু দেখি নাই; কাবণ এ সকল স্থানে চীনেমানই পনর আনা, মালয় অতি কম। তবে বা দেখেছি তাহাতে মনে হয়, সে দেশের লোকেরা অতি তর্দশাগ্রন্থ। তাহারা বেঁটে, স্বত্বকায় ও সবল; কিন্তু বাবসাবাণিজ্য বড় একটা তাহারের নিজেদের হাতে নাই। এথানকার ভূমিও ব্রহ্মদেশের মত তত ধন-ধাল্যে পূর্ণ নয়। ব্রহ্মে তব্ও স্ত্রীলোকেরা বাবসা করে,—দাকান করে; কিন্তু এথানে কেহই সেরপ কাজ করে না। একটা কথা প্রচলিত আছে, "Malay is a good horseman," অর্থাৎ ঘোড়ার কাজে মালয় থুব মলবুত খেমন চড়িতে, তেমনি তার তোয়াজ করিতে। সকলেই ছোট কাজ লইয়া আছে। ইহারা হয় ঘোড়ার গাড়ীর সহিস-কোচওয়ানি, নয় পোই পিয়ন, বেহারা বা পাহারাওয়ালায় কাছ করে। অতি পরিপাটী প্রভূদত স্কলর পোষাক পরিয়া তাহারা মৃত্রনীরে সম্ভেইচিতে নিজ নিজ কাজ করিতেছে। তাহারা মুসলমান ধন্মাবলমী: কিন্তু দাড়ী বাথে না।

তাহার। আমাদের মত ছোট করিয়া চুল ছ'টে, —চীনেম্যানের মত আজামুল্মিত বেণী (Pigtail) ইহাদের নাই। লুলী পরে, কোট গারে দের ও বাকা করিয়া কেপ (Felt cap) মাথার দেয়। স্ত্রীলোক-দের তমন অবরোধ প্রথা নাই। অনেকে মাথার কাপড় অবধি দেয়

না। তবে কেহ কেহ মাথায়ও কাপড় দেয় ও বাহিরে যাইবার সময় রিকস গাড়ীর সামনের পরদাটী একটু তুলিয়া দেয় মাত্র।

তাহাদের মদ্জিদ প্যাগোডার মত চূড়াবিশিষ্ট, এথানকার মস্জিদের মত নহে। তাহাদের ভাষা মালাই; কিন্তু আরবী অক্ষরে লিখিত হয়। বহুদিন পুর্বে মুগলমান ধন্ম প্রচারকালে আরব জাতির প্রভাব, ব্যবসাহত্তেই হউক বা ধন্ম প্রচারার্থ ই হউক, এই সকল দেশ অবিধি প্রসারিত হইয়াছিল। সেই সময় হইতে এদেশে মুসলমানধন্ম ও আরবী অক্ষর প্রচলিত হইয়াছে। এক্ষদেশ ভিকাইয়া আরব জাতির ধন্ম ও বর্ণমালা এখানে যেকেমন করিয়া,কাহা কর্ত্তক প্রথম প্রবৃত্তিত হইয়াছে, তাহা জানিবার উপায় নাই।

পিনাঙ।

[বিভীয় **প্রস্তাব** ৷]

কি জানি কেন, যত যায়গায় গেলাম, তথাকার সকলকে ভারতাসী অপেকা স্কু শরীর, সম্কুট্টিত ও সুখী বলিয়া মনে হইতে লাগিল।
তাদের বুদ্ধি কম; স্বতরাং উচ্চাশাও কম। আর উচ্চাশা নাই বলিয়া
তাদের মনের অসম্ভূপ্টি ও অণাস্তিও নাই। অপূর্ণ উচ্চাশা হইতেই মনে
অণাস্তি আসে; তাই ভারতবাসীর শরীর এত অস্কু,—মন এত ছ্র্বল।
নালর চীনেম্যানের সে অশাস্তির ছায়া মোটেই পড়ে নাই। তাই
তাদের শরীর এত স্কুপ্ত ও দেহ এত সবল।

এ সকল অঞ্চলের যত লোক—এন্ধবাসী, মালন্ন, চীনেম্যান বা প্রাপানী,—সকলেরই শরীরের গঠন ও রীতি-নীতির অনেকট্র মিল মাছে। সকলেরই শরীরের গঠন ও রীতি-নীতির অনেকট্র মিল মাছে। সকলের মঙ্গোলিয়ান জাতিভুক্ত। গালের হাড় উচু; চোথ-গুলি ছোট ও ঈষং বাকা, রংটি ফ্যাকাসে; মুথে লোম অতি আর জন্মে এবং চুলগুলি লক্ষা ও সোজা। ইহাদের সকলেরই প্রধান খাছ তাত ও মাছ। ময়দার বড় একটা বাবহার নাই। প্রায় সকলের ধন্মেই মারবিত্তর বৌদ্ধ-ধন্মের সংমিশ্রন আছে। বোধ হয়, তাহাদের দেশে ইক্না মাছ থাওয়ার এত বে প্রচলন, তাহাও "অহিংসা পরমো ধন্মং" ইতৈ উৎপন্ন। নিজ হাতে প্রাণীভ্তাা করিতে নাই, কিন্তু আন্তে মারিয়া দিলে থাইবার কোন আগন্তি নাই! সকলেরই চলচ'লে পোবাক। অধিকাংশ লোকই আদিং ও চা-দেবী। সকলেই যেন সিনেমানের অনুকরণ করে। স্তীলোকেরা চুল লইয়াই বাতা। তাহারা প্রিণাটী করিয়া থোঁপা বাধে ও সেই ধোঁপাটী অনাবৃত্ত রাথে এবং

মরাল গ্রীবাটী সকলকে দেথাইতে ভালবাসে। তাই প্রাণাস্তেও তাহারা মাথায় ঘোমটা দেয় না। এ অঞ্চলে কোথাও স্ত্রীলোকদের মস্তকাবরণের (head dress) প্রচলন নাই।

থেমন একধারে সহর্ঠাসা লোক ও দোকান তেমনি অভা দিকে ফাঁকা স্থানও আছে। সেখানে ধনীদের বাগান ও পাতরের বসত বাড়ী; এবং গরীবদের বাশ ও নারিকেল পাতা নিশ্মিত কুঁড়ে ঘর। বড় বড় নারিকেশ গাছের বন-এক একটী গাছ আমাদের দেশের গাছ অপেকা তিন চারিগুণ উচ্চ; তাহার ফলগুলিও তদকুরূপ বড়। কি ১ তার ভিতরের শাঁস সেরূপ পুরু নয় বা এদেশের নারিকেলের মত মিষ্টও না। রাশি রাশি নারিকেল পিনাও ছইতে রেম্বনে আমদানি হয়। বন্ধদেশীয় স্ত্রীলোকেরা তাহা কচি কচি করিয়া কাটিয়া চিঁডে ও নানাবিধ থাবার প্রস্তুত করে এবং পচা মাছের সঙ্গে মিশাইয়া "নপ্লি" নামক চাট্নীও প্রস্তুত করে: নারিকেলের মালাটি ছকার খোলের **জন্মও বাবস্কৃত হয়। পিনাঙ্এর বাশগাছগুলিও দেখিতে অতি স্থলর**ঃ ইহান্বারা চেয়ার, কৌচ আদি অনেক দ্রবা প্রস্তুত হয়: সে দ্রবাগুলি অমতি স্থচাক ও দামেও অতি সভা: লজ্জাবতী লতায় জমি একে-বারে আছের। লাল গোলাকার ফুলগুলির পাশে সতেছ সাতাগুলি মামুষের পদসঞ্চারে, বেগগামী রিক্সের হাওয়ায়, ধুলাতে বা মাছির ভরে অহরহ বঁজিতেছে ও খুলিতেছে। আমি আমার পকেট বহিতে পুরিয়া ঐ লজ্জাবতীর অনেক গুলি পাতা ও ফুল আনিয়াছি।

যে বন্দরে বথন জাহাজ লাগিত, আমি তথনট আমার "বয়"কে আমার কামরার থাবার রাখিতে বলিয়া সহর দেখিবরে জন্ত জাহাজ হইতে নামিতাম। যদিও বিদেশ-বিভূটি, তথাপি যেখানে সেখানে বাইতে ও বেড়াইতে আমার একটুও ভর করিত না। সর্কাদাই মনে হইত, সুশাসিত রাজ্যে সকলেরই ধন-প্রাণ নিরাপদ। ভীষণ বর্ধরে

জাতিরাও প্রথার স্থানিরমে নিয়ন্ত্রিত ২ইরা নিরূপদ্রবে সমাজের হিত্কর কার্য্যেরত হইরাছে।

সকল স্থানেই তীরে নামিরা প্রথম যাইতাম ডাকঘরে। সেথানে চিঠিপত্র লিথিয়া সহর-ভ্রমণে বাহির হইতাম। ডাকঘরের সকল কন্দ্রনিরী চীনেমাান হইলেও তাঁহারা কিন্তু ইংরাজী বুঝেন। তাঁহাদের নিকট হইতে তথায় দেখিবার উপযুক্ত কি কি ভ্রবা বা হান আছে, তাহা জানিয়া লইতাম। তাঁহারাও সম্পানে ও স্থত্নে চীনে রিল্প-ওয়ালাকে বুঝাইয়া দিতেন, আমাকে কোণায় কোথায় লইয়া যাইতে হইবে।

পিনাঙে প্রধান ছইটা দেখিবার জিনিব আছে,— চীন দেশের ধন্দ-মন্দির এবং জলপ্রপাত।

পূর্দেই বলিয়াছি, পিনাও একটা প্রতময় স্থান। শুধু পিনাও নহে, পরে আমরা যেথানে যেথানে গেলাম, তাহার সকল জানই প্রতময়। পাতরের স্থান। রেক্লুনের মত উপ্রর সমতল ক্ষেত্র আর কোণাও দেখিতে পাওয়া যায় না। চীনে সমূলতীরও প্রতময়। জাপানও আয়েয়-গিরিসমাকুল প্রতময় য়ীপ। তবে পিনাওে ঠিক সমূলতীরেই থানিকটা সমতলভূমি আছে, সংরটা তথায় অবজিত। উহার পিছনে ও চারিপাশে উটু উচু পাহাড়। আনক গুলি ছোট নদী এই পাহাড় হইতে বাহির হইয়া, সংরের মধ্য দিয়া কুল্কুল্ রবে সমূদ্রে গিয়া পড়িয়াছে। তাই পিনাওে,—রেক্লুন, সিক্লাপুর, হংকং প্রভৃতির মত পানীয় ভলের অভাব নাই।

প্রথমেই চীনদের মঠ দেখিতে গেলাম। উহা সহরের বাহিরে পার ৫০০ ফিট উচ্চ একটা পাহাড়ে অবস্থিত। ঠিক দেই পাহাড়ের গা বাহিরা একটা ছোট স্রোভবাতী যেন মুচবারে স্থতি গান করিতে করিতে মন্দির প্রদক্ষিণ করিয়া চলিয়াছে। পাতরে বাধান সিঁড়ি, প্রাচীর,

অট্টালিকা, বাগান, পুরোহিতের ঘর, দেবগৃহ স্তরে স্তরে উঠিয়াছে। বাগানের চারিদিকের নালায় কত পদ্মগাছ ঝরণার জলস্রোতে ছবিমাছে। বাগানের মধ্যে একটা উচ্চ ফোমারা। ঘরে পুরোহিতের। একতে বদিয়া রহিয়াছে, কেহবা টেবিলে বদিয়া আহার করিতেছে। তাহাদের মন্তক মৃত্তিত, বিনানী নাই। তাঁহারা সমত্রে আমাকে মন্দিরের সকল স্থান দেখাইলেন। ঠাঁহাদের ভাষা বুঝাইয়া দেয়, এমন কোন লোক ছিল না। ইঙ্গিতে যতদুর বুঝা যায়, বুঝিলাম। দেবগুং ভীষণাকার দেবতা বা দৈতোর মন্তি সংস্থাপিত। মুখে ক্রোধবাঞ্চক জ্রকৃটি: হাতে বন্ধমৃষ্টি বা যুদ্ধের অক্সশস্ত্র: দাড়াইবার ভঙ্গী ফেন আক্রোশপূর্ণ। সকল মৃত্তিরই কর্কশ ভাব। নম্র ভাবের একটা মৃত্তিও নাই। একটাও স্ত্রীলোকের বা বালকের মৃত্তি নাই। ভূনিলাম পৌত্তলিক তেওন্ত ধন্মোক্ত এই মুর্ভিছাল চীনেম্যানদের বীর পুরু পুরুষগণেরই মন্তি। চীনেমাানদের বাজীর দেওয়ালেও এইরূপ ছবির পট দেখা যায়। যাঁহার। বিপুল পরাক্রমে চীনকে শক্রহত্ত হইতে বাচাইয়াছেন, এ সকল তাঁহাদেরই প্রতিমৃত্তি। অধিকাংশ চীনবাসিগণ এই সফল মৃক্তিকেই পুকা করিয়া থাকেন। তবে মন্দিরের কোন কোন ঘরে ধ্যানমগ্ন বদ্ধদেবেরও প্রশান্তম্ত্রি প্রতিষ্ঠিত দেখিলাম। চীনবাসিগণ এই সকলকে আলো, ধুপ, ধুনাদি দিয়া পূজা कर्वन ।

মন্দির দেখা শেষ হইলে জল-প্রপাত দেখিতে গেলাম। উহা সহর হইতে চারি মাইল দূরে অবস্থিত। পর্বত-পরিথা বেষ্টিত বটানিক্যাল গার্ডেন, সেই খানেই অবস্থিত। ভিতরে চুকিলেই জলপ্রপাতের অক্ট্রুমনি কাণে যায়। সকল স্থান হইতেই সে ধ্বনি শুনা যায়, কিন্তু বুঝা যায় না। মনে হয়, নির্জ্ঞনে কে যেন কার কাণে কাণে মিই কথা কহিতেছে। সে স্থানটী এমন যে, একটি পাখী ভাকিলে

চতুর্দিকস্থ পাহাড়ে তাহা কতবার ধ্বনিত হয়। তারই ভিতর কত রকমের গাছ সমত্রে রক্ষিত। ভারতবর্ষ চীন ও অস্ট্রেলিয়ার বিবিধ জাতীয় গাছ রক্ষা করাই এই বাগানের প্রধান উদ্দেশ্য। প্রথপ্রলি উচ্-নীচ, পাহা'ড়ে পথের মত ক্রমে ক্রমে উচ হইয়া জলপ্রপাতের দিকে গিয়াছে। থানিকদূর গিয়া দূর হইতে জলপ্রপাতটি দেখা গেল.... স্তুপাকার জলরাশি পর্বতশিখর হইতে প্রায় ১০০ ফিট নীচে পড়িয়া ফেনা দোলাইতে দোলাইতে সবেগে প্রবাহিত হইয়া চলিয়াছে। থানিক দুর গিয়া সেই সকল জল-তরঙ্গ, উপরে সেতু ও নীচে বাধান পথের মধ্যে দিয়া শৈবালদল কাঁপাইয়া মৃত্মন্দ গতিতে চলিয়াছে। চারি পাশে সে দেশের গাছ: গাছগুলি সব সতেজ। এক পাশে সামাদের দেশের চম্পকও দেখিলাম; কিন্তু উহা তত ক্ষর্ত্তি পায় নাই। আমাদের দেশের তেঁতল গাছগুলি ছোট ছোট, ফলও তদ্রপ। হবেই তো, বিদেশে, অস্থানে হাজার চেষ্টা করিলেও জীবনীশক্তি স্বদেশের মত তেমন ক্ষর্তি পায় না। তবে (Orchid) "অর্কিড্" গুলি থুব বড। একপ্রকার পতঙ্গভোজী গাছ আছে, তাহাকে (Pitcher plant) "পিচার প্ল্যাণ্ট্" বলে। সে গাছের "ফুল" গুলি অতি বৃহং ও যে বন্ধুগুলির সাহায়ে গাছটা মাছি ধরিয়া পার, সে যন্ত্রপ্রতির মশা মাছির কন্ধালপূর্ণ। (Fruit Dhurion) "ড্রিয়ন" ফল দেখিতে ঠিক আমাদের কাঁঠালের মত, ছই একটী গাছে ফলিয়াও ছিল: কিন্তু উহা হইতে একরূপ বিকট গন্ধ নির্গত হইতেছিল। ব্ৰহ্ম, মালয় ও চীনবাসিগণ এই ফলের কিন্তু বিশেষ আদর করিয়া থাকে।

পূর্বেই বলিয়াছি, বটানিকাল গার্ডেনটী সহর হইতে প্রায় । মাইল দূরে। তাহার নিকটবর্তী স্থানে অনেক পলীর দৃশ্য দেখা যায়। দুরিদ্র গৃহস্কদের কুদ্র চালা-ঘরের ছয়ারে গরু বাধা। অরেতেই ভূট ইইয়া লোক গুলি কায়িক পরিশ্রমে, ফ্রন্থ সরীরে, অভিস্থান দিন বাপন করিতেছে। সকলেরই মুথে হাসি,—সর্প্রেই আনন্দের রোল। উদ্ধান ইউতে বাহির হইয়া একটি স্থানে কিন্তু বড়ই মর্ম্পেশী দৃষ্ট দেখিলাম। কোন গৃহের কন্তা ভন্তা রক্ষক ও পালক আজ ইহধাম ছেড়ে গিরে-ছেন। কাপড় ঢাকা তাহার শবদেহ গৃহছারে শরান আছে। মৃত বাক্তির স্ত্রী ধূলায় লুটিয়ে কাঁদচেন। কাপড় ভূলে মৃত পতির মৃথ দেখ্তে বাচেন, তার আত্মীরেরা বাধা দিচে। বড় ছেলেগুলি ও ছোট ছেলে মেয়েগুলি কাঁদচে। পাড়াপড়ণীরা কাঁদচে। লোকে পথ দিয়ে যেতে যেতে দাড়িয়ে কাঁদচে। এক প্রতিবেশিনী তার ছোট ছেলে কোলে ক'রে কাঁদচে। তার সেই ছোট ছেলেটাও মায়ের মুথের দিকে চেয়ে কাঁদচে। আর ছোট হাতথানি বাড়িয়ে মায়ের চ'থের জল মুছে দিচে।

বটানিকাল গাডেন ২ইতে আরো থানিক দূরে এক হানে দেখি, কতকগুলি কুলি এক জায়গায় বাজদে আগুন দিয়ে পাহাড় ফাটিয়ে পাতর ভাঙ্ছে। তা'দের মধো একটা রুফ্কায় বলিঠ লোক স্কুক্ঠে, কায়ার মত অতি করুলয়রে, গান গাহিতে গাহিতে পাতর বহিতেছিল। তাহার মুথের গড়ন মালয় দেশীর মতও না, চীনেমানের মতও না। তাহার নাসিকা উল্লত। আমাদের দেখিয়া সে ঘন ঘন আমার দিকে চাহিতে লাগিল। অবশেষে পাতরগুলি মাটিতে নামাইয়া আমার কাছে আসিয়া হিন্দীতে জিজ্ঞাসা করিল,—"আপনি কি হিন্দুছান হ'তে এসেছেন ৽ আমি আন্তর্যা হ'য়ে উত্তর দিলাম,—"হা। কিন্ধ ভূমি কেমন ক'রে জান্লে ৽ শে বলিল,—"আমার বাড়ী মাজাজে। আমি বড় রাগী, ঝগড়া ক'রে একটা লোককে খুন করাতে আমার মেয়াদ হ'য়েছল, বছর কতক হ'ল থালাস পেয়ে আমি এক ব্যবসাদারের সঙ্গে এখানে এসে কুলির কাজ কঠি।"

পরে সে আপনিই বল্তে লাগল,—"আমার :কেউ নাই, আমি ইংরাজি ক্লেও কিছুদিন পড়েছিলাম। তার পর এখানে এসে এক মালর স্থীলোককে বিয়ে করেছি। সে বড় ভাল। সে আমার বলে, 'তুমি যে দেশে যাবে আমিও সঙ্গে যাব,—মার বারণ শুনব না'।"

জিজাসা করিয়া জানিলাম লোকটি রোজ ২০ সেন্ট রোজগার—
করে। তার স্ত্রী অনেক ভাল জিনিষ তাকেই খাওয়ায়, আপনি থার
না। সেনিজে সারাদিন খাটে, বাড়ী বেতে পায় না; আর তার স্ত্রী
রোজ গুপুরবেলা ঘরের কাজ সেরে তার সঙ্গে দেখা কর্তে আসে।
আজ আসে নাই। স্ত্রীর পায়ে সেদিন একটা পাতর গড়িয়ে চোট
লেগেছে। তাই স্ত্রীর পায়ে আজ সে লস্থনের তেল মালিষ ক'বে
দিয়ে এসেছে।

সে বলিল,—"এক জনা বলেছিল—এতেই সেরে যাবে। তার পাঝে বড় বাথা হয়েছে,—সে চল্তে পারে না।" এই সব কথা এমন সরল কাদ-কাদ ভাবে ব'লতে লাগল যে, আমার ইচ্ছে হ'ছিল, ছুটে গিছে তার স্ত্রীর পারে এমন ঔষধ বেঁধে দিয়ে আসি, যাতে তার বাথা এখনি ভাল হ'য়ে যায়,—এখনি তার সঙ্গে দেখা করতে আসতে পারে।

সেই কুলীর সহিত আমার আরো কথা কহিবার ইচ্ছা ছিল, কিছু আমার সহযাত্রী-সঙ্গী একটী সাহেব বড় তাড়াতাড়ি করিতে লাগিলেন; স্বতরাং আর বেশী কথা হটল না। আমি কেবল জিজাসা করিলাম—
"কুমি যে গানটা গাচ্ছিলে, তার মানে কি ?" সে যাহা বৃঝাইয়া দিন, বাঙ্গালা ভাষায় তার ভাব এইজাপ, —

"ভূমি আমার পরম হিতাকাজকী। আমার বোর ছদিনের সময় ভূমি কোথার ছিলে ? জীবনের প্রথম অবস্থার তোমাকে পাই নাই কেন ? এতদিনে পেরেছি,—সব বাধা জ্বাড়রে দিয়েছ, সব কঠ ভূলে গেছি।"

্ যেরূপ অন্তরের সহিত সে গানটা গাছিল, হিন্দীতে বুঝাইয়া দিবার সময়েও যেন "যার পায়ে চোট লেগেছে" তার মধুর ছবি তার অন্তল্কুর সামনে এসে দাড়াল; তার মুখে খুনে দক্ষার ভাব একটুকুও দেখিলাম না।

. সে আমাদের থানিকটা এগিয়ে দিতে এল। আসিবার সময় তার
কাঁধের কাছে একটা দাগ দেথে আমি জিজ্ঞাসা করিলাম, ওটা কিসের
দাগ ? সে ব'লে, "গু'বছর আগে যথন আমি আমার স্ত্রীকে বিয়ে
করি তথন আমার খণ্ডর ও পাড়াশুদ্ধ লোক মিলে আমাকে মেরেছিল। খুব মেরেছিল। কেটে রক্তারক্তি হ'য়েছিল। কত দিন ভূগী।
ও তারই দাগ।" তারপর সে আপনিই ব'লে,—"কাজ শেষ হলে যথন
বাড়ী যাই আমার স্ত্রী এই জায়গায় হাত বুলিয়ে দেয় আর
কাঁদে।" তার ওইরূপ সরল কথা শুনে আমার চোথে জল এলো।
খুনে অশিক্ষিত কুলী যে মানবজনরে এত গুঢ় ভাব কোথা থেকে বর্গন
করতে শিথলে তা ভেবে পেলাম না।

সারাপথ তার কথা ভাবতে ভাবতে জাহাজে ফিরে এলাম। পরদিন বিকালে ঠিক ৫টার সময় পিনাঙ হ'তে জাহাজ ছাড়িল। তথন সেই ক্রুক টাওয়ারে মধুর স্বরে ঘড়ি বাজছিল।

দিঙ্গাপুর

[প্রথম প্রস্তাব ।]

মালয় দেশে আমি তিনটি স্থান দেখিয়াছি। প্রথমটি পিনাও।
পিনাওর কথাশপুরের তুই প্রবন্ধে বলা তুইয়াছে। মালয়ের স্ক্রাপেক।
বৃদ্ধার সিক্ষাপুর। পিনাও হুইতে সিক্ষাপুর যাইতে তিন দিন লাগে।
তবে পথে পোট সুইটেনহাম নামক এক বন্দরে ঘণ্টা কতকের জন্ম
গহাজ থামে।

স্লটেনহাম একটি ছোট বন্দর; সবে প্রতিষ্ঠিত হইয়াছে মাজা। প্রতল ভূমির উপর এ স্থানটি অবস্থিত বলিয়া এথান হইতে রেলযোগে। মালপত্র মালয় দেশের ভিতরে বহুদুর পর্যান্ত লইয়া যাওয়। হয়। 'পনাঙ বা সিঙ্গাপুর গুইটি স্থানই দ্বীপে অবস্থিত, এই কারণে এই সকল তান হইতে মালয় উপদ্বীপের মধ্যভাগে রেল বাওয়া অসম্ভব। তাই এ স্থানে একটি নতন আড্ডা করা হইয়াছে। এ স্থানটি নিচ্ প্রতলভূমির উপর ; অল্লিন হুইল নিবিড় জঙ্গল কাটিয়া স্থাপিত। দংরটী বড় স্যাৎস্যাতে ; মশার উৎপাত ও জরের প্রতর্ভাবও এইজন্ত এখানে বেশী। প্রতিভাশালী ডাক্তার রসের আবিকারামুসারে আজ-াল স্থির হইয়াছে যে, এক জাতীয় দূষিত মশক দংশনই ম্যালেরিয়া জরের উৎপত্তির কারণ। সেই কারণে বর্ষার ঠিক শেষে ও শীতের প্রারম্ভে অর্থাৎ পূজার সময় ও পরে যথন মাটি অতান্ত ভিজা থাকে, ্বই সময় মশাও বিস্তর জন্মে। তাহার ফলে ঐ সময় আমাদের দেশে নালেরিয়া জ্বের যত প্রাত্তাব হয় অন্ত সময়ে তত হয় না। কিন্ত হইটেনহাম বন্দরে সমুদ্রোপকৃলের মাটি অনবরত ভিজা থাকাতে বার

মাসই এখানে মাালেরিয়ার প্রাভ্জাব। সে ম্যালেরিয়া হইতে কাহার ৪,

—বিশেষ ইউরোপবাসীদের রক্ষাপাওয়া দায়। তা'ছাড়া আসাম অঞ্চলে
যে "কালা-মাজর" নামক এক প্রকার জর হয়, সে জরও এখানে থুব
দেখিতে পাওয়া যায়। এই সকল কারণে স্থানটীর স্বাস্থােরতি ও

_বাবসার উন্নতি ইইতেছে না। আমরা রেক্স্ন হইতে আনীত
বিস্তর চাল ও কতক প্রলি বিলাতী কাপড়ের গাঁট নামাইয়া দিলাম
মারে, সেখান ইইতে কিছুই লইলাম না।

আজকাল মশা মারিয়া এথানকার ম্যালেরিয়া ক্মাইবার প্রস্তাবও
ইইতেছে। এ বিষয়ে ক্রতকার্যা হইলে শীঘ্রই স্থানটির উন্নতি ইইবে।
সেথানে যে এছে ঘটা ছিলাম, তার মধ্যে আমি ভয়ে ভয়েই স্থানটী
দেখিয়া বেড়াইয়াছি। ভয়ের কারণ, পাছে এই অল্ল সময়ের মধ্যেই
ম্যালেরিয়া ধরে! দেখিবারও তথায় বেশী কিছুই নাই। রেকুনের
মত নিচু সমতল ভূমি বলিয়া এথানকার রাস্তাগুলিও চাওড়া ও সোজা।
বাড়ীগুলি কাঠের। আমাদের দেশে ম্যালেরিয়ার একটি প্রধান আছে।
বর্মান জেলার মত এথানেও এটেল মাটি দেখিলাম। জমি নরম ও
ভিজা ধলিয়া হাল্কা করিয়া বাড়ী তৈরার করিতে হয় এবং বায়্
যাতায়াতের জক্ত তাহার তলা খুলিয়া রাখিতে হয়। এখানেও প্রাম্ন
সকল বাসীন্দাই চীনেমান। তারাই দোকান করে। চুল ধুইবার ও
বিনাইবার দোকানের পাশেই চুত্র দোকান। তার পাশেই ভূয়া
ধেলিবার আছেচা। কালো মালয়বাসীরা মাটি কাটিয়া কুলির কাজ
করিয়া বেড়াইতেছে। এখানকার জলবায়ুতে চির অভান্ত বলিয়া
তাহার মালেরিয়ায় ভত ভোগে না।

এখান হইতে জাহাজ ছাড়িয়া তার পর পরদিন প্রাতে সিক্লাপুর পৌছিলাম। তথু মালয়-উপদীপ নয়, সমগ্র এসিরার মধ্যে সিক্লাপুরই সংবাপেকা প্রধান বন্দর। বন্দরে চুকিবার সময় দূর হইতেই তাহার আতাস পাওলা যার। অসংখ্য ছোট ছোট পাহাড় জল ভেদ করিয়া উঠিলাছে। তাহাদের উপর অতি স্থন্দর স্থন্দর বাঙ্গালা নির্মিত, ও



কাটেল ফিস্; মাথা নিচু করির। চলে।

তাহার চারি পাশেই পিনাঙ্এর মত প্রকাঞ প্রকাও মাছ ধরিবার আড্ডা। নানারকম ৰুতন ৰুতন মাছ এখানে পাওয়া যায়। পুর্কেই পিনাও প্রবন্ধে বলা হুইয়াছে "কাটেল ফিস নামক এক প্রকার বড বড দাড়া সংযক্ত োলি মাছ জলের নাঁচে নাথা নিচু করিয়া চলে। অতিশয় হিংল্র সভাব বলিয়া ইহাদের দষ্টিশক্তি অতি প্রথর। নেখিতে এক রকম বলিয়া পার্বে ইহার ছবি দেওয়া গেল।

একটি কথা আছে, — এ সকল দেশের লোক গত ভাত থার, তত মাছ থার। অসংখ্য ছোট বড় সাম্পান কৌশলে ও জতগমনে, বে দিকে ইচ্ছা পাল তুলিয়া বাইতেছে। ভাওয়া যে দিকেই হউক না কেন, এ দেশের মত সমূদ্-পরিবেষ্টিত স্থানে মাঝিরা নৌকা চালাইতে

বায়ভেরে পাল ক্ষীত হইয়া যথন নীল রঙে চিত্রিত চোথ আঁকা "ডাগন" ঝোলান সামপানগুলি সমুদ্র আছের করিয়া এদিক ওদিক ভাসিয়া বেড়ায়, দূর হইতে তথন সে দৃশ্য অতি ফুলর দেথায়। ছোট বড অব্ব-পোতের ত সংখ্যাই নাই। নানা দেশের নানা রকম নিশান উলিয়া বাণিজ্য-তরী সকল সমুদ্রে ভাসমান। এপ্তানে কত রকমের বিভিন্ন জাতির যদ্ধ-জাহাজ দেখিলাম। কেহ আসিতেছে, কেহ যাই-তেছে, কেহ মাঝদরিয়ায় নঙ্গর করিয়। আছে, কেহ জেটিতে কয়ল। বোঝাই লইতেছে। তাদের শিটির বিকট স্বর শুনলে যেন প্রাণ কেঁপে উঠে। ভীমদশন গোর। ও কাফ্রী সৈতাগুলি ঠিক যেন যমদূতের মত দেখিতে। আর তাদের ব্যবহারও পশুর মত। রুধ-জ্ঞাপান যদ্ধের জ্ঞাই বিভিন্ন দেশের এত রণতরী এখানে জনা হইয়াছে; আবঞ্চক ব্রিলেই যুদ্ধে যোগ দিবে। "ষ্টামলঞ্চ"গুলি তীরবেগে নিকটবর্ত্তী স্থানে যাতায়াত করিতেছে। বন্দরে ঢুকিয়া যতদুর দেখা যায়, কেবল নৌকা আরে জাহাজ; তা'ছাড়া আর কিছু দেখা যায় না। কলিকাতার বন্দরের সহিত তুলনায় এ বন্দর অস্ততঃ দৃশগুণ বড়। সহরের প্রকাও বাজীগুলি সৰু যেন তীরে সারবন্দী হইয়া দাডাইয়া আছে।

জাহাজ ছেটির যতই নিকটবরী হইতে লাগিল, ছোটছোট ডিজাতে চিজাম নালয় দেশের কতক গুলি কালে। কালো নামনুর্ত্তি লোক আসিয়া জাহাজের চারিদিকে বিরিল। তাদের মধো দান বংসরের ছেলেও আনকগুলি ছিল। আমার ইচ্ছা হ'তে লাগল, এদের কাণ ম'লে সুলে দিয়ে আসি। কিন্তু তা'হলে এদের আর এমন বাস্থা থাক্ত না। এরা খুব করর ভুবুরী। জাহাজের উপর হইতে সিকি ছ্লানি জলে কেলে দিলে এরা তংকাণাং ভুব দিয়ে তা' ভুলে আনে। এরা মাছের মত অবলীলাক্রমে সাঁতার দিতে পারে। সমস্ত দিনই এরা ছোট ডিলীতে চ'ড়ে সমুদ্রভীরে বুরে বেড়ায়; আর জাহাজ আসিলেট

এইরূপে সিকি ছয়ানী রোজগার করে। এইরূপে প্রতিদিন এদের আয়ও যথেই হয়। এদের অন্ত কোন কাজ নাই। খ্রাম ও মালয়ের সমুদ্রতীরবর্ত্তী লোকেরা সম্ভরণ-কার্যো অতি পটু। ভূনিয়াছি এডেনেও নাকি এরপ ভবরী আছে।



জেলী কিস্,—শিলাঃ, সিভাপুর উত্যাদি স্থানে প্রচুর পরিমাণে পাওয়া যায়।

বন্দরে প্রবেশ করিবার সময় জাছা-জের বেগ কমান হইল। চারি দিকে অজ্ঞ "জেলি" মাছ (मथा (शल । **ऋर्ग**-রখিতে নানা রঙে ব্জিত হট্যা তাহার। জলের নীচে খেলিয়া বেডাইতেছে: দে-থিতে ঠিক যেন ্গত ও লোহিত মাভায়ক পদাফুলের মত, অপচ তাদের সারাংশ অতি কম। জল হইতে তুলিলে একত্ট লম্বা একটা

জেলি মাছ সম্কৃতিত হুট্যা এক ট্রিফ হৃষ্ ! ডারউট্নের ক্রমবিকাশ মতে, এই জেলী মাছট জীবের বিকাশের দ্বিতীয় অবস্থা। স্থুল দেহের ভিতর দেহ-নলেরও আমবিভাব হুট্যাছে। প্রথম জীব নিকাপুরে আর একটি স্থলর দৃষ্ঠ দেখিলাম। কালো ফিরিক্সীর পোষাক-পরা কতকগুলি মাঞাজী জাহাজের ধারে ধারে ছোট নৌকাকরিয়া আনক রকম প্রবাল ও নানাবিধ ছোট বড় চিত্র-বিচিত্র শামুক বেচিয়া বেড়াইতেছে। সেগুলি দেখিতে এত স্থলর যে, মনে হর ঠিক দেন গজনস্ত নির্মিত সাদা সাদা ফুল। এই প্রবালগুলি ক্রমবিকাশ-পর্ণ্যায়ে জেলি মাছ হইতে এক তার উচু, শুধু দেহনল নয়, ইহাদের দেহে পাদানলও সংগৃক আছে। দামও অতি অয়। এক ডলার দিলে নানা রকম রঙ ও আকারের এক ঝুড়ি প্রবাল পাওয়া যায়। আশম্মান ক্রম রঙ ও আকারের এক ঝুড়ি প্রবাল পাওয়া যায়। আশম্মান গুলি কিনিয়া আনিয়াছি ও আমার অনেক বন্ধুবান্ধবকে উপ্হার দিয়াছি।

সিঙ্গাপুর খীপটীর উপকুলের অর্থ্যেক অংশ ক্রমিক জেটী দিয়ে বাধান। এসকল স্থানে বাহাত্রী কাঠের অভাব নাই। বড় বড় বাহাত্রী কাঠ দিয়ে জেটী প্রস্তত। এখানে বাবসা-বাণিজা এত বেশী বে, জাহাজ একবারে জেটীতে লাগিয়া মালপত্র নাবাইয়া না দিলে বা বোঝাই না নিলে চলে না। যতদ্র চক্ষু যায়, জেটীতে সারি সারি জাহাজ বাধা রহিয়াছে। অতি ক্রিপ্রভার সহিত আমানের জাহাজ বাধা রহিয়াছে। অতি ক্রিপ্রভার সহিত আমানের জাহাজ বাধা রহিয়াছে। অতি ক্রিপ্রভার সহিত আমানের জাহাজ ক্রোতে ভিড়ান হইল। চীনেম্যান কুলি, কুলির সর্বার, কেরাণী ইত্যাদিতে জেটী পরিবারে। সবই চীনেম্যান। মাংসপেশী বহুল স্থাঠন অন্ধন্ম দেহে তাহারা অকাতরে ১০১২ ঘণ্টা করিয়া থাটিয়া মাল নাবান-উঠান কাল করিতেছে। জেটীর পাশেই বিস্তৃত আয়তন টেউতোলা টিনের গুলাম-ঘর। তার ভিতর হইতেই ছোট ট্রেণ্যোগে মালপত্র সহরের ভিতর নীত হইতেছে। তার নিকটেই পাথুরে কয়্ষলার স্থাণ বছদ্র ধরিয়া পর্বাত্রারে কয়্মলা রক্ষিত হইয়াছে। বেন সমুদ্রের ধারে বরাবর একটী অবিছ্রের কয়লার পাহাড়ের সারি চলিয়া গিয়াছে। সিজাপর জালাকে কয়লা লাকটা প্রথান আন্দর্যাত ক্রিকাটা প্রথান আন্দর্যার চলিয়া

জাহাজের জন্তু পাথুরে কয়লা বোঝাই হইবার হান। এ অঞ্চলের সকল জাহাজই এথানে থামে। জাপান যাইবার জাহাজই ইউক, আর চীন যাইবার বা অট্ট্রেলিয়া যাইবার জাহাজই ইউক, —সকল ভাহাজই এথানে আগে লাগে ও এথান হইতে কয়লা ও আবশুকীয় দ্বাদি বোঝাই লয়। সিশাপুর যে কেবল বড় বাবসার হানুবা কয়লা বোঝাই হইবার আড্ডা, তাহা নয়; এ হানটি অতি স্ভ্চূত্রপে রিজিত। এথানে একটা কেলা আছে, তাহা অতি স্ক্রেণিলে গঠিত ও হুর্জের।

সিঙ্গাপুরের আবহাওরা অতি স্থানর। বিষুব্বেথার অতি সন্নিকট, স্থাতবাং এতানটি খুব গ্রম হইবারই কথা; প্রক্রতপক্ষে এগানে কিন্তু বেশী গ্রম পড়ে না। সমুদ্রের নিকটবর্তী সকল স্থানেই যেমন বেশী শীত বং বেশী গ্রম হয় না, এথানেও সেইরূপ। এথানে প্রায় সারা বছর ধরিয়াই একরূপ নাতিশীতোক্ষ ঝড়ু বিরাল করে। এথানে বর্ধাকাল বলিয়া কোনও কাল নাই। বৃষ্টি সারা বছরই মাঝে মাঝে হুইয় থাকে।

শেখানে এমন চিরধসম্ব বিরাজমান, সেই স্থানের সেই ছোট ছোট পাহাছের উপরকার ছোট ছোট বাংলাগুলির দিকে চাহিলেই আমার মনে হইত,—যে ভাগাবান পুক্ষের। ঐ স্থানে বাদ করেন, তাঁহার। কত স্থাকীরে কত মনের স্থা থাকেন। উলুক্ত বিমল বাতাস দিবারাজ্ঞিবতিছে। কলিকাতার ঘন অবস্থিত ধূলি ও ধুনসমাকীর্ণ বাড়ীর ভূলনায় এবাড়ীগুলি ত স্বর্গপুরী। অনস্থ স্থালি সমুদ্র চতুর্দিকৈ বিস্তুত। স্থাগাদের, স্থাতেও ও পূর্ণিমার বিমল আলোকে সমুদ্র বক্ষে নভোমগুলের প্রতিবিশ্ব পড়িয়া কতেই না জ্ঞানি শোভা হয়।

দিঙ্গাপুর।

[বিতীর প্রস্তাব।]

• জাহাজ ও জেটাতে লাগিল আমিও জাহাজ হইতে নামলাম। জেটাতে লাগে বলিয়া, এ সকল স্থানে জাহাজ হইতে নামা-উঠার কোনও গোলমাল নাই। রেঙ্গুনের মত সাম্পানের সাহায্য লইতে হয় না। নামিয়া আর ছই পা' গোলেই অসংখ্য রিক্স ঠেলা গাড়ী) পাওয়া যায়; স্তরাং এ সকল স্থানে ভ্রমণ করার বিশেষ স্থাবিধা। পুর্বেই বলিয়াছি, ঘণ্টায় ছই জনার ৩০ সেণ্ট মাআ ভাড়া; — রিক্সগাড়ী ঘোড়ায় গাড়ীর মত বেগে চলে: স্থাবাং অতি অল্প সময়েও অতি কম খরচে সকল স্থান দেখা যায়।

প্রতি সাগর বা প্রণালীতে প্রবেশের পথেই ইংরাজ অধিকৃত একটু না একটু স্থান আছেই। সমুদ্রের উপর ক্ষমতা অক্ষ্ম রাধিবার জন্ম এরপ আবশ্রক। এক সিক্ষাপুরই কতদিকের পথ আগুলিয়া আছে। চীন, ক্ষাপান ও অট্ট্রেলিয়া ঘাইবার পথে সকল কাহাজকেই এখান দিয়া ঘাইতে হয়। শুধু এখানে নহে, ভূমধা সাগরের প্রবেশের পথ ক্ষিরালটার হইতে দেখিয়া আসিলে, সর্ব্বাই এরূপ দেখা যার। ভূমধা সাগরের মধাপথে মাল্টা বীপ ইংরাজ অধিকৃত। মিসর দেশ ইংরাজেরই ক্ষমতাধীনে; ইহা ভূমধা সাগর হইতে লোহিত সমুদ্রে প্রবেশের পথে অবস্থিত। লোহিত সমুদ্র হইতে বাহির হইবার পথেই এজেন-বন্দর। তার পর ভারতবর্ষ, লক্ষাধীপ ও ব্রহ্মদেশ ত ইংরাজেরই ক্ষরতলগত। মালয়-প্রশালীর পথে পিনাঙ ও সিক্ষাপুর এবং চীন-সমুদ্রের একদিকে লাবুয়ান বীপ এবং অপর দিকে হংকং বীপ ইংরেজাধিকৃত।

শেষোক্ত এই অধিকারগুলির একটু বিশেষর আছে। ইহা জমির থানিকটা অংশ ও তাহার নিকটবর্ত্তী কতকগুলি দ্বীপ লইয়া গঠিত। পিনাও একটা দ্বীপ; কিন্তু নিকটবর্ত্তী ভূথণ্ডের অংশটুকুর নাম ওয়েলশালী টাউন। এইরপ সিক্ষাপুরও একটা দ্বীপে অবস্থিত; কিন্তু নিকটবর্ত্তী ভূথগুকে মালাকা বলে। যতগুলি প্রধান আছেচা আছেচ, তাহা দ্বীপেই অবস্থিত। বিদেশে দ্বীপই সর্ব্বাপেকা নিরাপদ স্থান। পিনাও, সিক্ষাপুর, হংকং,—সবগুলিই দ্বীপ। ভূথগুক জমি, আছান্তারীণ বাবসা-বাণিজার জন্ম আবশ্রুক। সেই স্থান ইইডেই রেলযোগে ইউরোপীয় পণাদ্রবাদি দেশের ভিতর নীত হয়।

বলপূর্পে এই সকল স্থানের নিকটবরী দ্বীপপুঞ্জে পর্কুগীজদের কমতাই প্রবল ছিল। তাহাদের হাত হইতে ওলন্দাজেরা মনেক স্থান কাড়িয়া লয়েন এবং মনেক স্থান আবার ইহাদের হাত হইতে ইংরাজ, দ্রাসী, জাত্মান ও আনেরিকা প্রভৃতির হাতে গিয়াছে। এইরূপে নিকটবরী স্থানগুলি বিদেশীয় জাতির মধ্যে ভাগাভাগা হুইয়াছে।

নামিরাই প্রথমে জেটাতে খানিক পরিন্নথ করিলাম। ক'ত মাইণ টহা লখা, তাহার আমি শেষ পর্যন্ত গারিলাম নাব টানে-কুলির ভিছ ও নালপজ্ঞ নামানর গোলমালে তাহার উপর দিয়া গাতায়াতও সহজ নতে। টানে কুলি অভিজ্ঞানক, তাহারা নিংশকে কাজ করে। ছিনিবপজ্ঞ কেলা বা ভাঙ্গা-চুরা কদাচ ঘটিয়া থাকে। কলিকাতার কবি বা রেশুনের মালাজী কুলি কত রকম হার করিয়া থান করে। ইহাদের মুথে কিছু কোন শক্ষ নাই। গতক্ষণ কাজ করিবে, ক্ষণেকের তরেও ইহারা একবার বিশ্রাম করে না, কেবল ঠিক আহারের সময়্ জিরিওয়ালার কাছ হইতে ভাত-তরকারী কিনিয়া খাইবার জন্ত অস্ক্র কুটা পার। সকাল হইতে সক্ষয় পর্যান্ত আবিবাম পরিশ্রমের মুদ্য অধিকাশে ছলেই ২০বাত পেট অর্থাং ও আনা মাজা। বেশী লোক বিশ্বা

চীনদেশে মছুরী এত সক্তা। তাই চীনেম্যানরা মালয় ব্রহ্মদেশ প্রভৃতি



স্থানে এত ছড়িয়ে পডেছে ; ও ভারত বৰ্ষ, ও দক্ষিত মাফরিকা প্রভৃতি তানে অসংখ্য চীনে-নান কাতিকর ১ কুলির কাজ করি-ার জন্ম লাইতেছে রাণ্ড ফর্থনির জন বছ টীলে কুলি চালান হয়। তাহার: স্বাচ্ত আন: বোল্ড-াইতেছে। জাহ: ভের আফিফেস ্লাকেদের নিকট হইতে খবর পাই-বাম যে, এক একটা চীনে কলি চারিটি ভারতব্যীয় কুলির কাজ করে। স্বতরাং হিদাব মত কত সন্তা পড়িল। প্রকৃ তই দেখিলাম

ৰ।রিজেল বিজ্ঞে রিল বাড়ী। তই দৌপলান. রেকুনে যে সব বস্তা ছটা তিনটা কীণদেভ মালোভী কলিকে গান গাহিতে গাহিতে মুখভলী করিয়া তুলে ও ফেলিয়া জ্বম করে, এক একটা চীনে কুলি অবলীলাক্রমে তাহা বহন করিয়া থাকে। কিরূপ জতবেগে ও কতকক্ষণ ধরিয়া ইহারা যান্ত্রীসহ রিক্স গাড়ী টানিয়া লইয়া বেডায় তাহা দেখিলে তাহাদের কত যে ক্ষমতা তাহা বৃঝা যায়। বটানিকাল গার্ডেন দেখিতে যাইবার কালে ঘন ছায়ায়ক্ত বড় বড় নারিকেল-নিকুজের ভিতর দিয়া স্থাঠন চীনে রিক্স ওয়ালা ছারা যথন তীর বেগে আমাদের রিক্স গাড়ী নীত হইতেছিল, সে স্থানে ন্সেস্ময়কার আমার মনের অন্নত ভাষায় বৃঝান যায় না।

এই পরিশ্রমের সহিত তাহাদের আহারের তুলনা করিলে বিশ্বিত হটতে হয়। দিনে — তিনবারে ৬ পেয়ালা মাত্র তাত-তরকারী ও অতি সমান্ত মাত্র হাই বলায়ে অন্ততঃ ইহাদের একজনের দৈশের সাধারণ লোকেরা ছই বেলায় অন্ততঃ ইহাদের একজনের দৈনিক আহারের ছই তিন গুণ আহার করে। অন্ত আহার ও কায়িক পরিশ্রমে এবং মনের চিরপ্রকুলতাতেই ইহাদের শরীরে বলাধান করে। জ-হজনের যে সব লক্ষণ, তার সব প্রলিই এদের ভিতর দেখা নায়। এরা পুনাবে একেবারে অকাতরে, — ঠিক যেন মৃত বাজির মাত। মাত্ররে গুল্পে এবং বাশ বা কাঠের বালিশ মাণায় দিয়ে যে অবস্তায় উইবে, সেই অবস্থায়ই উঠিবে — একবারও পাশ ফিরে না। এদের প্রতিদিন মল্ভ্যাগের প্রথা নাই, — তিন চার দিন অন্তর, যথন আবিশ্রক ইইবে, তথন যাইবে। আরে সে দান্তও যত স্বহণ্ডনবাঞ্জক হইতে হয়। বায়র প্রাচুর্যা বা তরলতার লেশ মাত্র ভাহাতে নাই। অতি অল্পনাত্র শম্বের ইহাদের মল্ভ্যাগ সমাধা হয়।

এদের পোষাক চলচ'লে ইভের ও কোট; তবে কেহ গো' খুলিয়াও কাজ করে। চীনজাতি বড়নীলয়ও প্রোয়া তাদের পোষাক নীলরঙের, সাম্পান নীলরঙের, বাড়ীগুলিতে নীল রঙ মাথান ও সাইনবোডগুলির হয় জমি নাহয় হরফ নীল রঙের।

এদের স্থাংজমের কারণ কি ও এমন স্থাঠন মাংশপেশীবহল দেহে মতিরিক্ত কারিক পরিশ্রমের কৃষণাই বা কি,—দে সব কথা বিস্তৃতরূপে পরে বলিব। তাহা হইতে আমাদের দেশের লোকের অনেক শিথিবার আছে। তবে এই টুকু মাত্র এখানে বলিয়া রাথা আবশ্রক যে, চীনেদের ভিতরে সদ্রোগের প্রাভুজাব বড়ই দেখা যায়। পিনাঙ প্রবন্ধে রিক্স ওয়ালার কথায় বলিয়াছি যে, দশ বার বংসর এরপ শুক্তর পরিশ্রম করিয়া তাহারা হঠাং মৃত্যুম্থে পতিত হয়। কুলি ও নৌকার মাঝিরও সেইরূপ। সদ্রোগাই এরপ মৃত্যুর কারণ।

প্রতাহ দিনের কার্যা শেষ হইলে চীনে কুলিরা সমুদ্রে গা'ধুইর।
থাকে; কিন্তু মাথার জল দের না, —পাছে বিনানীতে লোণা জল লাগে
ও চুল ভিজিয়া যায়! মধো মধো আপনাদের কাপড়গুলিও কেচে
দের। মাথা ধুইবার জন্তু আলাহিদা দোকান আছে, সেথানে গরম জল
ও সাবাঙ দিয়া মাথা ধুইয়া চুল বিনাইয়া দেয়। পুর্কেই বলিয়াছি,
ফিরিওয়ালায়া ভাত, মাছ, মাংস, তরকারী ইত্যাদি বেচিয়া বেড়ায়।
কোনও কুলিকে রেঁধে থেতে হয় না। দিনে তিন বার থাইবরে থরচ
১২ সেন্ট মাত্র। কাপড় জামা ছিড়িয়া গোলে চীনে ফিরিওয়ালী
স্ত্রীলোক ছই এক সেন্ট লইয়া তাহা রীপু করিয়া দেয়। গুইবার জন্তু
এদের একটী মাছরি ও একটী কাঠের বা বাঁশের বালিশ মাত্র দরকার
হয়। এরা কথনও আহারের সময় জলপান করে না, অথবা কথনও
সরবং বা ঠাগুা জল পান করে না। আবক্তাক মত ছোট ছোট
পিরালার স'বজে চা থার; তাতে চিনি বা ছধ দেয় না। আবক্তাকীয়
সকল জ্বাই ফিরিওয়ালারা সেই স্থানে আনিরা বোগায়; স্ক্তরাঃ
ভাদের কাজের ভাবনা ছাড়া আর কোনও ভাবনা ভাবিতে হয় না।

সিঙ্গাপুর প্রবন্ধে চীনেম্যান সম্বন্ধে বেশী কথা বলার আমার ইছে। ছিল না; সে কথা হংকং, এমর প্রভৃতি চীন দেশীর স্থান সম্বন্ধে বিনিলেই ভাল হইত। তবে মালয় দেশ ও তথাকার আদিমবাসী সম্বন্ধে পিনাও সম্বন্ধে বলিতে গিয়া অনেক কথা বলিয়াছি আর ইহাওবলিয়াছি যে, এ সকল দেশে শত্করা ৯০ জন চীনেম্যান বাস করে। যদিও দেশটা মালয়-উপদ্বীপ বটে, কিছু চীনে অধিবাসীই বেশী ও বাবসাদিত্রে তাহারাই প্রধান। এই কারণে চীনেম্যানের কথা আপনিই আসিয়া পড়িল। বিশেষ সিঙ্গাপুরের মত একটা প্রধান বন্ধরে বিপুল জেটার কথা বলিতে বলিতে চীনে কুলির কথা না বলিলেই নম্ব।

ছেটাতে কত বিভিন্ন প্রকার মালপত্র দেখিলাম। বেসুন হইতে মানীত চালের বস্তা ঠাসা রহিয়াছে। আমরা আবার আরপ্ত কতকগুলি চালের বস্তা নামাইয়া দিলাম। বাহাছরী কঠি, লোহার কডি, করুগেটেড আয়ারণ, অনেক বিলাতী কাপড়ের গাঁট ও অস্তাস্থানার কমের বিলাতী দ্রবাদি নামিল। জেটাতে অধিকাংশই বিদেশী প্রাদ্রবা। জাপানী দেশলাইরের অসংখ্য বড় বড় বাক্স এখান হইতে চালান হইয়া ভিন্ন ভিন্ন জাহাছে বেসুন, পিনাঙ প্রভৃতি দেশে নীত ইইতেছ। আপকার কোম্পানীর জাহাছেই সর্ব্বাপেকা ভিড়। চীনদেশে মালপত্র বা লোকজন নিয়ে গাওয়া, নিয়ে আসা সম্বন্ধে আপকার কোম্পানীর জাহাছই প্রধান।

সহরের ভিতর চুকিয়া যতদ্র দেখিলাম, সমস্ত সহরটা কেবল দোকানে পরিপূর্ণ। লোকে লোকারণা, তার অধিকাংশই চীনে। পৃথিবীর সকল দেশের লোকই এখানে বাবসাস্ত্রে আসিরাছে। সকল লোককে দেখিলেই মনে হয় তাহারা অস্থায়ী, কেবল ধন লুটিতে আসিরাছে। খেতাঙ্গদের মধ্যে আমেরিকাবাসীই বেশীর ভাগ। বিস্তর করাসীও আছে, তাহারা মদের দোকান বা থিরেটার বা কেশ পারি- পাট্যের দোকান করে, কেছ বা হোটেলের স্বজাধিকারী ও মাানেজার চু
তাহারা দোকানে অতি স্থলর স্থলর মোম নির্মিত অর্জনম স্ত্রীসূর্ত্তি
রাধিয়াতে ৷

এদেশের লোক সম্বন্ধে আর একটা কথা বিশেষ করিয়াবলা উচিত।
ইউরোপীয় ও চীনে মিশ্রিত একরূপ সম্বর জাতি এ অঞ্চলে যথেষ্ট
পরিমাণে দেখা যায়। তাদের নাসিকা উন্নত, কিন্তু গালের হাড় উচু
ও চোক বাকা। তারা অনেকেই সাহেবদের মত পোষাক পরে;
আবার অনেকে ঠিক চীনেম্যানের মত চল চ'লে বেশ করিয়া থাকে।
আর কতক গুলি আছে, তাহারা ইউরোপীয়ানদের মত আঁটা সোটা
পোষাক পরে বটে, কিন্তু টুপির ভিতর চীনেদের মত বিনানীও
লুকাইয়া রাণে। পুর্কেই বলিয়াছি,—চীনেম্যান যেখানে যায় সেই
থানেই বর্ণসম্বর জাতি উংপন্ন করে। ইউরোপীয় জাতি ও মগজাতির
সঙ্গে, এমন কি কলিকাতার চীনেপাড়া বেণ্টিয় স্টাটেও অনেক
চীনেম্যানের উর্বেদ এবং ফিরিক্লীর মেয়েদের গর্ভে অনেক দো-আ্যালা
জাতি উৎপন্ন হইয়াছে। মট্রেলিয়া ও দক্ষিক আফরিকার উপনিবেশসম্বর্গ চীনেক্লি আমদানি করিতে যে আপত্তি, তার একটা কারণ,—
এইরূপ দো-আঁগল। জাতির স্থির ভয়।

এ ছাড়া অনেক জাপানদেশীয় লোক, ইছদি ও পাশী এখানে বড় বড় দোকান করিয়াছে। এ অঞ্চলের স্বরুত্তই শিখ পাহারাওয়ালা দেখা যায়। তাদের সাহাযা বাতীত ইংরাজ গবর্ণনেটের যেন শান্তি-রক্ষা চলে না। বেছে বেছে ভীমাকৃতি শিথ আমদানী করা হয়েছে। অধিকাংশই দেখিলাম ৬ ফুটের উপর চেঙ্গা। তাহারা রাস্তার মাঝে দাঁড়াইয়া শান্তি রক্ষা করিতেছে। ধর্মাকৃতি মালয় পুলিস তাদের চারিদিকে দাঁড়াইয়া হকুম তামিল করিতেছে। শিথ পাহারা-ওয়ালাকে সেখানে সকর্লেই যমের মত ভয় করে। দোবীর বিচারও ভাদের হাতে সঙ্গে সঙ্গেই হইয়া যায়। গালি, ঘ্রি, চপেটাখাত, যন্তিপ্রহার ও চীনেদের বিনানী ধ'রে টানিয়া উৎপীড়ন,—ইহা প্রাকৃই দিখা যায়। লঘুপাপে গুরুদণ্ড সচরাচর হইয়া থাকে। শিখ পাহারা-ওয়ালা একবার হাঁক দিলেই হ'ল—সকল লোকই ভয়ে কাঁপে। আমরা ভাদের সঙ্গে হিলীতে কথা কহিলে, ভাদের আর আনন্দের সীমা থাকিত না। দেশের লোক দেখিয়া ভাদের যেন আত্মীয়ভার স্পৃহা ক্লাগিয়া উঠিত। চীন রিক্সওয়ালাকে আমাদিগকে দেখাইবার স্থান মকল ব্যাইয়া দিত, এবং আমাদের দেন কোনও বিষয়ে অস্থবিধা না ঘটে, সে সম্বর্ধেও শাসাইয়া দিত। এথানে মাদাজীরও অসম্ভাব নাই। ভারা অনেকেই সাহেবদের চাকরী করে; অনেকে স্বাধীনভাবে নিজে নিজে দোকান করিতেছে।

আর স্ত্রীলোকের ত সংখা নাই। এত স্ত্রীলোক কোণাও কথন দেখি
নাই। যত বিভিন্ন জাতীয় স্ত্রীলোক আসিয়া এখানে জ্টিরাছে, তার মধ্যে
জার্যাগদেশীয় ইছদী ও জাপানী স্ত্রীলোক ই বেশী। তাহারা দেখানে থাকে
সেপথ দিরা চলিলেই "আপনার সঙ্গে একটী মাত্র কথা কহিতে চাই"
স্ত্রীকণ্ঠ উচ্চারিত এই কথা প্রলি অহরহ শুনিতে পাওয়া যায়। সহরের
অনেক স্তানে কৈবল তাদেরই বসতি। সেই স্থানেই থিয়েটার, সেই
স্থানেই হোটেল, সেই স্থানেই মদের দোকান। সারারাত্রি দিনের মত
জনতা। বুরে বুরে বড় পিপাসা হওয়ায় চীনে রিক্সপ্রয়ালাকে অঙ্গভঙ্গী
করিয়া,—সঙ্গেতে বুঝাইয়া দিলাম যে জল থাইতে চাই। সে মদের
দোকানে নিয়ে গেল। তারাই ২০ সেন্ট বা আনার বিনিময়ে লেমনেড ও
বরক থাওয়াইল। একটী করাসী রমণী আসিয়া জিজ্ঞাসা করিলেন,—
''আপনি কি থানিক কণের জল্প উপরে আসিয়া একটু বিশ্রাম করিবেন
না ?' সে স্থলেও চীনে স্ত্রীলোকের গান্তীর্য্য যার নাই, চারিদিকের সাজশক্ষা শক্ষিল্যা ও অঞ্জ-বিশ্রমের মাঝে তাদের গান্তীর্য্য অক্স্ম আছে।

বাড়ী গুলি সব তিন চারিতলা উচু। সর্কোপরের ছাত ঢালু। গাঞে গাঝে গাঝা সবগুলি এক রকম দেখিতে ও অধিকাংশই নীল রঙ নাখান। নীচে দোকান; উপরে থাকিবার আছেচ। দোকানের সামনে নীলরঙের সাইনবের্ড ঝুলুচে। চীনে হরফগুলি নীচে নীচে কেখা,—দেখিতে ঠিক যেন গর বাড়ীর মত। প্রতি বাড়ীর সমূথেই ঢাকা বারাকা। সব বাড়ীর বারাকাগুলিই সংযুক্ত; স্কৃতরাং তার ভিতর দিয়া যেন একটা ঢাকা ফুটপাথ হইয়াছে। বরাবর যাইলে নাথায় বৌদ্ধ বা বৃষ্টির ছাট লাগে না।

বাত্তয়ে বথযাত্রার মত ভিড়। জাতবেংগ বিকা গাড়ী প্রভৃতি সমবরত যাত্যয়েত করিতেছে। এমন কি কলিকাতা হইতে গিরাও মানাদের ভাবাবেচকা লাগিত। মধাে মধাে সমুদ্র হইতে এক একটা গালকটি হইরাছে, তাহা দিয়া কত নৌকা মালপত্র আনিয়া একবারে লাকানের কাছে পৌছাইয়া দিতেছে। জুলের উপর দিয়া বহিষা আনিবার গরচের জমির উপর দিয়া আনার গরচের এক তৃতীয়াণে মাতা। এখানে ভাল ভালভারখানা আছে, কল্প পুব ভাল ভালভার নাই। বহু লাহায়েরী নাই; যাহা আছে, তাহাঁনভেলে পুরণ। বিশ্ববিদ্ধালয় নাই,—উচ্চ শ্রেণীর বিভালেয়ের বিভালিয়ে বিভাশিকা দেওর। হয়।

এখানে এত খন বলতি যে সমত সহরটাতে, রেকুন ও পিনাছেন মত একটাও বড় উন্থান বা মন্দির দেখিলাম না। ঘোড়নৌড়ের মাঠ আছে বটে কিন্ধ তাহা ছোট ও তাহার চারিদিকে বলতি। সহরের মনেক দূরে, শিবপুরের কোশোনীর বাগানের মত, বটানিকাল পার্ডেন আছে। সেথানকার দৃশ্ধ অতি মনোহর। তার নিকটে কোথাও বলতি নাই। চারিদিক নিজন্ধ; বেন পৃথিবীর সহিত সকল সম্মাধিকিন। সেথানকার স্কুসরোবরে "ভিক্টোরিয়া রিজিয়া" (রাণী ভিক্টোরিয়া) নামক মামাদের পদ্ম ভাতীয় এক প্রকার প্রকার প্রকার

মাক্তিবিশিষ্ট শতদল ছুল রাশি রাশি কুটিয়া থাকে। কোন কোনটার
বাসে দেড় বা ছুই ছুট হুইবে। ঐ পদ্মের পাতাগুলিও অতি প্রকাপ্ত।
শেথিলে মনে হয়, একপ পদ্মের উপর বীণা বাদ্ধাইয়া নাচা কিছু অসম্ভব
নহে। আর সেখানকার সোজা লখা নারিকেল গাছের ঘন কুঞ্বন,—
ঠিক যেন বেতসকুঞ্জের মত। বট ও অখ্য গাছ অপেক্ষাও প্রকাণ্ড
ছায়া-তক্তর তলায় বেলা দিপ্রহার বদিলে আর উঠিয়া আসিতে ইচ্ছা
১৯ না। চারিদিক নিত্তর। দ্রাগত পাধীর গান ঠিক যেন দ্রাগত
বংশাধ্বনির মত শ্তিহ্বপকর। মাথার উপরে, গাছের ঘন পাতায়
নুক্রেয়া একটী পাথী কক্ষাধ্বে ডকেশ্ছিল। আর গেন আনারই



জীবনের অতাত হতি-হাস *অংশ* ই ভাষায় ব'লচিল।

দেখান হ'তে
ফিবতে আমার প্রায়
সভা। হ'ব। আসিবার পথে মহর হইতে
অনেক দ্রে মাব্যপরী
দেখিবান। ছোট ছোট
পাহাড্মমাকুবা একটি
ভানে ঐপরী স্বস্থিত।
কাতের বাড়ীর ঢালু
চালাগুলি বচন্ত্র অবধি,
ক্রমার্যে চলিয়তে।

मानद-नदीपृष्ठः

নেট সকল গাছ-পালা সমাজ্ঞ পাহাড়েরই পাদমূল ধৌত করিয়া

সমুদ্রের জল কুল-কুল রবে জোয়ারভাটা থেলে। কতপ্রকার শামুক ও জলক প্রাণীর চিত্র-বিচিত্র গোলা তথার দেখিলাম; চেউরের সহিত তীরের দিকে উঠিতেছে ও নামিতেছে। পল্লীর ছোট ছেলেওলি সমুদ্রজল পেকে সেই সকল কুড়িরে ওলি ছোড়াছুড়ি করে। মার ছোট মেরের। ভিজে বালি দিয়ে থেলাঘর প্রস্তুত করে, মুক্ত হাওয়ার স্তুত্র শরীরে মনের মানন্দে সময় কটোয়। তাহাদের বয়হা বোনের। বনদুলের মালা গেথে গাছের ভালে ঝুলিয়ে দেয়। সে মালার তলা দিয়ে দিবাবসানে যে চলে, তারই মনের ভাব পরিবৃত্তিত হয়, তাদের এইরূপ বিখাস।

স্ক্রার অল্লকণ পুরেষ্ট আমাদের জাহাজ ছাড়িল। এইবার আমর। ভীষণ চীন-সমুদ্রে বহুদিনের জন্ত ভাস্মান হুইলাম।

हीन मगुज ।

দিলাপুর হইতে হংকং সতেরশো যাট মাইল দ্র। তথার
পৌছিতে ছয় দিন লাগে। দিলাপুর হইতেই চীন সমুদ্র আরম্ভ

হইয়াছে। হংকং হইতেও অনেক দ্র অবধি এই চীন সমুদ্র বিশ্বত;

য়তরাং সারা পথই চীন সমুদ্রের উপর দিয়া যাইতে হয়। যথন জাহাজ

দিলাপুর হইতে ছাড়িয়া উত্তরমুখী হইল, তথন জাহাজের কর্মচারীরা
বলিতে লাগিলেন, এইবার বিষম পরীকার গুল আমানিব। আমার

এই প্রথম সমুদ্রাতা বলিয়া আমি ওসকল কথার তাংপ্যা কিছুই

উপলক্ষি করিতে পারিলাম না।

এক দিন বেশ গেলাম। স্থানীল সমূল সে দিন ধীব-স্থির। ছয় বিন জনগেত ঘাইতে ১ইবে বলিয়া সকলেরই মন স্থির ছিল। জাহাজে টীনেমান ও অভ্যান্ত যাত্রীর ঠাসাঠাসি ভিছ়। অনবরত দিনরাত নানা প্রকার চীনে লোক চোথের উপর থাকায়, তালের কাধাকলাপ, গছনপ্রেন, রীতিকীতি সকলই বেশ করিয়া দেখিবার স্তথ্যেগ ১ইত এবং সংমান্ত বিষয়টি অবনি মনোযোগের স্থিত দেখিতাম ও নোট বহিতে বিষয়া বাধিতাম।

নুতন নুতন নানা দেশ, নানা প্রকারের বোকজন দেখিয়া ননে মনেনের আর সীমা থাকিত না। তারা আমাদেরই মত আহার বিহার করে দেখিরা যেন নিকট আহ্বীয় বলে মনে হতো। মনের যে অপ্রসর তার এবং শরীরের যে অবসরতার জন্ত সমুদ্রেজা মনত করিরাছিলাম, তাহা দিন দিন অনেক কমিছা যাইতে লাগিল। যে সকল সহযাত্রীর সহিত্
যাইয়া বেশ ক্ষা ও স্থানিদ্যাহইতে লাগিল। যে সকল সহযাত্রীর সহিত্

অনবরত মিশিতাম, তাঁহারা কত দেশ বেড়াইয়াছেন। তাঁহাদের মধ্যে কৈত ধনী সন্তদাগর ছিলেন। কেহ কেহ বা অমণকারী কম্মচারী, লবছ দিন ধরিয়া ও অঞ্চলের সকল দেশে পুরিতেছেন। কোন্ জিনিষের কোথায় কত দাম, কোন্ জবা কোথা কত সন্তায় উৎপন্ন হইতে পারে, কিরূপে বন্ধ কোথায় আবস্থাক, ইত্যাদি সংবাদ সংগ্রহ করিয়া আজীবন দেশে দেশে কিরিতেছেন। অর্থোপার্জ্ঞন কি সহজে হয় ? তাঁহাদের সহিত সদা সর্গান বসিয়া সেই সকল বিষয়ের ও নানা দেশের কথাবার্ত্তা ছলেন। চীনেরা ইউরোপীয়ানদের সহিত সমকক্ষ হয়ে বাবসা-বাণিজ্য করিতেছেন। যুব কম লোকই চাকরীর জন্ম লালায়িত। তাঁহারা স্বাই অল-বিত্তর ইংরাজী জানেন। তাঁহাদের নিকট হইতে তাঁহাদের দেশে ও তথাকার আচার-বাবহার সম্বন্ধে অনেক থবর পাইতাম। জাপানী, ইল্রী, পাশী, ইউরোপীয়ান ও আমেরিকান ভদ্র স্ত্রী-পুরুষও অনেক ছিলেন। মুতরাং জনতাপুর্ণ সহরে থাকিলে যেনন স্কলির মতাব হয় না, জাহাজেও সেইকণ বেশ আনলেই সময় কাটিত।

তথন শুরু পক। যে দিন জাহাজ ছাড়ে, তার পর দিনই পূর্ণিম। স্কান ৭ টার সমর ডিনার হইত। তার পর সকলে ডেকের উপর আরম-কেদারার বিসিয়া নিউবিনার জাোংলাপুলকিতা শুল-যামিনীর সৌন্ধা দেবিতাম ও উন্মুক্ত নিমাল বায়ু সেবন করিতাম। নীল সমুজজলের উপর বেত কেনপুঞ্জ যেন কিললরের উপর রাশীরুত ভূলের মত মনে হইত। এখানকার লোণা জল রাজিতে জোনাকের মত আলো। স্থির সমুদ্রে জাহাজ যখন ঈবং দোলে, তখন বড়ই আরম বোধ হয়; মনে হয়, আরে আরে আম্ম পাড়াবার জন্ত কে যেন কোনে করিয়া দোলাইতেছেন।

কিছ সেই পূর্ণিমার নিশার পশ্চিম আকাশে মেঘ উঠিল; বাযুও

জাবে বহিতে লাগিল ; জাহাজও বেনী বেনী ত্লিতে লাগিলু পবে আর ভেকে থাকা গেল না। কাবিনে যাইয়া শুইলাম। প্রাদন পাতে উঠিয়া দেখি, প্রকৃতির শাস্তমন্ত্রী মুদ্ধি একেবারে পরিবৃত্তিত হইয়া গিয়াছে। সমুদ্রবক্ষ অন্ত তেমন দির নাই, তরঙ্গনালায় পরিপূর্ণ। লাহাজ আর আগেকার মত মৃত্নক লোলে না,—ভীষণ বেগে তরকের উপর নিক্ষেণে বিদ্যার যা নাই, হাওয়ার এমনই জোর। তরক্সপ্তলি বিষম বেগে জাহাজের গায়ে আসিয়া প্রতিহত হইতেছে। সেক্সপ্তলি বিষম বেগে জাহাজের

ক্রমে জাহাজ গতই উত্তর দিকে অগ্রসর ১ইতে লাগিল, হাওয়ার জেরে ও ভুকান ততই বাজিতে লাগিল। আরও এক দিন যাওয়ার পর দেখিলান, আকাশ বাতাস ও সমুদ্রের অবস্তা একপ হইয়াছে যে, ডেকে আসা দূরে থাকুক, থাড়া হইয়া দাঁড়ান ও চলা প্রাপ্ত অসম্ভব হইল। এক একটা টেউ পঞ্চাশ ঘাট ফিট উচ়া উহার উপর জাহাজখানি উঠিতেছে ও পরক্ষণেই সজোরে পড়িতেছে। জাহাজের এপাশ হইতে ওপাশ ধৌত করিয়া টেউ চলিয়া যাইতেছে। টেউরে কতকুণ্ডলি আহারের জন্ত রক্ষিত ওছা চালাইয়া লইয়া গেল। জল চুকিবে বলিয়া কাবিনের কছা জানালাও বক্ষ করা হইল। সেধানে থাকিলে গরমে ও বনির উরোগ বিশেষ কই হয়। একপ জলে আনকেই দিতীয় শ্রেণীর বৈঠক-কুঠারীতে গিয়া আশ্রম্ম লায়া । জাহাজের মধাজলে অবভিত বলিয়া সেই জানটা সর্প্রাপ্তক। কম শোলে। পিছনের প্রথম শ্রেণীতে সে সময়ে অবস্থিতি করা অতি কইকর। তাই আজিকারের নৃত্ন ক্যাসানের অনেক জহোছে প্রথম শ্রেণী মাঝেই মবছিত। সমুদ্রের একপ ভীষণ অবস্তায় যাহা ঘটিতে সাহাজির সক্ষেত্রী ব্যাক্ষিক। সাহাজিকে প্রথম

সমূদের একপ ভাষণ অবস্থায় যাত্যা থাকে, ভাষাই ঘাচতে লাগিল। সকলেই, বিশেষ নৃতন সমূদ্রবাজীরা সামুদ্রিক শীড়ার কাতর <u>হইতে লাগিল। স্তীলোকেরা প্রথমে আহার</u> ছাড়িলেন ও শুবাশাদিনী ইইলেন। সকলেই প্রায় অন্ধ্র-বিস্তর পীড়াক্রাস্ত ইইলেন। কেই উঠে না, চলে না, নিজ হান ছাড়ে না, — যেথানে সেথানে বিদিকরে। যথন তথন বিমির শক্ত; কেবল কটুপ্রাল বিমির চেট্টামাত্র, — উঠে অতি কম। প্রথম প্রেণীর থাইবার ঘরে ৩০ জনের আসনের এগারটি মাত্র আসন ভাই, তার মধাে ৭ জন জাহাজের উচ্চ কথাচারী অভান্থ বিশিরা তাঁদেরই কেবল সামুদ্রিক পীড়া ইইল না। অন্ত সকলেই আন-বিস্তর ভূগিল। আরে লেথক নিজে কাতর ইইয়া একেবারে নিরম্ব উপবাদে প্রায় তিন দিন পড়িয়াছিলেন। সে যাতনার কথা বর্ণন করং বার না। তবে অন্তাদিনেই তাহা সহু হইয়া যায়, তাই রক্ষা; নইকে সমুদ্রধানো অসম্ভব ইইত।

সামুদ্রিক পীড়া আর্ছের সঙ্গে সঙ্গে বিত্তর চীনেমানে যাত্রী নারং বাইতে লাগিল। প্রভাহ ছই একটী করিয়া মৃতদেহ সমুদ্রক্ষে করিয়া নেত্রহা হইত। আন্চর্গা এই যে, চীনেমানে ছাড়া অন্ত ছাত্রীয় বাত্রী একটীও মরিল না। তাহার কারণ পূর্দেই আন্তাসে বলিয়াছি টীনেমানেদের মধ্যে সন্রোগের প্রান্তর্ভাব বড়ই বেশী। তাদের সন্তর্ভ করিত। অহরহ বমির বেগ তাহাদের সর্প্রণ সলম্ম স্থা করিতে না পারার হঠাং মৃত্যু ঘটিত। দেখা যাইত, কেহ বা আপিনার কাগড়ের সিন্দ্রকের উপর ভইয়াই মরিয়া আছে, কেহ বা দেওয়ালে ঠেম দিয়া বিদিশে খাটিয়া অর্থ উপাক্ষন করিয়া বাড়ী যাইতেছিল নিজের দেশে মৃত্যু চীনেমানের বড়ই প্রার্থনীয়; দেশের উপর তাদের এইই ভালবাসা। কিছু আয়ীয় সঞ্চনের উপর অন্তর্কর তত ভালবাসা নাই। গৃহ-পালিত প্রর মধ্যে ছই শ্রেণীর জন্ধ দেখা যার। কুরুর ও ঘোড়া মান্থব চেনে,—আবাস-স্থানের উপর তত বেশী মন্ধরক নহে। প্রভু বেখানে বাছ অকাত্রে অন্থ্যমন করে। কিছু গ্রু

বিড়ালের বাবহার অভ্যক্রপ। তাহারা ঠাই চেনে, শোক তত চেনে না। গৃহ অধবিষদী শুভা হইলে তাহারা দেই থানে থাকিতে ভাঁদ বাদে। চীনেরা এ হিসাবে দিতীয় শ্রেণীভুক্ত। তাই অদেশপ্রিয় হইলেও ভাই মরিলে ভাই কাঁদেনা। তাহার ছ্রবস্থায় অর্থ সাহাব্য করিতে চাহেনা। ইহার কারণ পরে বলিব।

অতি চললে বাজি বা হন্রোগগুল রোগীর পকে চীন সমুদ্রে মত
ভীবণ সমুদ্রে হাওয়া থাইতে যাওয়া বড়ই ভারের কথা। অতিশার বিমর
বেগে মুতা ঘটা কিছুই আশ্চর্যা নায়। আমাদের জাহাজে কিছু বায়ুপরিবর্তনের জন্ত সমুদ্রাআা করিতেছেন, এনন অনেকপ্তালি রোগীও
ছিলেন। কেহ বা বাতের জন্তু, কেহ যলাকাদের জন্তু, কেহ অনেক
দিন রোগে ভূগিয়া শরীর সারিবার জন্তু বেড়াইতে সাইতেছিলেন।
ভাষারা প্রায় শরীর সারিবার জন্তু বেড়াইতে সাইতেছিলেন।
শায় সমুদ্রে আার নত শরীরের অনন উপকার আার কিছুতেই
হয় না। তবে আমাদের জাতির অন্ত্রিধার মধ্যে আহারের একটী
মহা অন্ত্রিধা ঘটে। কেবল মাংস অকচিকর ও অসম্ভ হইয়া উঠে;
উহা মুসিদ্ধ হয় না বলিয়া স্বাস্থ্যের পক্ষে অপকারীও হয়। নিরামিষ
আহারের অন্তিন তর পাউরুলী, বিশ্বট, মাথন, ভামে ও কল পাওয়া
গার; কিছু কোনকপ তরকারী নাই। কোটার ছপ ভাড়া আন্তু ভধ
নাই। তবে নিরামিষ আচার দিয়া ভাত খাওয়া চলিতে পারে।

চীন সমুদ্র অতি বিপদসভূল হান। যে কারণেই ইউক, চীন সমুদ্র বার নাসই অর-বিত্তর তুজান হয়; কিন্তু বংসরের এই সময়, অর্থাং নভেম্বর ইউতে কেন্দ্রেরারী পর্যান্ত ইহা অতিশন্ত ভরানক। সমুদ্র এরপ তুজান ও তরজ-সমাকুল হওয়ার কারণ, মৌহুদ পরিবর্তীন। যথন বংশপেসাগরে মৌহুদ পরিবর্তীনের সময় তুজান হয়, চীনসমুদ্র তথন কতকটা শাস্ত থাকে; কিন্তু এই কর নাস অহরহ অতি

থাকে বাতাস ক্রমাগত একদিক—অর্থাৎ উত্তর-পূর্ব্ধ দিক হইতে বহিতে থাকে বলিয়া এরপ কুলান হয়। এরপ সময়ে জাহাজ উল্টে যাওয়া বা ডুবে মাওয়ার কোনও ভয় নাই। প্রধান ভর, পাছে জাহাজ টেউয়ে উঠিবার ও নামিবার সময় তাহার হা'ল ভাঙ্গিয়া যায়। হা'ল বুরিলে জাহাজের গতি হয়; উহা ভাঙ্গিয়া গেলে জাহাজ অনভ্যোপায়। সমুজে এত টেউ যে, তাহা আর সেহলে মেরামত হইবার উপায় নাই। কোছাজ ডুবিলে হাল্লা বোটে করিয়া পালাইবার যো নাই। কেটেউয়ে, সে তুফানে, সে বোটও ডুবিয়া যাইবে। জলে অসংখা হাঙ্গর; মাহুব পড়িলেই গিলিয়া ফেলে। আর একটা প্রধান ভয়, চীন-সমুজে বিস্তর নিম্ভিত চড়া আছে।

গভীর সমুদ্রের জলের রঙ সাধারণতঃ ঘোর নীল; কিন্তু এথানে আনেক বানে হরিলাভ; তার কারণ, জলের নীচে বাল্কাময় চড়া। এই কারণেই চীন সমুদ্রের নিকটবন্তী হোয়াংহে। সমুদ্রের মর্থ হল্দে সমুদ্র। নিমজ্জিত চড়াগুলিতে লাগিলে লাহাজ কুটা হইয়া যায়। আনর। যথন মাইতেছিলাম তথন "ইাান্লী" নামক লগুনের কোন জাহজ রাণ্ড খনির জন্ত পাচ হাজার চীনে কুলি লইয়া যাইতে যাইতে ঐরপ একটী চড়ায় লাগিয়া কুটা হইয়া যায়। সমুদ্রের মাঝে নিকটবন্তী একটী পাহাড়ে যাত্রীগুলিকে নামাইয়। দিয়। ও মালপত্র সব সমুদ্রুল কেবিয়া নিয়। মেরামতের জন্ত জাহাজ খানি নিকটবন্তী বন্দরে চলিয়া গেল; অন্ত জাহাজ আসিয়া সেই সকল লোকের প্রাণ বাচাইল। সে জাহাজ খানিকে ভয় ও থালি অবস্থায় ফিরিবার কালে আমের। অচক্ষেদিখামা। দেখিয়া জাহাজ ভয় লোকের আতক্ষের পরিসীমারিছিল না।

চীন সমুদ্রে আর একটা বিপদের কারণ,—"টাইফুন" নামক এক প্রকার ঘূলী ঝড়। কাহাক তাহাতে পড়িলে আর রক্ষা নাই। কাহাক প্রবন ঘূলী বায়ুবেগে চুর্ণ বিচুণ ও উল্লেউংকিংগ হইরা ডুবিরা বার। কথন কথন একপ সময়ে জলস্তম্ভ উৎপন্ন হয়। তাহা ধীরে ধীরে একু ধারে অগ্রসর হইতে থাকে। জাহাজ তাহাতে পড়িলে আর বাঁচাইবার উপার নাই। এমন কি জাহাজ হইতে আধ মাইল দ্রেও যদি জলস্তম্ভ আপনি ভাঙ্গিরা যায়, তাহা হইলেও জাহাজ বিপদগ্রস্ত হয়। এই কারণে জলস্তম্ভ দেখিলেই দূর হইতে গোলা মারিয়া তাহাকে ভাঙ্গিয়া দিতে হয়। সেই জল্প এবং অল্লাল্প কারণে জাহাজে কামান থাকে। যথন নিজে উপানশক্তিরহিত হইয়া পড়িয়া থাকিতাম, তথন এই সকল কথা মনে আসিত ও এই সকল তয়ের দৃশ্য অহরহ মনশুকুর সামনে জাগিয়া উঠিত। তথনই মনে হইত, এত সব আত্মীয় বয়ুর নিরেধ না ভানে একপ বিপদস্কুল স্থানে জেদ ক'রে এসে ভাল কাঞ্চ করি নাই। আবার ভুই তিন দিন বাদে যথন সব কাই দূর হ'ল, তথন সে সব মুখণার কথা ভুলে গোলাম।

এরপ তুজানেও চীনেমাানের। চাইনিফ 'জাকে' ওবড়বড় চীনে বছরা ক'বে সমুদ্রে মাছ ধরিতে যায়। সেঞ্চলি খুব বড় নৌকা, কেবল পালগুলি খুব উচুও সামনের ও পিছনের গলুই অন্ত নৌকার মত সক না হ'য়ে চেপ্টা। নৌকায় তিনটা মান্তল আছে। সেই মান্তল-গুলিতে পালি তুলে দিলে নৌকা চলে। ঐ নৌকা এরপ ভাবে গঠিত ও এমন সুদক্ষ ভাবে পরিচালিত যে, অমন সমুদ্রে, আত তুজানেও তাহা ভূবে না। চীনদেশে অর্থোপাক্ষন করা এত কটকর যে, প্রাণের মমতা একেবারে তাগে ক'বে চীনেরা এইরপ অতি ভীবণ চীন সমুদ্রে সপরিবারে মাছ ধরিতে যায়। সপরিবারে কেন বলিলাম, সে কথা পরের প্রক্ষে বলিব। আর আর্থার-বন্ধর অবরোধ কালে এইরপ চীনে ছাকে করিবাই খালা সাম্যী চুপে চুপে বন্ধরে চুক্তিত।

এই স্থানে নানা জিনিব দেখিয়া ও নানা লোকের সলে মিশিয়া "তথ্য মঞ্চ" অবস্থায় থাকিয়া এত দিন বাহা স্থাপ্ত ভাবি নাই, সেই সব ভাব আমার মনে আসিত। নানা দেশের নানা লোককে আমাদেরই মত আহার-বিহার করিতে দেখিরা সবাইকে যেন ভাই ভাই ব'লে মনে হ'তো। কদরের চিরকাল সঞ্চিত সঙ্কীর্ণতা কত কমিয়া গেল। আর্থোপার্ক্তন যে কত চেটাসাধা তাহা সহজে উপলব্ধি করিলাম। পৃথিবী যে কতবড় তা এই প্রথম সমুদ্র-যাত্রাতে কতকটা বুঝিলাম। মানবের কার্মিক শক্তি যে কত স্থায়ায়, কত নগন্ত তাও উপলব্ধি করিলাম। কেবল বুদ্ধি বলেই মানব এই বিশাল বিশ্ব-রাজ্যে দিথিজারী।

চীন জাহাজে যাত্রিদল

রেশুন ইইতে চীন জাহাজ ছাড়িয়াছিল। জাহাজে সকল জাতীয় সকল শ্রেণীর যাত্রী। প্রতি বন্দরে কতক লোক উঠিল, কতক নামিল। একটি বাড়ীতে যেমন অনেক লোক থাকে, জাহাজেও সেইরূপ সকল থাত্রিই একত্রে কাল যাপন করিত; সর্বাদা দেখাসাক্ষাং ও মেশামিশি ১ইত। বিভিন্ন জাতীয় লোকদের এইরূপ একত্রে দেখিয়া তাহাদের আরুতি ও আচার-বাবহারের যে সকল পার্থকা মনে ২ইত, তাহা ব্যাইবার জন্ম এই কয়টি ঘটনা লিখিলাম। এখানে তাহাদের প্রতি কার্যা লক্ষ্য করিতাম। তীরে মানিয়৷ লোকদের দেখিলে এরূপ পুমাস্থপুষ্ক রূপ দেখা যায় না।

পানাত্র একটি চীনে বালকু উঠিল, সে আমার কথাবার্কা সক্ষে
মনেক কাজে সাহাযা করিক। তার পিতা গরিব লোক, থাবার কিবি
করিত। অনেক বংসর বিদেশে কাজ করিবার পর সপরিবারে বাড়ী
নাইতেছে। ছেলেটি পিনাঙ্ মিশনরী স্কুলে বিনা বেতনে ইংরাজী
পড়িতেছে। খুব বৃদ্ধিমান ছেলে, চ'কথা বলিলেই মনের ভাব বৃদ্ধিয়া
নের। আমি বে মুখন্ত করিয়া একটু একটু চীন ভাষা শিথিতে চেটা
করিতেছিলাম, তাই অভাসে করিবার জন্ম ইংরার সঙ্গে এই একটি
চীনে ভাষায় কথা কহিতাম। বালকটীর নাম "উদিন্"। তাহার সঙ্গে
দেখা হলেই ব'লতাম,—"উদিন্ লাই চুপেং।" অর্থাং,—"উদিন আমার
কাছে এসো। তোমাদের দেশের এই একটি খবর ব'লে দাও।"
শক্ষটা ঠিকু হইবে বলিয়া আমি আবার বীংকার করিরা বলিতাম, আর
ভাহাজ ওক চীনেমানেরা হাসিয়া খুন হইত। আমি সেই সময়ে

নীনে সীলোকদের মথের দিকে চাহিতাম, হাসিবার কথা হইলেও

তাহারা অপরিচিত লোকের কাছে হাসা ভদ্যোচিত নয় মনে করিয়া • ফাসিত না।

উসিনের পিতা ভাত মাছ ও তরকারী বেচিত। আর উসিনের মা আহারের সময় উসিনকে দিয়ে থাবার চাহিয়া পাঠাইত। সে স্ত্রীর থাবার দিবার সময়, যত ভাল ভাল মাছ ও মাংস থগু—সব গুলি বাছিয়া বাহির করিয়া দিত। দেখিতাম, অন্তকে থাবার দিবার সময় তাহার এমন হাত উঠিত না।

একটি বৃদ্ধ চীনেমাান একটা অন্নবন্ধনা মগ রমণীকে বিবাহ করিছা নিজ্ঞ দেশে লইয়া যাইতেছে। সে বোধ হয়, রেকুনেই কোন কাজ-কন্ম করিত, এখন বাড়ী ফিরিতেছে। ভাহার অনেক গুলি ছোট ছোট ছেলে আছে, তাহার মধো একটি হুদ্ধপোদ্ম। ঐ চীনেমানের বৃদ্ধা মাতাও সঙ্গে ছিলেন। তিনি পুএবপুকে মেরের মত যত্ত্ব করেন, দেখিলাম। ছোট ছোট নাতি গুলি তার কোনে পিঠে চড়িয়া আবদার করে। তার তাতে আননন্দের আর সংমা থাকে না। আমাদের বাড়ীর অধিষ্ঠাত্তী দেবার কাছে এই দুশু আনি বোজই দেখি। তাই তাহানিগকে দেখিতে আমার বড় ভাল লাগিত। দেশে পৌছিলে জাহাজ হইতে নামিছা ভাহাদের সকলের মুখে হাসি আর ধরে না। অপরিচিতকে পরম আছী করিয়া সে বঞ্চারমাইল আপনার দেশ আছীয়-ছজন ছাড়িয়া এই আড়াই হাজার মাইল আসিয়াছেন, তাহাতেও তাহার মন বিচলিত দেখিলাম না। সেই চীনেমাান তাহাকে অতি যত্ত্ব করিয়া নামাইল. সেই হথের ছেলেটিকে নিজে কোলে লইল, স্থীকে একটি সামান্ত প্রবের ছারেও বহিতে দিল না।

স্থামাদের চীন কমোডোরের স্থালিকাও সেই জাহাজে ছিলেন।
তাহার বং ঠিক বরফের মত ভ্রত্ত। তাহার পা' ছ'থানি সম্থাতিত,
স্বতরাং জাহাজ ছলিবার সমর দিতীর প্রেণীর ভেক হইতে ক্যাবিনে

নামিতে হইলে খ্ব সন্তর্পণে অপরের সাহাব্য লইছা তাঁহাকে নামিতে হইত। তিনি ভাল করিছা চলিতে পারিতেন না। কাপ্তেন একদিন কমোডোরকে জিজাসা করিলেন,—"Commodore, ইনি কে ?" কমোডোর বলিল,—"Wife's sister going to his husband." অর্থাৎ,—"আমার স্ত্রীর বোন বামীর কাছে যাজেন।" পিজন ইংলিদে his এবং her প্রভৃতি পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গবাচক সর্বাম শব্দে কোন প্রতেন নাই।

প্রথম প্রেণীতে অনেক শুলি রমণী ছিলেন, তাহার মধ্যে কাহার ও কাহারও বর্ণ তুষারের মত ভল্ল, চেহারা ক্ষীণ ও দীর্ঘ। চিবুক অভান্ত উচু ও চীনদেশীয় প্রীলোকের মত কালো রেসমের পোষাক পরা। ইহালের সহিত অনেক লোকজন ছিল। ভনিলাম, ইহারা মাঞ্ জাতীয় প্রীলোক। চীনের রাজবংশ এই মাঞ্ছাতার জাতীয়। তাহারা কাহারও সহিত মিশিতেন না।

ইহাদের ঘরের পাশেই একটি ঘরে এক জন প্রীলোক থাকিওেন, তাহাকে আমরা উঠিবার দিন ও নামিবার দিন মাত্র দেখিখা-ছিলাম। আর কোনও দিন তিনি ছরের বাহির হন নাই। সব্ধাঙ্গ সাদ। পরিচ্ছের্দে চাকা — সম্ভ কোনও রং নাই। তাহার বাহ্ন একটি দাসী থাকিত। তাহার রামী, কাছে পুথক এক ক্যাবিনে থাকিতেন। আমি যদিও তাহারে রুবি নিকটেই থাকিতাম, কিন্তু তাহাকে কথনও তাহার প্রার ছরে যাইতে দেখি নাই। ইনি কোরিয়া দেশের ক্রালোক। এনন অব্রোধপ্রথা পৃথিবীর আরে কোনও দেশেই নাই। বিবাহের পর স্বামী তিন্ত্র কোনও পুরুষ,—এমন কি, নিজের পিতালাতাও ইহাদের মুখ দেখিতে পান না। তানিবাম দিওলে রাজিকালে ক্রীলোকের। ছোট ছোট কাগজের লগ্ধন হাতে করিছা পথে বাহির হয় বিদার। পুরুষেরা রাজ্যে পথে বাহির হয় বিদার। পুরুষেরা রাজ্যে পথে বাহির হয় বিদার। পুরুষেরা রাজ্যে পথে বাহির হাতে পারে না। তারও ভাল,

এত অবরোধ সত্ত্রে বাহিরে বেড়াইবার একটা নির্দিষ্ট সময় আছে, ' অন্ত দেশে যে তাহাও নাই, দিনরাত ঘরে বন্ধ থাকে।

কোরিয়া দেশে প্রায়ই সামী অপেকা স্ত্রী বয়দে বড় হইয়া থাকে। বিবাহের প্রথাও অতি চনৎকার। বর বিবাহের সময় ক'নের বাড়ী গিয়া দরভায় জাত্র পাতিয়া বদিয়া একটি হংদী ছাডিয়া দেন। আমাদের দেশে পরাকালে নলরাজার বিবাহেও দময়য়ীর নিকট সোনার হাঁস দৃত্বরূপ প্রেরিত ইইয়াছিল। কিন্তু এখানে হংসের অন্য তাৎপর্যা আছে। নিম্নোক্ত ঘটনা লইয়া এরূপ প্রথা প্রচলিত হইয়াছে। পুরাকালে একদা এক হংসমিথুন ক্রীড়ায় রত ছিল, এক ব্যাধ শরবিদ্ধ করিয়া হংস্টিকে মারিয়া ফেলে। হংসী কাতর স্বরে চীংকার করিতে লাগিল। তাহার পর সে বতদিন বাচিয়াছিল, মধ্যে মধ্যে সেই স্থানে তার সঙ্গীকে খুজিতে আসিত ও না দেখিয়া করুণস্বরে বিলাপ করিত। দম্পতী-যুগলের প্রণয় এইরূপ প্রগাঢ়ও অবিনাশী হইবে বলিয়াই হংস লইয়া এই ঘটনার অভিনয় করা হয়। বিবাহ প্রথার ইহাই একটী অঙ্গ। হিন্বিবাহ যেমন শালগ্রাম নহিলে আইন সঙ্গত হয় না, হংস সম্ভে দেখানেও দেইরপ। হংস-মিথনের এই ঘটনাটি ঠিক আমাদেও রামায়ণের ক্রৌঞ-মিথুনের ঘটনার মত। সকল দেশেই মানবছদয়ের চিম্বার গতি বঝি একই পথে প্রধাবিত।

প্রথম শ্রেণীতে কতকগুলি স্ত্রীলোক ছিল, তাহার। ইউরোপীঃ ও চানে মিপ্রিভ জাতি, পুরু-উপন্নীপে বাস করে। ইউরোপীরদেশ মত নাসিকা উন্নত, অথচ গালের হাড়ও উচু। ইহারা চীটে স্থীলোকের মত চল চ'লে ইজের ও চারনা কোট বা বিবিদের মাগাউন কিছুই পরে না। তাহাদের পোষাক,—পরনে রেসমের সুষ্ঠ গারে এক গা' গহনা। ইহারা পান স্থপারি ও চুরট খার এবং। শান করে। ইহারা পুরু খাইতে পারে। প্রত্যহ প্রাতে উঠিরা দেখিতা

চীন জাহাজে যাত্রিদল।

রাজিতে শুরু আহারের পরও, ঘুম ভাঙ্গিলে মুথ হাত পা' ধুইবার পূর্পেট ইহারা কুধার অধীর হইরা রাণীকত মিটার আহার করিতেছে চিহারা প্রত্যাবে উঠিমা যাহা ধায়, তাঁহাতে আমি সাত দিন জীবন ধারণ করিতে পারি!

বাল্তি করিয়া জল আনিতে গিয়া, একজন বলিষ্ঠকায় গীনেনান জাহাছ চলিতে ছিল বলিয়া পা' পিছলাইয়া পড়িয়া গেল। তাহার মতাস্থ আঘাত লাগিল। তবুও সে কাতর হইল না বা অভ্যের সাহায় চাহিল না। আমাদের দেশের লোক এমন পড়িয়া গেলে, কত গোক আহা-উহ করে। কিন্তু গীনেরা সেরপ কিছুই করে না। অদ্রে কতকগুলি চীন ও সভাভা জাতীয় স্থীলোক ছিলেন। তাহার ক্রিপ্ত প্রকাভা সাহায়া করিলেন না, তব্ও তাহাদের মুখে সহায়স্থিতি প্রকাশ পাইল।

এক চীমেমান রক্ত-মামাশরে শ্লাগত হইয়া পড়িল। সে উথানশক্তিরহিত; বন্দরে পৌছিলে তাহরে আপুনরে ছাই তাহাকৈ কেলিয়া চলিয়া গেল। মানবা তাহাকে ইাদপাতালে পাঠাইয়: . শিলাম। মনেকগুলি স্থীলোক তাহার সাধানের জন্ত তাহার হাতে একটি ছটি করিয়া তায়-মুলা দিলেন।

ছেলের বড় অলুথ তার্যোগে এই সংবাদ পাইছ। একজন চন্ন চীনেমান পিনাও হইতে হংকংএ তাহাকে দেখিতে আদিতেছিলেন। চাহার সময় আরু কাটে না। মুহার্ত্ত মুহার্ত্ত গাহাজের কাটোরানের জিজালা করিতেন, জাহাজ হংকংএ কতকং পৌছিবে। দিলাপুর জিজালা করিতেন, জাহাজ হংকংএ কতকং পৌছিবে। চিনি মত আদিয়া তারের ধবর পাইলেন, স্ব শেষ হুইয়া গিলছে। তিনি মত আদিয়া তারের ধবর পাইলেন, তাহার কিছুই কিছু দেখিলাম না, অবার হুইবেন মনে করিমাভিলাম, তাহার কিছুই কিছু দেখিলাম না, কেবল নির্মাক্ এবং প্রিমান হুইয়া বিস্থা পড়িলেন, তাহার কুটি লীলোক পড়িলেন, তাহার বাহা দেশীর একটি লীলোক পড়িল না। ভাহার শোকের কথা ভানিয়া বাহা দেশীর একটি লীলোক

আপনার ছেলেকে কোলে লইয়া অঞ্পাত করিতে লাগিলেন। বি তিনি সে টানেম্যানের কোনও সম্পর্কীয় লোক নহেন।

প্রথম প্রেণীর যান্ত্রীর মধ্যে একটি ইউরোপীয়, তাহার ভীমাকতি দ্বী ও তইটি শিশু ছিল। মেম সাহেব অহরহ তাঁহার চীনে আয়ার সহিত কলহ করিতেন। এত চেঁচাইতেন দে, লোক জমিত। তাঁহার স্বামী Shakespearএর "Taming of the Shrew" (কুঁত্লী-দমন) নামক নাটকের "পিটুসিওর" মত দেখিতে খুব চেঙা ও মনের দৃঢ্তাবারক ঘন কাল মত গোঁকওয়ালা। তিনি দ্বী অপেক্ষা আরও চেঁচাইরা দ্বীকে খুব জক রাখিতে পারিতেন। এক দিন দ্বী বসিয়া একটি সিব্ধের বিভি শেলাই করিতে করিতে আয়ার উপর খুব রাগিয়া উঠিলেন। তাঁহার স্বামী আয়ার উপরে ঘেন আরও রাগিয়া, চেঁচাইরা—আয়াকে করিতে বকিতে—টেবিল চাপড়াইয়া—কাচের মান ভাঙ্গিয়া—তাঁহার স্বী যে রেশমের জামাটি শেলাই করিতেছিলেন, সেইটি লইয়া ছিডিয়া ফেলিলেন। স্বী তৎক্ষণাৎ চুপ! আপানিই সেই জামাটি মেছে হইতে উঠাইয়া লইয়া, নিস্কাক হইয়া রহিলেন। এটি স্বীকে জন্ধ করিবার জন্ত কেবলমাত্র রাগের অভিনয় বলিয়াই মনে হইল। নয় ত আয়ার উপর রাগ করিয়া স্বীব জিনিয় লোকসান করিবেন কেন"।

দিতীয় শ্রেণীতে একটি জ্বাপানী তদ্রলোক, তাঁহার ব্লী ও প্রাণিকাকে গইয়া এময়ে যাইতেছিলেন। ইংগর বৃহং গালার কারবার আছে। তিন জনই এক ঘরে থাকিতেন। তিন জনে সক্ষাই আন্মান-প্রমাদ লইবা বাস্ত। জ্বাপানী রমণীরা সক্ষাই টেচাইয়া কথা কহিতেন ও উচ্চ ববে হাসিতেন। কে কত ভারী, তাই দেখিবার জন্ত প্রশারকে কোলে করিয়া তুলিতেন। পুরুষটিও ব্লীলোকদিগ্রেও প্রীলোকরাও পুরুষটিকে সক্ষাের সমুধে কোলে করিয়া তুলিতেন! সার আ্বার লোক ক্ষাক হইয়া তাঁহাদ্যে অনুত্ত

বলরহস্ত দেখিত। তাহাতে তাঁহাদের ক্রন্পেও ছিল না। সময় স্মান্থ নালকরা এলোচ্লে হাত ও গলাকটো নাইটগাউন মারা পরিয়া কাাবিন হইতে ডেকের উপর বাসিতেন। একে ধর্মায় তি, তাহাতে লখা লখা কালো চুল পায়ের ওল্ফ অবধি পড়িত, চোধ ছোট ও গাল উ চু বলিয়া হাসিলেই চোথ গুট বুজিয়া গিয়া দেখিতে মাত স্থানর হইত; সকলেরই চকু সেই দিকে ছুটিত। ইহাতে তাহাদের কিছুমারা লক্ষাবোধ হইত না। গেমন বালক-বালিকারা একরা খেলা করে, তাঁহারাও তেমনি সর্লমনে নি:শহাচিতে কেলা করিতেন। তাঁহাদের এইরপ স্বাধীন ভাবে খেলা করিতে দেখিয়া মামাদের কনেকেরই মনে কতাই ম্বাথ কুংসিত কল্পনা আসিত।

জাহাজে আমি ছাড়া আর একটি হিন্দুপরিবার ছিল। এক বারসাদার চোবে তাহার স্থী ও একটি শিশু কভাকে বইয়া বাইতেছিল। স্থীর কালো ফুল্-ইকিং-পরা পায়ে রূপার অলম্বার ছিল; ঘাগ্রাটি বিদ্ধন ছিটের; নাকে নথ ও কানে বড় বড় অনেকগুলি মাক্ডি। চাহারা ডেকথারা। আর তাহাদের পালেই তই জন জাপানী রুমণী থাকিত। দেই ভাপানীদের সঙ্গে এই এক দণ্টার মধ্যে চেবের স্থার এত বন্ধু জ্বায়া গেল যে, যদিও সে হাহাদের কথা বৃথিত না, তবু দিনরাত্রি জাপানীদের কাছে থাকিত। সে হিন্দীতে ও তাহারা নিজের ভাবায় কথা কহিত। তবে ভাবে, মান্দাছে অর্থের বিনিমন্ন হইত। কথা বৃথুক বানা বৃথুক, সর্পানাই তাহাদের সঙ্গে হাসিত। জাপানীরা কলা ও থাব আনিমানিল, চোবের স্থীকে তাহা থাইতে দিত। সে তাহা কিছুমান্র ইতত্তত না করিয়াই থাকিত। চোবে নিজে কিছুকি স্ব ভালাভুজি আনিয়াছিল, তাহাই থাইত। কাহারও ছোঁয়া থাইত না। কিছু চোবেকে দেখিতাম, স্থীর বনন গোলাম্টি।

প্রথম শ্রেণীর সম্বর্থে মালম দেশীয় এক ডেক্ষাত্রী ছিল। সে থব কর্সা ও তাহার চেহারা উচ্চবংশীয় লোকের মত। মুখ বিষয়। সে সর্বাদাই চুপ করিয়া থাকিত। গরীব না হইলে আর ডেক্যাত্রী হইবে কেন্ কিন্ধ তাহার ভদ্রোচিত অভিমান ছিল। সে এক থানি বেতের ইজিচেয়ার সঙ্গে আনিয়াছিল; তার উপরেই দিনরাত বসিয়া বা ভুইয়া থাকিত: কাহারও সহিত মিশিত না। তাহার সঙ্গে তাহার স্ত্রী ও একটা দেড় বছরের ছেলে। ছিল। সকলেরই অতি ফুন্দর গড়ন এবং ভদোচিত বাবহার ও মুথের ভাব। ডেকযাত্রী স্থীলোকদের থাকিবার স্মালাহিদা স্থান ছিল। সেইখানে তাঁর স্ত্রী ও শিশুর থাকিবার কথা, কিন্তু সে রমণী স্বামীকে দুরে রাখিয়া থাকিতে পারিত না। সেই চেয়ার থানির পাশে এসে সারা দিন বসিয়া থাকিত। পরস্পরে মুখে বেশী কথা হইত না, চাহনিতেই প্রগাঢ় প্রণয় প্রকাশ পাইত। সে ছেলেটির অতি স্থত শরীর ও গোল গাল গডন। উলঙ্গ কোমরে একগাছি লাল ঘুনশি ও মাথার মাঝে চলে লাল ফিত। বাধা: বাকী মাথা কামান। সবে চলিতে শিথিতেছে। আধ-আধ বলি ব'লে দিন রাত সেই ডেকের উপর ট'লে ট'লে বেডাইত। জাহাজ শুদ্ধ লোক অনিমিধনয়নে চাহিয়া থাকিত~ শ্বামার ক্যাবিন থেকে ঢুকতে বেক্তে দেখা যাইত প্ৰাপেক দিয়া গেলে আমার সে দশ্ম হ'তে চোথ আর ফিরিত না। তানের হ'জনকে দেখলেই আমার মনে হতো, তারা যেন হ'জনে সংসারে একা পড়েছে ষেন, যে কোনও কারণেই হোক, সমাজ্বারা পরিতাক।

দিতীয় শ্রেণীতে গুইটী মগরমণী একতা থাকিতেন; তাঁহাদের সহিংকোন ও পুরুষ ছিল না। থালি পাইলেই তাঁহারা আমাদের ডেকচেরার দখল করিয়া বসিতেন। কাপ্তেনের কুকুরটি লইয়া উচ্চ হাফি
হাসিয়া খেলা করিতেন। অনেক রাত্তি অবধি একলা ছালে বিক্লিপ্ত
পরিজ্ঞেল হবে অকাতরে খুনাইতেন। লক্ষার বড় ধার ধরিতেন

না। শরীরে স্বাস্থ্য ও মনে আনন্দ থাকিলে ব্রেরপে জীবন কাটে ইংলের সেইরপেই দেখিতাম। অপরে কি ভাবতে না ভাবতে তেবে আদব-কামদার জাঁতায় জীবনকে পেষণের কোনও চেটা ছিল না। বুকের উপর অবধি লুকী বাধা থাকে বলিয়া তাঁহাদের চলা ফেরা যেন আছেই-আছেই ভাবের। জমিতে পা ঘেঁঘিয়া চলিতে হয়। রেকুনে এক দিন আসিবার সময় মগের নাচ দেখিয়াছিলা সারিবন্দী হইয়া দাঁছাইয়া একতা অক্স হেলাইয়া নাচে, দেখিতে অতি স্কলর। কিছু আমাদের দেশের মত নাচে চঞ্চল অক্স-বিক্ষেপ নাই।

িনিহ Geraldএর যে বিথাত সার্কাস আসিল্লা কলিকাতার থেলা দেখাইলা গিল্লাছে, তাহারা হংকং, দিলাপুর, পিনাও ইত্যাদি জানেও ঐরপ থেলা দেখাইলা আসিল্লাছে। তাহারা আমাদের জাহাজেই ছিল। তাহাদের চাকর-বাকরদের দেখিল্লা মনে হইত, নীচ শ্রেণীর ইল্লারোপীররা অনেকটা আমাদের দেখের নীচজাতীর লোকেরই মত। পশুর মত আচার বাবহার – খাওলা শোলা। হার ক'রে অঙ্গভলী করে কথা কওলা, আর কথার কথার দিব্যি গালা; আর অল্লীল বিষ্ট্লের আলোচনা করা। তাহাদের দলে যে সব স্ত্রীলোক তারে ও বোড়ার থেলা দেখাইত, তাহাদের ও অভাব সংস্গাদোধে ঐরপ ইইল্লাছে।

সকল জাতির স্ত্রীলোকের তুলনায় চীনজাতীয় স্ত্রীলোককে দেখিতান, সর্কাপেকা ভিন্ন প্রকৃতির; মুখে হাসি নাই, উচ্চ কথা নাই। নির্ফিষ্ট স্থানে বসিয়া সম্ভানের যহ করিতেন।

দেখিতাম, যদিও ভিন্ন ভিন্ন জাতীয় লোকের ভাগ। বিভিন্ন বলিয়া তাহার। পরক্ষারের সহিত মিলিতে পারিত না, কিন্ধ ভিন্ন ভিন্ন জাতীয় হেলেরা অনায়াসে পরক্ষারের সহিত মিলিয়া মিলিয়া পেল। করিত। বিশুভভাষা যেন একটি শ্বতন্ত্র ভাষা, সকল শিশুই জানে, তাই তাহাদের পরক্ষারের মনের ভাব বুঝিতে কই হন্ন না।

আর একটি দম্পতীর কথা বলি। স্ত্রীলো টা ফরাসী জাতীয়। প্রথম দ্বামী ইহাকে কোনও কারণে আদালতের সাহায্য লইয়া পরিতাগি করেন। তারপর অনেক দিন ইনি থিয়েটারের অভিনেত্রী ছিলেন। চার পাচ বংসর হইল, এক জন ইংরাজ যুবক সওদাগর ইহাকে বিবাহ করিয়াছেন। ছটি মেয়ে হইয়ছে। মেয়ে ছইটার তাহাদের মারই মত চঞ্চল নীল চোথ। বিবাহের ছ'মাস পরেই প্রথম কল্যাট ভূমিল্ল হয়। এখন ইনি সংসারী হইয়া বেশ স্থাই ইয়াছেন। সর্বাদ শেলাইয়ের কাজ লইয়াই থাকিতেন। মেয়েদের যত্র আদরের সীমা ছিল না। কাহারও সঙ্গে মিশিতেন না। স্বভাবের কোনওরপ চাঞ্চলা নাই। প্রতি কথাবার্ত্তা আচার-বাবহার সবই উচ্চ আদশের। অতীত ভীবন হয়ে হইলেও এখন তাহার প্রকৃতি একেবারে বদলাইয়াছে। তার আর বৈচিত্রা কি প্ একবার ভূল হইলে কি আর শোধরান যায় না প্

একটা ছোটছেলে বার বার বিম ক'বছিল ও যন্ত্রণায় সহাস্ত কাতর হ'য়ে কাঁদছিল ব'লে তার বাবা স্থামাকে একবার ছেলেটাকে দেখাতে নিয়ে গেল ৷ তারা গরিব ডেক যাত্রী ৷ স্ত্রীলোক যাত্রিদের থাকিবার জন্ত যে ডেক স্থাছে, স্থামি সেখানে গিয়ে দেখিলাম ছেলেটা মার কোলে ওয়ে বড়ই কাঁদছে ৷ মা বাস্ত হ'য়ে কাঁয়া থামাবার জন্ত মনবরত মাই দিছেন, আর ছেলেটা স্থাতি স্থাগ্রহের সহিত মাই থেয়ে তথনই জন্মা ছুধ বিমি করিয়া ফেলিতেছে ৷ থাবার লোবেই এরূপ হুটায়াছে, ইহা নিশ্চর করিয়া আমি মাই দিতে মানা করিলাম ও ভাহার পিপাসা শান্তির জন্ত একটু একটু মোরীর জল দিতে বলিলাম ৷ শিশুটা অলক্ষণেই স্কৃত্ত ইল দেখিয় তার বাপ মার আর কৃত্ত তার সীমা রহিল না ৷ পিতা স্থামার কাছে এ থবর ব'লতে এলে স্থামি ভাহাকে বৃথিয়ে দিলাম বে—ছেলেদের যত রোগ স্থাধিকাংলই থাওয়ার দোবেই হয় ৷ স্থাথাছে ছুধ খেলেই যে স্থা পাইরাছে বৃথিতে

ভাইবে, তাহা নয় — পিপাসাতেও ঐকপ করে। তথন হধ দিলে আরও অপকার হয়। কাঁদলেই যথন তথন জনপান করিতে দেওরা ভাল নয়।

সে এই সকল উপদেশ অতি মনোযোগের সহিত শুনিল ও স্থাকৈ গিয়া ব্যাইয়া দিল। পরে আপনি পকেট বহিতে সব লিখিয়া নইল। যে কথা গুলি হই মিনিটে লেখা যায়, ভাহ। লিখিতে ভার আগদানী সময় লাগিল।

একটি লোক একটি চীনে ফুল আমাকে উপহার দিলেন, তার কতক গুলি পাণড়ী থরা ও অপরগুলি করিয়া যাইতেছে। অমন ফুল আবার কেহ কাহাকেও উপহার দেয়া জাহাজে বলিয়াই সাজিল। জাহাজে ত ফুল ফুটে না; আর হংকংও প্রকৃতিদত্ত ফুলের রাজা নয়। যাহা ফুটে, তাহা অতি কটে। কি চীনে, কি ইউরোপীয়ান, সকলেই এখানে ফুল ভাল বাসে। তাই ফুলের অসম্ভব দাম।

যে চীনেমানটি আমাকে ফুল উপহার দিয়াছিলেন তাঁর কাছে
মনেক গুলি চীনভাষায় লিখিত বই ছিল। যেমন হ'য়ে পাকে, তিনি
যেমন ফুলভাল বাসেন তেমনি বই ও ভাল বাসেন। বই গুলিকে
মতি যহকরে রেখেছেন। বই গুলির পাতার ভিতর ফলের পাপড়ী
দেওখাছিল। আমিও আমনি রাখি। ওই গানেই ফুল রাখিবার
উপস্কাভান বলিয়া মনে হয়।

ছোট পাতলা একপিট ছাপা কাগতে নিশ্বিত এই চীনে সই গুলি
দেবে আমার ইচ্ছা হ'তে লাগল দে গুলি নাথায় রাখি, বুকে করি।
নিজে বুঝিবার তো সাধা নাই! তবে জিঞাসা করিবঃ জানিলাম যে ঐ
সকল পুরকের মধ্যে একথানি চীন দেশীয় প্রবাদ এবং (Quotation)
উদ্ভ উক্তি সম্বদ্ধে পুক্ক ছিল। তাহার হ'একটীর ভাবু নীচে
উদ্ভ করিলাম। বাজালা সংস্কুত বা ইংরাজী ভাষায় কৃত্কটা ঐকপ
ভাবের বচন জানা আছে বলিবা, বেথানে সম্ভব তাহাও লিখিনাম।

"বিনর ও লক্ষানীলতা স্ত্রীলোকের কণ্ঠভূষণ স্বরূপ।" চীন দেনীর ' ক্রীলোককে যে ভাল করিয়া দেখিরাছে সেই এ কথার তথা বৃথিতে পারিবে! এমন স্বভাবস্থাত বিনর্মন্ত্র রুমণীক্রাতি পৃথিবীর স্থার কোথায়ও নাই।

আর একটী প্রবাদের এইরূপ অর্থ,—"অসমদ্বে অতিথি আসিলে সে শক্রর (তাতার) অপেক্ষাও কষ্টদায়ক হয়।" পূর্কেই বলিয়াছি যে, চীন দেশের লোক মোটেই অতিথি-পরায়ণ নহে; ভাই মরিলে ভাই কাঁদে না, অতি নিকট আন্থীদ্বের ভ্রবস্থার অর্থসাহা যা করে না। লোকে লোকারণা বলিয়া যে দেশে জীবিকা অর্জন অতি কষ্টসাধা, সে দেশে অতিথি-সংকার কিরূপে সন্থব হইতে পারে ৪

"নির্বাণদীপে কিমু তৈল দানম্।" প্রদীপ নিবিয়া গেলে আর তাহাতে তৈল দিয়া কি হইবে

ত্ একথার মর্মান্তিক তাংপর্যা প্রাচীন চীনেরা
র বৃথিয়াছিল।

আবার একটা প্রবাদে মা ছেলেকে স্প্রপদেশ দিতেছেন। উচার ভাব, ঠিক নিম্নোক সংগত লোকটার মত,—

> "সুনীলোভৰ ধৰ্মাত্মা মৈত্ৰী প্ৰাণিহিতে রত:। নিম্নগা যথাপ: প্ৰবন্যা পাত্ৰমা যাতি সম্পদ:াঁ।"

বড়ই সারগর্ভ ও সহপদেশ পূর্ণ নীতি কথা। পিতার কোলে উঠিতে পাইলেন না বলিরা অভিনানে বখন ধ্রুবের ঠোঁট ফুলিতেছিল, তখন তাহার মাতা তাহাকে বলিয়াছিলেন, "অচরিজ্ঞ হও, ধর্মপরারণ হও, সকল লোকের্জ্ঞ্জু-সকল জীবের মঙ্গল সাধন কর, তাহা হইলে জল বেমন সর্বাদ। নিম্নগামী হয়, সকল স্থখ-সম্পাদও উপযুক্ত বোধে তোমাতেই আসিবে।"

বাধিত-হাদরের উক্তি ঝার একটা লোকের ভাব কতকটা নিয়লিখিত লোকের ভার,— "চিরস্থীজন ভ্রমে কি কথন বাথিত বেদন বৃঞ্জিত পারে।

কি শৃতনা বিষে বুঝিবে সে কিসে কভ আশীবিষে দংশেনি যারে।"

কি আশ্রহাণ এই সকল নানা দেশের লোকের কার্য কলাপ দেখিরা আমার এতদিন মনে হইতেছিল যে, অবস্থা বিশেষে আমরা যে কাজ করি, ইহারাও সকলে ঠিক সেইরূপ করিরা থাকে। এখন দেখিলাম, লোকে সদরের ভাব ভাষায় কূটাইতে গেলেও ঠিক একই স্থারে সদরের উচ্ছাস বাহির হয়।

তার মধ্যে আর একথানি পুস্তকে দেখিলাম, পুস্তক উৎসর্গ করিবার স্থানে যাহাকে উৎসর্গ করা হইতেছে তাহার নামোল্লেখ নাই,— কেবল লেখা আছে, "চির আরাধা—তোমাকে।" যেন গভীর অন্ধরাগের স্রোত অন্তরে অন্তরে প্রবাহিত হচ্চে—যে কারণেই হোক মধ ফটে বলিবার যো নাই।

. আর একথানি পুস্তক কোন চীন মহিলা রচিত। চীন-লাপান বজে তাঁহার প্রণন্থীর মৃত্যু সংবাদ পেরে আক্ষেপ ক'রে লিখে ছিলেন। কোন তাবুক পাঠক নীল পেলিল দিয়ে তার অনেকগুলি ছত্তের নীচে নাগ দিয়াছেন দেখিলাম। একটা ছত্তের অর্থ সরল ভাষার এইরপ,—

"হে প্রিয়ক্তন ় তোমার মধুর স্থতি এ জনমে ভূলিবার নয়।" ঠিক যেন আমাদের বঙ্গ-সাহিতোর এই সর্ল উকিটীর মত,—

> "তৃমি যে দিবেছ দেথা পাষাণে তা আছে লেগা, সদত্ব ভাঙ্গিলে সে তো মুছিবার নয়।"

যথন সেই চীনেম্যান্টীর নিকট এইস্ব প্তক সহদ্ধে কথা কহিছে

ছিলাম, নীচেকার ডেকে একজন গরিব চীনেম্যান তথন অতি স্থমধুর বাবে বাশী বাজাইতেছিল। সকলে তাকে বিরে বসেছে। স্ত্রীলোকরা দ্রে থেকে তন্ময় হ'য়ে শুনছেন। সে বাড় বাকিয়ে বাশীতে ফুংকার দিয়ে কত রকমেরই স্থর বার কদ্বিল। বাশীর স্বর যেন কাদ-কাদ স্বরের মত। আর এত স্থপষ্ট, ঠিক যেন কে কার নাম ধ'রে ডাক্চে। তথন সন্ধ্যার আঁধার ঘিরে আসছিল। আর স্থদ্র আকাশের এক প্রান্থে একটি উজ্জন নক্ষর যেন দেহ ছাড়া আয়ার মত জ্লছিল।

একটি ভদ্রবংশীয়া ক্যাণ্টনবাসিনী রমণী একটি হুগ্নপোশ্ব শিশু লইরা একাকী যাইতেছিলেন। তাঁহার অঙ্গ ক্ষীণ ও মুখের ভাব অত্যক্ত মধুর। ছেলেটিকে নানা রংএর একথানি কাপড় দিয়া পিঠে বাধিয়া পরিকার পরিছেয় হইয়া তিনি ডেকের এক প্রান্তে থাকিতেন।ছেলেটির গারে একটু ময়লা বা মাটার দাগ দেখিতে পারিতেন না। এদিকে তাঁহার এত সাজসজ্জা, কিন্তু মনে বিলাসের লেশমাত্র নাই।লোকের দৃষ্টি আকর্ষণ করিবার প্রস্থাস কিছুমাত্র ছিল না। স্থসজ্জিতা অন্ত জাতীর স্ত্রীলোকে এরূপ প্রান্ত দেখা যায় না। যথন তাহার দিকে দেখিতাম, চোথ সহজে ফিরিত না। একদিন চেয়ে দেখছি এমন সময় নির্মাক চাহনীতে রমণী আমার স্থির দৃষ্টিকে তিরয়ার ক'রে যেন আমার ঘাড় হেট করে দিলেন। এইরূপে বিষম তিরয়ত হ'য়ে অন্ত দিকে চোথ ফিরিয়ের মনে মনেই বলিগাম—"টিলি! তোমায় দেখি নাই। যাহার "অনিন্দা-স্থলর-মধুর" ক্ষীণ গঠন তোমার গঠনেরই কতকটা সদৃল ছিল, যাহার ছায়া আর এ নশ্বর সংগারে পড়িবে না, তাঁহারই কথা ভাব্তে ভাব্তে তোমার দিকে চেয়েছিলাম।"

এবার একটি বিপত্নীক চীনেম্যানের কথা বলিরাই এ সুদীর্থ প্রবন্ধ শেষ করিব। হংকং হইতে যথন প্রথম জাহাজে উঠনেন তথনই তাঁহাকে শেখে আমার মনে হরেছিল যে তাঁহাতে নিশ্চরই কিছু বিশেষৰ আছে। অন্ত সকলের মত নয়; বেশভ্যায়— তীহার অনবহেলা, এবং দৃষ্টি্ শক্তময়।

এক দিনেই উহার মনের ভাব ও জীবনের ইতিহাস জানিলাম।
তিনি একজন মধাবিত্ব অবস্থার সঙ্গাগর। দেহ ক্ষীণ। বয়স ৩০।৩৫
বংসর মাত্র। দিতীর শ্রেণীর গাজী। সর্বাণ লোকের জনতা ছেড়ে
একা একধারে ব'সে থাকতেন। কাহারও সহিত মিশা নাই—কাহারও
সহিত কথা নাই; কেবল অসীম সমুদ্র ও জনন্ত নীল আকাশের দিকে
চেয়ে সময় কাটাতেন; কেবল একটি পরিচিত সমবয়য় চীনেমানের
সহিত কথন কথন মনের কথা কহিতেন মাত্র। সে কথার ভাব,
চোথের জল ছাডা কারারই রূপাস্তর।

আজ এই বংসর হলো তাঁর স্থী-বিরোগ হরেছে। আঠার দিনের
একটিমাত্র শিশু কলা রেখে তিনি চ'লে গেছেন। মাতৃহীনা মেরেটিকে
তিনি মার নামেই ডাকেন। প্রথম প্রসবের পরই তাঁহার মৃত্যু ঘটে।
কত ডাকার দেখিয়েছিলেন, কিছু হয় নাই। তবু এখনও কেবলই
বলেন—"যদি এ চিকিংসা নাক'রে অল্ল চিকিংসা ক'রতাম হয়তো
তিনি ভাল হতেন।"

্জীবনে থেন বিষম বিপ্লব ঘ'টেছে ইংজ্পারে মত চারিদিক শৃক্ত হ'লে গেছে। হাত থেকে জুমাল উড়ে গেলে কুড়াইরা লইতেন না। রৃষ্টি পড়িলে যথাসমত্রে সরিলা বসিতেন না। থাবার ঘণ্টা পড়িলেও থেতে যেতেন না। অস্তরে এমন দারুণ বাণা লেগেছে যে—সে কথা, সে প্রসৃত্ত, একবার তুল্লে হয়—অমনি সবাকার সামনেই ছেলে মাস্থ্যের মত আকুল হ'লে কাঁদেন।

ঘড়ির চেনে হাতীর দাতে আঁকা একথানি ছোট রমণী মৃত্তি তার বুকে ঝুলান। ছবির অজ প্রতাজগুলি ছোট ছোট কুল ফুলের মত। আবার ত্যার-ধ্বল রংটি খেত-ক্রবী ও লোণ পুলোর মত দাদা।

अधम अधार ।

সাত দিনের দিন প্রাতে হংকং বন্দরে প্রবেশ করিলাম। বাহির দিক্থেকে দেখিতে এমন স্থানর দেশ আমি কথন কোথায়ও দেখি নাই। সমুজ ভেদ ক'রে পাহাড় উঠেছে; সহরটি সেই পাহাড়ের উপর প্রতিষ্ঠিত। পাহাড়টি ১৭০০ ফিটেরও বেশী উচু। সমুজজালের ধার হইতে হারে হারে মতিমুদ্ধ বাড়ী গুলি যেন উপরে
উপরে সাজান র'রেছে। সে দুখা বর্ণনায় ব্যান যায় না,—চ'গে না
দেখ্লে অহুমান করা অসম্ভব।

্ঠিক সমূদ্রের উপক্লেই প্রস্তর নিশ্মিত চওছা রাস্তা। তার উপরেই সারি সারি,—ঠিক একরকম দেখ্তে, চারিতলা বাড়ী। দূর হ'তে দেখতে ঠিক যেন ছোট পায়রার খোপের মত। মনে হয়, যেন সমূত-জলের উপর হইতেই গাথিয়া তোলা। তার গারে নীল বর্ণের চীনে হরফে নানা কথা লেখা মাছে। এ সকল স্থান পাহাড়েরই রাজত্ব, পাতরের দেশ; পথ, ঘাট, ঘর বাড়ী সবই পাতরে বাধান। বন্দরে গভীর জল। অথচ উপক্লে সিঙ্গাপুরের মত একটিও জেটি নাই। এত ঘন বসতির দেশে জাহাছ কিনারার লাগিলে সমুদ্র-তীরে দোকান গুলিতে তিষ্ঠান দায়; আরে অত গভীর জলে জেটীই বা তৈয়ার হবে কেমন ক'রে গুলেই জক্ত এখানে জাহাছ দূরে নঙর করে এবং বড় বড় চীনে বজরা ও জাকের সাহাযো মোট-ঘাট নাবান উঠান হয়। শ্রমদক্ষ চীনে কুলির সাহাযো তাহা গুরুতর কাজ ব'লেই মনে হয় না। মনায়াদে ও মতি অয় সমরে রাশি রাশি মাল বোকাই হ'বে যায়। যাত্রীকের নামিতে উঠিতেও নৌকার আযুক্তর। কিছু এ সক্র

নৌকা সাম্পানের মত নয় এবং তাহাদের গঠনপ্রণালীও অস্তরূপ;
সাম্পান অপেকা আয়তনেও অনেক বড়। সাদা সাদা একরপ হাল্কা
কাঠ দিয়া অতি নিপুশতার সহিত গঠিত ও অতি স্কেশণেল পরিচালিত।
ইহার 'ছ্আী' আছে এবং পিছনে একটী হা'ল ও বিসয়া বিসয়া অনেকগুলি
দাড় টানিবার বাবস্থা আছে। পাল উঠাইবার এবং নামাইবায় বাবস্থা
অতি স্কর; পালগুলি মাছরের, ক্যাম্বিসের নয়। এত তাড়াভাড়ি
ইহা চলা-কেরা করে বে, পালের সাহায্য অনবরতই লইতে হয়। পাল
সর্কান তোলাই আছে,—তা যে দিকেই হাওয়া হোক না কেন। হাল্কা
নৌকাথানি পাল ও দাড়ের সাহায্যে তীরের মত ছুটে। বায়ুভরে এক
একবার বিষম কাৎ হয়; কিন্তু নৌকা এত হাল্কা যে, ডুবিবার
কোন ভয় নাই। আর সেই সময় নৌকায় সমুদ্রের টেউ লাগিয়া
অতি মধুর কল-কল্পদ হয়।

জাহাজ থামিবামাত্র অভিশয় বাস্তভার সহিত শত শত নৌকা,
গাল্লী নামাবার জন্ত জাহাজের চারি দিকে আসিয়া থিরিল। চাহিয়া
দেখি, প্রায় সকল নৌকাই চীনে স্নীলোকের নারা পরিচালিত। হা'ল
পরিয়াছে স্নীলোক, দাড় টানিতেছে স্নীলোকে। এমন দৃশ্ত পূর্বেক
ক্থন দেখি নাই, কথন শুনিও নাই। বাধীনভাবে, সানলচিত্তে
নৌকায় দিবারাত্র বাস হেতু স্বাস্থ্যের যে এতটা প্রকুলতা জ্বাত্বে, তা
তাদের প্রত্যেক অলে,—প্রত্যেক হাব-ভাবে জানা গায়। নীল
পোষাকের উপর সাদ। রঙের পূর্ণ বিকাশ—ঠিক যেন ছবির মত
দেখার। প্রাতঃকালীন স্থা-রশ্বি সেই সকল মুবের উপর পড়িয়া
ক্ষা সরোবরে শ্রেণীবদ্ধ প্রাকৃতি পদ্ম কুলের স্থার দেধাইতে লাগিল।
মামি যত দিন হংকং বলরে ছিলাম, প্রতিদিনই প্রস্থাতে হ'ত।

तोकात जाता मश्तिवादत वाम करता वामी, ती, भूख, कक्का

সকলে একত্র থাকিয়া, একত্র কাজ করিয়া, সংসার-যাত্রা নির্বাহ করে। এই নৌকাতেই তাদের জন্ম, তাদের বিবাহ, বংশ বৃদ্ধি ও মৃত্যু। কত পুরুষ ধরিয়া একপ চলিতেছে। জ্বমির উপর তাদের থাকবার ঠাই নাই,—দেশে এত লোকারণ্য, এত স্থানাভাব। চীন দেশে একপ নৌকার ঘর-বাড়ী অনেক আছে। এক হংকং সহরেই চারি লক্ষ লোকের মধ্যে বিশ হাজার লোক এইকপ জলে বাস করে। ক্যাণ্টনে আরও অধিক। শ্রাম রাজ্যের রাজধানী বেংকক্ সহরেও একপ অনেক আছে এবং আমাদের ভারতবর্ষে কাশ্মীর দেশেও একপ অনেক দেখা য়ায়।

এক একটা নৌকা ছেলে-পিলেয় ভর্তি। তারাও মা-বাপকে সাহায্য করে। কোন প্রীলোক হয়ত পিছনে হা'ল ধরিয়াছে,—তার পিঠে একটা কচি ছেলে বাধা। অস্তান্ত ছোট বড় ছেলেমেয়েগুলি লগী কেলে, দাঁড় বেয়ে তার সাহায্য করিতেছে। কাজে সাহায়্য হবে ব'লে সকল চীনে মাঝিই বিয়ে করে। এত শীঘ্র শীদ্র তাদের ছেলে পিলে হয় যে, মনে হয়, এক বছর, দেড় বছর মাত্র ছেলেমেয়েগ্রুলি সব পিঠেপিঠি হ'য়েছে। একথানি ছোট বোটে চৌত্রিশ বংসর বয়য় একটি তীনেমাানের নয়টী সস্তান দেখিলাম। আমাকেও হারি-য়েছে। অনবরত সমুদ্রের হাওয়া থেয়ে সকলেরই শরীর বেশ স্কুছ।

পাছে জলে ডুবে যায়, এই আশছায় অনেক ছেলের গলায় একটা ঝুড়ির মত হাল্কা জিনিম বাধা থাকে। জলে প'ড়ে গেলেও মাঝা ভাসতে থাকবে ব'লে এরূপ করা হয়। সেইটুকু নৌকার ভিতর অনেকের রন্ধনাদি করিবায়ও বাবয়া আছে। একটা ছোট খাঁচাতে মুগী বা হাঁস পোষা আছে,—তারা ডিম দেয়। অনেকে আবার ছিরিওয়ালাদের কাছ থেকে ভাত তরকারী ইত্যাদি কিনে খায়, লিজেরা বাঁধে না।

চীন ফিরিওয়ালার দেশ। লোকেরা নিজ নিজ কাজ নিরেই ব্যস্ত,—আহারাদি বা অন্ত আবশুকীর কাজের বিষয় তাহাদিগকে কিছুই ভাবতে হয় না। ফিরিওয়ালারাই সব যোগার; ভাতও ফিরি ক'রে বিক্রি হয়। চীনে স্ত্রীলোক জামা-কাপড় রীপু ক'রে বেড়ার ও অন্ত ফিরিওয়ালা আফিম, চা ও চুকট বেচে যায়।

এ অঞ্চলের অধিকাংশ লোকই অন্ন-বিস্তর ইংরাজী জানে। ভাঙ্গা ভাঙ্গা ইংরাজী, থোঁনা স্বরে কহিয়া ইহারা নেহাং আবশুকীয় মনের ভাবগুলি প্রকাশ করে। পৃথিবীর পূর্ব্ব-অঞ্চলের বাণিছান্থান মাত্তেরই সাধারণ ভাষা ইংরাজী। ভনেছি নাকি ভূমধ্য সাগরের আশে পাশে সকল স্থানেই ফরাসী ভাষাই চলতি। দক্ষিণ আমেরিকার দেইরূপ স্পেনিস্ভাষাই প্রচলিত। এরূপ ভাঙ্গা ভাঙ্গা থোনা ইংরাজীর নাম "পিজন ইংলিদ্"। তার না আছে ব্যাকরণের ঠিক, না আছে উচ্চারণের ঠিক.—কোনরূপে মনের ভাব প্রকাশ করা মাত্র। ভাষা-শান্ত্রে স্থপতিত মরিদ্ সাহেব তাঁহার "ভাষা-বিজ্ঞানা নামক পুরুকে বলিয়াছেন যে, ভবিষাতে এই পিজন ইংলিসই জগতের ভাষা হ'য়ে দীড়াবে। একথাও অসম্ভব বোধ হয় না। এ অঞ্চলের যেখানে গেলাম, তথাকার অধিবাসীরা,--অজ্ঞই হোক আর বিজ্ঞাই হোক. অন্ন-বিত্তর পিজন ইংলিদ জানে: রাজাবিতার ও বাশিজাবিতারের সঙ্গে সঙ্গে এই ভাষাই পুথিবীর ভাষা হইবে। ফরাসী ভাষার এতদিন যেরপ প্রাধান্ত ছিল, কালক্রমে ইংরাজীই তাহা অধিকার कत्रिया

পূর্ব্বাক্ত নৌকার লোকেরাও এইরপ ইংরাজী ভাষার দর-দর্বর করে। পিজন ইংলিক্রের ছ'একটা উদাহরণ দিলে পাঠক বেশ ব্বতে পারবেন। একদিন নৌকা-ভাড়া দেবার কর্ম আমার কাছে কিছু ভাজান ছিল না। স্বতরাং নৌ-সিম্বিনীকে জ্ঞাসা করিলান,—

"ডলারের চেঞ্জ (ভার্মানি) আছে ?" স্ত্রীলোকটা বলিল,—"Dollar ine not got" অর্থাৎ,—"ডলারের ভাঙ্মানি আমার নাই।" আর এক দিন হংকং সহর দেখে ফির্তে অনেক রাত্রি হ'রেছিল। "সাম্পান" "সাম্পান" ক'রে হাঁক দিলাম,—একজন স্ত্রীলোক নৌকা নিয়ে এল। অত অন্ধকার রাতে অতগুলি জাহান্দের মধ্যে ঠিক আমার জাহাজখানি খুঁজে নেওয়। বড় সোজা কথা নয়। স্ত্রীলোকটা আমাকে জিজ্ঞাসা করিল,—"সিপ্" ? অর্থাৎ—বে জাহাজে আমি যাইতে চাই তার নাম কি ? আমি বলিলাম,—"পালামকোটা।"

শ্বীলোক। পালামকোটা,—ইংলিদ দিপ্ অর্থাৎ,—ইংরাজের জাহাজ কি ?

আমি। হা—ইংলিস সিপ্।

ন্ত্ৰীলোক। Two masts অৰ্থাৎ, - তার কি ছইটী মাস্তল আছে ? আমি। ইা, Iwo masts

দ্বীলোক। From Singapore ? অর্থাৎ - সিক্লাপুর থেকে আস্ছেকি ?

আমি। ঠা, From Singapore.

দ্বীলোক। To Amoy tomorrow? অৰ্থাৎ,—কাল কি এময় যাবে ?

স্থামি। হাঁ, কাল এময় যাবে।

এই সকল প্রশ্নের উত্তর পেরে সেই চতুরা মেয়ে মাঝি এত জাহাজের মাঝে আমাকে ঠিক জাহাজে পৌছিরে দিল।

নৌকার বসিরা ইতস্তত: দেখতে দেখতে দেখলাম বে সে একাই হাল ধ'রেছে, পালও তুলেছে। তাকে আবার কেউ সাহায্য ক'রবার নাই। ছোট ছোট ছোল গুলি ছুলীর ভিতর ঘেঁবাঘেৰি করে এ ওর গালে পা তুলে দিবে ঘুমাচে। ছুই তিন মাসের একটি ছোট মেয়ে একধারে শুয়ে রয়েছে। মায়ের ঝৢয়ৢ তার পাশেই একটু
য়তি অপপ্রশন্ত শুইবার সাই।

বিশ্বিত হ'ষে জিজাসা কর্লাম, "তোমার স্বামী কোথা?" ব্রীলোকটা বলিল,—"তিন মাস হ'ল মারা গিয়েছেন; তথন এই মেয়েটি স্থামার পেটে।" বল্তে বল্তে তার যেন সব স্বতীত কথা স্পষ্ট মনে জেগে উঠল; গলার স্বর বাস্প-গণগদ হ'ল। স্ক্রকারে যেন এক ফোঁটা পবিত্র চক্ষুজল চোথে মুক্তার মত দেখা দিল। কি ক'রবে। উপর হুইতে কেড়ে নিয়েছেন, উপায় ত নাই; তারই ছোট ছোট প্রতিমৃত্তিগুলিকে দেখে সে কোনজপে দিন শুজ্রান করে। যার শ্রীরে স্বাস্থ্য স্থাছে, উচ্চ স্থাশা ত্যাগ করিতে পারিলে তার স্বাবার ভাবন। কিসের হু জাহাজে পৌছলে পর ৩০ সেণ্টের পরিবর্ধে স্থামি তাকে কিছু বেশী দিলাম। নির্কাক ক্রত্ত্বতা যে কাকে বলে সেই দিন স্থামি প্রথম দেখলাম।

চীন দেশে মেয়ে-পুক্ষে দিন নাই রাত নাই সর্পক্ষণই থাটে। কথনও কথনও বা শিশুটিকে পিঠ থেকে নামিয়ে কোলে নিয়ে মাই শেষ ও ভয়ে ভয়ে এবং সলজ্জ দৃষ্টিতে চারিদিকে চেয়ে দেখে, কেউ তার দিকে চেরে দেখছে কি না। চীনেম্যানরা তাকায় না, সভা দেশের লোকেরা তাকায়।

চীনে বোটওরালীর কথা বল্তে গিয়ে এতথানি হইল, তার কারণ, আমি চীনেমান সহকে যা কিছু দেপেছি, তা আমার বড় বিশ্বরকর ব'লে মনে হ'রেছে। কলিকাতা হ'তে এত পথ গিয়াছিলাম কেবল দেশে চীনেমান দেপব ব'লে। এফ ও মালয় দেশ আমার তত ভাল লাগে নাই। তাদের সম্পদ্ধ বেশা কিছু জানিও নাই। কিছু চীনদেশ ও চীনেমানের কার্যাকলাপ আমি পুআয়ুপু্মারপুণ্য বিশ্ব প্রত্বেক্ষণ করিবাছি।

এই সকল চীনে ব্ডুবজরা ও কিন্তী নৌকা (জাছ) ও সাম্পান ইছাড়া বন্দরে বিতর অর্গবপোত ও দেখ্লাম। নানা দেশের ছোট বড় নানা আকারের অর্গবপোত নানা রকমের নিশান উড়িয়ে গতায়াত করিতেছে। তার মধ্যে অনেক গুলিতেই "ড্রাগন" আঁকা নিশান উড়িতেছে। ইংলণ্ডের যেমন "ইউনিয়ন জাক," চীন রাজ্যের তেমনি "ড্রাগন" –িগরণিটির মত এক রকম জানোয়ার অকিত নিশান। লাল কালো হল্দে রঙে ড্রাগন আঁকা,—দেধলে মনে হয় যেন যথাওঁই হা ক'রে কামড়াতে আস্ছে। চীনরাজা নিকটে ব'লে সকল জাতিই এথানে চীনে নিশান উড়ায়। এই সকল জাহাজের মধ্যে অনেকগুলিই রণ্ডেরী,—মানোয়ারী জাহাজ ও কুজার জাতীয় জাহাজ দিনের মধ্যে



द्वरहरू

দশ পোনের থানি যাতায়াত করে। তাহাদের
সম্ভাষণার্থ হংকংএর নিকটস্থ
কাউলন কেলা হইতে অহরহ তোপধ্বনি শুনা যায়।
চীন সমুদ্রে গিয়া অবধি
আমার সর্ব্বদাই ক্ষ-জাপান
যুদ্ধের কথা মনে হ'ত।
সকল সভা দেশেরই রণতরী, পাছে কোন গোলমাল উঠে এই আশ্বার,
সদাই যুদ্ধার্থ স্থসজ্জ্ত
আছে। জাহাজের সকল
লোকের মুথেই ক্ষৰ-জাপান
যুদ্ধের কথা।

সকল জাতিরই জাপানের দিকে টান। এমন কি একটী বৃদ্ধ ফরাসী সওদাগরেরও দেখলাম জাপানের প্রতি সহায়ভৃতি। তির্নি আতি সরলভাবে ব'লতেন,—"যেমন একটা বড় লোকের সঙ্গে একটি ছোট ছেলের কুন্তী হ'লে সকলেরই ছেলেটার দিকে টান হয়, ভেমনি সকল লোকেরই জাপানের জন্ত সহায়ভৃতি স্বাভাবিক। তবে জাপান যথন বড় বড় যুদ্ধে জিতবে, তথন আবার অনেক ইউরোপীয়ানের চোথ টাটাবে। এসিয়াবাসীর কাছে ইউরোপের পরাস্ত হওয়া বড় অপমানের কথা। বিজিত অন্তান্ত এসিয়াবাসীর তাতে চোথ ফুট্বে।ইংলতের জাপানপক্ষ সমর্থন কেবল মৌথিক মাত্র। স্বার্থ আছে ব'লেই ইংলও এরুপ করিতেছে। জাপানের ছর্দ্দিনে ইংলও কথনও সাহায্যার্থ অগ্রসর হবে না। জাপান হারিলে জাপানের অতিইই লোপ পাইবে। আর এখন জাপান যতই জিতুক, শেষে তাকে হারিতেই হ'বে—যদি ক্রিয়ার ঘরোরা গোগমাল না বাধে।" •

প্রতি বন্দরেই জাহাজের জন্ত সংবাদপত্র লওয়া হইত, তাহা হইতে যুদ্ধের অনেক থবর পাইতান। এইতো ভীষণ চীন সমূদ্ধ, জাশানের দিকে আরও ভীষণতর। টর্পেডোর আধাতে ও গোলার চোটে যথন জাহাজগুলি চূর্ণ-বিচূর্গ হইয়া সমূদ্রগর্ভে প্রবেশ করে, তথন কত শত লোক এক নিমেষের মধ্যে বিনত্ত হয়। চুবে মরা, পুড়ে মরা, বস্ব-সেলের আঘাতে অক্সপ্রতাক থও বিধণ্ড হ'য়ে মরা, কি ভীষণ-যম্মণালয়ক। ঐকপ বাাপারই সেধানে দিবানিশি ঘটিতেছে; আজীক-

এই প্রবন্ধ দেখার পর ক্ষ-ল্লাপান-বৃদ্ধ থামিলাছে। আদিব রাজ্যের প্রেসিডেট কলতেটের আরিবিক চেটার উভর লাতির মধ্যে সন্ধি-বৃদ্ধন বইলাছে। এই বৃদ্ধে লগান পৃথিবীতে কিন্তুপ গৌরব, কিন্তুপ প্রতিভালাভ কারবাছের, তাহা কালারও আহিছিত নাই। ক্রিয়ার মরোলানিবার এখনও মিটে নাই। এ ব্যক্তেরে সম্বাহিতী বর্ণনা করা আমাধ্যের উদ্বেজ নহে।—দেশক।

বজনের কুশণ-কামনা, বার্থ ক'রে অসংথ্য মানব, পতজের মত প্রাণঃ বিস্কলন দিতেতে।

এদিকে যেমন হংকং খীপ, অপরদিকে অনতিদ্বে চীন-সমাটের শাসনাধীন চীন দেশ অবস্থিত। তুটী এত নিকট নিকট ষে, গোলা-শুলি মারিলে তাহা হংকং খীপ হইতে তথায় গৌছায়। অনেক নৌকা স্থীমার ও জাহাজ অনবরত হংকং হইতে তথায় যাতায়াত করিতেছে। তার মধ্যে একটী স্থান ক্যাণ্টন।

চীনরাজার দক্ষিণ অংশে যত নগর আছে, তার মধ্যে ক্যাণ্টন সর্কপেক্ষা বড় সহর, স্বনাম-প্রসিদ্ধ একটা নদীর তীরে অবস্থিত। হংকং হইতে আমেরিকান কোম্পানীর জাহান্ধ দিনে ছ'থানি সেথানে বার আসে এবং বারো ঘণ্টার হংকং হইতে ক্যাণ্টনে গিরা পৌছার। পূর্দেই বনিয়ছি এ সকল অঞ্চলে আমেরিকানদের কান্ধ কারবারই বেণা। সেইরূপ নিকটবর্ত্তী আরও অনেক স্থানে তাদেরই জাহান্ধ্য আরাত করে। ক্যাণ্টন যাইবার জাহান্ধ্য প্রসিপ্ । সেইবানকার কলে নানা রক্ষের মাছ জীয়াইয়া আনা হয়। জাহান্ধ্যের অঞ্চান্থ তালা চীনে বাজাতে পরিপূর্ণ। জাহান্ধে অবস্থিতিকালে চীনে বাজীদিগকে একটা প্রশন্ত কামরায় তালা চাবি দিয়া রাধা হয়। এরুপ করার কারণ, পূর্বের চীনদেশে বোধেটে দল্লার সংখ্যা অতিশন্ধ বেশীছিল। তাহারা যাত্রী সাজিয়া জাহান্ধে উঠিত এবং জাহান্ধের সকলকে হত্যা করিয়া তাহান্ধের সর্ব্যে অপহরণ করিত। তাই সকল যাত্রী-দিগকেই আবন্ধ করিয়া রাধা হয়।

ক্যাণ্টনের মত বহু লোক-পূর্ণ সংর আর কোণাও নাই। সহরটি আয়তনে ধুব বড় নহে, অথচ তথার ত্রিশ লক্ষ লোকের বাস। কলিকাতার দশ লক্ষ লোকের বাস। নদীর উপর বোটে বাস করে, এনন লোকের সংখা পাঁচ লক। নদীমধ্যস্থ এক বিদেশীদের আদ্রা। সেথানে যাইবার সাঁকোর পথে সুর্বাদা প্রাইরিগণ পাহারা। দিয় থাকে। পুর্বেই বলিয়াছি, বিদেশে দ্বীপই সর্বাপেকা নিরাপদ হান। কারণ দেখিতে যতই ভাল মাসুষ হউক, নিজদেশে বিদেশীকে অসহ্যে পাইলে চীনেম্যানরা ভাহার প্রতি বড়ই অভ্যাচার করে। এখানে আফিম্ বিজ্যের কোনও মানা নাই বলিয়া, আফিম্সেবী চীনেম্যানেরা কাপড় ভোরঙ প্রভৃতির ভিতর করিয়া এখান হইতে লুকাইয়া হংকংএ আফিম্ লইয়া যায়। সেই কারণে হংকংএ জাহাছ ৌছিলেই শিথ পুলিস আসিয়া চীনে যাত্রীদের কাপড় ও বাজের ভিতর আফিম আছে কিনা ভাহার তদস্ত করে।

জাহাজ নওর করিয়া সিঁড়ি ফেলিবামাত্র অসংখ্য ফিরিওয়ালারা আদিয়া জাহাজে উঠিল। তারমধ্যে অনেকেই থাদ্য দ্রবের ব্যাপারী। বড় বড় বাকে করিয়া রাধা ভাত মাছ তরকারী প্রভৃতি আনিয়া, তাহারা দোকান খুলিয়া বিদল। জাহাজে বিসমাই চীনে যাত্রী তাহাদের নিকট হইতে রাধা ভাত তরকারী কিনিয়া থাইতে লাগিল। চীনেমানের আহারের কথা বিশৃত করিয়া বলা আবশুক; অশুপ্রক্ষে তাহা-বলিব।

इंक् ।


[বিভীয় প্রস্তাব।]

ক্ষাক্ষ নঙর করিলেই যে তথনি নামা যার, তাহা নহে। ডেকের চারিদিক কাঁধের সমান উচু মোটা কাঠের পাঁচিরে ঘেরা। এইটি খুলিতে হয়। ডেক হইতে জল প্রায় ১০ কি ১২ হাত নীচে। সেখানে নামিবার জন্ম সিঁড়ি ফেলিতে হয়। এ সব ঠিক হইলেও প্রথম অবস্থার যাত্রীয় এত ভিড় হয় যে, তাহার ভিতর দিয়া যাতায়াত করা ছঃসাধা। ইত্যবসরে অসংখা ফিরিওয়ালা নানাপ্রকার বিক্রারের দ্বা লইরঃ জাহালে বেচিতে আগে। আহারের দ্বাই তার মধ্যে সর্ম প্রধান।

বড় বড় বাঁকে করিয়া ভাত, তরকারী, মাছ, মাংস ইতাদি নানারকন রাঁধা দ্রবাদি আনিয়া ফিরিওয়ালার। ছাহাছের আন্দে পাশে দোকান খুলিয়া বসে। ছিনিষগুলি এমন স্থকোশলে সাজান হে, রাশি রাশি দ্রবাদি থাকিলেও একটী পড়ে না বা ভাঙ্গে না,—বাহির করিয়া লইতে বা রাথিতে কোন অস্ত্রবিধা হয় না । ফিরিওয়ালাদের ভারেই উনান আছে। গরম থাকিবে বলিয়া সেই সব উনানে দ্রবাগুলি বসান থাকে। সব থাবারই গরম পাওয়া যায়।

নিজে অমিমান্দো ভূগি ব'লে পরে কি থার, কেমন ক'রে থার ও কিরূপ হলম করে এ সংবাদ লইতে বড়ই ইজ্ছা হয়। তাই অনিমেং-নয়নে চীনেম্যানদের খাওয়া দেখিতাম।

তাহার। কথনও আহারের সময় উত্তীপ হ'তে দের না; শত কাজ থাকিলেও যথাসমরে থাইবেই থাইবে। গ্রম জিনিব ভিন্ন কথনও ঠাও: জিনিব তাহার। থার না। কথনও হাত দিরে থার না। "চপ সীক্" নামক এক প্রকার কাঠি আছে, তাহাই ডান প্রতের অসুদির ছই দাকে তইটা ধরিয়া তথারাই আহারীয় প্রবাদি অতি দক্ষতার সহিত "
উঠাইয়া থায়। পূর্বেই বলিয়াছি, তাহাদের প্রধান আহার ভাত ও
মাছ। মাঝথানে একটা বড় পাত্রে করিয়া ভাত রাধা হয়। পাত্রের



চতু:পার্লে কাঠের
থালার উপর কাচকরার বাটাতে তরকারা সাজান থাকে।
সকলে চতুদ্দিকে
বিরিয়া বসে। প্রত্যেকে এক একটা
ছোট পেয়ালা করিয়া ভাত গইমা বাম
হাতে করিয়া মুথের
কাছে ধরে ও ডান
হাতের কটি। দিয়া
অধ্য আর ভাত মুখের

চানের ভোজনপাত্র।

মনো উঠাইয়া দেয়; আর মধ্যে মধ্যে এইজপে তরকারীর বাটী
ইইতেও তরকারী উঠাইয়া লইয়া মুখে দেয়। ছিব্ছে বা মাছের
কাঁট ঐ কঠি দিয়া মুখ হইতে বাহির করিয়া লইয়া নহুথে এক জায়গায় জয়া করে। এত দক্ষতার সহিত তাহারা কাঠি চটী চালনা
করে যে, একটী ভাত বা একটু তরকারী লাইয়া থাকে। বিজ্ঞোতাও
মধ্যে মধ্যে আপনার দ্রবা হইতে উঠাইয়া লইয়া থায়। এক সজে
পায় ও বেচে। "সক্টী" বলিয়া কোনও বিচার নাই। থেছে

মাঁচার না ও মলংলাগের পর জলশোঁচ করে না, কাগজ বাবহার করে। জল বাবহারে বড়ই নারাজ। এক পেয়ালা রাঁধা ভাত ও চার রকম তরকারীর মূলা ২ দেউ, অর্থাং ত্রপয়সা মাতা। এইরূপ ছট পেয়ালামাত্র ভাত পাইলেই তাহার এক বেলার খোরাক হয়। তারা তিন বেলা থায়, — সকাল ৮টা ত্রপুর ১টা ও সক্ষা ৬টা। থাবার পরিনণ ধরিলে, আমরা ছইবারে যত থাই তদপেকা তাহারা অনেক কম থায়ণ

হীনেন্যানদের **হজ্মশক্তি এত সতেজ থাকে তার অনেক ক**রেণ আছে। কাঠি দিয়া অল্ল অল্ল ভাত উঠাইয়া থায় বলিয়া আতে আতে বেশ চিবাইয়া থাওয়া হয়। থেতে বদে তারা কথনও জল থায় না। ঠাণ্ডা সরবং প্রভৃতি জিনিষ কখনও খায় না। মাঝে মাঝে ছোট পেয়ালায় ক'রে ছধ চিনি বিহীন সব্জে চাসিত্র খায়; একতের বসিয়া খাইতে খাইতে নানা গল্প করে। পরিমাণে অল্ল খায়। আন্তে আন্তে অনেক কণ ধরিয়া থায়। যথেষ্ট কায়িক পরিশ্রম করে। ধনী হইলেও বসিয়া ভুইয়া সময় কাটায় না। অহা কিছু করিবার না থাকিলে জুয়া থেলে। লেখা পড়ার সহিত বড় একটা সম্বন্ধ নাই। সদা সমুদ্র চিত্রে মনের আনন্দ লইয়াই আছে। সকল শ্রান্তি, সকল ব্যথা আফিম সেবনে ভূড়ায়। **এই সকল নানা কারণে যা খার তাই স্থত্তম হয়, দেহও খুব স্ত ও** সবল থাকে। আজ কাল যে আমাদের দেশে দেশভদ্ধ লোক ডিসপেপ-সিয়ায় (অপ্লিমান্দা রোগে) ভূগ্চে, তার একটি প্রধান কারণ তাড়া-তাড়ি থাওয়া। পাচ পাচটি আকুলের সাহায্যে, আফিস কুল যাইবার ব্যস্তব্য, ভালরূপে না চিবাইয়া তাড়াতাড়ি আহার সেরে ফেলা অনুচিত। আমাদের মধ্যে পাওরা-দাওরা একটা অবহেলার কাছ ্রুইয়া পাড়াইয়াছে। চীনেম্যানদের কিন্তু থাওয়াটাই সর্বাপেক। প্রধান কাজ।

তবে তারা ধার যা তা। সে সব থাছের কথা ভাবিলেও বনি

আনে। অতি জঘশ্য দ্রব্যাদি,—যাহা সকল দেপ্রের সকল লোকের হের, চীনেম্যানরা তাহা আদরের সহিত খ্যুস। যদিও তেলাপোকা ° পাওয়া দেখি নাই, কুমিজাতীয় একরূপ পোকা পাওয়া স্বচকে দেখি-য়াছি: অতি উপাদের খান্ত বলিয়া তার জন্ত আলাহিদা বেশী দাম দিতে হয়। ছোট ইন্দুর, বড় ইন্দুর ভাজা দোকানে দোকানে টাঙ্গান থাকে। পাথীর মধ্যে হাঁদ ইহাদের বড় প্রিয় খাছ। স্বধু পালক ও নাড়ি-ভুঁড়ি বাদে পাল্লের নথ হইতে মুখের ঠোঁট অবধি রাখিয়া আজ ভাজা হয়। চতুম্পদের মধ্যে পাঠা, ভেড়া প্রভৃতি উপাদেয় মাংস থাকিতে ইহার। শুকরমাংসই সর্বাপেক্ষা প্রিয় বলিয়া মনে করে। তারমধ্যে আবার স্কাপেক। স্লম্বাত অংশ নাসিকার অগ্রভাগ্টক। জীব জন্তুর নাজী ভঁডির ভিতর হইতে বিষ্ঠাদি সাফ করিয়া তার ভিতর ণোড়া মাংস পুরিয়া ভাজা অতি উপাদেয় খাছা। আর চর্কি ও রক দিয়া এক প্রকার ঝোল প্রস্তুত হয়। তাতেই ডবিয়ে এই সকল মাংস খাইতে তারা আরও ভালবাদে। আমার নিজের দদিও খাওয়া দাওয়া সম্বন্ধে বড় ঘুণা নাই, তবু আমারও এ সব কথা মনে হলে ছির-সমূদ্রে মমেদ্র-পীড়া হবার উপক্রম হতে। কিন্তু এরা যেরপ পরিকার পরিজ্ঞান ভাবে পায়, তা দেখলে এত জগন্ত জিনিষ খাওয়ার যে বিকটঃ তাং: কতক পরিমাণে ক'মে **যার**।

স্থীনাবের উপরেই কিরিওরালাদের নিকট বসিলা চীনেম্যানবা
কিরপে ধাইতে লাগিল, এখানে সেই বর্ণনাই করিলাম। নিজ নিজ
বাড়ীতে ও হোটেল প্রভৃতি স্থানে যেরপে আহার করে, তাহাও
অনেকটা প্রক্রপ। সচরাচর তারা চেলারে বা টুলে বসিলা কাজ
করে ও টেবিলে খাল। অনজোপাল না হইলে কথনও মাটীতে উর্
ইইলা বসিলা আহার করে না এবং কাজও করে না। জাপানীলা
কিন্ধ আমাদের মত মাটীতে বসিলা আহার করিতে ভালবাসে এবং

মাটীতে বদিলা কহি করারও পক্ষপাতা। তবে আমাদের মত বঙে 'না,– ইটি পাতিলা ক্যার মত বদে।

এই থানেই চীনে হোটেলের কথা বলিয়া রাখি। হংকং সংরে চীনেদের একটা হোটেলে আমি গিয়ছিলান। সেখানে আনেক ্তন জিনিষ এবং নৃতন প্রথা দেখিলাম। চীনে হোটেল গলি-ঘুজিতে। আমি যে হোটেলের কথা বল্চি, এ হোটেলটা খুব বড়; সহরের মধ্যে জনতাপুর্ণ একটা স্থানে অবস্থিত এবং যারপর নাই পরিকার পরিছেয়। হোটেল লোকে লোকারগা। আনবরত লোক চুকিতেছে ও বাহির হইতেছে। দরজার চীনেমান কেরাণীরা লোকের হিমাব রাখিতেছে। ইউরোপীয় বা অঞ্জাতীয় কর্মচারী কেহই নাই। হোটেলটি তই তাগে বিভক্ত; একভাগে সাহেবী রক্ষেমর থানা হয়, অপর দিকে চীনে রক্ষেমর; শেষোক্ত ধারেই ভিড় বেশী।

হংকং সহরের একজন চীনে গৃহথের সঙ্গে আমার আলাপ হয়। সেই আমাকে খাওয়াইবার জন্ত হোটেলে আনে। আমার দেখামার উদেশ্য ছিল। যেদিকে চীনেমানের খাওয়া হয়, সেই দিকটিই আমার ভাব লাগিল। তংপরে হোটেলের অপর দিকেও গেলাম। সেখানে গিয়ে দেখি, পরিকার পরিছেয় সাজান ঘরগুলি বিত্রি অস্লীল ছবিতে পরিপূর্ণ। চীনেমানরা রাজী, হইরী প্রভৃতি তেজয়য় মদ পান করে না। আফিমসেবিদের ওসব বড় সফ্ হয় না; করেণ আফিমে আলত্য আসে ও মদে উত্তেজনা বাড়ায়। তাই তায়া নেহাত কীণবল বিয়ার রম প্রভৃতি মন্ত ভালবাদে। তাও আবার আজেক লিমনেত মিলিয়ে পান করে। এরূপ মদ খাওয়া দেখে আমি আর হেসে বাঁচি না। আর ইহাদের 'চাট' কুমড়ার বিচি ভালা, শসাসির ও সর্মতীনের। আহারের সময় খাছাদবের ছিব্ডে কাঁটা ইত্যাদি সেই ধোপ দেওয়া টেবিলচাকা কাপড়ের উপরেই ফেলিতে হয়; আহারাত্তে সব ওছ চালরধানি উঠিরে

নিয়ে যায়। থাওয়া শেষ হইলে পরিস্কার কার্চকভার পাত্রে অভিকলম সুগদি গরম জল ও সাবাঙ এবং এক একথানি বুধবে ভিজান ভাঁজকরা তোরালে এক একটি লোকের জন্ম প্রস্তুত থাকে। হাত মুথ ধুইয়া মৃছিয়া চুরট থাইতে থাইতে বাহির হইতে হয়। এত উপাদেয় দ্রবাদি উপতোগ করার মূল্য এক ডলার মাত্র।

ভাহাজ হইতে নামিবার আগেকার আর একটা ঘটনা পাঠক নহাশ্যদের জানা উচিত। জাহাজ নতর করার পর সিঁড়ি ফেলা হইলেই লন কতক চীনে ধোপানী কাপড় নিতে এলো। তাদের মধ্যে এক জন এলোচুলে প্রথম শ্রেণীর সেলুনে চুকুলো। সে তথায় আসিবামাত্রই সব চাকর-বাকর তার কাছে পতকের মত এসে উপস্থিত হ'লো। সেও চির-পরিচিতের মত অতি অরসম্বের মধ্যেই কাহাকে বা মিই হাসি কাহাকেও বা মিই কথা উপহার দিয়ে আমার ছোকরা চাকরের পিট চাপড়ে ব'লে,—"আ গেল যা ছাই, ছেলে,—ছুমি আমাকে এতক্ষণ বল নাই যে ডাক্লার সাহেব কাপড় কাচাতে চান!" ছোক্রা এরপ গবহারে বড়ই গুলী হ'লে বলে, "আমি এখুনি ভাই ব'লতে যাচ্ছিলুম্ব ভাই। কিছু ৪াব দিনের ভেতর দেওলা চাই।"

তারপর দিন আমাকে বলিল,— "ধোপানী আপনার কাপড় কালই আনবো ব'লে।" আমি জিজ্ঞাসা করিলাম,— "তুমি কেমন ক'রে গান্লে? আমি তো এত শীল্প তোমাকে তার বাড়ি তাগাদার জন্ত যেতে বলি নাই? কেন তবে সন্ধাবেলা তার বাড়ি গিরেছিলে বাপু?" সে ঘড় নীচু ক'বে বইল, এ কথার আর উত্তর দিতে পারিল না। কাপড় কাচিয়া আমার পর সে আমাকে বলিল,— "প্রতি কাপড় খানির জন্ত ধোপানীকে ১৫ সেওঁ দিতে হবে।" আন্তে ১০ সেওঁ দের জেনেও আমি ছিক্তি না ক'বে তাই দিলাম। দশখানি কাপড় কাচার বুল্য ১৪০ চলার অর্থাৎ ছুই টাকা এক আনা লাগিল।

যাঞীর ভিড় একটু কমিয়া গেলে জাহাজ হইতে নামিলাম। ে নৌকার সাহায্যে তীঃ ্লুআসিলাম, সে নৌকান্ত সপরিবারে একটি চীনে গৃহস্থ বাস করে। পা'ল তোলাতে যাই নৌকাথানি বায়ুভরে হেলিল, অমনি আমাদের ভন্ত হইতেছে বুঝিয়া নৌ-সীমস্তিনী বলিয়া উঠিলেন— "No fear! No fear!" অর্থাৎ—"ভন্ত নাই, ভন্ত নাই।"

তীরে নেমে দেখি ক্যাণ্টন হইতে একথানি জাহান্ত তথনই আদিল।
পৌছিয়ছে। তার যাত্রীদের নিকট আফিম আছে কিনা তদন্ত করিতে
করিতে অনেকজন শিথ পাহারাওয়ালা চীনেদের উপর নানারপ তদ্বিতাগাদা করিতেছে। আমরা হিলিতে পথ জিজ্ঞাদা করাতে, তাহারা
ছইখানি রিক্স ডাকিয়া দিল। রিক্সওয়ালারা আমাদের ছই জনকে—
প্রত্যেকের ৫ দেওঁ ভাড়ায় পোটাফিদে পৌছিয়া দিল। হংকংএ
নামিয়াই প্রথম দৃশ্র দেখিলাম,—কোন চীনে মৃতবাক্তির অস্তোষ্টির জন্ত
ভাহার মৃত দেহ শুশানে লইয়া যাইতেছে।

ধনী লোক মারা গিরেছেন, তারে শবদেহ বাক্সে বন্ধ করিয়া লইয়া ঘাইতেছে, আর তার পিছনে পিছনে রিক্সর সারি চলিয়াছে। অনেক গুলিতেই উটেওঃস্বরে রোক্সমানা চীনে স্ত্রীলোক মুখ ঢাকিয়া বস্থি। আছেন। তীহাদের সকরণ আর্তনাদ শুনিয়া মনটা কেমন হ'য়ে গেল। তারা মৃত আর্থায়ের সেহের কথা ও তাহার সহিত চির-বিভেদের কথা ভাবতে ভাবতে অধীরা হ'চেন। আমারও নিজের বাড়ির কথা মনে হ'তে লাগল। জাহাজের উপর অনেক দিন বাদে চিঠি পত্র পাওয়া যার। কে কেমন আছে ভাবিয়া মনটা খেন বাড়ী আস্বার জন্ম বাত্ত হ'বে উঠল।

ভাকমরে গিষে বাড়ীতে চিঠি নিধিব ব'লে টিকিট কিনিবার জন্ত একটি চলার নিলাম। চীনে পোইনাষ্টার বলিল, "এ চলার এখানে চল্বে না।" টাকা সিক্লাপুরে চলে না। স্থাবার সিক্লাপুরের ভলার এখানে চলে না। আবার এথানকার ডলার এমরে চলে না। সব আলোহিদা ছাপ মারা, তাই অচল। চীন মুলুকের হৈটো এক অভুত ব্যাপার, পঞ্চাশ বাট কোশ গেলে পরেই যেন সব বিলে যায়। ভিন্ন ভিন্ন রকম চীনে ভাষা, ভিন্ন ভিন্ন মুলা, ডাকটিকিট, ও আইন। অথচ মামুষ গুলিকে দেখিতে ও তাহাদের রীতিনীতি চীনের দক্ষিণ প্রাস্ত ইইতে মাঞুরিয়া অবধি ও চীনের পূর্ব উপকূল হইতে তিবাত অবধি সবই এক:

পোষ্টাকিস যে হানে অবস্থিত তার চারি পাশেই বড় বড় দোকান।
ইউরোপীয়নদের সহিত সমকক হইয়া এ সকল বাবসার দেশে চীনেম্যান
ও লাপানীরা ব্যবসা করিতেছে। একটী লাপানী চিত্রকরের দোকানে
কতকগুলি অতি স্থানর স্থানর চীন-লাপান ও ক্রা-লাপান গুরুর ও
লাপান দেশীয় গাইস্থাজীবনের এবং অন্তান্ত নানা বিসম্পর চিত্র দেখিলাম। চিত্রগুলি সব বড় বড় ও দেখিতে ঠিক যেন সজীব বলিয়া
মনে হয়। হ'একটি রেখা লারা আঁকা। চিত্রগুলি এত স্থার যে তাহার
আবার কটো তুলিয়া এক একথানি দশ সেউ বিনিম্যে বিক্রয় হয় গ্
তার ক্রেতা আনেক। যে যায় সেই কেনে। আমিও অনেকগুলি কিনে
এনেছি। তারই তুই একথানি এই পুত্রকে ছাপাইলাম। তবে একবার
ফটো ও আবার উড এনগুলীং হ'য়ে আসল চিত্রগুলির প্রাণ এ ছাপাগুলিতে নষ্ট হ'য়ে গিয়েছে। সে গুলিরও ফলান, শীবস্ত চিত্রা,— এ
ছাপা গুলি আলো—ছায়া বিহীন ছবি মাত্র।

চিত্র দেখিতে আমার বড় ভাল লাগে। ছই তিন গণ্টা পুরিষা পুরিষা প্রেলাপানীর কারখানায় ছবি দেখিয়া বেড়াইতে লাগিলাম। তিনিও বেন কত কালের বন্ধুর মত আমাকে সব দেখাইয়া লইয়া বেড়াইতে লাগিলোন। আমি সাহেব নহি বাঙ্গালী, একণা গুনে তার কার্মীয়তা বেন আরও বাড়িয়াগোল। একটা বরে একটা স্কর ছবি দেখিলাম, তার ফটো পাইলাম না। এমন স্করে সজীব ছবি আমি কখনও কোণায়ও দেখি

নাই। ছবিটির বিষয়, - Birth of a Pearl" অর্থাৎ "মুক্তার জন্ম"।, রির সমুদ্রের নীল জলের ইপের ভাসমান একটি ঝিছুকের ভালা খুলে একটি "অনিন্দা-ক্লর-মধুর-মূর্ত্তি" রমণী বলচেন—"এই যে আমি এসেছি।" বালাকণের নৈস্গিক আভাবিশিষ্ট সেই মুখের দিকে চাহিলে সবই সজীব ব'লে মনে হয়। মনে হয় থেন, তার চোথের তারাগুলি নড়চে—চোথে পলক পড়চে। যেন "সাধনার ধনকে" কে অন্তরের সহিত গুগ-নুগান্তর ধ'রে ডাকছিল; এতদিন পরে দেথা দিয়ে জুড়ালেন।

इंक्ट ५

(ভূডীয় হন্তাব। }

জাপানী চিত্রকরের চিত্রশালা।

শে দিন প্রথম হংকংএ নামি, সেই দিনই এই চিত্রশালাটি দেখিয়াছিলাম। সে চিত্রগৃহের রান্তার ধারের দেয়ালটি, আলো থাইবে
বলিয়া, কেবল শাসিতে গঠিত, লাক্তা হইতেই ভিতরকার ছবিগুলি
সব দেখা যায়। কত লোক পথ চলিতে চলিতে বাহিরে দাঁড়াইয়া
স্বাক হইয়া ছবি দেখে। আমার সেধান হইতে দেখিয়া আশ মিটিল
না। পতক বেমন আলো দেখিলে স্নন্তগতি হইয়া তাহাতেই আছেই
হয়, সামিও সেইজাপ হইলাম।

চিত্রকর তথন সমাপ্তপ্রায় একটি ছবিতে নিবিইচিতে তুলি বুলাইতেছিলেন। আর কতকগুলি চানেমানেও চিত্রকার্যে নিযুক্ত ছিল। আমি ভিতরে ঘাইবামাত্র উঠিলেন। বোধ হয়, মনে করিলেন, ক্রেতা আসিয়াছে। ক্ষীণদেহ যুবাপুক্ষ, চলচ'লে চিত্র বিচিত্র পোষাক পরা। মাথার চুলগুলি বড় বড় ও সিথিকাটা, কতকটা আমারই চুলের মত। সাধারণ জাপানীরা এত বড় চুলও রাথেনা; এমন সিথিও কাটেনা। বোধ হয়, কেবল চিত্রকরেরই এই দস্তর। তিনি মিঠ ক্রে অভিবাদন করিয়া বলিলেন,—"Good morning!" চিত্রকরের গলার মিঠ ক্রে ভানিরা ও তাহার অভিবাদনের হাবভাব দেখিয়া আমি তথনই বুঝিলাম, ইনি আমাকে দ্বার চক্রে দেখিয়াছেন।

আমি প্রথমেই বলিলাম,—"আমি কিছু কিনিতে আসি নাই। হব্দর হাদর চিত্রগুলি বাহির হইতে দেখিরা আলা মিটিল না বলিয়া নিকটে দেখিতে আসিলায়।" সোলা কথা শুনির। তিনি একমুখ ছাসিরা বলিলেন, -- "বেশ করেন্নে ভ্রাগমন করেছেন।" "(Quite welco he!)" জাহাজে ছাড়া শৈক্ষিত জাপানীর সঙ্গে কথোপকথন এই আমার প্রথম। আমার প্রত্যেক প্রশ্নের তিনি স্বরে উত্তর দিতে লাগিলেন। বর্মা ও চীনদেশে অনেক ইংরাজী-জানা লোকের সঙ্গে কথা কহিয়াছি; এমন সরল স্থাপেঠ উত্তর কোথাও ভূনি নাই। ঠিক যেন আমার মনের কথা বৃঝিয়া লন, এবং তাহার যথায়থ উত্তর দেন। সৌলগ্যজ্ঞান আছে বলিয়া তাঁহার সেই উত্তরগুলি বড়ই সলয়গ্রহী বলিয়া মনের হল।

যে দিকটি প্রথমে দেখিলাম, দে দিকটিতে সবই চীন ও জাপানী চিত্র। জাপান দেশের প্রাকৃতিক দৃষ্ঠাবলীর, ঐতিহাসিক ঘটনাবলীর ও জাপানী গাইস্থাজীবনের আলেখা। সে সব চিত্রা দেখিলে অনেকাংশে জাপান দেখার কাজ হয়। আমার এই কয়খানি ছবি দেখিয়া ও চিত্র-করের মুখে তাহার বৃত্তাস্থ শুনিয়া কত যে শিক্ষা হইল, তাহা বলিবার নয়। কাজালকে শাকের ক্ষেত্র দেখাইলে বেমন তাহার গোভ বাড়িয়া যায়, আমারও সেইরূপ হইল। যে কয় দিন হংকংএ ছিলাম, শেষ দিন ছাড়া প্রতাহই সেই চিত্রশালায় ঘাইতাম। প্রতাহই তিনি চিত্রা দেখাইতেন, এবং কতকক্ষণ ধরিয়া বৃষ্ধাইয়া দিতেন। আমি সাহেখ নই হিন্দু, এ কথা শুনিয়া তাহার আত্মীয়তা আরও বাড়িয়া গেল। শিক্ষিত জাপানীয়া ভারতবাসীকে এমনই স্বেহ্ ও স্থান করেন। ভারতবর্ষ তাহার অতি প্রিত্ত স্থান ব্রিষ্ঠান বিবেচেন। করেন।

দরজার সন্থাপর ছবিথানিতে দেখিলাম, একটি বৌদ্ধানিশ্রের প্রাঙ্গণে অনেকগুলি হরিণশিও নির্ভয়ে বিচরণ করিতেছে। গুনিলাম, নিরামিষভোজী পাশিহিংসাবিরহিত জাপান দেশে এরূপ যথার্থই দেখা যার। করনা-লিখিত নহে। সেইখানেই আবার ঘুঘুর মত একরকম পাখী মাটা থেকে শক্ত খুঁটিরা খাইতেছে। একটি জাপানী রম্ণী পূণ্য কক-বিবেচনার হরিণ ও পাথীকে নিজের । স্থাতে থাওয়াইতেছেন। পাথীগুলি তাঁহার হাত হইতে খুটিয়া থাইতেছে। পরস্পরের উপর প্রগাঢ় বিশ্বাস, কাহারও মনে সন্দেহ বা ত্রের লেশমাত্র নাই। হরিণওলির শিং নাই। বোধ হয়, অহিংসার দেশে থাকিয়া য়য়গুলি
ফনাবশ্রক বলিয়া আর জনায় না।

তাহাদের পাশেই "ক্রিসেন-থিমম্" (Crysanthemum) ফুলের
প্রদর্শনীর চিত্র। এই ফুল জাপানের বড়ই প্রিয়। নানা রঙের
সতেজ বড় বড় পাপড়িযুক্ত গাঁদা, স্থাম্থীজাতীয় ফুল। প্রতি বংসর
এই ফুল ফুটবার সময় দেশ জুড়িয়া উংসব হয়। ভিন্ন-ভিন্ন-আভাযুক্ত
ফলগুলি পাশাপাশি সাজাইবারই বা কি পারিপাটা। ছবিধানির দিকে
চাহিলে চক্ত জভায়।

তাহার পাশেই চেরীরুসম (Cherry-blossom) নামক জাপানী আর এক প্রকার হুগদি ছোট কুল দুটিবার বাংদরিক বসস্ত উৎসবের নতেবে ছবি। রমণীগণ কুলসাজে সাজিয়া, বোঁপায় কুল ও জিয়া, গলার কলের মালা, হাতে কুলের বালা পরিয়া, সারিবলী হইয়া নৃত্যা করিতেছেন। সকলেরই মুখে হাসিও মনে আননল উথলিয়া পড়িতেছে। কোনও মাদকক্রবা না খাইয়াই যেন কুলের গদ্ধে আর মনের আননলে মাতোয়ারা। ভানিলাম, জাপানে কুলের এতই মাদর যে, প্রত্যেক গৃহস্থের বাড়ীর প্রাক্তনে কুলের বাগান আছে। তাহার কত যয়, কত পরিচগা। প্রত্যেক ভত কার্যেই কুলের আবস্তাক। কাহারও বাঙী ফুল কুটিলে পাড়া ভক্ষ লোক তাহা দেখিতে আইসে।

তাহার পালেই কতকগুলি বীভংস রসের ছবি। সেইগুলি দেখিরা কতকগুলি জাপানী প্রথার পরিচয় পাইলাম, এই যা। নার ত আমারে সে সব ছবি দেখিতে একটুও ভাল লাগিল না। খুন খারাশী, মারা-মারি, কটোকাটি প্রভৃতি আাহুরিক লীলা কি ছুলের পালে রাখা উচিত হইরাছে ? গুনিলাম, জাপানে নাকি এই বীভংগ রসের আগের আহে । বাজা বা অভিনয়ের আমরে হত্যাকাও সচরাচর সকলের সম্মুথে অভিনীত হইতে দেখা যায়। দশকর্ক তাহাতে আনক অফুভব করে। যে ছবিগুলির কথা বলিতেছি, তাহার মধ্যে কতকগুলি এই....

এক জন জাপানী সামুরাই "হারীকুরী" অর্থাং ছোরা দিরা আপনার পেট চিরিয়া আয়হত্যা করিতেছে। অপনানিত বা অপদত্ত হইলে আয়ুসন্মানরকার জন্ম এরূপ আয়হত্যা করা বড়ই গৌরবের বিষয়। উপবিষ্ট অবহায় ছোট ছোরা দিয়া নিজের পেটে একটি সোজা আঘাত করিয়াছে। ভাহা হইতে রক্তের স্রোত বহিতেছে। জ্রলতাবশতঃ ঘাড়টি নত হইয়া পড়িতেছে। সেই ছোরা ভাহার পর যদি আপনার গলাতেও দিতে পারা যায়, বা থাপের মধ্যে রাখিতে পারা যায়, তাহা হইলে গৌরবের আর সীমা থাকে না। তবে প্রথমে নিজেকে নিজে আহত করিলে পর চতুদ্দিকস্থ বন্ধুবর্গ তর্থারির দ্বারুষ মন্তক ছেদন করিয়া ভাহার মৃত্যুতে সাহায্য করে। নহিলে সে আতে আতে মৃত্যু আরও কট্টকর হইত।

তাহার পরই কতকণ্ডলি চান-জাপান ও রুষ-জাপানের জলবৃদ্ধ ও বলবৃদ্ধের ছবি। ছুর্ফর্ জাপানী সেনার পশ্চালাবনে চলচ্চে পোষাক পরা চান সেনারা উদ্ধাসে টিকি উড়াইয়া পালাইতেছে। দিখিদিক-জ্ঞানশূন্ত হইয়া পালাইবার রকম দেখিলে এ কবনও মনে হয় না মে বথার্থই লড়াই কি তাহারা তাহা জানিয়া লড়াই করিবে বলিয়াই সৈত্ত-দেশে ভরি হইয়ছিল। জাপানী আঁকিয়াছে কি না, তাই হয় ত চানেকে আয়ও হেয় করিয়া আঁকিয়াছে। এক একটি আমিয়য় "বয়শেল" সৈত্তদল্য মধো পড়িয়া শত সহত্র থণ্ডে বিভক্ত হইয়া আসংখা নরহতা। করিতেছে। এ সব ছবি বেন চোথে বিধিতে লাগিল।

এই সকল অশান্তিপূর্ণ বীভংসরসাত্মক গুলাবিগ্রহের ছবিগুলির পাশেই একটি স্বর্গীয় দূতের ছবি। জ্যোৎসার আধ-আধান আধ-ছার্গীর একধানি জ্যোতির্গ্র মেদের মত শুল্পে থাকিয়া স্বন্ধ্রা পৃথিবীর উপর বিশের শুভকামনাপূর্ণ শান্তিসঙ্গীতধারা বর্ষণ করিতেছেন। যুদ্ধের ছবির পাশে সে ছবিথানি দেখিরা মনে হইতেছিল। যেন তিনি যুদ্ধেরই শান্তি গান গাহিতেছিলেন,—

''নির্বাণ হোক বৈরানল, বীরকুলের হোক কুশল; স্থির থাকুন ভূমওল, স্থবে থাকুক প্রজাগণ।"

সেখান হইতে চোথ ফিরাইয়া তাহার পার্ছে দেখিলান, জাপানরাজ নিকাজো ও তাঁহার নহিনীর ইউরোপীয় পোষাক পরা প্রতিক্তি।
ফ্রন্সরী নিকাজো-মহিনীকে এই পোষাকে বড়ই কদ্যা দেখাইতেছে।
ঠিক যেন আয়ার মত। শুনিলাম, ইনি এইরপ বিদেশীয় সাজ-সজ্জা
পরিতে বডই ভালবাসেন। দেশের বিশুর গোকেরই এখন সকল
বিবরে ইউরোপের অভ্করণে অভ্রাগ। সেই জাপানী চিত্রকরের মুখে
এই সহজে আরে একটি অতি বিশ্বকর সংবাদ শুনিলান যে, এইরপ
সজ্জায় দ্বী স্বামীর অগ্রাভিনী হইয়া চলিতে পান, কিন্তু দেশীয় পোষাক
পরা থাকিলে সামাজিক নিমন্ত্রণ সামীর পিছনে পিছনে চলিতে হয়।

এই ছবির পাশেই দেখিলান, একটি বয়স্থ শিশু তার নাকে সেখানে আসিতে দেখিয়া খেলার স্থাদির ক্ষণকালের জন্ত ছাঙিয়া ছাটিয়া মার জন্তপান করিতে আসিতেছে। মার মুখে সন্তানবাংসলোর ভাব ও ছেলের মুখে নাতৃষ্কেহের অভিবাক্তি স্থানর পে চিন্তিত হুইগাছে। চারি চোখে এক ছইতেই ভ'জনেরই মুখে হাসি। এক জন কোলে কইতে ও অপর জন কোলে উঠিতে সাগ্রহে হাত বাড়াইয়াছে। অত বড় ছেলে এখনও মাই খার কেন, এ কথা আশ্চার্য্য হয়ী জিল্পাসাক্ষরতে ভানিলান বে, জাপানে ছেলেরা অনেকে ৪০৫ বংসর অবধি মাই

থায়। গরুবা অন্ত পশুর হৃত্ম বাবহার করিবার প্রথা নাই, তাই এরূপ . করিতে হয়। এরূপ অপীর কোথাও দেখিও নাই, শুনিও নাই।

তাহার নিকটেই একটি জोপানী বিবাহের ছবি। বর-বধ্ বিবাহআসরে পাশাপাশি বসিয়া মান্সলিক মত্তপান করিতেছেন। শুনিলান,
চীনদেশের মত ক'নেকে বরের বাড়ী আনাইয়া বিবাহ দেওয়া হয়।
আনাদের দেশের বা বশা দেশের বা মালরের মত বরকে কনের বাড়ী
ঘাইতে হয় না। চিত্রকর আমাকে কতকটা বিশ্বিত দেখিয়া জিজাসা
করিলেন, "আপনার দেশে কি হয় ?" আমার উত্তর শুনিয়া বলিলেন,
"কে সম্পকে বড় ?—কি হওয়া উচিত ?" আমি উভয়েরই সম্মানরক্ষা
করিয়া বলিলাম,—"চজনেরই চাচেচ গিয়া বিবাহিত হওয়া উচিত।
তাহাতে কাহারও ন্যালার হানি হয় না।" ব্ঝা গেল, হাজার জীবাধীনতা থাকিলেও সকল দেশেই জীজাতির একটু অবজার ভাব
লোকের অস্তরে শত্রের থাকে; সহক্ষেযায় না।

তার পাশেই একটি (numery) মঠের ছবি। তার তলায় লেখা রয়েছে, (The Foundling) রাজি বোগে কে একটি নবপ্রস্ত শিশু মঠের "অনাথ আশ্রম," ছারে কেলে রেখে গেছে। ছেলেটকৈ দেখিলেই মনে হয় যেন, অরক্ষণ হইল ভূমিন্ত হইয়াছে—গর্ভাবস্থার কেদ এখন ও তার গায়ে লেগে আছে,—এত তার্ডাভাড়ি এত সম্তর্পণ। মতি প্রভাবে এক জন সয়াসিনী শিশুর কায়া তনে এসে দেখে যতনে শিশুটিকে তুলে নিচেন। সে তুল্ বাওয়ায় ভাবই বা কি স্থালর মত নেখিতে। লোক লক্ষায় কেলে গেছে বটে কিছু নাতৃ বােহ মত নেখিতে। লোক লক্ষায় কেলে গেছে বটে কিছু নাতৃ স্বেহ তো কুয়ায় না। তাই শীত নিবারণের জন্ত শিশুটির সর্বালে কক্ষণায় চথে পড়িলে তাঁর শিশুটির কত মাছুটিবে।

তার পাশেই বৃদ্ধদেবের প্রশাস্তম্রি। ঠিক রেস্থনের মূর্রিগুলিরই অবিকল নকল। এ সকল অঞ্চলে বৌদ্ধর্ম সম্বন্ধে বর্মার ফুলীগণই ্ৰন "পোপ" বা শিক্ষাগুৰু। চীনেও তাহাই দেখিয়াছি; এই জাপানী ছবিতেও তাহাই দেখিলাম। বিশ্বস্থাণ্ডের কট ভাবিয়া যেন ধাানস্তিমিত নেত্রে জল আসিতেছে। তাঁহার আত্মা কতই মহান ছিল।--অমন মহত্ত্বের আর ইতিহাসে তুলনা নাই। সম্ভান-আশায় নিরাশ পিতার বৃদ্ধবয়সের পুত্র—অকালে সহসা প্রস্ত হওয়াতে Precipitate labor) মাতার মৃত্যু ঘটায় আজন্ম মাতৃহীন.— ঠাহার মনে যে দয়া-দৌর্বলা এত বেশী থাকিবে, তার আর বৈচিত্রা কি। আজন চিন্তাশীল স্বভাবের উপর আবার কেমন ঘটনাচক্র ঘটন। ে পথে যান, সেই পথেই বাধা। এক দারে বার্দ্ধকা, অপর দারে জরা. মত হারে মৃত্যু দেখা দিল; শেষে নিকাম যোগীর শাস্তমুর্ভি চোথের সম্বাধে দাড়াইয়া গস্তবা পথ দেখাইল। দে গতি ত আবে কৃত্র হইবার নয়। অস্তরের একান্ত আগ্রহে একে একে কত প্রই খুঞ্জিলেন। শাস্ত্রের উপদেশ মুক্তি-পথের সংবাদ দিতে পারিল না। কঠোর ত্রভাতেও শাস্তি আদিল না। ধীর বৃক্তিপূর্ণ চিস্তার সে সমস্তা পূর্ণ ২ইল। মহানু জীরনের এই ইতিহাসগুলি সব সেই ধানিমগ্ন কাঁদ-কাঁদ মথ-থানিতে লেখা দেখিলাম।

তাহার পাশেই দেখি, বিজ্ঞানগুরু হার্বাট পেশন্সারের সৌমাম্টি ক্ষিত। চুলগুলি সব পাকা, বৃদ্ধ বর্ষেও চকুর জ্যোতিঃ কিছুমার নিশ্রত হয় নাই। জ্যুগল কুঞ্চিত, যেন জ্ঞানজগতের কি তব-উরাবনে বত। ইনি সমস্থ মানবের বন্ধু,—বিশেষ জ্ঞাপানের প্রম বন্ধু ছিলেন। মেন হইরা থাকে, নাস্তিক বিশাসের মধ্যে প্রগাঢ় বিশ্বপ্রেম প্রজ্ঞ্জ্জ ছিল। দেহের কাস্তি যেন চারি বিকে ছড়াইয়া পড়িতেছে।

তার পালেই টেনিসনের লিখিত কৃষক-তনরা "ডোরা"র প্রতিকৃতি।

শশুকেতে বাণিকা । পিতৃহীন অসহায় একটি শিশু লইয়া যত্ত্ব করিতেছেন। শিশুর পিতাকে তিনি ভালবাসিয়াছিলেন, প্রতিদান পান নাই। একা ব'সে আপনার মনের মতন ক'রে ছেলেটির মাথায় বনফুলের মুকুট প'রিয়ে দিচেন। আর সেই সময়ে সন্ধ্যা হইয়া আসিতেছে—

"—And the reapers reaped,
And the sun fell,
And all the land was dark."

অর্থাৎ,—"সে বংসর বোল আনা ফসল হইরাছিল,— তাই কুষকের। মনের আনন্দে শক্ত কাটিতেছিল। ক্রমে স্থ্য পশ্চিম আকাশে ঢ'লে প্রতিবাদ—দিয়ণ্ডল অন্ধকারে আছের হইল।"

তার পাশেই বাইবেলে উক্ত "রুথের" ছবি। বিদায়কালে মরুভূমির মধ্যে শাশুড়ীকে মিনতি করিতেছেন,—"আমাকে ছেড়ে থেও না।" বিদেশে স্বামী-পূক্ত সব হারাইয়া স্থা বলিতেছেন,—"সব বিসক্ষন দিয়ে আমি আমার দেশে যাজি মা, ভূমি তোমার বাড়ী কিবে যাও।" রুথ মুক্তুমির পথে চোথের জল কেলিতে কেলিতে তাঁহার হাত ছইটি থ'রে ব'লচেন,—"Wherever thou wilt go, I will go,— thy country is my country,—thy people, my people—and thy God my God."

অর্থাং,—"ভূমি যেখানে যাবে, আমিও সেখানেই যাব। এখন তোমার দেশই আমার দেশ হইরাছে। তোমার আয়ীয়-বজনই আমার কটর। তোমার যিনি উপাক্ত দেবতা আমারও তিনি আরাধা।"

তাহার পার্শেই কবিশুরু মিন্টনের "Paradise Lost"এর একথানি ছবি। মতি প্রত্যাবে স্থোবিত ম্যাভাম স্থব্ধা ইভকে জাগাইতেছেন। তরুণ মারুণের লোহিত মাভা মানব-জননী ইভের মুথে পড়িরাছে; তঃস্বপ্লের অ্শাস্তিরেখা মূথে স্পষ্ট দেখা যাইতৈছে। আ্যাডাম অতি আদরে গা ঠেলিয়া নানারূপ প্রিয় সম্বোধনে ইভ্কে বলিতেছেন,

"-----Awake,

My fairest, my espoused, my latest found, Heaven's last best gift, my ever new delight, Awake, the morning shines."

অর্থাং—"ধর্মপঞ্জী উঠ, ভূমিই আমার চোথে সকল সৌলটোর আধার, সবে মাত্র ভোমায় পেয়েছি—বর্গ হতে সর্কের শেব, সর্ক শ্রেষ্ঠ লান ভূমি, যথনই দেখি মন আনন্দে ভরে যায়।—গা তোল—সকাল হয়েছে যে।"

অপর প্রাচীরে আর কতকগুলি অতি ফুলর ছবি ছিল। তার মধ্যে প্রথমেই "হেলেনের জন্ম" ("Birth of Hellen")। ছবিধানি কিছু অশ্লীল। তবে ভাবুকের চক্ষে রক্ষাণ্ডের দকল নিয়ম, দকণ দৌনগাই পবিজ্ঞতা মাধান। তাই, বোধ হয়, হংকংএর ক্ষতিপুলিষ আপত্তি করে নাই। নদীর ধারে উত্তেজিত হংসরাজ গ্রীবা বাড়াইয়া সাগ্রহে চ্ঞুপুটে আবেশ-অবসন্ধ "লীডা"র অধ্রোঠ ধরিয়াছেন। তাহার ভ্রোভৃতি ধনানত পক্ষিশরীরের প্ররাজি ক্উকিত।

তাহার পার্শেই ("Water Baby") "জলের শিশু"। জনদেবীর
প্রথম শিশুটি তুমিও ইইরাই কাঁদিতেছে। মা যেন অনভাত আছেইর
মত, ছেলে নিতে জানেন না। তার খাড় কুঁকে পড়েছে—চুলগুলি সব
ভিজে গিরেছে। ছোট ছেলের ছ:খকইহীন কালার বেগাগুলি শিশুর
মুখে স্ফুল্ট বিশ্বমান। আর ভাঁহার নিজের শরীর গোলমালে প্রার
বিবন্ধ। ছেলেটিকে সন্থাধে রেখে বিন্তের মত এক পা জলে দাঁড়িরে
বরেছেন।বিশ্বর ও স্কান-কেছের নৃত্ন আবিভাবে অপুর্কা প্রীতিমাখান
মুখের ভাব। ছেলে হওলা যে কি, এতদিন যেন তা জানতেন না।

"লানাগারে জাপানী রুমণী"র ছবিতে দেখিলাম, বুকের বোতাম



স্থানাগাৰে জালানী ৰম্পী।

খোলা ফ্রক পরিয়া একজন রুমণী সানাগারে যাইতে ছেন। শুনিলাম, জলে নামিবার সময় সাধারণ স্থানাগাবে সকলের সামনেই বিবস্তা হইয়া নামিতে হয়---জাপানে এইরূপ প্রথা। ইচ্ছ: করিয়াই বুকের কাপড় ঈষং থোলা। মুখে কৃট হাসি। বে কেহ তাঁহার দিকে তাকায়, সেই মনে করে, যেন তাহারই দিকে অমুরাগপূর্ণ নেত্রে চাহিয়া হাসিতেছেন। আর নীচের ঠোটের মধাভাগ লাল বক্তে চিত্র করা। ও প্রথাট চীনেও দেথিয়াছি। আমাদের দেশে পারে আলতা পরে। ইউরোপে গালে রক্তিম আভা লাগায়। কিন্তু ঠোটে এমন মধুর চিত্র আর কোথাও দেখি নাই।

পাশেই "ফুজীৱামা"ৰ গগনস্পৰী চূড়া মেঘলোক

Aus क्रिका हैर्निकारक । जावाक विश्वजाता क्रिक उपमांत्र क्रांक्स । उपमांद

তাহারই মধ্য হইতে আথেরগিরির অধি-উৎপাঠ মাঝে মাঝে **ঘটিয়া** থাকে। অহরহ: ভূমিকম্প হয়। গন্তীর সৌন্দর্যোর সহিত ভীষ্ণতীর সংমিশ্রন। পর্বতটি সহরের অনতিদ্বে অবস্থিত, সর্বানাই দেখা যায়। আমাদের হিমালয়ের মত এইটি জাপানীদের দেবতার স্থান; জাপানের প্রম প্রিত্ত ধাম বলিয়া গণ্য।

তাহার পাশেই একটি "Lake-side Villa" অর্থাং, ছদের পাশ্বস্তী আবাসগৃহ। ছোট একতালা গৃহটির ঢালু ছাদ চীনে ক্যাশানের মত,—ধার ও কোণ উঁচুকরা। চারি পার্পে বাগান ও ফুলের গাছ। বচ্ছ জলে কুটারটির ছায়া পড়িয়াছে। দ্রের পাহাড় ও পার্শের গাছও সেথানে প্রতিভাত হইতেছে। ছই একথানি পাল্-তোলা নৌকা জলে ভাসিতেছে। সবগুলিই ছই একটী রেথায় আঁকা। ভাহাতেই কত সঙ্গীবতা, কত সৌল্বা ফুটিয়াছে। জাপানী চিত্রের এইরূপ সর্লভাই পরম গুণ। ছোট পরিছার-পরিছের নির্দ্ধন সেই কুটারটি দেখিলে মনে হয়, যেন সেটি যাবতীয় পার্থিব প্রথের আবার ও শাস্তির ধর্ম-মন্দির। ক্রেরের বা বাথিতের শেষ জীবন কাটাইবার উপযুক্ত স্থান।

় নকেপিয়ান দেশের দোকানে এত ককেশিয়ান ছবি রাথা হয় কেন, এ কথা জিল্পাসা করাতে চিত্রকর বলিলেন থে, ইউরোপ ও আমেরিকাতেই এই সকল ছবির ক্রেতা অধিক। তাঁহার মুথে শুনিলাম, তিনি ইউরোপে ও আমেরিকার প্রায় সকল দেশেই গিয়াছেন। ইটালীতে চিত্রবিভা শিবিবার জল্প অনেক দিন ছিলেন। অনেক শুলি চিত্র ইটালীর আদর্শে আঁকা। "Pirth of Hellen", "Water Baby" ও "Birth of a Pearl" সেধানকার আদর্শে আঁকা। আমি তাহার মধ্যে অনেক শুলি চিত্র ইম্পিরিয়াল লাইব্রেরীর কতকশুলি ছবির প্রত্বে দেখিয়াছি।

এই জাপানী চিত্রকরের চিত্রশালার চিত্র দেখিয়া ও তাঁহার নিকট হইতে শুনিরা আমি জাপান সম্বন্ধে অনেক কথা শিথিলাম। সে শিক্ষার উপকারিতা এই বে, ক্মা, মালর ও চীনদেশের সঙ্গে ভুলনার তাহা কিরপ দাড়ায়, এই বুঝা। দেখিলাম, অনেকাংশেই প্রথা একরূপ; যেন সকলগুলি নঙ্গোলিয়ান জাতি বলিয়া এমন মিল হইয়াছে। যে গে বিবরে মিল ও গে বে বিবরে অমিল, সে কথা পরে বলিব।

শেষ যে ছবিথানি দেখিলাম তার সৌন্দর্যা ও সজীবতার তুলনানাই—কল্পনারও অতীত। এই ছবি থানির কথা পূর্বেও বণিয়াছি। বিষয়টি "Birth of a Pearl" অর্থাৎ,—"মুক্তার জন্ম"। দেখেই মনে হলো চিনি— আয়ে কোথার যেন দেখেছি। নিনিমেষ নরনে দেখতে দেখতে কে জানে কেন, চোথ জলে ভরে গেল।—আয়ের ঠিক্ কি মনে হলো, ছবির সে রং কলান চোথেও যেন জল এলো!

इंक्ट ।

[চতুৰ্থ প্ৰস্তাৰ।]

পোষ্টাফিদের দামনের স্থানটী দেখিতে অতি স্থানর: তথায় জনতার ম্বধি নাই। পিনাও ও সিঙ্গাপুর অপেক্ষা এ সকল স্থানে অনেক উচ্চ-বংশীয় ধনী চীনেমানে বাস করে। তাদের পোষাক সাধারণ চীনেমানের পরিচ্ছন অপেকা অনেকটা অন্তর্রপ। তাদের ইজের অত চল চ'লে নয়,—যেন পা'জামার মত,—গোড়ালীর কাছে আঁটা। তার উপর রঙ্গিণ কাপড়ের এক আলপেন্না পারের কাছ পর্যান্ত পৌছিয়াছে। তাদের টুপী আমাদের এদেশী "ফেণ্ট ক্যাপের" মত, তার উপরে একটী গোলাকার বলের মত জবা আঁটা। এইটিতেই পদবী স্থচনা করে। বাদের বল যত বড়, তারা তত উচ্চ পদবীর লোক। ক্যাণ্টন সহরের দ্বীলোকেরা ভাল ভাল কালো রেশমের পোষাক পরিষা অতি *মুন্*র রূপে চুল বিনাইয়া অনাবত মস্তকে পদত্রজে বা রিক্স গাড়ী চড়িয়া, একলা স্বাধীন ভাবে এ দিক ও দিক যাতায়াত করেন। সুসজ্জিত হইয়া লোকানে দোকানে রেশমের কাপড কিনিয়া বেডান ভারাদের একটা বাতিক। তাঁদের মুখের মধুর ও গন্তীর ভাব আমানি অক্তঞা কোথাও দেখি নাই। অন্ত জাতীয় অনেক স্থানের স্ত্রীলোকের মধ্যে দেণিয়াছি, সুসজ্জিত হট্লা স্বাধীন ভাবে ঘরের বাহির হইবেট নটীভাব যেন আপনা অপেনি প্রকাশিত হ'বে পড়ে।

হংকং পথে অসংখ্য গোৱা-দৈভ ও নৌ-দেনা দেখিতে পাওৱা বার। হংকং অতি জ্লুড়জপে রক্ষিত সেনা-নিবাস। যে স্থানটিতে কলা ও সেনা-নিবাস আছে, সে স্থানটিকে কাউলন বলে। অনেক

সিপাহী-দৈশ্বও দেখানে ঘর বাড়ী তৈরার করিয়া সপরিবারে উপনিবেশ - করিয়াছে। আর একটি দেখবার জিনিয়,—ইউরোপীয় রমণীদের নিজ নিজ চীনে ডুলিবাইক ও রিক্সওয়ালাকে স্থন্দর স্থন্দর পোষাকে শাজানর যহ। ধব্ধবে সাদা খাটো চল-চ'লে ইজের ও কোটের ধারে ধারে টুক্টুকে লাল রঙের ফিতা বসান। বৃকে ও হাতের নীচে নীল জরির কাজ করা। ছোট ছোট লাল রঙের পৃষ্ঠবন্ত। কোমরে নীল মথমল বসান কোমর-বন্ধ। মাথায় লাল ও নীল ডোরা ডোরা তেকোণা টুপী। স্থাঠন পা'ছখানি অনেক দূর অবধি অনাবৃত। স্থান্দর স্থানর বিক্সে ঠেলিয়া বা বেতের "সিভান চেয়ার" কাঁধে করিয়া ক্রিপ্র পদবিক্ষেপে এদিক ওদিক যাতায়াত করিতেছে। সে ছবি দেখিলে আর চোথ কিরান যায় না। কে জানে কেন চীনেম্যানের গারেই খেন সাজান মানায়। সকলেই তাদের দিকে চেয়ে দেখে,—কেইই তাদের কর্মীর দিকে চায় না।

পোষ্টাফিদের সামনেই ফুলের বাজার। রাশি বাশি বিভিন্ন জাতীয় মতি স্থানর স্থানার ফুল লইরা চীনে স্ত্রীলোকেরা বেচিতেছে। তার অধিকাংশ ফুলই দেখিতে স্থানর; কিন্তু স্থান্ধযুক্ত নহে। লিলী কন্তলভূলর প্রাভৃতির আকৃতি আমাদের এদেশের ঐ ফুল অপেকা মনেক বড়। কেমন ক'বে আমন পাতরের দেশে এমন স্থানর স্থানক কলে ক্লাক কিনানাই বেণী। তারা বড় ফুল ভালবাদে; স্থানাভাবে বারান্দার বাগান করে। নিজেদের দোকানের ভিতর স্থানর স্থান ছোট কাচকড়ার টবে করিয়া আইরিস গাছ আজ্বার। ছোট গাছে বড় বড় ফুল ফুলিরা কি স্থানরই দেখার!

সহরের রাজাগুলি দেখনাম, সব পাতরে বাধান; তান্ধিরা গেলে রাক্মিস্ত্রিতে মেরামং করে। রাজা, ঘাট, বাড়ী, ঘর ইত্যাদি সবই পাতরের; তাই শুল্ল তাতেই গরম হইরা উঠে। তবে <u>সমুদ্রের ধার</u> ् व'रल कलको तका। श्वामारमत मथुताल श्वरतको এই तकम। তবে এথানে পথ চলিবার কষ্ট নাই; কারণ সব ফুটপাথগুলি বারান্দার মত ঢাকা, ছাতওয়ালা,—দেখান দিয়া ব্রাবর চলিলে রৌদ্রুষ্টি গায়ে লাগে না। বাড়ীগুলি খুব উচু উচু, তার নীচে দোকান ও উপরে থাকিবার স্থান। সব বাড়ী গুলিই গায়ে গায়ে, চারিপাঁচতলা উচ। নীচেতলার ভাড়া অসম্ভব বেশী। একটা দর্জাওয়ালা ছয় কি সাত হাত লম্বা একটা মরের মাসিক ভাড়া ৫০ ডলার। বাড়ীর উপর তলার ভাডা কম। সবই পরিষ্কার-পরিচ্ছন্ন। উপরকার বারান্দা টবে করা ত্ব গাছে পরিপূর্ণ। জনতাপূর্ণ দোকানের টেবিলেও ছোট স্থলর কাজ করা টবে ছোট আইরিদ্ গাছ ফুলে ভরা। ফিরিওয়ালাও পথে পথে কুল গাছ ফিরি ক'রে বেড়ায়। ফিরিওয়ালার সংখ্যা নাই। সকল আবশ্রকীয় দ্রব্যেরই ফিরিওয়ালা ঘুরে। তাদের সকলকেই দেণতে গন্তীর ও নিজ নিজ কাজে নিবিষ্টচিত। সকলেই হাঁকে বা এক এক প্রকার শ্রতিমধুর শব্দ ক'রে আপনাদের আগমন-বার্তা জানার। কামার ছোট ছোট লৌহ নিশ্বিত ঝুম্ঝুমী বাজাতে বাজাতে যায়। ছুতোর হুটী কাঠে শব্দ করে। ফলওরালা ফলগুলি ছাড়িয়ে, তার আঁটি বাদ দিরে, ছেটে ছোট খণ্ড করে, একটা কাঠিতে বেধে, তাই ফিরি করে,— তার সঙ্কেত ভাকা গলার ডাক। যে কাণ হ'তে গোল বার করে, সে মধুর স্বরে হাঁক দেয়। যে গল শুনায়, দে একটা বেহালা বাজাইতে বাজাইতে যায়। যে ভাগা গণনা করে দে বঙ্গিণ পোষাক প'ৱে যায়; তার স্বর যেন স্বতি গানের মত। যে গান ওনায় সেঁনিজে গান গাহিতে গাহিতে যার। সেই সকল শব্দ উচু সারবন্দী হ'ধারের বাড়ীর মধ্যকার অপ্রশস্ত পথে প্রতিধ্বনিত হয়। সে অবিশ্রান্ত জনতার দিকে চেরে দেখলে মনে হয়, যেন পিপীলিকার সার দেখচি।

হংকং প্রভৃতি চীনে মূলুকের সব দেশেই রাজাগুলি মাপ্রশন্ত।

তার কারণ, নামুষের পরিশ্রমের দাম এত কম যে, সকল রকম কাজই . মান্তবে করে। গাড়ী টানিবার ও মোট বহিবার জন্ম ঘোড়া বা গরুর আবিশ্রক হয় না। হংকং সহর্টীর প্রায় সবই সমুদ্রের ধারে পাহাড়ে অবস্থিত। কেবল মাত্র ৪৮০ হাত চওড়া এক খণ্ড সমতলভূমি সমুদ্র ও পাহাডের মাঝে বাবধান। এই টকু ছাড়া রাস্তা, গলিঘুজি সবই পাহাড়ের রাস্তার মত উচ় নিচু; স্কুতরাং সে সকল স্থানে গাড়ীও কোন কাজে আদে না। তাই বেতনির্ম্মিত ও কাঁধেবওয়া সিডান চেয়ার নামক এক রকম চেয়ার পাহাডে উঠা-নামার জন্ম ব্যবহৃত হয়। উহা দেখিতে অনেকটা ভারতব্যীয়া পার্কতা দেশের ডাণ্ডির মত। চীন দেশীর সম্ভান্ত বংশীয়া স্ত্রীলোকেরা স্থব্দর স্থব্দর কাজ করা রেশমের পোষাক পরিয়া ও অতি চিকণ করিয়া চুল বিনাইয়া একলা স্বাধীন ভাবে দোকানে দোকানে গৃদ্ধ দ্বা, অলম্বার, রেশ্ম ইত্যাদি সাজ সজ্জার জিনিষ কিনিয়া বেডার। তাহাদের মুখনী ও হাব ভাবে গান্তীর্যা ভরা। অত যে লোক-জন ক্রেতা-বিক্রেতা, দোকানে কিন্তু টু-শক্টী নাই। কাহারও মুখে উচ্চ কথা নাই। কেবল মৌমাছির চাকের মত অস্পষ্ঠ একটা জ্রতি-মধর শক্ষ রাস্তায় শোনা যায় মাতা।

কলিকাতার মত হংকং সহরেও বৈছাতিক ট্রাম চলে; কিন্তু পাহাড়ে উঠিবার ট্রাম সম্পূর্ণ অক্সকণ। তাহাকে "পিক ট্রেণ" অর্থাং পাহাড়ের বেল বলে। সমতল ভূমির নিকট হইতে প্রায় ১৫০০ শত ফিট উচ্চে সেই ট্রাম উঠিলাছে। তাহা বাষ্প বা বিছাতের সাহাযো চলে না, মোটা তার দিয়া টানিয়া তোলা হয়। পাশাপাশি ছটি রেল, একটা দিয়া একথানি গাড়ী উঠে ও ঠিক সেই সময়ে অপরটী দিয়া অপর এক খানি নামে। পাহাড়ের উপর একটা একিন আছে; সেইটা একই সময়ে একটাকে টানিয়া তুলে এবং অপরটাকে নামাইয়া দেয়।

পে ট্রামে চড়িয়া উঠা-নামা বড়ই আমোদজনক। গাড়ীগুলি মুছ

ভূবে চলে—কোনও রূপ ঝাঁকানি নাই। 'কখনও বা ঈষং বক্র কগনও বা অতিবক্র স্থান দিয়া উঠিবার সময় বড়ই আনল বোধ হয়। নাঁচের দিকে তাকাইলে চকুর সামনে একু অমুত দৃশ্য দেখা যায়। সহরের বড় বড় অট্রালিকাগুলি সব তারে তারে দাড়াইয়া। দূরে বলবের নালাভ জলে শত শত জলজান ভাসিতেছে। বড় বড় অর্থপোতগুলি কোন ছোট ছোট নোচার খোলার মত দেখাইতেছে। তাঁবের চারিধারে অসংখা কলকারখানা হইতে কুপুলীক্রত্ব্মরাশি উলোংকিপ্ত হইতেছে। রেশের আসে পাশে নানা জাতীয় গাছ। সেই পাহাড়ের উপারেই গোবা সৈহাদের জন্ম সেনা-নিবাস।

উপরের ষ্টেমনটা অতি জ্লেররপে সাজান, যেন বসিবার বৈঠকথানা। প্রতি দিন কতলোক নিশ্বল বায়ু দেবনের জন্ত এই সক্ষ প্রানে
আমে। অনেক চানে ও ইউরোপীয় পুরুষ ও রমণা পাহাড়ের উপর
বেড়াইতেছেন। কেছ কেছ বা পথলান্তি নিবারণের জন্ত আবরণবিশিষ্ট
কাঠের বেঞ্চে বসিয়া নীচের দৃশ্ত দেখিতেছিলেন। সেথানকরে
হাওয়া অতি শীতল ও অতিশন্ধ নিশ্বল, সেবন করিলে নেহে যেন নৃত্ন
প্রাথ সঞ্চার হয়। অথচ মাথায় রৌদ্রের তাপ অস্থা বলিয়া মনে হয়।
প্রেক্তা দেশ মান্তেই, এইরূপ। তাই বসিবার বেঞ্চের উপর মতেপ
নিবারণের জন্ত আবর্ষণ নিশ্বিত।

নীচে যেমন আফিস্, দোকান, কলকারথানা,—তেমনি এই পংহা-ড়েব উপরই ধনী লোকের বসতি ও প্রমান উন্থান। ছবিব মত বাড়ীপ্তলির সংলগ্ন এক এক খণ্ড কুলের বাগান ও টেনিস্ থেলিবার জন্ত থানিকটা থালি ভামি থেরা আছে। এক এক স্থানে এক একটি উচু মঞ্চের মত গাঁথা আছে,—সেই খানে বসিরা বলরের নৈস্থিত স্থা দেখিরা আরমে করিবার জন্ত কাঠাসন পাতা।

আমরা সাড়ে আঠার শত কুট অর্থাং সর্কোচ্চ স্থানে উঠিকান।

সেথানে একটা মান-মন্ত্রির আছে। হর্ষ্য, চক্র ও নক্ষত্রের গতি-বিধি
পর্যাবেক্ষণের জন্ত এই স্থান অপেকা উৎক্রই স্থান আর নাই। তাহার
কারণ উচ্চ পাহাড়টির চারি দিক সমুদ্র-পরিবেষ্টিত বলিয়া নভামওল
স্থানররূপে পরীক্ষা করা চলে। চারি দিকেই উন্মুক্ত স্থান বলিয়া দৃষ্টির
গতিরোধ হয় না। হংকংএর মত বড় বন্দরে নক্ষত্রাদির ও ঝড়-তুকানের
গতি-বিধি নির্দেশ করিবার আড্ডা একান্ত আবস্তুক — অর্ণবপোতের
গমনাগমন দিঙ্ নির্ণয় ও স্থান ও সময় নির্দেশে তাহা একান্ত প্রয়োজনীয়
ইহার জন্ত সেথানে দ্রবীক্ষণাদি যন্ত্র ও লোক জন থাকে। কলিকাতায়
যেমন দিন ১টার সময় তোপ পড়ে—এ সকল স্থানে তেমনি ১২ টার
সময় তোপ হয়। পাহাড়ে উঠার প্রান্তিতে আমার বড় পিপাসা
পাইল। একটা ছোট চীনে মেয়ে আমাকে সোডাওয়াটার এনে
দিল এবং সঙ্কেতে আকুল দেখাইয়া বৃঝাইয়া দিল যে, ২০ সেন্ট

দে হান হইতে নীচের দিকে চাহিলে এক অন্ত দৃশ্য চোথের সামনে খুলিয়া যায়। অদ্রে চীন-সমাটের শাসনাধীন পর্কতময় দেশ। মাঝে সমুদ্র বাবধান। তাদ্র পরই হংকং সহর কেবল ঘর বাড়িতেই পরিপূর্ণ চালু জমিতে বাড়িগুলি সব স্তরে স্তরে সাজান। আর সেই পাহাড়টির অদ্ধণে বটানিকাল গার্ডেন অবস্থিত—কত গাছ-পালায় সর্জ হইয়া রহিয়াছে। ঠিক তাহারই উপর একটি অস্তুত পর্কত-চূড়ায় একটি ছোট লোতাহানীর জল বিপ্রহরের স্থাকরে উজ্ঞাল দেধাইতেছিল। এই জলের শোতই প্রকাণ্ড চৌবাচায় আটক করিয়া হংকং সহরে পানীয় জল জোগান হয়। পীনোয়ত পর্কত-শিধরের উপর জলধারাটি অতি স্কর দেধার। ঠিক যেন সঞ্জীবনী স্থার উৎসের মত, ঠিক যেন মাত্রকে স্থাধারার মত। তার নীচেই বটানিকাল গার্ডেনের সর্জ গাছ পালাগুলি দেখিলে মনে হয় যেন, হংকং সহর

চির ক্লতার্থ হ'রে তাঁর চরণতলে সৌলর্যোর ডালি ধ'রেছে। হৃদয় তো দেখান যায় না। মনের ভাব অমনি করেই ফুটে বেরোয়।

যতদিন হংকং সহরে ছিলাম, দেখানে, প্রায়ই বেড়াতে যেতান। কোন কোন দিন সেখান হইতে ফিরিবার সময় পদব্রজে বটানিকাল গার্টেন বেড়াইয়া আসিতাম। উহা ঐ পাহাড়ের মধ্যদেশে অবস্থিত বিন্যা আসিবার পথেই পড়ে। সেখানে কত রকমের ছোট বড় গাছেও ফুল দেখা যায়। তার মধ্যে অনেকগুলি আমাদের এ দেশে দেখিতে পাওয়া যায় না।

জাপান দেশের "Dwarf plant" (বেটে গাছ) নামক তাল ও নারিকেল জাতীয় ছোট গাছ গুলি এথানে দতেজে জন্মে। "বেশুদা" নামক অতি ছোট বাশের ঝোঁপগুলি ঠিক ঘাদের ঝোপের মত কিংতে। সেথানকার ঘাস গুলি ঠিক আমাদের ঘাদেরই মত। তাতেও কড়িছ, লাফায়। পন্ম জাতীয় এক রকম গাছ ঝরণার জলস্রোতে গন্ম—কিন্তু তার ফুল গুলি সুস্থ ও সতেজ ইইলেও তাল করিয়া কটে না। তারাও যেন চীন জাতীয় শ্বীলোকের সরল বিনয়-নম ক্রোলীল স্বভাব পাইয়াছে।

্সেই পাছাড়েরই এক ছানে একটি ফুলর দুখা দেখিলান। ছানটি বড় বড় গাছের ঘন পাতার আবেরণে ঢাকা একটি কুঞ্জবনের মত। তার ভিতর দিরা পথ। পরিকার পরিজ্ঞল-পাতরে বাধান পথের ধারেই পাতরে বাধান পরোনালি দিরা একটি ছোট ঝরণার জল ঝর্ ঝর্ রবে প্রবাহিত হইতেছে। চারিদিকের উচ্চ পাহাড়ে প্রতিধ্বনিত হ'রে সে বরটি অতি প্রতিধ্ব হইয়াছে। আর সেই সঙ্গে রক্ষণাথায় পাথীর খান। পাথীরা ঝাঁকে ঝাঁকে সেই সব গাছের ভাবে ব'সে গান করে; কাস্ত হ'লেই সেই পাতরের উপরকার নির্মান লগমোতে ঠোঁট ভূবিরে জল পান করে। তার মধ্যে আনক্ষণি পাথী ঠিক আমাদের দেশের

বুল্বন্ ও কোকিশের মত দেখিতে। স্বরও স্থানেকটা সেই কণ মন ছায়াযুক্ত সে স্থানটি এত শীতল যে মনে হ'তে লা'গল পাতরে ওরে থানিকটা মুমাই। সে স্থানটি কিছু ভিজে বিলিয়া তার চতুদ্দিকেট নানা রংএর সেওলা—"মস্" ও "ফার্ণ" রাশি রাশি জ্মিরাছে। একটি চীনেম্যানের ছেলে সেই খানে, এক খানি ভিজে সেওলা ঢাকা থাতরের ধারে ব'লে ইসুলের পড়া প'ড্ছিল,—

> "Thou fliest the vocal vale, An annual guest in other lands Another Spring to hail."

'হে পিকবর ! যেনন বসস্ক ফুরার অমনি ভূমিও এ দেশ হ'তে পলাও। প্রতি বংসর ভিন্ন ভিন্ন দেশে বসন্তের শুভাগমন গাহিবে বলিগ ভূমিও সেথানে গিয়া অতিথি হও।"

নির্জ্ঞন হানে অসীম অনস্তের সহিত আমাদের সম্বন্ধ আরো দনিঠতের হয়। তাই নিস্তন্ধ নির্জ্ঞন বলিয়া এই হানে প্রায়ই বেড়াইতে আনিতাম। এক দিন ঠিক সন্ধার অন্ধ কারে একটি ঝোপের ভিতর একটি জোনাকী পোকা দেখিলাম; এরূপ আমাদের দেশে র্থাকে ঝাকে পালে পালে দেখি। একাই উড়িয়া উড়িয়া জালিতেছে ও নিবিতেছে। আমাদের দেশের থছোতের মত সতেজ ও উজ্ঞল নয়। অনেকটা হীনপ্রভ য়ান ও নির্যান শ্বন স্বাস্থ্য হারাইয়া দেশে দেশে স্বাস্থ্য করিয়া বেডাইতেছে।

আর একদিন বিপ্রহরে অতি প্রচণ্ড রৌদ্রের তাপে একটা ছারাতকর তলাম বেকে বসিয়া আছি,—এমন সময় দূর হ'তে এক প্রকার ভারী চাপা গলার করুণ ডাক শুনিলাম। সে শব্দ বেন আমাদের দেশী বন্ধুর গলার মত চিরপরিচিত ব'লে মনে হলো। বহুদিন পুরের যথন আমি স্বাস্থ্য, আশাও উৎসাহ লবে বৃলাবন, মণ্বা ও জয়পুরে বেড়াতে গিয়েছিলাম, তখন সে ব স্থানে অসংখা
পুনু-মিথুন দেখে তাহাদের মধুর রব আনার কাণে চিরপরিচিত
হয়ে গেছে। বিজন স্থানে সে মার্ডেটী চাপা গলার কাতর ডাক
ভানিলে সকল লোকেরই মনে কেমন এক অভ্যমনস্থ তাব আবাস।
কি যেন এক পুরান স্থতি অস্পেট তাবে মনে জাগে। মনে
হয়, কিছু যেন হারাইরাছি,—তাহা মনে আসিয়াও আসিতেছে
না। আজ হংকংএও সেইরপ হলো। কালিদাসের এই কবিতাটী
তখন আমার মনে পড়িল,—

"রম্যাণি বীক্ষ্য মধুরাংশ্চ নিশম্য শ্লান্ পর্গ্রেক্সীভবতি বং স্থানিতোহপি জন্ধ:। তচ্চেত্রদা অরতি ন্নমবোধপুর্কাং ভাবভিরাণি জননাস্তরদৌসদানি॥"

শন্ধ লক্ষ্য করিয়া দেই দিকে গিয়া দেখি, পিঞ্চরাবন্ধ ছইটি বুণু বিভিন্ন গাঁচায় পূথক থাকিয়া আবেগপূর্ণ চদয়ে পরম্পবের দিকে কিরিয়া ক্রমণ মধুর শব্দ করিতেছে !

, হংকং।

[প্ৰক্ষ প্ৰস্তাব :]

হংকংএ অনেক দিন ছিলাম। সেই অবসরে উচ্চবংশীর ধনী চীনে পরিবারের সহিত আলাপ করিয়া তাহাদের রীতিনীতিগুলি বিশেষ করিয়া লক্ষ্য করার প্রতি আমার সতত চেষ্টা ছিল। জাহাজের ধনী চীনে যাত্রী ও চীনে কর্মচারীদের সাহায়ে সে স্থযোগও ঘটিয়ছিল। এক দিন সন্ধ্যাবেলা এক জন চীনে বন্ধুর সহিত একটা উচ্চবংশীর চীনে পরিবারের বাড়ীতে গিয়াছিলাম। হংকংএর এক প্রাস্তে তাহাদের বাস। চীনরাজ্যে ও হংকং সহরে তাহাদের অনেক ভূমি ও ধন-সম্পত্তি আছে। হংকংএ ব্যবসাহত্তে বাস। গৃহস্থ অনেকগুলি ভাড়াটে বাড়ীর অধিকারী বাড়ী ভাড়া হইতেই তাহার মাদিক আর বিশ হাজার ডলার। সেথানকার যত বড় বড় আঞ্চিস, সব তাহাদেরই বাড়ীতে।

যে বাড়ীতে তাঁহারা থাকিতেন, সে বাড়ীর নিম্তলার তাঁহাদেরই আফিস। উপর তলার বাস। সন্ধার সময় আফিস বন্ধ ক'রে তাঁহাঁরা উপর তলার সকলে মিলিয়া বিশ্রাম করিতেছিলেন। আমাদের আগমনবার্ত্তা না জানাইয়াই আমরা তাঁহাদের বিশ্রামকক্ষে প্রবেশ করিলাম।
নীচেকার লোকজন গুলি আমাদিগকে প্রবেশ করিতে বাধা দিল না,
— এমন কি একবার একটী কথাও জিজ্ঞাসা করিল না।

সংবাদ না দিয়া এবং বিনা নিমন্ত্রণে যে একেবারে তাঁহাদের ঘরে প্রবেশ করিলাম, তাহাতে তাঁহাদের মধ্যে কেছ বিশ্বিতও হইলেন না; বরং হাসিয়া চেয়ায় হইতে উঠিয়া মেয়ে-পুরুষে আমাদের অভার্থনা

করিলেন। দে ঘরে তাঁহারা কার্যান্তে বসিয়া একত গর-গুজুব করিতেছিলেন, সে ঘরটা অতি পরিপাটীরপে সাজান। দেওয়ালে



তাদের প্রতিমৃত্তি
আকা। দেওয়াতের ধারে ধারে
চেমার এবং ফোনে
চেমার এবং ফোনে
চেমার কাকা।
মেজে আভি চিক্লব
মাকে গে বাধান;
ভাষাতে মাটি
নাই। কড়ি হ'তে
টান বহুন কুলান,
-মাকে মাকে

ভীষণকায় গোঁফ-ওয়ালা চীনে দেৱ-

বৈঠকথাৰাত চা-পান।

শাৰরে বিলাতী আলোও ছলিতেছিল।

গরে তইটা বনণী, তইটা পুরুষ ও কতক গুলি ছোট ছেলে মেরে ছিল; সকবেই স্থাজিত ও স্থানী। বাজীর কর্মানির বন্ধন ৩০০৫ বংসর ইইবে। দেখিতে পুর স্থানী, পাতলা ও চেওা। গৃহিণীর বন্ধন বিশ্বতির উক্ত ইইবে না। মুখানী ও হাবভাব খতদুর সরল হওরা সম্ভব, তাহা তাহার মুগে দেখিলাম। কাল রেশমের পোলাকে পরা, স্থানর ক'রে গোণাবাধা। মুখে নির্দেশি হাসি ফুটে বাহির হ'চেও। দৃষ্টিতে খেন স্থাপ্ত কদের জন্ত আহার্মাণান। তিনি ইংরাজী জানেন না।

<u>যে বন্ধ আমাদের সংক ক'রে</u> তথায় নিয়ে গিয়েছিলেন, তিনি চীনে

ভাষায় ব্রাইয়া দিলেন যে, আগস্তুক লোকটা ডাক্তার,—কলিকাতা থেকে চীনদেশ দেখতে এসেছেন। আর সহংশীয় চীনে পরিবারের সঙ্গে আলাপ করিতে চান, তাই সঙ্গে আনিয়াছেন। শুনিয়াই অভি-বাদন পূর্বক আবার তিনি ঘাড় নীচু করিলেন। আমিও সর্বাস্তঃকরণে ভাঁচাকে প্রভাভিবাদন করিলাম।

যাইবার হুই তিন মিনিটের মধ্যেই ছোট পেরালা করিয়া ঠাওা, 54 ও চিনিবিহীন স'বজে চা সকলের হাতে দেওয়া হইল। এইটি উাহাদের অতিথিকে অভার্থনা করিবার ধান-দ্র্কা স্থানীয়। ইহা ঘরে সর্কাদাই প্রস্তুত রাথা হয়। সে চা-র গন্ধ অতি মনোহর, কিন্তু উহা কয়া আয়াদয়ুক্ত ও অতিশয় উত্তেজক। আবার পাচ মিনিট পরেই তথনি তৈয়ার করিয়া এইরূপ গরম চা স্বাইকে দেওয়া হইল। চা-র পেয়ালাগুলি ছোট ছোট উনানে বসান—স্ব শুদ্ধ হাতে লওয়া যায়। তাহা হইতে ভূর্ভুরে গন্ধ বাহির হইতেছিল। আমি কথনও চা পান করি না, কেবল এক চুমুক মাত্র থাইলাম। চা থাই না শুনে তারা সারপর নাই বিশ্বিত হলেন।

এইবার তাঁহাদের অহিফেন ধ্মপান করিবার সময় আসিন। ইহার জক্ত ঘরের এককোণে বাশের তক্তপোষ আছে। তাহার উপর মাৃত্র বিছান। তার মাঝে একটা বড় কাচকড়ার রেকাবীতে একটা চিমনীযুক্ত তৈলের ল্যাম্প আছে। কেরোসিন নয়, অন্ত দেশী তৈল জ্বলে। আর সেই ল্যাম্পের চারিধারে ছই একটা চীনেমাটার পুতুল সাজান। তারমধাে একটা পা ভাঙ্গা চীনে রমণার প্রতিম্তি। গৃহক্তা সেই মাছুরে গিয়া বসিলেন। ধ্ম-পানের জন্ত বাশের একটা মাটা নল সেই খানেইছিল। সেটা প্রায় তিন কুট লখা ও দেড় ইঞ্চি মোটা। ইহার মাঝে একটা গর্কে একটা কানেল বসান। তাহার ভিতরই মানের মত নরম আফিমথও অন্ত কি কি জ্বাদির সহিত মিলাইয়ারাখিতে হয়। একটা

কাঠা করিয়া আফিন এইরূপ মিলাইবার সময় ভাষী ধুমপানের আশায় মুখে আনন্দ আর ধরে না। তথন হইতেই তিনি যেন উত্তেজিত হইগ্না কথা বলিতে আরম্ভ করিলেন,—ঘন ঘন হাসিতে লাগিলেন। সেই ্রাঙ্গান্থ ফানেলের ভিতর দিয়া এই আফিমটকুর ধম পান করিতে হয়। তাহাতে হঠাৎ নেশা এত প্রবল হয় যে, আগে মাছরে ভইয়া পড়িয়া তবে ধোঁয়া টানিতে হয়। মাথায় থাকে পোরসিলেনের বালিশ, তুলার া অন্ত কোনও নরম দ্রব্যের বালিশ তথন ব্যবহৃত হয় না। সেই আফিমযুক্ত ফানেলের মুখটী ল্যাম্পের চিমনির উপর ধরিলেই জ্বলিয়া উঠে ও তাহা হইতে প্রচুর ধুম নির্গত হয়; আর ঠিক ইত্যবসরে নলে মুখ দিয়া সজোরে টানিতে হয়। এক বার আধ্বার নয়,—অনেকবার টানাচলে। সে সময়ে ঘরটী ধনে ধুমাচ্ছন্ন হইয়া যায়। যাহারা অভান্ত নয়, সে ধোঁয়াতে তাদের বিলক্ষণ কটুবোধ হয়। যেন দম বন্ধ হইয়া शासा । यन माथा पूरत जारम । यन जाखारां अने नेवर तमा इस । ্মপান শেষ হইলে, গ্রম চা-পান করিয়া কর্তা আবার স্বস্থানে আসিয়া বিদিলেন। হঠাং নেশার আবিভাব হয়,— অল্লকণ মাত্র থাকে, নেশার অভিভূত হইতে হয় না।

কর্ত্তার 'ধুমণান শেষ ইইলে গৃহিণীও ধুমণান করিলেন। কিন্তু গ্রহার ধুমণান অন্তর্জণ। পালিস করা পিঙল নিশ্বিত একটা যদ্ত্রে তিনি ধুমণান করিলেন। ঠাহার আফিম অত তীর নহে। ধুম পানের মার উইতে হর না। এক ছিলিমে একবার মার টানা যায়। পাতলা ধোঁরা ইইতে মধুর গোলাপী গরু ছুটে, অমন মেঘের মত অককার হর না। ধুমণান শেষ ইইলে আবার গল্প ও মিই হাসি আরম্ভ ইইল। কথা বিলতে বা হাসিতে উচ্চ শক্ষ নাই। সকল দেশের ভদ্রবংশীর বাজিদের মেন একটু অভাবতঃই আদেব-কার্দা হরন্ত পাকে, তাঁহাদেরও সেইরূপ বিধিলাম। দিনে শুক্তর পরিভাষের পর শ্রী-পুক্র, ছেলে-পুলে একর

বসিয়া আরাম ও গর্ম-গুজব করা দেখে, আমার নিজেদের দেশের কথ:, মনৈ হ'তে লাগল। এরপ বিশ্রামে কত আনন্দ,—কত শান্তি: আমাদের ঘরে তাহা নাই।

বাজীর কর্ত্তার সঙ্গে "পিজন ইংলিসে" তাঁহাদের রীতি-নীতি সমতে কথাবার্ত্তা কহিয়া অল্পফণে কত বিষয় শিথিলাম ৷ প্রথমেই তাঁহাদের দেশে বিবাহ-প্রথার কথা জিজ্ঞাসা করিলাম। সে দেশে সকলেই বিবাহ করে.—এমন লোক নাই যে, বিবাহ করে না। পিত-প্রক্ষ উদ্ধার ও নিজেদের অন্ত্যেষ্টিক্রিয়ার জন্ম পুত্র-সন্তান একান্ত প্রার্থনীয়। শ্বদেঃ সমাধিত্ব না হইলে তাহার আত্মা অভির হইয়া বন্ত্রণায় চারিদিক ঘরিত্ত বেডায়। কি আশ্চর্যা। আমাদের দেশেও কতকটা এইরূপ বিখান ও এইরপ প্রথা। প্রাচীনদেশ মাত্রই প্রস্পরে কত মিল দেখা যায়। পুরুষের ১৬ হইতে ২০ বংসর বয়সে প্রায়ই বিবাহ হইয়া যায়—কিছ **স্ত্রীলোকের অতি শৈশবেই** বিবাহ ২ইতে পারে। স্কুরাচর কিন্তু বয়ত **হইলে. ১৮।২০ বংসরেই** বিবাহ হয়। বিবাহে বরের তর্ফ হইতে ক্সার পিতাকে পণস্বরূপ কিছু **মর্থ** দিতে হয়। ক্যার বয়স বত অধিক, পণও তত বেশী। সেই কারণে অনেকে অল্ল পণ দিয়া চাই বংসরের বালিকাও বিবাহ করে। চীনের বিবাহ-প্রথা অতি চমংকার . পাত্র ও পাত্রীতে পর্ফো দেখা হইবার নিয়ম নাই। গণকের পরামন অফুসারে শুভদিনে, শুভক্ষণে বিবাহের দিন ঠিক হয়। পরস্পরের কোটি মিলাইবার পর তবে বিবাহ ঠিক হয়। কিন্তু বিবাহ ঠিক হইবার পর যদি গৃহে কোনও ত্র্বটনা ঘটে বা কোনও জিনিষ চুরি যায় বা ভাঙ্গিয়া যায়, তবে ফল ভভজনক হইবে না, এই আশস্কায় বিবাহও ভাঙ্গিয়া যায়

বিবাহের দিন বরকে পাত্রীর বাড়ী যাইতে হয় না, লোক জন ও যান-বাহন পাঠাইয়া পাত্রীকে পাত্রের বাড়ীতে আনা হয়। বরের পিতা মাতারই কথামত বিবাহ হইয়া থাকে, পাত্রের তাহাতে পছল অ-পছন্দ নাই। খণ্ডর-গৃহে প্রবেশ করিবার সময় ক'নে দরজার নিকট কফিত কতকগুলি জ্বলন্ত অঙ্গার ডিঙ্গাইয়া গৃহে প্রবেশ করেন। তারপুর সেই বাড়ীর সধবা স্ত্রীলোকের। আসিয়া, তাঁহাকে "বরণ" করিয়া গৃহে লইয়া লায়। অণ্ডভদ্শী বিধ্বাদের সে সময়ে সামনে দাঁডাইতে নাই।

সনস্তর পাত্রের সঙ্গে ক'নের "শুভদৃষ্টি" হয়। পরে পাত্রী বরের সারিধারে তিনবার প্রদক্ষিণ করে। তৎপরে উভয়ে এক স্মাসনে বঙ্গে,
—এবং বসিবার সময় পরম্পর পরম্পরের কাপড়ের উপর বসিবার চেষ্টা
করে। তাহার উদ্দেশ্য এই যে, যে যাহার কাপড়ের উপর বসিতে পারিবে, সেই গার্হহা জীবনে প্রবল হুইবে।

পুল্ল-সন্তান প্রস্ব না করিলে স্ত্রীর আদর নাই। তাহা হইলে স্বামী তাহাকে ইচ্ছামত ত্যাগ করিতে পারে! বহু-বিবাহ চীন দেশে নিষিদ্ধ। একজন লোক, এক সময়, একটী মাত্র বিবাহ করিতে পারে। তাহাকে ত্যাগ করিয়া অপর একটী বিবাহ করা চলে, কিন্তু একটি থাকিতে চলে না।

চীনদেশে সৌনদর্যোর বিচার পা দেপিয়া হয়। যার পা যত ছোট, সে তত স্থানরী। বিবাহের পূর্বে মেয়ের কেমন রঙ, কেমন গড়ন, কেমন মুখ্ছী, সে সব প্রশ্ন উঠেনা। লোকে জিজ্ঞাসা করে, "তার



পা ছোট কৰিবাৰ পাছকা-বন্ধ।

তিন ইজি হইলেই
সর্কাপেকা ফুলরী
হয়। সেই কারণ,
শিশুকাল হইতেই
পায়ের আফুলকটি
মুবড়াইয়াদিয়াপায়ে

পাকত বড ?" পা

জ্তাপরাইয়। ক্ষেত্রয়া হয়। উদেশু, স্বাভাবিক নিয়মে পা বাড়িতে নাপারে। ইহাতে শিশুর যন্ত্রণার একশেষ হয়। কতদিন ধরিয়া কটে অধীর হইরা তাহারা অহরহ কাঁদে। কখনও কখনও আকুলগুলি প্রিয়া থসিয়া পড়ে। পা এত ছোট করে বলিয়া চীনে স্ত্রীলোকের। ভাল করিয়া চলিতে পারে না।

চীনদেশে স্ত্রীলোকদিগকে আত্মহত্যা করিতে প্রায়ই শুনা যায়।
শাশুড়ীর অত্যাচারই তাহার একটি প্রধান করেও। শাশুড়ীর কথার
তাহাদের মরণ-বাঁচন নির্ভর করে। হর্জল স্ত্রীলোকের উপর অল্পনিতর
অত্যাচার পৃথিবীর সকল প্রাচীন দেশেই প্রচলিত ছিল। এখনও
এসিয়ার অনেক দেশে রহিয়াছে। সেই অত্যাচারের অধিকার অক্
রাধা অনেকস্থলেই সামাজিক ধর্মের অক্সম্বরূপ। পাশ্চাত্য সমাজের
এই একটি বিশেষ গুণ—স্ত্রীজাতির এই হীন, ক্ষ্ঠকর অবস্থা হইতে
কতক পরিমাণে মুক্তিদান। আরমিনিয়া প্রভৃতি এসিয়ার কোন
কোন স্থানে পাশ্চাত্য সমাজের অমুকরণে স্ত্রীলোকের যন্ত্রণার অনেক
লাখন হইয়াছে।

বিধবা স্ত্রীলোকের দ্বিতীয় বার বিবাহ হইবার নিয়ন নাই।
তবে দরিক্রলোকের ঘরে বিধবা-বিবাহ-প্রথা প্রচলিত আছে। যদিও
বিধবা-বিবাহ-প্রথা নাই বটে, কিন্তু উপপন্নী ভাবে অস্তের সঙ্গে থাকিবারনিয়ম আছে। তাহাদের গর্ভজাত সন্তান-সন্ততি বিবাহিতা স্ত্রীর গর্ভজাত সন্তান অপেকা হেয় হইলেও আইনাক্র্যারে একেবারে নিয়াশ্রম নহে।
তাহারাও মাতার উপপতির বিষয়ের কিছু কিছু অংশ পায়। আবার এদিকে সহমরণের প্রথাও প্রচলিত আছে। সহমূলা ক্রীলোকের স্থানর কথা আর লোকের মুথে ধরে না। আমাদের দেশে যেমন অলন্ত চিতার প্রবেশ পূর্বাক সহমরণ হইত, এখানে সেরপ হয় না। জনসাধারণের সক্ষাথে একটা স্থানে দড়ি টাঙ্গাইয়া তাহা ঘারা গলায় দড়ি দিয়া মরা বা মারা হয়; আর সেই স্থানে পবিত্র ক্রিত-চিক্ন ব্ররপ চীন রাব্রোর সরকারী ধরতে একটা প্রবেরস্কুপ নির্মিত হয়।

বখন এই সকল কথা ভনিতেছিলাম, তথন আমার গায়ে কাঁচা দিয়া উঠিতেছিল। নিজেদের দেশের প্রাকালের কথা ভূলে গিরে আমি তাহাদিগকে বর্ধর জাতি ব'লে মনে করিতেছিলাম। সেই



সহস্তাৰ স্থাত স্তম

চীনদেশীয় ভদ্ৰলোক তাঁহার স্থালবাম (ছবির থাতা) থূলিয়া হু'এক থানি সহমূতার প্রস্তর-কূপের ছবি স্থামাকে দেখাইলেন। এথানে তাহার নকল ছাপাই-লাম।

ত্রথন যদিও আইন
অন্থারে ও দকল প্রথা
নিদিদ্ধ ইইয়া গিয়াছে,
তবু মাঝে মাঝে দহমরণ এখনও ঘটিতে
দেখা যায়। অন্ধু তাই
নয়। আজও চীনাললে
কন্তাসন্তানকে নারিয়া
ফেলিতে শুনা যায়।
পূর্ব্বে সচরাচরই একপ
ঘটিত। কন্তায়কি কুল
হিমাবে উপযুক্ত পাত্রে
না পড়ে বা ছঃশীলা

১ম, পিতার তাহাতে মাথা হেঁট ও বংশমগ্যাদার হানি হয়। পাছে

এইরূপ ঘটে, এই আশ্রমায় কল্লাসন্তান জ্বিলেই তাহার প্রাণ্ বিনষ্ট ক্রাহয়। পিতানাতার সন্তানের উপর অসীম ক্ষমতা। জীবননাশ ও দানবিক্রয় সকলই করিতে পারেন। কোন কোন সহরের বাহিরে প্রকাণ্ড পুকুর দেখা যায়। তাহার জলে শিশুকল্লাকে প্রকাশ্তে ভ্রাইয়া মারা হইত। আমাদের দেশেও অমন শিশুহতা। (Infanticide) সেদিন অবধি প্রচলিত ছিল। লর্ড উইলিয়াম বেটির শিশুহতা ও সতীদাহ এককালে রোধ করেন। ধ্যের নামে কতই কদাচার সামাজিক আচার-বাবহারে ঠাই পাছ। কতই স্বার্থপর জ্বল্প প্রথা এইরূপে ধর্মা নামের চিরপবিক্রতা নই করে।

হংকং ইংরাজরাজস্ব। এথানে ওসকল প্রথার লেশমাত্র নাই।
এময় প্রভৃতি চীন-সগাটের রাজস্ব। তথায় এখনও কন্তা-হত্যা, সহমরন, শিশুবিক্রয় ও লঘুপাপে অতি শুরুদ্ধ হইয়। থাকে। সম্ভানের
উপর পিতামাতার অসীম ক্ষমতা,—তাহাদের প্রাণবিনাশ ও তাহাদিগকে বিক্রয় প্রভৃতি তাহারাই করিতে পারেন। রাজ্যের রাজার ও
তাহাতে দ্বিরুক্তি করিবার অধিকার নাই। দরিত্র লোকেরা অনেক
সময়ে বাজারে ছেলে-মেয়ে বিক্রয় করিতে আসে। আমি এ সকলসকলে দেখি নাই। তবে ছেলে বিক্রয়ের যথার্থ ফটোগ্রাফ এময় সহরে
দেখিয়াছি।

আমাদের এই সকল কথা হইতেছিল, এমন সময়ে পাশের ধরে একটা কচি ছেলের কালা শুনা গেল। গৃহিণী এতকণ আমাদের সঙ্গে মতি আগ্রহের সহিত কথাবার্ত্তা কহিতেছিলেন। কালা শুনিবামাত্র তিনি তথনি বাস্ত হইয়া সেই দিকে ছুটলেন, ও অল্লফণ পরে পরিকার পরিছেল পোষাক পরিহিত, মাথায় পাতলা লাল ফিতা বাধা একটা ছয় মাসের ছ্মপোষ্যা শিশু কোলে ক'বে আমাদের নিকট ফিরিয়া আসিলেন।

আমি ছোট ছেলে বড় ভালবাসি। সেই ছেলেটকৈ কোলে লইবার

জন্ম হাত পাতিলাম। এক মুথ হাসিরা থোকার মা আমার কোলে ছেলেটিকে দিলেন। কে জানে কেন ছেলেটিও ঝাঁপিয়ে আমার কোলে এলো। আমি অপরিচিত আমার দাড়ি আছে, সে কথনও তাদের দেশে দাড়ি দেথে নাই, তবুও সে কেন অমন ক'রে আমার কোলে ঝাঁপিয়ে এলো বৃঝিতে পারিলাম না। বোধ হয় যারা ছেলে ভাল বামে শিশুরা তা বৃঝিতে পারে।

আমি তাকে কোলে নিষ্নেই জিজাসা করিলাম—"তোমাদের দেশে নাকি বাছা, ছেলে বেচে—মেয়ে মেরে ফেলে ?" শিশু কিছু না ব'লে আমার দাড়ি ধরে টানলে। আমি তাকে কোলে ক'রে দোলাতে লাগিলাম। তার ননীর মত হাত ছটি ধ'রে আদর ক'রতে লাগিলাম। আতে আতে তার নরম গাল ছটি টিপিবামাঝা শিশুর মূথে হাসি ফুটিল। এতক্ষণ ইংরাজীতে কথা ব'লছিলাম, অমনি সে ভাষা একেবারে ভূলে গিয়ে নিজের ভাষায় ছেলে আদর করার একটি প্লোক আমার মনে এলো। ইছলা হলো সেই প্লোকটি চেচিয়ে ব'লে থোকাকে চুমু থেতে থেতে আদর করি.—

"সরল মুখে মধুর হাসি আকুল করে মন।
. প্রাণ ভুলান এমন হাসি কোথায় পেলি ধন ?"

তার মুখে পথা ফ্লের মত স্থাক। মুগের কাছে নাক নিয়ে গিয়ে বাল ঠোটে ঠেকিবামাজাই, তানাগ্র মনে ক'রে, শিশু আমার নাকের ডগ চক্চক্ ক'রে চুবতে লাগল। তাতে আমার সমত শরীরে এমন একটী মধুর ভাব এলো যে, ইঙা বহুও বেন আমি আর নাক দ্রিয়ে নিতে পারিলাম না আপনা আপনি চোগ বুছে আমতে লাগল। খোকারা খবন মাই খার তথন তাদের মা'দের বুঝি এমনি মধুর আবেশ হয়। খোকার মা আমার আনন্দ দেখে মধুর কঠে, উচ্চ হাদি হেদেই আকুল।

কুধা পাইয়াছে, বুঝিয়া আমি শিশুটীকে মার কোলে দিলাম, **मरन कतिलाम, जिनि इब्रज मारे फिर्टन। जिनि किन्छ मारे फिर्टन** ना। এक नामीरक इध जानिए वनिएन। अनिनाम, উহা গরুর বা ष्पात कान পশুর ছধ नয়, স্ত্রীলোকেরই স্তনের ছধ গেলে ঈষৎ গরম ক'রে, ছোট হালকা লাল নীল দাগ কাটা কাঁচকড়ার বাটীতে সেই ছধ নিয়ে এল। ছধ খাওয়ার ঝিফুকটী যেন এক রকমের.—না ঝিত্বক, না চামচে। তাই দিয়ে পাছে হুধ প'ড়ে জামা ভিজে যায় বলে, ছেলের গলায় শাদা রুমাল বেঁধে হুধ থাওয়াতে লাগলেন। থাওয়াবার সময় ঠিক আমাদের দেশের ছেলের মত ছেলেটী পা ছুড়ে কাঁদতে লাগল। ছেলের কান্না ও ছধের বাটির শব্দ ভনে কোথা থেকে একটা পাটকিলে রঙের ঝাকড়া লোমওয়ালা মোটা সোটা চীনে বিড়াল নিমিষের মধ্যে তথায় এদে জুটলো। ছেলে ভুলাবার জন্ত মা কত কি চীনে বুলি স্থায় ক'রে বলতে লা'গলেন। বোধ হয় ব'লছিলেন,— "আয় পুদী আয়,—থোকন ছধ থাবেন। আয়। থোকন থাবেন তোরাও থাবি।" বিড়ালটীও সামনে বদে কৃতজ্ঞভাবে অনুচ্চ মধুর चरत रयन शृहदरनत ७७ कामना क'रत वन्छिन,--"मा, जूहे ऋरथ থাক, তোদের ভাত-জল থেয়েই আমরা সাত পুরুষে মামুষ হয়েছি। जुड़े ना नित्न (के त्नर्य ।" शर् यं यं था अयो (संघ इ'रम्र त्यरं जा नागतना তত আরও আগ্রেই দে ঘাড় তুলে চেঁটাতে চেঁটাতে ব'লতে লাগল,--"দেখিস মা অক্তমনস্ক ছ'য়ে খাওয়াতে খাওয়াতে আমার কথা একে-বারে ভূলে গিয়ে যেন সব হধটুকু খাইছে ফেলিস না। তোর ধনে-পুত্রে লক্ষীলাভ হোক, নাতিপুতি নিয়ে, পাকাচুলে সিঁহুর প'রে স্থা সোয়ান্তিতে ঘরকরা কর।"

এময়। 💛

[প্রথম প্রস্তাব।

হংকং বন্দর হইতে বাহির হইবার পথ দেখিতে অতি স্থন্দর। কাউলন নামক যে স্থানের কথা আগে বলিয়াছি, সে স্থান এই পথেই অবস্থিত। সেটা সেনা-উপনিবেশ ও রসদাদি সংগ্রহ করিবার একটা প্রধান আন্ডা। অতি স্কৃঢ়কেলাদারারক্ষিত। যতদূর দেখা যায় কেবল কার্থানা, যুদ্ধের জাহাজ, আর ধ্বজা-পতাকা উড়ান প্রাচীর-বেষ্টিত কেলা। সেথানকার পাহাড়গুলিও তেমনি দেখিতে। কালো **কালো অতি প্রকাণ্ড** পাতরের স্তৃপ; মাটা নাই—গাছ পালাও নাই। দেখলে যেন ভয় করে। ভীমবেগে সাগরতরঙ্গ গুলি তাহাদের গাতো লাগিয়া ফেনীল হইয়া যাইতেছে। পাহাড়ে পাহাড়ে প্রতিহত হইয়া সে বিষম জল-কল্লোল কতই বা ভয়ানক খনায় ! মনে হয়, যেন সমুজে আর বেলা-ভূমিতে ভুমুল যুদ্ধ হইতেছে। কোনও কোনও স্থানে ছটী পাহাড়ের মধ্যে বাহির হইবার পথ কেবল মাত্র কলিকাতার গঙ্গার মত চওড়া। ওরূপ স্থলে, ওরূপ স্থান্তরূপে রক্ষিত স্থানের নিকট শক্র জাহাজ আসা একেবারে অসম্ভব। ভুমধ্য সাগর প্রভৃতি অভান্ত সমুত্রের উপর আধিপতা স্থাপনের দঙ্গে দঙ্গে ভবিষ্যতে প্রশাস্ত মহা-শাগরের উপরও আধিপতা স্থাপনাশায় এ স্থানটা এমন স্থুদৃত্রপে রক্ষিত 9 প্রতিষ্ঠিত হইয়াছে।

হংকং হইতে এমর বাইতে সচরাচর একদিন লাগে। কিন্তু আমরা পাঁচ দিনে তথার পৌছিলাম। চীন সমূদ্রের অবস্থা এতই ভরানক ছিল বে, যে জাহাজ ঘণ্টার পনর মাইল চকে, তাহা ছই মাইল মাজ 5লিতে লাগিল। , সামনের দিক হইতে অতি প্রবল হাওয়া ও প্রকাও প্রকাও চেউ আদিয়া জাহাজের গতিরোধ করিতে লাগিল। এ সম্বন্ধে অনেক কথা "চীন সমুদ্র" নামক প্রবন্ধে বলিয়াছি।

পাঁচদিন পরে যণন এময়ের নিকটবর্তী হইতে লাগিলাম, তথন মনে হইতে লাগিল, এইবার ইংরাজ অধিকার ছাড়িয়া থাস চীন-রাজতে আসিয়াছি। তীরভূমি কালো কালোপাতরের পাহাড়ে আছের। সমূদ্রেও সেইরূপ পাতরের দ্বীপ চতুর্দিকেই দেখা ঘাইতেছিল। কোন কোনটার উপর ছোট ছোট চীনে কেলা নির্মিত। তথায় গাছ পালা নাই। মাট নাই, স্থতরাং গাছ পালা কোথা হইতে জ্বিবে ৪ কেবলই পাতর।

আরেও নিকটবর্তী হইলে দূর থেকে দেখা যাইতে লাগিল,—পাহাড়ের পাতরগুলি তারে তারে কাটা। তার উপর মাটী বিছাইয়া শস্ত বৃনা হইয়াছে। সেইগুলিই এ সকল স্থানের শস্তক্ষেত্র। পরে শুনিলাম, ৫০০ শত কি ৬০০ শত কূট নীচে হইতে জল আনিয়া তাহাই সেচন করিয়া, তবে এই সকল কেত্রে শস্ত জ্লান হয়। কত রকম দেশী সার দিয়া ভূমির উর্করতা রক্ষা করে। কৃষককে বৎসরের আট মাস পর্যাপ্ত ১৪ হইতে ১৬ ঘণ্টা করিয়া প্রতিদিন পরিশ্রম করিতে হয়। ক্ষেতে উদ্ধাণ ছইটা ক্ষল পাওয়া লায়। লোক-সংখ্যা এত অধিক ও এমন স্থানাভাব যে, এইরূপ জ্মিতে চাষ না করিলে, চাষ করিবার আর জ্যানাভাব যে, এইরূপ জ্মিতে চাষ না করিলে, চাষ করিবার আর জ্যানাভাব যে, এইরূপ জ্মিতে চাষ না করিলে, তাম করিবার সার জ্যানাভাব লোকর তারতবর্ধের কথা মনে হইতে লাগিল। সোনার সমতল ভারত-ক্ষেত্রে কত নদী, জনির কত উর্করতা! এ দেশে লোকে ছর্ভিক্ষেমরে কেন ? চীন লেশের লোকের মত উল্ছোগী ও বৃদ্ধিজীবী হহলে এমন দেশে কথনও অজ্যা ও অকাল হয় না।

চীন দেশে যে চাউল জন্মে, তাহাবড় ভাল নয়, বড়বেশীও নয় ও তাহার বড় আন্দরও নাই। তাহা দেখিতে লখা লখা। অক্লদেশ হইতেই চাউল রপ্তানি হইয়া এ সকল স্থানের লোকের থাস জোগায়। থান্তের জন্ম চীনরাজ্য সম্পূর্ণরূপে অন্ত দেশের মুর্থাপেক্ষী। পুর্বের প্রক্ষণে হইতে চাল আমদানী হইয়া দক্ষিণ চীনের ক্যাণ্টন সংরের প্রকাণ্ড চীন থাল দিয়া পিকিন্তে আসিত,—আজকাল জাংগাজে আসে, আর আফিম আসে ভারতবর্ষ হইতে। মোটামুটা বলিতে গেলে, চা-ই কেবল এ সকল ক্ষেত্রে চাব করা হয়। কেহ কেহ কিন্তু লুকাইয়া আফিমেরও চাব করে। তাহাতে জমির উপারাশক্তি বড়ই কমিয়া বালিয়া, জমিদারগণ তাহাতে আপত্তি করেন।

চীন দেশের চা পৃথিবীর মধাে শ্রেষ্ট। এইখানেই চার প্রথম উৎপত্তি এবং এথনও এখান ইটতে রাশি রাশি চা রগ্থানি হইয়া দেশ দেশাঁস্থরে যায়। ইয়াঙ-সি-কায়াঙ নদীর সমুদ-মোহানা হইতে দেড় হাজার মাইল উপরে হানকাউ নামক হানটা উওর চীনের যত চা রপ্তানির আড়ং; জাপান ও ক্ষের হাতেই যে সকল চা বেশাঁ পড়ে: মার দক্ষিণ চীনের চার আড়ং কাােউন। ইংরাজ বাহাডরেরা এখানকাং চা হতগত করেন। ভারতবর্ষে যে চীনের চা আমদানি হয়, সে সবই এখান হইতে রপ্তানি হয়। তবে আজকাল ভারতবর্ষ ও সিংহলে অতি উপা্দের চা জয়ে বলিয়া চীনের চার আমদানি আনেক কমিয়া গিয়াছে।

চীনদেশের চার একটী বড় ফুলর ফুগন্ধ আছে। এইরপ সৌরভ অন্ত কোথাকার চা'তে নাই। পূর্কেই বলিয়াছি, চীনের বড়ই চা বাবহার করে। দিনের মধ্যে কতবার যে তাহার চা পান করে, তার ঠিক নাই। কাহারও বাড়ী যাইলেই সর্বাগ্রে চা দিয়া অভার্থনা করা হয়। তবে সে চা ছোট ছোট পেরালা করিয়া দেওয়া হয়। এক একটা পেরালার আধ ছটাক মাত্র ধরে। আমেরা এদেশে যে সকল প্রালা ব্যবহার করি, ইহার মাপ তাহার তিন চারিগুণ। চীনেরা চারে ছধ বা চিনি মিশায় না। তাহারা সব্জে চাবড় ভালবাসে, তাহার গক্ষও অতি হৃদর ও উহা বড়ই উত্তেজক। অনেকে আবার চায়ের সহিত লেবুর রস মিশাইয়া থায়। ঐকপ চা এক চুমুক পেয়ে আমার মাথা মুরে গিয়েছিল!

এময়ের বন্দরে চুকিবার পথে আমাদের অনেক দেরি ইইল। এ
সকল স্থান ত আর ইংরাজ-রাজ্য নহে,—সমিহ করিয়া চুকিতে হয়।
তথন জাহাজের মাস্তলে "ড়াগন" আঁকা চীনে নিশান উড়ান হয়।
বন্দরের বাহিরে নঙর করিয়া জাহাজ পাইলটের জন্ম ঘন দি চী
দিতে লাগিল। এথানে প্রায় ৫।৬ ঘণ্টা দেরি ইইল। এমন দেরি
কোণায়ও কথন হয় নাই।

তুকিবার পথেই দেখিলাম, অনেকগুলি যুদ্ধের জাহাজ ও কুজার জাতীয় জাহাজ নঙর করিয়া রহিয়াছে। তার মধ্যে মার্কিণ ও ফরাসী জাতির জাহাজই বেশী। সবগুলি হৃসজ্জিত, সব যুদ্ধের জস্ত প্রস্তত। কাহারও বা চারিটী মাস্তল, কাহারও বা তিনটী, কাহারও বা চুইটা। স্তরে স্তরে সারি মারি ঘূলঘূলি সাজান; তাহার ভিতর দিয়া কামানের মুখ বাহির হইরা রহিয়াছে। মাস্তলের উপরে উপরে লোহার মাচা বাধা; সেখান হইতে বন্দুক ছুড়ে। এইরূপ কুটিল স্থান হইতে গুলি আসিয়া ট্রাফালগার যুদ্ধে বীরবর নেল্সনের বুকে লাগিয়াছিল। সেই আঘাতেই তিনি পঞ্চর পান; কিন্তু মরিবার পূর্বেজ জয়ঘোষণা ভূনিয়া গিয়াছিলেন। রেলিংএর চারি ধার হইতে কালো কালো চলচ'লে পোষক-পরা গোরা নৌসেনাগুলি আমাদের দিকে সবিদ্ধের চাহিয়া দেখিতে লাগিল। কে জানে কেন ?

এথানে বন্ধরের এক নৃতন রকম বাবস্থা; এক ধারে ভিন্ন দেশীর জাহাজ থাকিবে, আর এক ধারে চীনে জাহাজ থাকিবে। চীন এলাকায় প্রথম আসিয়া নগুর করিবার সময়কার দৃষ্টাটী এথনও আমার মনে স্থাপট্রপে জাগিয়া আছে। সমুদ্রবফ'নৌকায় আছেয়। শত শত সাম্পান ক্ষিপ্রতার সহিত অগ্রসর হইতে লাগিল। মেয়ে পুরুষের উত্তেজনাপূর্ণ গলার শব্দে চতুদ্দিক প্রতিধ্বনিত হইতে লাগিল।

চীনেম্যানরা এদেশে স্বাধীন। ইংরাজ প্রভৃতি বিদেশীয়গণ এখানে চীনের প্রজা। বিদেশীয় রাজপ্রতিনিধিদের (কন্সল) বসতির জন্ত দুরে ্কটী দ্বীপ নিদ্ধি আছে। সেখানকার রাজপ্রতিনিধিবর্গের প্রামাদ হুইতে ভিন্ন দেশের ভিন্ন রকম পতাকা উভিতেছে। প্রথমেই আমেরিকার আজ্ঞা। তার পরেই জাপানের (Rising Sun) "উদীয়মান" স্র্বোর াল ছবিযুক্ত নিশান সদর্পে উড়িতেছে। যেন সবে মাত্র অতল জল ২ইতে উঠিয়াছে: অনস্ত আকাশে এখনও যে কত উঠিবে তার ইয়ত্তা নাই। তার পর ইংরাজ দুতনিবাস। সে বাড়ীটা দেখিতে বেশ উচ্চ, পর্বতের উপর অধিষ্ঠিত : কিন্তু ওসকল স্থানে উহার ধ্বন্সার যেন তত বাহার নাই, তত দর্পও নাই। তার পাশেই ফ্রাসী ও জাম্মান দূতাবাদ, তিন রঙের ডোরা কাটা ধ্বজা পতাকা। দ্বীপটা পাহাড্নয়. ফুলর ফুলুর বাড়ীগুলিও পাহাড়ের উপর নিশ্মিত। দ্বীপ বলিয়া অনেকটা নিরাপদ : আর সভ্য জাতির আড্যাস্থান বলিয়া পরিপাটীর পে সাজান। দেখিতে যেন ছবির মত স্থন্দর। তার ভিতরে গিয়া দেখিব ার পর আমার বিশ্বয়ের আরে সীমারহিল না। সকল আবশ্রকীয় জবাই च्थात्र आह्य ; त्वजाहेवात्र वाशान, त्वाज्रानीरज्ञ मार्घ, जेशामनात धन-गिनत, शांत्रश्चान, नारेटबती, हाटिन, थिरब्रोत्त,-श्वन आ जित আবক্তকীয় সুবই বর্ত্তমান। সুমস্ত দ্বীপটী যেন একটা বাগান: এমনি স্বসজ্জিত, এমনি পরিপাটী। সকল জাতিই বিদেশে নিরাপদের জন্ম পরস্পরে মিলে মিশে একত্র হইয়া বাস করিতেছে।

অপর দিকে,—দূরে চীন-এময়। সেধানকার সব বড় বড় পাতর-নির্মিত বাড়ী। কতকগুলি ইউরোপীয় ধরণে গঠিত; কতক**গু**লি বা টানে প্রণালীতে গৃড়া। চালু ছাতওয়ালা বাজার। গৃহস্থদের ছোট্, বাড়ীগুলির থিড়বালীতেই সমুদ্ধ,—ছোট ছোট ধাপ দিয়া তাদের বাড়ীতে উঠা যায়। যেথানে সেথানে "ড্রাগন" আঁকা চীন দেশের নিশান উড়িতেছে। আর অতি দুরে,—সহরের একদিকে একটা উচ্চ পাহাড়,—তার গায়ে গায়ে খেত পাতরের স্থূপ। সেগুলি যে কি, দূর হইতে তাহা দেখিয়া বুঝা যাইতেছিল না। পরে যথন সেই পাহাড়টীতে উঠিয়াছিলান, তথন জানিলাম সেগুলি চীনেদের গোরস্থান। আর সেই পাহাড়েরই অভ্যাচ চূড়ায় এক প্রকার পাতরে অতি প্রাচীনকালের চানে ভাষায় লিখিত প্রস্তর স্থ আছে। এই প্রাচীন স্থানটিত টানেদের প্রপ্রস্থাণ কত শতাক্ষি ধরিয়া অনন্ত নিদ্রায় নিদ্রিত; এইজন্ম এ স্থানটি পুণাস্থান বলিয়া বিবেচিত হয়।

বন্দরটা নৌকা ও জাহাজে পরিপূর্ণ। বন্দরে ঢুকিবামাত্রই পোষ্টাফিস হইতে, কষ্টম হাউস হইতে, পুলিস হইতে, ভিন্ন ভিন্ন সওদাগরদের আফিস হইতে স্থামার ও সাম্পান আসিন্না আমাদের জাহাজ থিরিল। তার ভিতর অনেকগুলিতেই ইউরোপীয় কণ্টচারী, তাঁরা সকলেই ইংরাজী জানেন। নৌ-পুলিসের জাহাজথানি আসিন্না, যতকণ লোক জন নামা-উঠা করিতে লাগিল, ততকণ পাছে লোক জনদের কোনওকপ বিপদ-আপদ ঘটে, এই আশক্ষায়, আমাদের জাহাজের চারিদিকে ব্রিয়া বেড়াইতে লাগিল।


রাত্র আগত হইলে এই চীন বন্ধরে একটি দৃষ্ঠ দেখিলাম, যাহা পূর্ব্বে কখনও দেখি নাই। স্থান্ধর বেশভ্রা করিয়া চীন দেশীয় গণিকা-গণ সাম্পানে, দলে দলে জাহাজে আসিয়া উঠিতে লাগিল। যাত্রীর ভাণ করিয়া নহে, কোন কিছু বেচিবার অছিলা করিয়াও নহে, প্রকাষ্ঠ ভাবে—শীকার উদ্দেশে তাহারা জাহাজে আসে ও তাহাদিগকে আসিতে দেওয়া হয়। শুনিলাম পূর্বে জাপান দেশের ইয়াকোহামা

জালায় তাহারা ওরপ করে। আর পারিতোধি-

দারুণ অভাবই ইহার এক-

গান্ধীৰ্গোর কথা পৰ্কে

প্রভৃতি বন্দরেও এইরূপ প্রথা প্রচলিত ছিল। এখন আইন পাস করিয়া



विविधाष्ट्रि, छोटा टेटाएन द মধ্যেও অকুগ্র আছে। আর দেখিলাম, যে সকল এময়-বন্দর।

লোক তাহাদের সহিত পরিচয় করিল, তাহারাই আবার পরক্ষণে তাহা-দের ঘুণা ও ঠাট্রা বিদ্রূপ করিতে লাগিল। পাষ্ডরা তথন ভূলে গেল যে তাছার। নিজেও সমান অংশে দোধী। সে সময়ে আমাদের দেশের কর্মবীর দুয়ার সাগর বিভাসাগরের কথা মনে হ'তে লাগিল। রমণী-গণকে ওরূপ বিপন্ন দেখুলে তাঁহার ননে কত কট হতো। ভাতের থালা সামনে দিলে ছভিক্ষপীড়িত দেখের অনশন-ক্লিষ্ট প্রজাদের কণা ভাবিয়া তার চোথে জল আসিত।

এময়।

[হিতীয় **শ্ৰে**য়াব।]

সকল দেশেই চীনেম্যান দেখা যায়, কিন্তু সকল দেশের লোকেই তাহাদিগকে এক রকম অন্তুত লোক বলিয়া মনে করে। দেখিতে এক রকম, পোষাক এক রকম, মেয়ে মান্থ্য নয়, অথচ পৃষ্ঠদেশে বিলম্বিত বেণী। ইহারা কাহারও সহিত মিশতে জানে না। মুথে হাসি নাই, সদাই গন্তীর এবং যাহা পৃথিবীর সকল লোকের হের এমন সব থাত্য থায়। এই সকলই অন্তুত মনে করিবার কারণ। আমাদের বাড়ীর ছেলেরা তো চীনেম্যানের নাম শুনিলেই "হং-ছং-পং" ক'রে ভেঙ্গার! চীনেম্যান সম্বন্ধে কোনও কথা বলিলে, 'ছুজুবুড়ীর' গল্প শুনার মত সভয়ে অতি আগ্রহের সহিত চুপ করিয়া শুনে। আমি দিনকতক মাত্র জাহাজে বেড়াতে গিয়ে চীন দেশ দেখে এসেছি, তাতেই কত নাম। ব্রহ্ম ও মাল্য দেশ দিয়াও গেলাম, তার নাম কে্ট করে না, কিন্তু চীন দেশে কি দেখিলাম সেই থবরই স্বাই শুন্তে চায়। এই সকল হইতে বুঝা যায়, চীনজাতি ও চীনদেশকে লোকে বথাথাই অন্তুত বিলয় মনে করে।

বান্তবিকই তাহারা অছুত। বহুদিনকার পুরান এক রকম রীতিনীতি তাহাদের মধ্যে আজুও চলিতেছে। বাহির হইতে ইহারা কোনও পরিবর্ত্তন লইতে চাহে না। অত প্রাচীন বা অতবড় বিশাল রাজ্য আর নাই। আর এতাবংকালের চীনের ইতিহাসও অতি বিশ্বরুক্র।

সকল দেশেরই পুরাতন ইতিহাস অনেকাংশই অজ্ঞাত। সেই

অজানা অংশটুকু প্রায়ই দৈবী ঘটনা দারা উৎপদ্ধ বলিয়া ব্ঝান হয়।
চীনদেশের ইতিহাসের প্রারম্ভেও সেইরূপ দৈবৌ্ধপত্তির বিবরণ পাওয়া
যায়। পুরাকালে পৃথিবী ও আকাশ একত্র ছিল। তাহারা পৃথক
হওয়ার পর দেববংশই পৃথিবীতে রাক্ত্ত্বকরিতে লাগিলেন। তাই
চীনেন্যানরা আপনাদিগকে "স্বর্গীয়" বলে। তারপর নরবংশের
আবির্ভাব। এই তো গেল চীনে মতে চীনরাজ্যের উৎপত্তির
বিবরণ।

কিন্তু প্রকৃতব্বিদ্ পণ্ডিতদের মতে খুঠ পূর্ব ২৫০ শতালীতে প্রথম চীনজাতি কশ্প স্থানের দক্ষিণ তীর হইতে চীনদেশে প্রবেশ করে। বেবিলেন দেশীয় লোকদের সহিত তাহাদের যে নিকট সম্পর্ক ছিল, তাহা তাহাদের জ্যোতিষ ও ভাষাদি অনেক বিষয় হইতেই বুঝা যায়। ক্রমে ক্রমে তাহারা আদিমবাসীদের জয় করিয়া দেশ অধিকার করে। সে সময়ে অনেক ছোট ছোট রাজার অধিকারে দেশটী বিভক্ত হইয়া ছিল। তাহারা প্রায়ই পরপেরের সহিত কলহ করিত। পরে খুঠ পূর্ব ২৫০ শতান্দীতে প্রভাগাবিত "সিন্" বংশীয় রাজাদের সময় চীনদেশের অধিকাংশই এক রাজায়ক্ত হইয়া যায়। এই সময়েই উত্তর তাতার জাতীয় শক্রদের আক্রমণ হইতে রাজ্য বাচাইবার জন্ম চীনদেশের বিস্তীর্ণ প্রাচীর গাঁথা হয়। তাহা আলও অবধি পৃথিবীর অতি বিস্মৃত্বক প্রদার্থির মধ্যে একটা সর্ব্বেধন বলিয়া গণ্য।

প্রাচীর ত্লিয়াও তাতারের আক্রমণ হইতে দেশ রকা করিতে না পারাতে, তাহারা মোগলদের সাহায্য প্রার্থনা করিল। মোগলরা আসিয়া তাতারদের দমন করিল বটে, কিন্তু নিজেরাই দেশ অধিকার করিয়া বসিল। পরে "মিঙ্" বিলোহের সময় মোগলদের তাড়াইয়া দিয়া চীনেরা পুনরায় স্বাধীনতা লাভ করে। কিছু বংসর পরে একজন বিলোহীকে দমন করিবার জ্ঞা তাতারদের আহবান করা হয়!

তাতারগণ আসিয়া বিদ্রোহী দমন করিরা নিজেরাই পিকিঙে রাজা হইনাবদে।

দেই অবধি মাঞ্-তাতারগণই চীন দেশের অধীধর। রাজ্যে যুদ্ধ-বিগ্রহাদির জন্ম যত বড় পদ, সব তাহাদেরই করায়ত। সকল বড় বড সহরে তাহাদের থাকিবার জন্ম দর্কোৎকৃষ্ট স্থানটুকু নির্দিষ্ট আছে। সাধারণ চীনে লোক সেখানে থাকিতে পায় না। আমাদের যেমন কলিকাতার ভিতর সাহেবদের জন্ম থাকিবার স্থান চৌরঙ্গী, সেথানেও রাজবংশীয় তাতারদের থাকিবার জন্ম সেইরূপ বাবস্থা আছে। তবে আমরা ইচ্ছা করিলে চৌরঙ্গী গিয়াও থাকিতে পারি চীনেরা সে সব স্থানে তাপারে না। এক পিকিঙেই একটির ভিতর একটি – এইরূপ চারিটা গণ্ডী আছে, তার সর্ব্ব বাহিরের গণ্ডীটা ব্যবসায়ীর অভেচা (Commercial or Chinese City); এই খানেই সাধারণ চীনে লোক বাস করিতে পারে। তাহার মধ্যে তাতার সহর (Tartar City); সেখানে কেবল রাজজাতি তাতার বংশীয় লোকেরা থাকেন। তার মধ্যে রাজকীয় সহর (Imperial City): সেখানেই রাজসভা ও সরকারী আফিস: তাতার বংশীয় রাজকর্মচারীদের বাস। তার মধ্যে আবার নিষিদ্ধ সহর (Forbidden City); সেথানে কেবল রাজপ্রাসাল, অন্ত কাহারও প্রবেশের অধিকার নাই। চীনদেশে বিজ্লেত ও বিজি-তের এই প্রভেদ বছদিন ধরিয়া চলিয়া আসিতেছে। আমাদের ভারতবর্ষে প্রকারান্তরে আর্য্য ও অনার্য্য জাতির মধ্যে কতকটা ঐরূপ প্রতেদ কত সহস্র বংসর ধরিয়া আছে। ইংরাজ রাজত্বে রাজার জাতি প্রজার জাতিতে যে প্রভেদ, এর সঙ্গে তুলনায় তাহা কত অকিঞিৎকর কত নগণা।

এই গেল চীন রাজ্যের পুরান ইতিহাস। চীনদেশের আধুনিক ইতিহাদ র্ক্ষা মহিণীকে লইয়াই (Dowager Empress) আরম্ভ হইয়াছে বলিতে হইবে। এই চতুরা স্ত্রীলোকের হাতে চীন-সমাট আজ
৪০ বংসর ধরিয়া বন্দী আছেন। তাঁহার কুট চরিয়, জীবনের ইতিহাস
ও কার্যাবলী এক বিচিত্র কথা। সংক্রেপে তাহাই এখানে বলিতেছি।
এই স্ত্রীলোকটির নাম "তেজদী"; ইনি চীন জাতীয় নহেন।
মাঞ্জাতীয় কোনও উচ্চ কর্মচারীর কক্সা, পিকিঙে ইহার জম্ম হয়।
পিতা ইহার তাঁলবুজি ও বিভালুরাগ দেবিয়া, ইহাকে রীতিমত লেথাপড়া শিথান। চীন জাতীয় খুব অরমংথাক স্ত্রীলোকের ভাগ্যে এরপ
স্থবিধা ঘটয়া থাকে। সেই বিভালিকার ফলেই আজ তিনি অতে বড়
বিশাল চীনবাজোব অলিতীয়া ক্ষরীসারী।

কিছু দিন পরে চীনদেশে টেপিড-বিদ্রোহ আরম্ভ হইণ। পাছে, প্রথমা স্ত্রীর গর্ভে রাজার সন্তান হয়, এই আশকার, এই বিদ্রোহের স্থযোগে তেজদী বিষপ্রয়োগে রাজাকে সরাইলেন। লোকে বৃঞ্জি, , রাজ্যের গোলনালে র জা ভগ্নজনয়ে নারা গেলেন।

রাজার মৃত্যুর পর তেজদীর পুত্র চীনের সিংহাসনে অধিরোহণ করিলেন। কিন্তু তেজদী এবং প্রধানা মহিনী ও রাজভাতা রাজকুমার ত্যান, বালক রাজার "অছি" স্বরূপ নিযুক্ত হইয়া রাজকার্য্য চালাইতে লাগিলেন। রাজ্যশাসন অতি স্থচারুরপে চলিতে লাগিল। বিজোহ দমন হইল। কিন্তু সমাটের বয়ঃপ্রাপ্তির সঙ্গে সঙ্গে তিনি স্বাধীন ভাবে কার্য্য করিবার প্রয়াসী হইলেন। ইহাতে আবার গোলনাল বাধিল। নৃতন সম্রাটও আপেন মাতা তেজদীর হাতেই বিষপ্রয়োগে প্রাণতাগা করিলেন। তাঁহার পত্নী তথন গর্ভবতী ছিলেন। তাঁহার সন্তান হলৈ সেই রাজসিংহাসনে আরোহণ করিবে; তাহার মাতারই তথন ক্ষমতা বাড়িবে; এই ভয়ে তেজদী তাঁহাকেও বিষপ্রয়োগে গ্রাইলেন।

অভ্য কোনও উত্তরাধিকারী না থাকায় তেজ্দী নিজের ভ্রাতার একটি ছোট চার বছরের ছেলেকে সিংহাসনে বসাইলেন; ইহাতে তাঁহার নিজেরইক্ষনতা বজায় রহিল।

কিন্ধ বালক রাজার বয়োর্ছির সঙ্গে সপ্সে প্রধানা মহিধীর সহিত ' তাঁহার সৌহদ্য ও প্রণয় বাড়িয়া বাইতে লাগিল! তেজদীর ক্ষমতা হারাইবার ভয় হইল। অতঃপর তেজদীর বিষ প্রয়োগের ফ্লে লপত্নী প্রাধানা মহিধীরও প্রাণ বিদ্যোগ ঘটল।

চারিদিক শক্র শুক্ত করিয়া তেজদী মনে করিলেন যে, এইবার তিনি
নিকণ্টক হইয়াছেন, কিন্তু সমাট,—তেজদীকে অবজা ও অবমাননা
করিতে লাগিলেন। তাহার কোনও কথা শুনিয়া আর কাজ করেন
না। কাজেই ইহাঁকেও সরাইবার আবশ্রক হইল। এই সন্মে
চীন-জাপান-যুদ্ধ ঘটে। তাহাতে চীন পরাস্ত হইয়া অতিশয়্র ক্তিগ্রন
হয়। করমোজা শীপসহ প্রায় শ'লক টাকা ক্তিপুরণ স্বরূপ

জাপানকে দিতে হয়। এই সময়ে চীনের যার পর নাই বিপদ ঘটে। কিন্তু তেজদীর তাহাতে স্থবিধাই হইল। তিনি চীন-সমাটের যাবতীয় বন্ধবৰ্গকে সরাইয়া দিলেন। কাহাকেও নিপাত, কাহাকেও বা হানাস্তরিত করিয়া, সমাটকে এরপ নির্ধাতন করিলেন যে, সমাট রাজ্যতাগ করিতে বাধা হইলেন।

তার পর তেজদীর প্রিয় অন্থ একটি রাজবংশীয় ছেলে এখন সিংহাসনে অধিষ্ঠিত হইয়াছেন। কিন্তু এই বিধবা রাণী তেজদীই এখন সর্ব্বে সর্ব্বা।

পুর্বেই বলিয়।ছি, ইহাঁর বয়দ এখন ৮০ বংসর - কিন্তু শারীরিক মবস্থা, ভোগ-বিলাস, ক্ষমতার স্পৃহা এবং বৃদ্ধি-বৃত্তি এখনও মক্ষ্ম আছে। এমন আশ্চর্যা ঘটনা কেহ কখন কোণাও দেখিয়াছে, না শুনিয়াছে? ইনি এখনও রস্কিন রেশনের কাপড় পরেন, কানে মুক্তা ও গলায় হীরা-মতির হার ঝুলান! প্রকৃতির নিয়ম অফুলারে অঙ্কের মাংস লোল হইয়া আসিয়াছে, কিন্তু চোগের প্রথব ভাব এখনও গায় নাই। স্মানীহয়ী, পুরুষাতিনী, বিধাস্থাতিনী, নরশোধিত-পিপায় হইয়া ইনি সারিটী রাজা ও রাণীর প্রাণ হনন করিয়াছেন। তার মধ্যে ছইটী তাঁহার নিকটতম্ আয়ীয়,—একটী স্থাণী ও একটী পুরা। আর ছইটী রমণী,—তর্মধ্যে একটী গ্রহবটী। তাছাড়া কত নরনারী যে ইহার হাতে প্রাণ হারাইয়াছেন, তাহার সংখানাই।

ইঠারই প্ররোচনায় চীনদেশের বজার অর্থাৎ মুষ্টি-গোদ্ধার গোলমাল ঘটিয়াছিল। তাহারা থপন কুদ্ধ হইয়। খৃঠ ধর্ম-গালক ও চীনদেশীয় খৃঠানগণকে উৎপাত ও হত্যা করে, তথন ইনি তাহাদের বছনক্ষে লিপ্ত ছিলেন। পরে থথন পিকিঙের রাজপথে ইংরাছ ও জার্মাণ রাজদূতকে হত্যা করিয়। অপর সকল দূতদের সপরিবারে প্রাণনাশ করিবার জন্ম ব্যারেরা দূত-নিবাস আক্রমণ করে, তথন ইনি তাহাদের

পেছনে ছিলেন। ইহাঁর অভিপ্রায় ছিল, সকল বিদেশী ও বিধর্মীকে চীনদেশ হইতে চিরকালের জন্ম তাড়াইবেন। ইহা অধিক দিনের কথা নহে।বিপন্ন দৃতদিগের রক্ষার জন্ম সকল রাজ্য হইতে সৈন্ম গিয়া পড়িল।

সেই সময় হইতে চীন কতকটা দমিত হইয়াছে এবং অত্যাচারী-রাও অনেকটা নিরস্ত হইয়াছে। কিন্তু এখন অবধি এময় প্রভৃতি আসল চীনদেশে বিদেশিকে বিপাকে পাইলে, তাহারা বিষম অত্যাচার করে। সন্ধ্যার পর আর সে সকল স্থানে থাকিবার যো নাই; জাহাজে বা অক্স নিরাপদ স্থানে আসিয়া আশ্রয় লইতে হয়।

এময়।

[ভূতীর প্রস্তাব।}

যে যে স্থানে গিয়াছিলাম, তারমধ্যে দর্বাপেক্ষা আমার এময়ই ভাল লাগিয়াছিল। ইহার একটা প্রধান কারণ এই যে, এময় খাদ চীনদেশ। এথানকার রাজা চীন-সম্রাট; সব লোকই চীনে,—রীতিনীতিও সব একই রকম। বিদেশী লোক এখানে খুব কম এবং তাহাদের থাকিবার স্থানও অনেক দূরে,—একটা দ্বীপে।

া সোভাগ্য বশতঃ এথানে আমার একটা চাঁনে-বন্ধু মিলিয়াছিলেন।
আমি বে রকম চাই, ইনিও ঠিক সেই রকমের লোক। ইনি চীনগামী
আনেক জাহাজেরই এজেন্ট। নাম স্থইটিন্; ধনবান্, সদানক্ষ-চিত্ত,
আতিথি-সংকার পরায়ণ, সুবা পুরুষ। ভধু "পিজন্ ইংলিদ্" নয়, বেশ
ইংরাজীও ইনি জানেন এবং আনেক দেশও দেখিয়াছেন। ইনি
কলিকাতায়ও একবার আসিয়াছিলেন। হিন্দু কাহাকে বলে, ভারতবর্ধ
কোথায়, ইনি তা জানেন। এখানকার বিস্তর চীনেম্যান তা জানে না।
সঙ্গে ক'রে আমাকে ইনি নানা স্থান দেখালেন, কত আচার-ব্যবহার
ইত্যাদির কথা বৃথিয়ে দিলেন। তাহার সাহায্য না পাইলে এময়ের
মত অজ চীনে সহরে আমার কিছুই দেখা-শুনা হইত না।

প্রথম দিনই এখানে একটা চীনদেশীয় বিবাহ-উৎসব দেখিলাম। দেটি: শুনিলাম বরের বাড়ি। পথটি যান-বাহনে এবং লোক-জনে



ব্ৰক'নে ৷

পরিপূর্ণ, ও চীনে লঠন
ও কাগজের ধ্বজা
ঝুলান। বর-ক'নের
বেশভূষা বড়ই মনোহর। পাশাপাশি
দীড়িয়ে সবার সামনে
চিরকালের জন্য সম্বন্ধ
পাতাচেক।

এময় সহরের
অদ্রে একটা চীনে
পল্লী আছে। একণা
ভানিয়া আমার বড়ই
লোভ হইল,—চীনে-পল্লী-চিত্র ভালরূপ
দেখিব। সঙ্গে লইয়া
গিয়া দেখাইবার জ্ঞা
ভাহাকে বলিবামাত্র
ভিনি রাজি হইলেন।
এময় ও সেই পল্লীটির
মধ্যে, সেই যে পাহাড়টার উপর রকিং প্রোনে
বহু পুরান চীনে প্রস্তর-

স্তন্ত্রটী অবস্থিত, সেইটী পার হুইয়া গ্রামে হাইতে হয়। কাঁধে বছা

নান পাইতে দেরি হইলে পাছে গ্রাম না দেখা হয়, এই আশকার
ঠাহার সহিত পদবজেই চলিলাম। নাইতে বড়ই কঠু হইতে লাগিল।
তবে নৃতন দেশে নৃতন দৃশ্য দেখিতে দেখিতে বাওয়ার আননেল
পথশ্রম মনেই হইল না। সে পাহাড়টীর গামে ঘাস নাই। সাদা
মাটীতে বাধান চীনদেশের গোরস্থান চারিদিকে পরিবাাপ্ত। নৃতন
প্রান অনেক গোর রহিয়াছে,—কোথাও কোনও মৃতের উদ্দেশ
ফ্ল বা অন্ত কোনও দ্বোর উপহার নাই। প্রতি দেহ প্রোথিত
করিবার স্থানটি চারিদিকে অন্ধচন্দ্রাকারে অন্তন্ত প্রাটীর দিয়ে থের।।

এইরূপ এক নুতন সমাধিত্বলের ভিতর দেখিলাম একটি রমনী বিসিয়া আছেন। তাঁর ফুলর পা'ত্থানি পাছকাহীন ও ঘন কালো চুলগুলি এলান। তাতে তাঁকে বড়ই ফুলর দেখাছিল। নফোলখন জাতি এলোচ্লের সৌলর্য্য বুঝে না। এক কালে কুণ্ডল আছে, অপর কানে নাই। বেশ মলিন। হাতে একটি পুঁতিনী, তাতে দেখিলাম—একটি পুক্ষের ব্যবহারের ছির টুপি বাধা। আমাদের দিকে বিফারিত নেত্রে একবার মাত্র চাহিয়া পুনরার তার নিজের অস্তরের কথা নিবিইটিডে চিথা করিতে লাপিলেন। তাঁর বসিবার ভাব এমন বে দেখলে মনে হয়, এই নিজ্জন সমাধিপ্রলই তার বেন বড় প্রিয় হান হইয়াছে। বোধ হয় কোনও সতি নিকট আত্মীয়া চিররিদায় লইয়া এই সম্বাধিতলে ঘুমাইতেছেন ভাই তিনি ওস্থান ছাড়িতে চাননা। দূর হ'তে তাঁকে দেখে প্রকৃতিত্ব ব'লে মনে হলোনা। আর কল্পনার চথে অনেক কথা কেনে উঠিল। কিন্তু তাড়াড়িছিল বলিয়া তথন বেশী কিছু দেখিবার বা ভাবিবার অবসর হলোনা। তার পরদিন জনতাপুর্ব এনরের বাজারে বাশের একটি চীনে বাশী

তার প্রাদন জনতাপুণ এনধের বাজারে বাংশর একাচ চাংশ বাংশ।
কিনিতেছি, এমন সময় উচ্চত্তের বামাকঠের গান শুনিয়া ফিরিয়া দেখি,
সেই পাগলিনী গাহিতেছে। অপ্রশন্ত রাজার ছই ধারের উঁচু উঁচু
বাড়িতে সেই গাঁত প্রতি-ধ্বনিত হ'লে কাণে দেন মধু ঢালিয়া দিতে

লাগিল। স্বরটি কর্ণবদে ভরা। কোনও কোনও স্থানে তার সং কতকটা নিমূলিথিত গান্টির মত।

"বৃন্দাবনধন গোপিনী-মোহন, কাহে তু তেয়াগি রে। দেশ দেশ পর সো শ্রাম-স্থন্দর, ফিরে তুয়া লাগি রে॥"

গাহিতে গাহিতে কিপ্র-পদ-নিক্ষেপে সে সেই সমাধি-ক্ষেত্রের দিকে
চ'লে গেল। সে ছিল্ল থড়ের টুপীট তথনও তার হাতে আছে। নিশ্চর
বুঝিলাম সেটি তার সেই প্রিয়জনের স্কৃতি-চিহ্ন। যেন তাড়াতাড়ি কি
পুঁজতে যাচে। সে দিন সর্ক্রণই সে স্থরটি আমার কানে লেগেছিল।

যাইতে যাইতে দেখিলাম একটি ইতুর এক গর্গু হইতে বাহির হইমা আর একটি গর্গু প্রবেশ করিল। তার দেহ ক্ষীণ ও নিত্তেজ। হবেই তো; লোকালয়ই ইন্দুরের থাকিবার স্থান, সমাধিক্ষেত্রে কিরুপে বাচিবে। হু'এক স্থানে কিছু কিছু ঘাদ দেখিলাম—দে এত ছোট, এত বিবর্ণ যে ঘাদ বলিয়াই চেনা যায় না।

পাহাড়টির উপরে উঠিয়া অখথ গাছের মত একটী গাছ দেখিয়া চক্ষ্ জ্ডাইল। উন্তুক্ত হাওয়ায় ঐ গাছের পাতাগুলি মর্-মর্ শক্ষ্ করিতেছে। দেখান হইতে স্থনীল সমুদ্রের দৃষ্ঠ কি স্থানর দেখাইতে লাগিল! চারিদিক নিস্তব্ধ। নিকটে লোকজনের বসতি নাই। উপরে দেখিলাম, একটী চীন-দম্পতি ঝগড়ার স্বরে কথা কহিতে কহিতে পাহাড়ে উঠিতেছে। নিকটা দিয়া বাইবার সময় তাহাদের ভাষা আমার কাণে বেরূপ লাগিল, ঠিক তাহাই এখানে লিখিলাম,—

∤পুরুষ। চি-চিন্-চিঙ্।

স্ত্রী। চি-চিন্-চিঙ্,—হি-চিন্-চিঙ্-ফি-চিম্-চিঙ্।

এইরূপ অন্থনাসিক ভাষার রাগত স্বরে তাহারা কথা কহিতে লাগিল। অন্তঙ্গীর কিছুই বাহলাছিল না; তব্ও ব্ঝা যাইতেছিল, তাহারা কলহ করিতেছে। আমার সঙ্গীকে জিজ্ঞাসা করিলাম,

"উহারা কি বলাবলি করিতেছে ?" তিনি বলিলেন, "পুরুষটা ব'লছিল—
'মামাকে জানালে না কেন ?' আর ব্রীলোকটা ব'লছিল—'জানালেই
বা কি হতো ? না হ'লে তো চলতো না'।" ভনে আমার মনে হলো,
এতো রুড় ভাষা নয়,—এই কি এদের ঝগড়া ? কি বিষয়ে ইহারা ঝগড়া
করিতেছে, আমার জান্তে বড় কোতুহল হলো। কিন্তু ভাল করে
ব্রুগ গেল না। পুরুষটা যত কথা কহিতে লাগিল, ব্রীলোকটা তার
তিন চার গুণ বেশী কথা কহিতে লাগিল। ক্রনে আমরা তাহাদের
ছাড়াইয়া চলিয়া গেলাম। তাহারা প্রতর-ত্পের আড়ালে পড়িল,
আর দেখা গেল না, ভনাও গেল না।

কিছুদুর যাইবামাত দুরে, - নীচের সেই পল্লী দুটিগোচর হইল। সব বাড়ীগুলিই একতলা, ভিন্ন ভিন্ন তারে গাগা। ছাতগুলি ঢালু,— চকচকে থোলার: বোধ হয়, পোরসিলেন জাতীয় মাটীর হইবে। ঘরগুলি ছোট ছোট: একটি করিয়া দঃজা আছে, কিন্তু জানালা নাই। এক ঘরে অনেক লোক বাস করে। <u>ছুইটা বাডীর মাঝে রাস্থা আছে.</u> কিন্তু অতি অপ্রশস্ত। ভাঙ্গা-চোরা আবুড়া-থাবুড়া পাতরের উপর দিয়া চলিতে কট্ট হয়। চীনে ছেলে-নেয়ে গুলি রঙ্গিন পোষাক প'রে থেলা ক'রচে দেখিলাম। একটা বাড়ীতে একটা ছেলের কাতর কায়। শুনে বন্ধকে জিজ্ঞাসা করিলাম,—"কাঁদচে কেন ?" শুনিলাম, একটা শিশু কন্তার পা ছোট করিবার জন্ত তার পায়ে লোহার ছোট জুতা পরাইয়া দেওয়া হইয়াছে, তাই ব্যথাতে কাঁদ্চে। পূর্বেই বলেছি, নেরেদের ছোট পা, চীন জাতির মধ্যে দৌলর্ব্যের একটা প্রধান প্রহ विका ग्रा भा जिन है कि इहे (नहें जान हक्षा प्रहें का तर्य ६ वरमत বয়স হইতে তাদের পা ছোট জ্বার আঁটিয়া দেওয়াহয়। এইকপে তাদের পা আর বাভিতে পারে না। বছদিন ধরিয়া দে বছণা থাকে। সমস্ত পল্লীতে একটীও ভারবাহী গৃহপালিত পশু দেখিলাম না।

গরু নাই, ঘোড়া নাই, আছে কেবল,—কুকুর ও বিড়াল। সে দরিছু পল্লীতেও টবে করা ফুল গাছ আছে, খাঁচাম করা কেনারী পাখী আছে। জলের কিন্তু বড়ই অসভাব দেখিলাম। যেরূপ অল্ল জলে তাহারা গৃহের কাল সারিতেছে, তাহা দেখিয়ামনে হইল এ সকল স্থানে মিঠ্ঠ জলের বড়ই টানাটানি। গৃহস্থেরা গৃহস্থও বটে, আবার দোকানীও বটে। সকলেরই এক একটা ছোটখাট কারবার আছে। আবশ্রকীয় জিনিষ-পত্র পরম্পরের নিকট হইতে থরিদ করে। তাহাতেই সামাভ ভাবে তাহাদের দোকান চলে;—তাহাতেই অতিদীনভাবে তাহাদের দিন শুজুরান হয়।

একটা ছোট বাড়ীতে দেখিলাম, অনেক স্ত্রীলোক মিলিয়া একটা রোক্ষমান শিশুকে লইয়া গোলমাল করিতেছে। শিশুটী বড়ই কাতরশ্বরে কাঁদ্চে,—কেঁদে কেঁদে অবসন্ন হ'য়েছে,—আর যেন কাঁদ্তে পারচে না। ছেলেদের কালা শুনলে আমার মন কেমন হ'য়ে যায়। মনে হয় যেন বিশ্ব-ব্রহ্মাণ্ড কেঁদে উ'ঠল। আমার আর পা চলিল না। সেই খানেই হির হইয়া দাড়াইয়া আমার সঙ্গীর নিকট কালার কারণ জিজাসা করিলাম। তিনি জানিয়া বলিলেন যে, শিশুটীর মা আছ ছই দিন হলো মারা গিয়েছে। সে কাহারও কাছে থাক্চে না। আজ ছই দিন সে অনবরত কাঁদ্চে। কিছু খায় না। শিশুর কালা শুনে পাড়া-শুদ্দ মায়েদের আসন ট'লেছে। তাঁরা আর গৃহে হির থাক্তে না পেরে, আপনাদের ছেলেকে পরের কোলে দিয়ে মাড়হীন শিশুটীকে নিজ কল্পন্থ পান করাবার জল্প চেটা কর্ছহেন। ছেলে ভূলাবার জল্প হ্য়র ক'রে কন্ত কি ছড়া বল্ছেন। শিশুটী কিন্তু কাহারও মাই ধর্চে না। যে শিশুর মা নাই, জগতে তার কেউ নাই; কর্ষণার্ড-হন্দর আত্মীয়-বন্ধুর শত চেটাতেও তার সেই অভাব কথনই পূর্ব হয় না।

দেখান থেকে ফিরে আসবার পথে এময় সহরের এক প্রান্তে একটা

ছোট চীন দেশীয় ধর্ম-মন্দির দেখিলাম। পূর্দ্ধে আরও অনেক ধর্ম-মন্দির দেখিয়াছি। ব্রহ্মদেশের বৌদ্ধ-মন্দির এবং পিনাঙ, সিঙ্গাপুর ও হংকং সহরের ধর্ম-মন্দিরও দেখিয়াছি; কিন্তু তথাকার ভাষা জানি না বলিয়া-বিশেষ কিছুই বৃঝিয়া লইতে পারি নাই। স্কুইচিন্ নামক এই বন্ধটীর নিকট হইতে এ বিধয়ে অনেক শিথিলাম।

আমরা চিরকাল জানি, চীনেম্যানরা বৌষধ্যাবলখী। কিছ চীন দেশীয় ধর্ম-মন্দির ও আচার-ব্যবহার দেখিয়া আমার দারুণ সন্দেহ উপস্থিত হইরাছিল। মন্দিরের মধ্যে ধম্পুতের মত মৃতি ত্থাপিত;—ব্দ্দেবের মৃত্তি কলাচ দেখা যায়। পুরেছিত্তন মৃত্তি নতক, গেরুলা পোবাক-পরা, কতকটা "কুঙ্গা"দের মত দেখিতে। বাতি জালাইয়া ধ্প-ধ্না দিয়া পুজা করা হয়; এ সকল বিষয়ে ঠিক ব্রহ্ম দেশের বৌদ্ধ ধ্যের মত; কিন্তু মৃত্তিভলি সম্পূর্ণ বিভিন্ন। কি চীন, কি ব্রহ্ম দেশ, আহার্য্য জ্বা সমেত নৈবেছের কোথাও ব্যবহা নাই। তবে ব্রহ্ম ফুল দিয়া পুজা করে, চীনে তাহা দেখিলাম না। চীনে পুজার সময় কাসর, চীনে ঢাক ও ভেঁপু বাজায়; ব্রহ্মদেশ কিন্তু নিওক উপাসনা। ব্রহ্মে অনুনকে মৃতদেহ দাহ করে, চীনে গোর দেয়।

এই সক্ল বিস্দৃশ ব্যবহার দেখিয়া স্থটনিকে, চান দেশে কিলপ ধর্থ-বিধাস প্রচলিত, এই কথা জিজালা করিলান। তিনি অল্ল কথার বাহা ব্যবহার দিলেন, তাহা হইতে আমি এই ব্রিলান যে, চানে নানা প্রকার ধর্মা প্রচলিত আছে। অতি অল্লসংখ্যক লোক, বাহারা জ্ঞানী ও বিচক্ষণ, তাহারাই কেবল বৌদ্ধপর্মে বিধাসী। তদাতীত চীন দেশীয় অধিকাংশ লোকই পূর্দ্ধ-পূর্ষ উপাসক। প্রবোকগত পূর্দ্ধপুর্ষদের থাকিবার জন্ম প্রতি ঘরে এক একটী হান নির্দিষ্ঠ আছে। এইটাকেই তাহারা গৃহ-দেবতাদের হান বলিয়া ননে করে। বিবাহাদি ভঙ্কার্যে এই হানে উপাসনা করা একটী প্রধান ভঙ্কা।

"তেওন্ত" ধর্ম ইহারই কপান্তর নাত্র। যে সকল মন্দিরের কথা পুর্বেবিলা আর্গিয়াছি, সেগুলি "তেওন্ত" ধর্ম-মন্দির। সেথানে রক্ষিত ভীষণাকার বীরমূর্ত্তি সকল চীন জাতীর বীর পূর্ব্বপূক্ষণণ। বেমন গৃহে গৃহে সেই গৃহের পূর্ব পর্কবগণের হান নির্দ্ধিত আছে, তেমনি নগরে নগরে পল্লীতে পল্লীতে চীন জাতির পূর্ব্বপুক্ষদের প্রতিমূর্ত্তি রক্ষিত। ইইারা সকলেই বীরম্বের ছারা চীন জাতিকে শক্রহন্ত হইতে রক্ষা করিয়াছিলেন, তাই ইইাদের উপাসনা হয়। "ডেপ্রেডিন্ত সোমামূর্ত্তি বা বালক মুর্ভি নাই। এই ধর্মাবলম্বী লোকেরা শৌর্থবির্দ্বের বা ব্রীমূর্ত্তি বা বালক মুর্ভি নাই। এই ধর্মাবলম্বী লোকেরা শৌর্থবির্দ্বের উপাসক,—সৌন্ধ্যি বা সন্ভংগর উপাসক নহে। আবার এই সকল মন্দিরের মাঝে নাঝে প্রত-পাতরে খোদা বা পিতলে গড়া বৃদ্ধের সৌমামূর্ত্তিও দেখা যায়। দানবের পাশে বিশ্বপ্রেমের শ্রেভ দেবতাকে দেখিয়া চোথ জ্জায়। ধ্যানিভিমিত কাঁদকাদ মুথ খানি দেখিলে চোথে জল্ল আসে। শুধু তো মানুষ নম, কটি-প্তক্ষের শুভ কামনাও সে প্রেমে ঠাই পেমেছিল।

"কনফিউসসের" (কংফুটী) প্রবর্ত্তিত ধর্ম ইহার ঠিক বিপরীত বলিলেও চলে। এটা নিরীগর-বাদ। ইহা কেবলমাত্র সদ্গুণের উপাসনা। সে সকল কঠিন কল্লনা সাধারণের পক্ষে সচরাচর অসাধ্য বলিরাই, এই ধর্মোর বিষম বিকৃতি হইয়াছে।

চারিটী ধথের কথা বলিলান,—বৌদ্ধ ধর্ম, পূর্বপুরুষ উপাসনা,
পৌত্তলিক "তেওন্ত" ধর্ম বাবীরপূজা ও কনফিউসস্প্রবর্তিত ধর্ম অর্থাং
নিরীশ্বরাদ বা কেবলনাত্র সন্ভূণের উপাসনা। এ চারিটী ছাড়া চীন
দেশে আজকাল খৃইধর্মের প্রচার ক্রমেই বৃদ্ধি পাইতেছে। কিন্তু
সাধারণ চীন বাসীর, খৃইধর্ম অবলধনকারীদের উপর বড়ই বিষেষ।
এই আক্রোশের ফলেই "বলার" বা মৃষ্টি-বোদ্ধার হাঙ্গামা ঘটিয়াছিল।

বিদেশীয়দের উপর যত ক্রোধ থাকুক বা না থাকুক, অদেশীয় খুইধর্ম অবলম্বনকারীদের বিনাশই তাহাদের প্রধান উদ্দেশ্য। কত চীনে খুটান যে এই ব্যাপারে বিজোহীর হস্তে ২ত হইলাছে, তাহার আর^{*} ইয়ভা নাই সে

অথত খৃষ্ট ধ্যম-প্রচারকেরা সে দেশে কত যে লোক-হিতকর কার্যা ক্রিতেছেন, তাহা দেখিলে স্বতই ননে ক্তজ্ঞতার ভাব আসে। অতি



সম্ভান বিক্ৰয় ।

বিপদস্কুল স্থানেও তাঁহারা অধিষ্ঠান করিয়াছেন; বিভালয় প্রতিষ্ঠা করিয়াছেন, বিনা বেতনে শিক্ষা দিতেছেন। সাধারণ লোকের স্থবিধার জন্ম ব্যস্তা-ঘাট প্রস্তুত করিয়া দিয়া-ছেন। কুপ খনন করিয়া ত্প্রাপ্য পানীয় জলের সুবাবস্থা করিয়া দিয়াছেন। তাঁহারা কুধার্তের অন্ন দেন, কুথের তিকিৎসার ভার লয়েন। তিকিৎ-সার হৃত্য সুন্দর ইাসপাতাল নিশাণ করিয়া দিয়াছেন।

যাহাতে জলে চুবাইয়া শিশু কতা হতা করা নাহয় তার জন্ম তারা স্বাই স্চেষ্ট। বাজারে কেহ ছোট ছেলে বানেলে বিক্রয় করিতে আনিলে, ইহারা তাহাদিগকে কিনিয়ালন ও নিজেরা তাহাদের বালনপালন করেন। দরিদ প্রতিবেশিনীগণের নানাপ্রকারে তাঁহার। সাহায় করেন। আমি এক বেলা ঘূরে ঘূরে এ সব দেখিলাম - ও সুইটিন্দেই থানে নিয়ে গিয়ে নিজে আমাকে স্বই দেখালেন। দেখে আমার মনে আনন্দের আর সীমা রহিল না। কত দ্রদেশের লোকদের প্রামাঞ্চিত অর্থছারা এই সকল হিতকর কার্যা নির্কাহিত হইতেছে।
যাহারা অর্থ উপার্জন করিতে জানে, তাহারাই অর্থের সদ্বায় বুঝে।
প্রতি কার্য্যেই কি স্থনিয়ম; কি স্থশুন্ধালা। এই সমস্ত দেখিবার
সময় আমার বার বার মনে হ'তে লাগিল, সমগ্র পৃথিবীতে আধিপতা করিবার উপযুক্ত গুণ ইহাদেরই আছে।

এই মন্দির হইতে আরও কিছুদ্র বাইলে একটী বিস্তৃত থোলা মাঠ দেখা যায়। এই স্থানে বংসরের মধ্যে কয়েকদিন ধরিয়া গক, ভেড়া ঘোড়া ইত্যাদির হাট হয়। পূর্বেই বলিয়াছি, চীনদেশে গৃহপালিত পশুর বড় ব্যবহার নাই,—তার একটী কারণ, ঐ সকল ঘনবসতির



পণ্ড বিক্রবের হাট।

বাবণ, ঐ সকল ঘনবদাতর
দেশে বন নাই, স্থতরাং ও
সকল পশু জন্মিবে কোথা ?
দ্রদেশ হইতে আনীত ঐ
সকল পশু তথায় বিক্র
হয়। সারা বছরের মত
সওদা করিতে হইবে বলিয়া
ঐ কয় দিন তথায় জনতার আর অবধি থাকে না।
পদব্রেজ এই সকল

ক্ষান দেখিয়া ফিরিতে এত ক্ষান দেখিয়া ফিরিতে এত ক্লান্তি বোধ হইল যে, আর দাড়াইতে পারি না।

অধ্যন্ততা নিবন্ধন সমূদ্রে হাওরা থাইতে গিয়া চীনদেশে যাবার ইচ্ছা হরেছিল। কেবল নূতন দেশ দেখার উৎসাহে এতটা ঘূরিতে পারিরাছিলাম, তাতে সামর্থোর চেরে এত অতিরিক্ত পরিশ্রম হয়েছিল ্বে, চোথে আর দেখতে পেলাম না। স্ইচিন স্থামাকে নিকটবর্ত্তী
একটি দরিদ্র চীনে গৃহস্থের ঘরের ভিতর নিম্নে গিয়ে বসালেন ও
চীনে ভাষায় কি বলিলেন। একটী স্ত্রীলোক আমাকে এক পেয়ালা
জল দিলেন; আমি শুধু মুখে দিলাম। সেই ঘরেই গৃহকর্তা
ছুতারের কাজ করিতেছিলেন,—গৃহিণী গৃহ কর্মা করিতেছিলেন।
ঘরথানি ছোট কিন্তু অতি স্থবাবস্থায় জিনিষ পত্রগুলি রক্ষিত।
তারা ক্রেটুকু ছোট ঘরে পরম স্থথে বাস করেন,—বেন একটী
থোপে ছটী পায়রার মত। তাঁদের ছোট মেয়েটি দেখিতে ঠিক
আমারই মেয়েটীর মত।

কিছুক্ষণ তথায় বিশ্রাম করিয়া সে দিনকার মত জাহাজে ফিরিয়া আসিলাম। স্কুইচিন নিজে আমাকে জাহাজে পৌছাইয়া দিয়া গেলেন।

· এময় ৷

! চতুর্থ প্রস্তাব। }

পরিশ্রম করিলে ঘুম আসে, কিন্তু অত্যধিক পরিশ্রম করিলে খুনের ব্যাঘাত হয়;—বিশেষ বদি খুমাইবার সময় অতি আনক বা অতি চিন্তার ফলে, নৃতন নৃতন বিষয়ের ছবি আবিয়া অহরহ স্বপনের মত মুদিত চক্ষের সামনে দিয়া চলিয়া যায়। আমার তাহাই হইরাছিল। চথে নিদ্রার লেশনাত্র আসিল না। অথচ তাহাতে তত অসুস্থ বলিয়াও মনে ২ইল না। সেই রাত্রে উঠিয়া, অনেকফণ ধরিছা, যাহা যাহা দেখিয়া আসিয়াছি, সংক্ষেপে তাহা নোটবহিতে লিখিয়া রাখিলান, এবং পরে ডেকের উপর গিয়া ওভার কোট গায়ে ও কম্বন মুজি নিয়া ডেকচেয়ারে বসিয়া গভীর রাত্রেচীনদেশের ঘুমন্ত সহরের শাস্ত সৌন্দর্য্য দেখিতে লাগিলাম। তথন শুক্রপক্ষ। দ্বাদশীর চাঁদ নীলাকাশ হইতে স্বয়প্তা ধরণীর উপর স্থা ঢালিতেছিল; সমুদ্রের চেউপ্তরি. চক্রালোক গায়ে মাথিয়া জ্বলিতেছিল। দূরস্থ এময় সহরের বাড়ীগুলি ক্ষ্যাণ চক্রালোকে অল্লই দেখা যাইতেছিল। শব্দের মধ্যে বাতাসের শোশোশন, তরলের কুল্কুল্রব, ও এমর সহরের সমুদ্তীরবজী নাট্যশালার মধুর সঙ্গীতথ্বনি।

নাটাশালা এত কাছে বলিয়া দেখিতে বড় ইচ্ছা হ'তে লাগিল। স্থইটিনও দেখিবেন বলেছিলেন। কিন্তু জাহাদ্রের বৃদ্ধ বিচক্ষণ কাপ্তেন রাজে দে দকল স্থানে বাওয়া নিরাপদ নহে বলিয়া মানা করিলেন। দূর হইতে শুনিতে লাগিলাম, এক একবার সঙ্গাতের রব স্মতি ক্ষাণ হইয়া যার, কাবার এক একবার কাসেরের শক্ষের মত, এক

প্রকার শন্ধ-সংযোগে তুমুল ধ্বনিত হয়। চীনে গান, চীনে বাণীর রব ভানিয়াছি—সবই বেন করুণ রস-ব্যক্তক। ভানিতে অনেকটা আমাদের দেশের জপদের মত। চীনেরা বড় সঙ্গীতপ্রিয়। বাংারা এত জুল ভালবাবে ও প্রতি কাজে এত স্থাবস্থার থাকা বাংাদের অভ্যাস, ভাহাদের সঙ্গীতে অন্ধরাগ না হওয়াই আন্দর্গা।

অভিনয়ে পুরুষেই জ্রীলোক সাজে। এ সম্বন্ধে জ্রীলোকের মর্যাদা এতই বেশী বে, দশজনার সামনে ও রঙ্গমঞ্জের উপর নাচাইয়া প্রাকৃতিদন্ত জ্রীনর্যাদার হানি করা চীনেরা বর্ধরতা মনে করে। অতি প্রিক্ত জিনির অপবিত্র করিয়া পবিক্রতার অবমাননা করা হয়। চাঁনদেশে বিস্তর নাটাশালা আছে ও অনেক রাত্রি পর্যান্ত বহু লোক তথার গ্রনাগ্যন করিয়া থাকে। এ সব কথা আমি হংকং সিঙ্গাপুর প্রাকৃতি প্রবন্ধে বলিয়াছি। বল্লার গোলমালের সময় ইউরোপীয় ভাতিগণ সমৈস্থে যথন পিকিন অধিকার করিয়া বসিয়াছিলেন, অমন ওর্দিনে,—অমন উপ্রদ্বের সময়ও—পিকিনের গলিতে গলিতে নাটাভিনয় হইত।

নাটকের বিষয়, পূর্বোক্ত তেওক ধ্যোক্ত বীরকাহিনা। মন্দিরে বে সকল মৃতি দেখা বায়, তাহাদেরই জনপ্রতিম্পক অতিরঞ্জিত আখ্যায়িকা নাটকের বিষয়ীভূত;—"দরনা" বা "বিষর্কের" মত সংসার-চিত্র নহে। নানা রক্ষের চিত্র-বিচিত্র যে সকল চীনে ছবি, এবং চীনদেশের—চীনে মাটিতে গড়া মহামূলা সচিত্র পাত্র আমাদের দেশেও সাহেথরা বৈঠকথানা সাজাইবার জন্ম রাথেন, সে ছবিগুলিও সব ওই সকল বাপারেরই চিত্র,—মনগড়া যা'তা ছবি নয়।

এই সকল কথা ভাবিতে ভাবিতে ডেকের উপর শীতে কথন যে ঘুনাইয়া পড়িরাছিলাম জানি না। প্রাতে চোথ মেলিয়া দেখি, রৌজ উঠিয়াছে। ওরপ শীতে, ওরপ অনার্ত হানে, আমাদের দেশে ঘুনাইলে নিশ্রেই শরীর অফুছে হইত; কিন্তু সেথানে কিছুই হইল না। দে প্রচণ্ড শীতে একরপ গুদ ভাব আছে, — আমাদের দেশের মত হিম পড়ে না। দেই কারণেই, সে ঠাণ্ডা তত অনিষ্টকর হয় না। নতুবা কলিকাতায় আমরা অত শীত কথনও দেখিতে পাই না। বোধ হয়, গাছপালাহীন পাতরের দেশ বলিয়াই শীতের এত আধিকা।

হুর্গোদয়ের সঙ্গে সঙ্গে কেবল আমার একই চিন্তা আসিত — কথন তীরে নামিব, কথন স্ইচিনের সহিত দেশ দেখিতে যাইব। স্ইচিনের সহিত আমার প্রথম দিনেই জাহাজে আলাপ হয়; আমি ব্যস্ত হইয়া আলাপ করিবার মত লোক খুঁজিতাম,—স্কুতরাং প্রথম সাক্ষাতেই,— চারিচকু এক হইবামাত্রই আলাপ হইয়া গেল। আলাপে যে আমার কত স্থবিধা হইয়াছিল, তা' বলিবার নয়।

তিনি জাহাজের এজেণ্ট; স্থতরাং তীরের নিকটেই তাঁহার আফিস। আর চীনদেশের লোকের একটা প্রথা দেখিলাম,— তাঁহারা বেথানে কাজ করেন, সেইথানেই বাস করেন। সাজিয়া গুজিয়া দূর হইতে আসিয়া আফিস করিতে হয় না। ইহার ফলে তাঁহারা দিনরাতই কাজ করিতে প্রস্তুত। যাহারা কলিকাতায় চীনে জ্তাওয়ালাদের দেখিয়াছেন, তাঁহারা কতকটা ইহার্ঝিবেন। স্ইচিন সপরিবারে ঠিক তীরের উপর একটা বাড়ীতে বাস করিতেন। ঘণ্টা কতকের মধ্যে এত সৌহল্প জন্মিয়াছিল যে, দিনে ৪।৫ বার তাঁর বাড়ী যাইতাম। তিনি জাহাজের এজেণ্ট বলিয়া আমার আর সাম্পান্ ভাড়া লাগিত না। তিনি সব মাঝিকে বলিয়া দিয়াছিলেন, আমার নিকট হইতে যেন তাহারা ভাড়া না বায়। আমি কিছা বক্সিস্ বলিয়া তাদের বেশী বৈ কম দিতাম না। আমাকে জাহাজ হইতে নামিতে দেখিলেই ভাহারা ৫।৭ থানি নৌকা আনিত। সকলেরই আগ্রহ,—আমি তারই নৌকায় চড়ি।

এই সকল স্থবিধা থাকার, একটু স্থবোগ পাইলেই স্থইচিনের বাড়ী

বাইতাম। তিনিও সকল কাজ ফেলিয়া আমাকে লইয়া থাকিতেন।
থন ঘন আসাতে তাঁহার কাজের ক্ষতি হইতেছে, এ,কথা বলিলে তিনি
বলিতেন,—"কাজ তো নিতাই থাকিবে, বিদেশী বন্ধু তো চিরকার
বাকিবেন না।" হংকং সহরে যে পরিবারের সহিত সাকাং করার
কথা লিখিয়াছি, তাঁহারা অতি উচ্চ-বংশীয় ধনী লোক, — ক্রোরপতি।
তাঁদের সহিত এনন মেশামিশির সম্ভাবনাও ছিল না। কিন্ধু স্থাইচিন
মধাবিত অবস্থার লোক মাত্র। মধ্যবিত্ত অবস্থার লোকেই সকল স্থানে,
নকল দেশের ভিত্তিস্বরূপ। তাদের সহিত আলাপেই দেশের রীতি নীতি
বেশ বুঝা বায়। সেই কার্নেই স্থাটিনের বাড়ী আমি এত ঘন ঘন
যাতায়াত করিতাম এবং তাঁহার পরিবারবর্গের সহিত আলাপ আমার
বিত্ত তাল লাগিয়াছিল।

তাহার পরিবারবর্গের মধ্যে এক বৃদ্ধা নাতা। তিনি কানে গুন্তে পান না। পিতা বহু বংসর ইইল গত হইরাছেন। তাহারা ছই ভাই,— ছই ভারেরই স্ত্রী আছেন। স্তইচিনের একটি মেয়ে, একটা ভগিনী। তগিনীর এক পা গোঁড়া, জ্তা পরানর দরণ নহে, তাহাদের বাজীতে কাহারর পা ছোট নহে। হৃষিষ্ঠ হইবার সমর বিষম অবস্থার প্রস্তুত হওয়াতে পা গোঁড়া ইইরাছে। বোধ হয়, সেই কারণেই আঠার বংসর বর্মনের তিনি অবিবাহিতা। বৃদ্ধ মাতার সেবাই তাহার জীবনের একমাত্র তা কণকালের জন্ত তাহাকে না দেখিলে মা গাকিতে পারেন না। অতি সামান্ত কাজের সাহাব্যের জন্ত নার বার তাহাকে ভাকেন। তিনি সাড়া দিলেও বধিরতা বশতঃ ভনতে না পেয়ে বিরক্ত হ'য়ে কত কি বকেন। মেয়ের প্রশান্ত মুথে তাহাতে কথনও প্রীতি বৈ কন্ত কোনও ভাবের বিকল অক্সের কথা যেন সর্কাহই তার মনে

জাগে। তার জন্মে গেন তিনি বড়ই মনোকটে থাকেন। তাঁহার। সকলেই মিলে-মিশে পরম স্থাথে আছেন। প্রথম দিন হইতেই তাঁহাদের পরিবারবর্গের সহিত আমার অল্ল-বিত্তর আলাপ হইয়াছিল।

পুর্বেই বলেছি, চীন দেশের স্ত্রীলোকের মত অমন শান্ত লক্ষ্যণীলা গন্তীর প্রকৃতির রমণী আনি কোথাও দেখি নাই। আমাদের চ'থে বছই ভাল লাগে। তাঁহারা কিন্তু সম্পূর্ণ সাধীন—যেখানে বখন ইচ্ছা, যাতারাত করিতে পারেন। অথচ আমাদের দেশের স্ত্রীলোকের মত সমাজে অনেক অধিকারেই বঞ্চিত।

একদিন বৈকালিক চা-পান করিবার সময় স্থইচিনের সহিত চীনদেশে স্ত্রীলোকদের অবস্থা সম্বন্ধে কথা কহিতেছিলাম। তিনি বলিলেন, চীনদেশে স্ত্রীলোককে অশেষ যন্ত্রণা সহা করিতে হয়। ভধু চীন দেশে কেন, সকল প্রাচীন দেশেই এই প্রথা ছিল। সেথানে শিশু-কতা জিমলেই সকলেই হঃথে িরমান হর। প্রকাঞ শিশু-কন্সাজলে ডুবাইয়া মারার প্রথা এখনও সম্পূর্ণরদ হয় নাই। শিশু বিক্রায় তো প্রায়ই ঘটে। বিবাহ হইলে বধুকে খাগুড়ীর হাতে প্রাণ সমর্পণ করিতে হয়। তিনি মারিলে মারিতে পারেন, রাখিলে রাখিতে পারেন। স্বামীর স্ত্রীকে ত্যাগ করিবার একটা কারণ, খাভড়ীর সহিত ঝগড়া ও অপর কারণ, বেণা কথা কওয়া! স্ত্রীলোক বিধবা হইলৈ তাহার আর বিবাহ হয় না; তবে অপর 'পুরুষের সহিত বিবাহিতা স্ত্রীর মত থাকা চলে। সহমরণের প্রথাও প্রচলিত আছে। তবে আমাদের দেশে বেমন চিতারোহনে সহমরণ হয়. এ তেমন নহে। এখানে সকলের সামনে গলায় দিও দিয়া নরাই ্তাথা। বিধবাকে একটা মঞ্চের উপর দাঁড় করাইয়া, তাহার গুলায় দড়ি পরাইয়া দিয়া মঞ্টা সরাইয়া লওয়া হয়; আর সকলের চেথের সামনে উদ্বৰ্ধন বিধবার প্রাণ যায়। তাহাতে দর্শকগণ ধরা ধরা করিতে

থাকেন। সে স্থানে রাজোর সরকারী থরচে একটী পবিক স্থতি তুপ গাথা হয়। এইরূপ একটী তৃপের ছবি আনিগছি, উপরে তাংসরই প্রতিরূপ প্রকটিত হইয়াছে।

আমাদের দেশের সহিত চীনের আচার বাবহার সম্বন্ধ কতকটা দিলে। কেবল প্রভেদের নধা, চীনদেশে অবরোধপ্রথা ও বহ-বিবাহ প্রধা কেন বে নাই, তাহারও কোন কারণ নির্দেশ কথা যায় না। এসিয়ায় প্রায় সর্কত্রই এ প্রথা দেখা যায়। ইউরোপ ও এসিয়ার মধ্যে প্রধান প্রভেদ এই বে, ইউরোপে ইতিহাসে যত দিনের কথা উল্লেখ আছে তাহার মধ্যে বহ-বিবাহ কথনও কোথাও প্রচলিত ছিল না। এনন কি, অতি প্রাচীন এীক ও রোমকদের মধ্যে কথনও এ প্রথার আভাস প্র্যান্ত পায় না। বহ-বিবাহ চীনেও নাই; শুনেছি নাকি জাপানেও নাই। তাই জাপান উর্বিছে,—চীনও অচিরে উর্বির; কিন্তু যে দেশে এই এঘন্ত প্রথা প্রচলত থাকিবে সে দেশের উন্ধতির আশানাই।

এময় ৷

[পঞ্ম প্রস্তাব।]

স্ত্রী-জাতির প্রতি এইরূপ ব্যবহারের কথা আমি পূর্বেও অন্তের निकं छनियाहिनाम। त्रोक्षथत्यं अत्नक वाधीनठा आहि, किन्न কন্ফিউদদের প্রচারিত নিয়ম্মতে তাহাদের কোনও রূপ স্বাধীনতাই ছিল ना। तालाविद्यात्र शिलाभाजात्र अधीन, योवतन साभीत अधीन ও বাদ্ধকো পুত্রের অধীন,—এই অধীনতাই তাকে সারা জীবন সহ क्रिंति इस्र। । विश्वा मित्न अकृष्टि घटत चात्र वस्त क्रित्रा थाकित्व, সারা রাত্রি অলো জালিয়া ঘুমাইবে। সকলের চ'থের সামনে অবরুদ্ধ ভাবে থাকা চাই। ইত্যাদি নানা প্রকার কঠোর নীতির কথা সুইচিনের মুথে শুনিয়া তথন আমার মনে হলো, শুধু চীনেই বৃঝি এক্লপ অত্যাচার প্রচলিত। স্থইচিনকে ওই সম্বন্ধে হু' একটী হিতো-পদেশ দিতে লাগিলাম। সব কথা স্ত্ৰীকে বুঝাইয়া না বলিলে চলে না। সুইচিন শামার সব কথাগুলি তাঁহার স্ত্রীকে বুঝাইয়া দিলেন। তাঁর . গন্তীর মুথে হাসি ফুটিল। কি বলিলেন,—বেশ বুঝিলাম, আমার मश्रासहे कि कथा इहेन ! वास इहेग्रा जिञ्जामा कतिलाम, कि विनातन ? স্কুইচিন বলিলেন,—"স্ত্রী বলচেন,—'ডাক্তার সাহেবের স্ত্রী-জাতির উপর বিশেষ সহান্তৃতি দেখচি'।" তাঁহার এ কথাগুলি ব্যঙ্গোক্তি, কি তাঁহার

এ সখলে আমাদের মতুর মতের সহিত কন্জিউসসের মতের সম্পূর্ণ মিল দেখাবার। মতু-সংহিতার আছে,—

[&]quot;পিডা রক্ষতি কৌমারে ভর্তা রক্ষতি বৌৰৰে। পুত্ৰস্ত স্থৰীরে রক্ষেৎ ন ত্রী সাতত্ত্যসূহতি।"

মনের প্রকৃত ভাব, ঠিক তাহা বুঝা গেল না। বোধ হয়, বাঙ্গোক্তি নহে। কারণ চীনদেশের স্ত্রীলোকদের সরলতার তুলনা নাই।

আমিও যেমন ন্তন লোক দেখিতে গিরাছিলান, তাঁহারাও তেমনি ন্তন লোক দেখিতে আসিতেন। আমি বাইলেই সকলে আমাকে বিরে বসিতেন। তাঁহাদের ভাষা জানি না বলিয়া স্ইচিন ও তাঁহার ভাই ছাড়া আর কাহারও সহিত কণা কহিতে পারিতাম না। তবে সক্ষেতে অনেক ভাব বৃঝা যাইত। পুরুষরা কেহ না থাকিলে যদি আমি তাঁহাদের বাড়ী বাইতাম, স্ইচিনের ভগিনী তাঁহাদের আফিস হইতে ইংরাজী বৃঝেন এমন লোক ডাকাইয়া আনিয়া কথাবার্তা কহিতেন। আমি বলিতান, "আমার বড় ইছা করে – চীনে ভাষা শিথিয়া আপনাদের সঙ্গে বাধীনভাবে কথা কই।" তিনি বলিতেন, "আপনি এক মাস আমাদের কাছে থাকুন, আমরা চীনে ভাষা সব আপনাকে শিথাইয়া দিব।"


কিন্ত স্টেটিনের বৃদ্ধা নাভার চলে আমি বড় প্রিয় হইতে পারি
নাই। প্রথম সাক্ষাতের দিন তিনি কেবল জিজাসা করেছিলেন
"তোমার না আছেন ? তোমরা ক-ডাই।" তার পর আর বড় একটা
কথা কন নাই। ননে হতো, তাহার নেয়েটির সহিত আমি বেশী
মেশামিশি করি, সেটা তার বড় ভাল লাগিত না। বয়হা আইব্ড়া
মেয়েকে সামলে বেড়ান যেমন আমানের দেশের প্রবীণাদের মধ্যে
দেখা যায় তাঁহাকেও সেইরূপ দেখিলাম।

তাঁদের বাড়ীতে তু'দিন শাহার ক'বে ছিলাম। আজ শেষ দিন। সাধারণতঃ স্ত্রীলোকেরা পুরুষের সঙ্গে একআ এক টেবিলে বসিন্ধা আহার করেন না; আমার অসুরাধে বসিন্ধা রহিলেন মাআ। তাঁরা নিজেদের দেশের মতই আহার করিতেন। এমদ্বের নিকটত্ত বে দ্বীপে বিদেশীরা বাস করেন, সেইখানকার করাসী হোটেল হুইতে

আমার থাবার আনাইতেন। তাঁদের দেশের যে যে থাবার থাইতে আমার ভাল লাগিতে পারে, দেগুলি দেখাইতেন ও তাহার উপকরণ বিলয়। দিতেন। আমি ছটা একটা চাকিয়াছি মাত্র,—তার আমাদ আমার ভাল লাগে নাই। সব জিনিষই সিদ্ধ করিয়া রাথা—তাতে মোটেই মসণা নাই; আমাদের মুথে থাইতে বেতার হইলেও উহা সহজে হজন হয়। এত মাছ, কিন্তু যে গরম গরন মাছ ভাজার মত উপাদের সামগ্রী আন নাই, তা চীনেরা থাইতে জানে না। পরিমাণে ইহারা এত অল আহার করে যে, আমরা সকলেই তাহাদের অপেকা বেণী থাইতে পারি। "চপ-স্তাক্" দিয়া তাহাদের মত একটা একটা করিয়া ভাত মুখে তুলিয়া থাইবার চেটা করিলান, কিন্তু অভাস দোহে আপনা আপনিই বিল্পত মুখবাদান হইয়া পড়িতে লাগিল! অন্ত কোনও দেশের লোক হইলে এইরূপ অনভাবের কাপ্ত দেখিলে হাসিতেন। কিন্তু তাহাদের গঞ্জীর মুথে হাসি জুটিল না। শেষে তাহা আর ভাল লাগিল না,—চামচে করিয়া আহার করিলাম। তাহারা যথন অর্কেক মাত্র শেষ করিয়াছেন, আমার তথন আহার শেষ হইয়া গেল।

এই সনয়ে থাহিরে একটা গোলমাল উঠিল। বেমন সব ৫৫৫ ইং থেকে, স্ত্রীলোকরা আগে জানালা দিয়ে দেখতে, ছুটলেন। এমরের বাজারে একজন আজিল-থোর শীর্ণকার বৃদ্ধ চীনেন্যান এক আজিমের দোকান হতে ৫ সেপ্ট (৪ পরসা ম্লোর আফিম চুরি ক'রেঙে, তাই অনেক লোক মিলে একত্রে তাকে নির্ব্রন্ধপে প্রহার করচে। যাদের এবে হাত দিয়েছে, তারা কেহ নাই; অভ্যে, হয়ত অপরাধ না জানিরাই মারচে। অত মার থেয়ের সে কাঁদেচে না বা মিনতি করচেনা। আমার মনে হ'তে লাগল, বেন তার মার্থেলেও লাগেনা; অপমানিত ইইলেও আসে বায় না। বেশী আফিন থেলে মানুবের শরীরের ও মনের মবস্থা এমনই হ'লে থাকে। তার পর

ভাকে বিনানী ধরে টান্তে টান্তে চীনে থানায় নিয়ে গেল। এই স্ত্রে চীনদেশের অভুত বিচার ও অমাত্র্যিক সাজা সম্বন্ধে অনেক,



কথা স্থইচি-নের নিকট হইতে গুনি-লাম।

চীন দেশের বিচার
বেমন, সাভাও তন্ত্রপ।
দোধীর বিক্রেন্থ হাসার
প্রমাণ্থাকক,

সে নিজ মুথে দোষ স্বীকার না করিলে তাহার সাজা হইবে না।
এই জন্ত নিজ মুথে দোষ স্বীকার করাইবার অভিপ্রায়ে সে বাজিকে কত বেশস্ত্রণা দেওরা হয়, তার ইয়ন্তা নাই। সাজাও সেইলপ লোনহর্ষণ। হক্তুং, এময় প্রভৃতি স্থানে স্বামি অনেক রকন সাজা স্ফাক্ষে দেখিয়াছি। তাহার মধ্যে কৃতক গুলি বলিতেছি।

অল্ল নোষের জন্ত হাতে শিকল বাধিয়া গলায় কি পারে তকা বাধিয় হয়, -তাহাতে দেয়োর দোৰ ও সাজার কথা লেখা থাকে। এই কেবছায় সে বাজিকে সকলের সামনে,—রাস্তার ধারে বা বাজারে রাখা হয়। উলেশ্য এই বে, — মতে দেখিয়া শিথিয়া সাবধান হইবে। আং এক সকন সাজা এইলপ, —দোবীকে মতি ছোট এক প্রকার বাঁডায় প্রিয়া রাখা হয়। সে বাঁডায় নড়িবার হান নাই। এই কইকর অবস্থায় তাকে বহুকণ, —কথনও বা বত দিন ধরিয়া আবদ্ধ

রাখা হয়। গুরু অপরাধে এমনও সাজা আছে যে, দোষী ব্যক্তির পায়ের বুড়া অঙ্গুলে দড়ি বাঁধিয়া মাথা নিচু করিয়া টাঙ্গাইয়া রাথা হয়! বিষম যন্ত্রণায় দে ছট্ফট্ করিতে থাকে। প্রাণদণ্ড ত কথায় কথায়। দোবের গুরু লঘু বিচার নাই। তিন চারিবার দোষ করিলেই তার প্রাণদণ্ড হয়; তা যে দোষই হউক না কেন।

দোষী যেথানে দোষ করে, সেই স্থানে লইয়া গিয়া তাহার সাজা দেওয়া হয়। থাঁচায় পুরিয়া পালকীর মত করিয়ানানা স্থানে লয়ে যাওয়া হয় বলিয়া এরপ দৃষ্ঠ পথে প্রায়ই দেথা বায়। আমাদের দেশের মত জেলথানা বা অন্থানিধিষ্টি স্থানে সাজা হইলে এরপ দেথাবাইত না।



আর চীন দেশে
পিতামাতার প্রতি
ভক্তি এরপ সদ্গুণ
বলিয়া বিবেচিত হয়
যে, গুনী বাক্তিরও
সাজার সনয় যদি
পিতা কি মাতা আঁসিয়া সপথ করিয়া
বলেন যে, গেলে
তাদের কথনও
অবাধ্য হয় নাই—

তাহা হইলে সেরপ দোষী ব্যক্তিকেও ছাড়িয়া দেওয়া হয়।

চীন দেশের সাধারণ লোক অশিক্ষিত। ইংরাজী অতি সামান্ত লোকই জানেন। আর বাঁহারাও বা জানেন, তাঁহারাও আবার সামান্ত "পিজন ইংলিদ্" মাত্র। চীন হাবাতেও ভালরপ লিখিতে ও প্তিতে অধিকাংশ লোকেই জানেন না। সে ভাষাও অতি চক্ত আমি খুব চেষ্টা করিয়াও সামাগ্য আবশ্যকীয় হু'ফ্রারিটী কথা ভাল করিয়া শিথিতে পারি নাই। চীন ভাষাটী মমুষ্যজাতির অতি আদ্বিম অবস্থার ভাষা। শক্ষণ্ডলিতে বিভক্তির কোন পার্থকা নাই। যে কথার মানে "আমি," সেই কথাই "আমার" "আমাকে" ইতাাদি অর্ধে বাবহৃত হয়। প্রতি কথাটী একটী ছবির মত হরফে লেখা হয়। ছক্রগুলি ডান দিক হইতে আরম্ভ হইয়া উপর হইতে নীচের দিকে লেখা হয়। আমি জাহাজের একজন চীনে কর্মচারীকে "পীড়িত" এই কথাটী চীনে ভাষায় লিখিতে বলিলাম; তিনি পারিলেন না। বলিলেন,—"ও কথাটী আমি শিথি নাই!" ইহা ছাড়া চীনে ভাষা শিথিবার আর এক অস্থবিধা এই যে, অতি নিকটবর্জী নানা স্থানে ভিন্ন ভাষা প্রচলিত, তাদের মধ্যে এত প্রভেদ যে, এক জন অপরের কথা বৃথিতে পারে না। আমি মুখহ করিয়া শিথিয়াছিলাম,—"খী মান্ সান্" মানে, —"আমাকে বাজার দেখাতে নিমে চল", গাড়ী ওয়ালাদিগকে বলিলে কেহ বথিত, কেহ বথিত না।

কিন্তু বলিও কথার উচ্চারণে প্রভেদ দেখা যায়, — তথাপি নিথিত ভাষা চীনের সকল স্থানেই সমান। লেখার কোনও প্রভেদ নাই। যাহারা কথা বৃঝিতে পারে না, তাহারা লিখিলে পরস্পরের মনের ভাষ বৃঝিতে পারে। এরূপ যে শুধু চীনেই আছে তাহা নহে, — ইউরোপেও কি ইংরাজ, কি ফরাসী, কি জার্মাণ, কি ইটালিয়ান সকলেরই লিখিত ভাষা রোমান, — কিন্তু ভাষা শুলির উচ্চারণ এবং অন্ত অনেক বিষয়েই প্রভেদ।

চীনে বিহান লোকের বড়ই সম্মান। কালি কলম কাগজ ইত্যাদি লিখিবার উপকরণ সকল দেবতার দ্রব্য বলিয়া গণ্য। লোকে পূণ্য কাজ বিবেচনার পথে ছেঁড়া কাগজ ও বই কুড়াইয়া বেড়ায়। সেগুলি ফুলিবার জক্ত রাত্তার ধারে ঝুড়ী রক্ষা করা হয়। সেখান থেকে সেগুলি আবার মন্দিরে নীত হইয়া আগুন দিয়া দগ্ধ করা হয়।
সেই ছাই নাঙ্গণ্য জব্যের মধ্যে গণ্য। নৌকাও জাহাজের মাধিরা সে ছাই ক্রয় করে। ঝড়ের সময় সমুদ্র জলে তাহা নিক্ষেপ করিলে উত্তাল তরক্ষমালা প্রশায় হয়, চীনেদের এইরূপ বিখাস।

ছয় বংসর বয়সের সময় শিশুর "হাতে থড়ি" হয়। হাতে থড়ি একটা মহোৎসবের নিন। শিখিবার সকল বিষয়ই মুখয় করান হয়। কোনও ছেলে ভাল পড়া বলিতে পারিলে, তাহাকে শিক্ষকের দিকে পিছন কিরাইয়া সেই পড়া মুখয় বলিবার আদেশ করা হয়। তাহাতে রুতকার্যা হইলে ভাহার প্রশংসার আর সীমা পাকে না। তারের ভিতর নিয়া কাঠের বল পরান একরপ বয়ের নাহায়ে হিসাব শিখান হয়। তাহাতে অতি অল সময়ের মধ্যে বড় বড় হিসাব করিয়া তাহারা ঠিক উত্তর দিতে পারে। এই সকল বিষয়ে পরীকা করিয়া রাজের কভাচারী নিয়ক্ত করা হয়। গুণ অল্পারে কর্মচারী নিয়ক্ত হয়; যাকে তাকে ই৯। বাছিয়া লইবার রীতি নাই।

হংকং যেমন পরিধার সহর, এ সহরের স্থানে জানে তেমনি আপরিধার। রাজাগুলি ৭ কুটের অধিক চওড়া নয়। তাহার ছই পাশে উচু উচুপাথরের বাড়ি। রাজায় কত যে লোক যাতায়ায়ুক করিতেছে, তাহার সংখা নাই। ঠেলা-ঠেলি ক'রে রাজা চল্তে হয়। রাজা গুলিও পাথরে বাধান; কিছুপরিকার করিবার বাবহু। না থাকায় অতিশয় নয়ল। হইয়া থাকে। মলমুল ত্যাগ করিবার জভ্ত পথের ধারে ধারে বড় বড় পালে রক্ষিত আছে। তার ছগ্রে রাজা চলা ভার!

প্রতি দোকানের দরজার উপর দেবতার নান লেগা কাগজ ঝুলান। কলিকাতায় প্রবাদী চীনেনানদের দোকানেও এইরূপ দেখা যায়। মাঝে নাঝে ধর্ম-মন্দির। তার নধ্যে একটা ধর্ম-মন্দিরে মুভিত-মন্তক গেকরা পোষাক পরা ইংরাজী জানা একজন পুরোহিতের কাছে "কন্ফিউসিয়দ্", "লোট্জী" প্রভৃতি কতকগুলি চীন-ধর্ম সংস্কারক-দের ইতিবৃত্ত শুনিয়া মনে বড়ই ভক্তি ও আনন্দ ইইল। সে সকল কথা বলিতে গেলে অনেক সময় লাগিবে। সময়াস্তরে উহা সবিস্তারে লিখিবার ইচ্ছা রহিল।

এমরে কাঠের ও পাতরের কাককার্য অতি বিশ্বরকর। ছোট ছোট গাছের আন্ত কাঠের গুড়ির উপর ছই চারিট বাটালীর ঘা দিরা চানেরা বেন সকীব প্রতিমূর্ত্তি খোদিত করে। বীরের হাবভাব ও জক্টীপূর্ণ হাদি, তাহাতে স্পাই প্রতীয়নান। এইরপ তিনটি মূর্ত্তি, দশ ডলার মূল্যে, আমি দেখান হইতে ক্রন্ত্র করিয়া আনিয়াছি। কলিকাতায় পৌছিয়াই তাহার মধ্যে এক একটি, সিঙ্গাপুর হইতে আনীত কতকগুলি প্রবালসহ, বাহারা যন্ধ করিবেন এমন লোক ব্রিয়া উপহার দিলাম। ছোট ছোট পাতর দিয়া প্রস্তুত্ত করা ভান্কিন্ সহরের বিখাত পোর্ফলেনের ধর্মন্দরের একটি প্রতিমূর্ত্তিও সঙ্গে আনিয়াছি। টেপিঙ্ বিজ্ঞোহের সমন্ধ এটি বিজ্ঞোহি-হত্তে বিধ্বন্ধ হইরাছে। দেখিতে এক স্থলর ছিল যে, ইহার প্রতিমৃত্তির গড়িয়া চীনেরা বালারে বেচিয়া বেড়ায়।

ু আর আনিরাছি ছইটি কৃত্রিন ফুলের বাত্র। ফুলপ্রিয় চীনেরা মোননাথান কাগজ ও কাপড়ে রঙ দিয়া এই অঞ্চলের সব ফুলের আকৃতি গড়িরা, একত সাজাইয়া, একটি কাচের বাজ্রের ভিতর রাথিয়া, ফুলের সাধ মিটায়। তার রঙ আর আকৃতি এত স্থানর বে কৃত্রিন ব'লে মনে হয় না। দূর হইতে দেখিলে মনে হয়, যেন তাহা হইতে স্থাপর অবধি ছুটিতেছে। একটি যে ঘরে তাই ও অপরটি যে ঘরে বসি সেই ঘরে যিনি বড় ফুল ভাল বাসিতেন তাঁহার ছবির তলার রাথিয়াছি। লিখিতে লিখিতে চোখ তুলিলেই দেখা যায়। দেখিলেই সজীব ব'লে মনে হয়। রঙ্কেরা ফুলালের উপর মোম নির্মিত মধুকরকে

উন্ধন্ত হইরা নধুপান করিতে দেখিলে বাস্তবিকই মনে হর যেম
ুতার মনভ্লান অন্তচ মধুর গুল্পন অবধি শুনা যাচেত। জাপানের
"ক্সেন্থিমম্", তার ভিতর সকলের মধ্যস্থলে রক্ষিত। আশ-পাশের
ধন-বাদাড় থেকে কটি-পতঙ্গ ঝাঁকে ঝাঁকে আমার ঘরে উড়ে আগে —
আর কাচ ঢাকা সেই জ্ল গুলির চারি ধারে মধুলোভে ঘুরে বেড়ায়।
ফুলের ফুটিয় সবস্থাকে যদি ফুলের যৌবন বলা যায়, তাহা হইলে সেই
সকল জুল এখনও আমার ঘরে চির-বৌবন ল'বে বিরাজিত র্রেছে।

যে পথ দিয়ে দেশ দেখিতে বাহির হইতাম, প্রায়ই সে পথ দিয়ে আর ফিরিতাম না,—নৃতন পথ দিয়। নৃতন জিনিষ দেখিয়া ফিরিতাম। পূর্বাক কার্চের প্রতিষ্টি, পাতরের মন্দির ও কাগজের ফুল ইতাাদি সঙ্গা করিয়া ফিরিবার কালে চীনেমানদের নিজ দেশের আমাদি আফ্লাদের জায়গা দেখিয়া ফিরিলাম। পাশ্চাতা জীবনের অফুকরণে গঠিত নৃতন সভাতার দেশ পিনাঙ, সঙ্গাপুর, হংকং ইতাাদি হানের দৃশ্ত হইতে এ সকল হানের দৃশ্তের অনেক প্রভেদ। এ দেশের গানিকাগণের স্পন্ধা নাই। সাজগোজ করিয়া পথের ধারে গাঁড়ায় না। তাহাদিগকে অতটা বাড়াবাড়ি করিতে দেওয়া চীনদেশের আইন বহিত্তি বিধি,—দেশের নিয়মান্ত্র্সারে দণ্ডনীয়। এমন কি তাহান্ত্র বাঙ্গীতে তাহারা গৃহস্থদের মত কার্মো রত। কে যে কি তাহা বৃঞ্জী যার না। তবে যে সন্ধ্যার পর চীনে গনিকাগণের জাহাজে যাওয়ার কথা লিখিয়াছি, সে বোধ হয় কেবল পেটের দায়ে অনভোপায় হইয়া চুরি-ডাকাতি করিতে বাহির হওয়ার মত।

সেধানে আহার করিবার, অহিফেণ-ধুম পান করিবার ও ভ্রা থেলিবার দোকান খুব ঘন ঘন দেখা যায়; কিন্তু এমর সহরে একটি বই মদের দোকান দেখি নাই; এবং আর সকল দোকানে যেমন লোকের ভিড়, মদের দোকানে ভাব কিছই নাই। ইছার কারণ পূর্বেই বলিয়াছি। বাহার আফিং থায়, তাহারা মদ দৃহ করিতে পারে না।

তবে চীন দেশে যে সকলেই আদিং থায় এমন নহে। আমার বঙ্ক ফুইচিনের কথা পূর্বে বিলিয়াছি। তাঁহাদের সংসারে কেইই আফিং থান না। তিনি আমাকে তাঁর আলাপী আরও অনেক চীনে পরিবারে লইয়া গিয়াছিলেন; তাহাদের মধ্যেও কত লোক থায় না। তাঁহার ভাই পূর্বে হংকং সহরের নিকটবর্ত্তী পর্কুগীজ অধিক্ষত ম্যাকাউ নামক একটা স্থানে কুলি-সংগ্রহের কাজ করিতেন। সেথানে তিনি বত দিন ছিলেন, ততদিন আফিং ধূন পানে অভাতে ছিলেন। শুনিলাম কুলিদের কুজিজংশ করিয়া অর্থনাশ ও স্ব্রাশ করিবার জন্ম তাহানের আফিং পাওয়া ও জ্যাথেলা শিখানর দরকার হইত ন্রত নেশার ঝোকে ও দাকণ অর্থাভাবে স্ক্র বিদেশে গিয়া চির্দাসত্বতে তারা সই দিবে কেন। তাই তথ্ন তিনি নিজেও থাইতেন! এখন দেশে ফ্রিয়া দে সব ছাড়িয়া দিয়াছেন।

চাঁনেদের ভিতরেও অনেকে আফিন্ সেবাকে গণ। করে। টান-স্মাটও কতবার আফিন সেবনে দেশের লোক অকল্প। ইইয়া যাইতেছে দেখিয়া আফিন সেবন বন্ধ করিবার জন্ম চাঁনদেশে আফিন অনদানী রদ করিবার হকুন জারী করিয়াছিলেন। সেই স্কেটে ত ইংরেজ বাহাদ্রের সহিত চাঁনের সুদ্ধ বাবে। ১৮৪০ সালে এই হাঙ্গামা হয়, ইহাকে "আফি-লুন্ধ" বলে; কারণ ইংরাজ বাহাছরের জোর করিয়া চাঁনিকে আফিন ক্রম করিতে বাধা করিবার জন্মই এই সুদ্ধ হয়। এই বুদ্ধে পরান্ত হইয়াই, চান ক্রতিপুরণ-স্বরূপ ইংরাজদের হংকং দ্বীপ ছাড়িয়া দিতে বাধা হন এবং কাান্টন, গ্রান্কিন্, এময়, সাংহাই প্রস্তুতি বন্দর ইউরোপীয় জাতির ব্যবসা-বাণিজাের জন্ম প্রারত্বার করিয়া দিতে বাধা হন। পুর্কে চানিদেশে অহিকেন সেবন প্রথা চলিত ছিল

না। ইহা সবে এক শত বংসর মাত্র প্রচলিত হইয়াই চীন জাতিকে এত অধঃপতিত করিয়। ফেলিয়াছে। আগে আগে সকল আফিনই ভারতবর্ষ হইতে রপ্তানী হইত, কিন্তু এখন চীন দেশেও বিস্তর আফিনের চাষ হয়। তবে জমির উর্পরাশক্তি বড়ই কমিয়া যায় বলিয়া চাষের উপযোগা অল্ল জমিবিশিষ্ট চীন দেশের অনেক জমিদার নিজেদের ভূমিতে আফিম চাষ করিতে দেন না।

এই 'ম্যাকাউ' সম্বন্ধে হু'একটি কথা সংক্ষেপে বলি। এই ম্যাকাউর নির্ক্তন গিরি-গুহার বসিয়া নিকাসিত পর্ত্ত্বগীজ কবি কেমোয়েন্ উচ্চ-আদেশের পদ্ম লিথিয়াছিলেন বলিয়া এই ক্ষুদ্র স্থানটি চিরম্মরণীয় হইয়া রহিয়াছে। জাহাজে যাত্রীদের পড়িবার জন্ম যে সব পুত্তক রাখা হয় তার মধ্যে একথানি পুস্তকে এই সকল প্রোর ইংরাজী তর্জনা ছিল। কবির নিজ্জন-বাসে লিখিত সেই সকল মধুময়ী কবিতার বিষয় লিখিতে গেলে পুত্তক অনেক বড় হইবে। তবে একটু মাত্র না বলিয়া থাকিতে পারিব না। দে কবির কাব্যের বিশেষত্ব এই যে, তিনি নির্থক জ্রকুটীপূর্ণ সমাজ-বন্ধন অস্থ্য মনে করিতেন: তাই তাঁহার क्रमस्त्रत कविञा-ভाव-साधुर्या এত दिनी हिल त्य, পড़िलारे मत्न इम যেন, তিনি প্রতি কথাই অন্তবের সহিত লিখিতেছেন। বিষয়-এক রাজপুত্র গুপ্তভাবে একটা নীচ বংশীয়া রমণীকে একান্ত প্রণয়ে বিবাহ করেন; রাজা তাহা জানিতে পারিয়া বংশ-মর্যাদার হানি হইবার ভয়ে বিষপ্রয়োগে সেই রমণীকে হত্যা করেন। পরে যুবরান্ধ যথন রাজা হইলেন, তথন নিজ প্রণায়িনীকে গোর হইতে উঠাইয়া তাঁহার দেহে স্থান্ধ লেপন ও মহামূল্য রাণীর পরিচ্ছদে বিভূষিত করিয়া নগরের শ্রেষ্ঠ স্থানে কবর দিলেন। অপূর্ণ সাধ মিটাইবার জক্ত সে সমাধিত্বলও যেন কুঞ্জবন বা প্রমোদ-উম্পানের মত সাজান হইল। লতা-মণ্ডপের ভিতর রাশি রাশি ফুল স্থগন্ধ বিলায় আর পাথীরা বৃক্ষশাথে বসিয়া মধুর বিষাদ সঙ্গিত গায়। শুনলে যেন পাথর ও গলে। এইরূপে সারা জীবন একনিষ্ঠ থাকিয়া তিনি প্রতি সন্ধায় সেই নির্জ্জন স্থানে, গিয়া অশুবর্ষণ করিতেন।

এময়ে ব্যবসা-বাণিজ্যের স্থবিধার জন্ত ভিন্ন ভিন্ন জাতি ভিন্ন ভিন্ন পোষ্টাপিস স্থাপিত করিয়াছে। চীন-সমাটের একটা, জাপানের একটা, ইংরাজের একটা, আমেরিকার একটা, ইত্যাদি। পূর্ব্বেই বলিয়ছি, এথানে ইউরোপীয় জাতিদের পরস্পরের কথাবার্দ্ধার জন্ত ইংরাজীই ব্যবহৃত হয়। তাহার একটা কারণ, আজ কাল সকল ব্যবনার স্থানে ইংরাজই প্রধান, আর একটি কারণ এই যে, এ সকল স্থানে আমেরিকার প্রতিপত্তিই বেশী, আবার তাহাদেরও ভাষা ইংরাজী।

হংকং ও এময়ে বিস্তর জাপানী দোকানদার আছে। চীনেম্যানরা বিলাতী জিনিষ বেচে; জাপানীরা নিজ দেশের শ্রমজাত দ্রব্যাদি বেচে। আজ ৪॰ বংসর ইউরোপীয়জাতির সহিত মিশিয়া জাপান উন্নতির শিথরে উঠিল, চীন পূর্ঝাবস্থাতেই রহিয়াছে। জাপানীদের ইংরাজী পোষাক-পরা কুল কুদ্র মৃত্তিগুলি দেখিতে মোটেই স্থানীনের ইংরাজী পোষাক-পরা কুল কুদ্র মৃত্তিগুলি দেখিতে মোটেই স্থানী নহে। চীনেম্যানরা তাহাদের সহিত তুলনায় অনেক চেঙা, অনেক ফরসা, অনেক স্থানী। তাহারা যেমন গঙীর প্রকৃতি, জাপানীরা তেমনি আমোদা-আফ্লাদ প্রিয়। ছুইটা জাতিকে পাশাগাশি দেখিলে আকাশ-পাতাল তকাং মনে হয়। ইহারা কথনই ছুইটি নিকট সম্পর্কার জাতি হইতে পারেন। বিশেষ ছুইটা জাতির স্ত্রীলোকের মধ্যে কত প্রভেদ দেখা যায়। জাপানী বয়স্বা স্ত্রীলোকেরা পর্যান্ত বৃদ্ধি-উড়ান প্রভৃতি আমোদে যোগ দেন, আর যে সে পুরুবের সঙ্গে মিশিতে লক্ষা বা সংকাচ বোধ করেন না। কিন্তু চীনে সম্পূর্ণ ভিন্ন।

এময়ে আজ আমার শেষ দিন বলিয়া সারাদিন ঘুরিয়াছিলাম। ক্লিরে এসে স্কুইচিনের সঙ্গে অনেক বিষয়ে কথা হ'ক্ষিল। কথা শেষ হ'তে না হ'তে কিছুক্ষণ পরে স্থইচিন আফিসের কোন ও করুরি কার্য্য বশতঃ চলিয়া গেলেন। একটু পরে ফিরিয়া আসিবেন বলিয়া গেলেন। আমি তাঁহার প্রতীক্ষা করিতে লাগিলাম। কেবল মেয়েরা রহিলেন। তাঁহাদের সঙ্গে তো দোভাধীর সাহায্য ব্যতীত কথ কওয়া যায় না; তাই জানালার কাছে ইজিচেয়ারে ঠেস দিয়ে ব'সে, চীন-ভাষায় লিখিত একথানি ছবির পুত্তকে ছবি দেখিতে লাগিলাম।

সমুদ্রতীরেই এই দোতালা বাড়ীট অবস্থিত। জানালা হইতে সমুদ্রের স্থলর দৃশ্য দেখা বাইতেছিল; নীল জলের উপর মেবের মত কাল কাল পাহাড়। অতি দ্রে প্রণালীর অপর প্রাত্তে ইউরোপিয়ন এমর ধীপের স্থলর স্থলর বাড়িগুলির কতক অংশ দেখা যা'ছিল।



এমর বৃদ্ধে।

সমুদ্রের দিক হইতেই
উন্মূক নিমাল শীতল হাওরা
আসিতেছিল। একা স্থ
মনে তাঁহাদেরই শান্তিপূর্ণ সংসারের কথা
ভাবিতেছিলাম। আর
হয়ত ইংজন্মেও, ইংচ্চের
সঙ্গে দেখা হবে না।

এমন সময় পাশের
বাড়িহইতে মধুর সঙ্গীতধ্বনি আসতে লাগল '
একটি সম্ভাস্ত বংশীয়া চীলরমণী "গ্রামোকোন্"বাজা-

চ্ছিলেন। যন্ত্রটি দেখা বাচ্ছিল না। উাহার কাল রেসমের পোষাক ও দাদা দাদা হাতগুলি মাঝে মাঝে দেখা বাচ্ছিল। এক একথানি গান সাদ হইলে গানের প্রেট্গুলি নরম বুরুদ্ দিয়ে স্বর্থে মুছে যথাস্থানে রাথছিলেন। আবে আমনি গান বেজে উ'ঠছিল। তার মধ্যে আনেকশুলিই ইংরাজী গান ও কনস্ট, কতকগুলি চীনে গানও ছিল। আমার সেইগুলিই তাল লাগিল। ইংরাজী গানগুলি সব হাঁসি তামাসার স্বর, চীনে গানগুলি সব কালার মত। আশরীরী বাক্, স্বকৌশলে কথনও কাদলে কথনও হাসলে। যে দেশের থবর কেউ জানে না, সেই দেশের রহন্তকথা ভ্নালে। আমি তুলার হ'লে সব ভুনতে লাগ্লাম।

পূর্পেই বলেছি, এ কয়দিন রাক্সিতে ভাল করিয়া ঘুন হয় নাত, তার উপর সকাল হইতে আরম্ভ করিয়া কত স্থানে যাতায়াত করিয়াছি। একে অবসন্ত্র শরীর, তাহাতে ওরূপ অবস্থায় সহজেই ঘুন আসে। কখন যে বুনাইয়া পড়েছি তা ননে নাই। সে ঘুন স্বপ্রহীন ও অতি প্রগাঢ়। অমন ঘুন অনেক দিন ঘুনাই নাই।

এক ঘণ্টা বাদে যথন জাগিলান,—তথন দেখি, ঘুন্তু অবস্থার আনার গায়ে কে একথানি স্থলর বালাপোদ ঢাকা দিয়া দিয়াছে। পাছে ঘুন ভাঙ্গে তাই এত বরে এত সাবধানে দেওয়া যে আমি তা, মোটেই টের পাই নাই। এই রূপে দলাক্ষ অতি স্থলররূপে ঢাকা ছিল বলিয়াই অমন প্রগাঢ় ঘুন হইয়াছিল। নয়ত, মত শীতে অমন হাওয়ার অনারত অবস্থায় ঘুনাইলে, হয় ঘুনের ব্যাঘাত হইত, নহিলে শরীর অস্থাই হউত। কে যে তীক্ষ কলনার বলে আনার সে সময়কার অভাব জানিয়া, আমার অজ্ঞাতে সে অভাব মোচন করিয়াছিলেন, তাহা মনে স্পাইই জানিতে পারিলাম বলিয়া আর অস্থাসকান করিলাম না! । যাহারা ছয়পোষ্য শিশু মানুষ করিতে জানেন, অভাব না জানাইতে পারিলাও যাহারা প্রকৃতিদত্ত তীক্ষ অসুভব শক্তি বারা তাহা ব্রিয়া লইতে পারেন, কেবল তাহাদের ছারাই একপ কার্যা সম্ভবে।

ভিন্ন দেশ ভিন্ন জাতি ভিন্ন ধর্ম ভাষা রীতি নীতি আচার ব্যবহার

তবুও চুই দিন মাত্র কিছুক্ষণ করিয়া একতা বাদের ফলে বে এত আহ্বায়ুক্ত জাগিতে পারে তা কখনও ভাবি নাই।

আছই আমার এখানে শেষ দিন। এই সকল অন্নদিনের বিদেশী বন্ধদের সহিত আছই আমার শেষ দেখা। সন্ধ্যা হইয়া আসিতেছিল দেখিয়া তাঁহাদের নিকট হইতে বিদায় লইলাম। তাঁহারাও আমার সঙ্গে দঙ্গে ঘট অবধি আসিলেন। জাহাজে পৌছিবার পূর্বেই নৌকা হইতে আর তীরের লোক চেনা গেল না।

পরদিন অতি প্রত্যুবে জাহাজ ছাড়িল। তথনও কিছু অন্ধলার ছিল। তথনও পশ্চিম আকাশে একটি কুদ্র নক্ষত্র অ্লেলিতেছিল। তথনও চীনে নাট্যশালার ক্ষীণ গীতধ্বনি থামে নাই। ক্রমে সে সূর ক্ষীণ হইতে ক্ষীণতর হইল তবুও একেবারে বিলীন হলোনা। মন্তিছের ভিতর ধ্বনিত হইয়৷ যেন অনস্ক পথে চারিদিকে ছড়াইয়৷ পড়িতে লাগিল। ব্রহ্মাণ্ডের অপর প্রাস্থে ওই ক্ষীণ তারাটির দীপ্তি-রেথার মত; পরলোকগত প্রিয়লনের স্মৃতি-চিক্রের মত।

সে সময়কার চারিদিকের অবস্থা দেখিয়া ভাবুক কবি শেলীর এই কয়টি মধুর ছত্তা আমার মনে হলো, —

"Music, when soft voices die, Vibrates in the memory— Odours, when sweet violets sicken, Live within the sense they quicken. Rese leaves, when the rose is dead, Are heaped forthe beloved's bed;

অর্থাং — দঙ্গীত থামিরা গেনেও তার সুর স্মৃতিপথে বছক্ষণ ধরিরা ধ্বনিত হর। ফুল ভকাইলেও তার সৌরত ভ্রাণেজ্রিরে লাগিরা থাকে। প্লোর পরিণত অবস্থা আসিলে পাণড়ীগুলি গাছতলার থসিরা পড়িরা যেন কোনও প্রিয়জনের শ্যা রচনা করে। এত থানি বলিয়া মনের একান্ত আবেগে কবি আর থাকিতে পারিলেন না। জীবনের রহস্ত কথা প্রকাশ ইইল—অসংযুত লেখনী নিথিয়া ফেলিল--

And so thy thoughts when Thou art gone, Love itself shall slumber on."

অর্থাৎ—সেইরূপ, হে হৃদরের ধন ! যদিও তুমি চিরবিদায় লইয়া
স্থান্ত লোকাস্তরে চলিয়া গিয়াছ, তোমার মধুর স্থাতি এ অস্তরে
চিরকালই বিরাজিত থাকিবে। শেলী কাহাকে উদ্দেশ করিয়া যে এই
শেষ কয়টি ছঅ লিথিয়াছিলেন, তা জানা নাই।

পরিশিষ্ট

যাইবার সময় দেখিবার দেখানে যা কিছু পারি দেখিরাছিলান।
আসিবার সময় সেই সব ছবি অন্তশ্কুর সামনে উজ্জ্বতর হুইরঃ
আসিত। যে সকল দৃশু বা ঘটনাগুলি বিভিন্ন স্থানে ও ভিন্ন
সময়ে দেখিয়াছি সে গুলি পরস্পারের সহিত যথানিয়নে সম্বন্ধ হুইয়
অভিন্ন ভাবে মনে জাগিত। প্রতিটি থেন অঙ্গুলি নির্দেশ করিয়া
বিশ্বাজ্যের বা মানব প্রকৃতির নিগুড়তভ্ব কথা জানাইয়া দিত, মন্দ্রতা যেন রক্ষাণ্ডের সকল ঘটনা সকল নিয়ম একই স্বত্রে বাধা।

মে কারণে মান্নযের উন্নতি অবনতি হয় সেই কারণেই দেশের এরিছি বা অধংপতন ঘটিয়া থাকে। চারিদিকের পরিবর্তনের স্রোতের সহিত সমনে অগ্রসর হইতে না পারিলে স্থান্চ্যত হইতেই হইবে। তাই আসিয়ার জাতিসকল পরহস্তে স্বাধীনতা হারাইয়া অশেষ নির্মাতন সহিতেছে। যারা পূর্ব হইতেই পরের করতলগত ইইয়াছে তাদের আরে আশা নাই। চীন জাপান এক কোনে পড়িয়া এখনও গ্রামে নাই। তাই জাপান সামলাইয়া লইয়াছে। চীন এখনও কত অনিশ্তিত অবস্থায় রহিয়াছে। এখন অবধি সাবধান ছইবার বিশেষ কেটেইয় নাই। আসিয়ায় অস্থায় দেশের মত প্রাচীন স্থতিতে বিভোর হইয়া এখনও নিরুলম।

ভাগাচক্র যে আপনিই উঠে নাবে সে দৃষ্টান্ত হাজারেও একটা দেখা যায় না। যে উঠে সে আপনার চেষ্টাতেই উঠে। যে উন্নত সে সদাই সচেষ্টা। এত দেশের মধ্যে ধনধান্তপূর্ণ ক্রন্ধদেশেরই সর্বাপেকা তরবত্বা দেখিলাম। মলন্ত্র তো আরও নগন্তা। চীনের শক্তি আছে কিন্তু বিকাশের চেষ্টানাই। আর নিজের চেষ্টান্ত জাগান কত উন্নত।

ইউরোপের সহিত সংম্পর্শে এসিয়ার চোথ মিদ্রিলেও তুর্বলতা দিন
দিন বাড়িতেছে। পলে পলে তার কবির শোষিত হইতেছে আছ
যেমন শিকড় বিসোর করিয়া উলরা কেন্দ্র হইতে শত পথে সার রস
শোষণ করে—রেল জলজান পথ ঘাট ও বিদেশীয় ব্যাবসাদি বিস্তারে
আসিয়ারও সকল ওপ্ত সম্পদ তেমনি শোষিত হইয়া গেল। যে পথে
গিয়াছিলাম তার যেথানেই চোথ মেলা যায় যে জিনিষেই নজর পড়ে,
সবই বিদেশীয়। এমন শোষণে আর কতদিন বাচিবে। আমার মনে
হতো ইউরোপের সহিত জাবন সংগ্রামে আসিয়ার সকল জাতিই
পরিশেযে সমূলে ধ্বংশ হইবে।

এই গোল দেশ গুলির সামাজিক অবস্থার কথা; সাংসারিক অবস্থা যথা সম্ভব আমি আরও মনোলোগের সহিত দেখিয়াছি। দেখিতাম প্রাচাজাতিরা সকলেই অন্তে হুই। তাদের সনাতন প্রকৃতি স্বভাবত পরস্বে লোলুপ নয়। কিন্তু নিজের অবস্থার এত সম্ভই থাকাতেই তারা স্থানত্রই ও লাঞ্জিত ইইতেছে।

এ সকল দেশেই দেখিলান সংসার লোকের জ্ডাইবার স্থান।
বাহিরের যত ক্লেশ যত নির্গাতন আপনার লোকের কাছে বাইয়া ভূলিয়া

•্যায়। অতি অভাবেও একত্রে থাকিয়া স্থ বোধ করে।

সকল দেশেই শিশু পরন অদিরের ধন। তবিষাতে যারা বড় হয়ে ব বা কেনে নিজ দিজ দর্পে নেদিনী কাপাবে তারা কেমন অসহায় হয়ে আসে দেব। আর ল্লী চরিত্রেরত কথাই নাই। সকল দেশেই মনে হতো পৃথিবীর যাবতায় সৌন্দর্য ও স্বশ্ন দিয়ে তাহাদের প্রতি প্রমান্ত গড়া।